The Ramakrishna Mission
Institute of Culture Library

Presented by

Dr. Baridbaran Mukerji

RMICL-8





অপকারক গুপ্ত গুণ ফ্

न्त्र श्रीत्र ।

মাসিক পত্র।

সদর্থসন্দোহ বিচারসন্ধঃ প্রশস্ত রুভান্ত কুতামুসন্ধঃ। সমস্ত সামাজিকচিত্তবন্ধঃ পরীক্ষ্যতামের নবপ্রবন্ধঃ॥

128 morman

দিতীয়ভাগ। ২য় সংখ্যা।

रेजार्ष, ১२१८।

মাসিক মূল্য । ।।• , অগ্রিম বার্ষিক ২॥•

কিরাতাজ্জুনীয়, তৃতীয় **দ**র্গ।

শশিকরের ন্যায় মনোহর সুবিস্তত

শংশা শংশা বির-প্রভার উল্লেখ্য প্রান্ত পুরুষের ন্যায়, শ্যামকায়, পিঙ্গল জটাধারী, স্থতরাং সৌদামিনীর সহিত বারিদচয়ের ন্যায়, অবস্থিত, এবং যিনি সদাই স্থাসন, যাঁহার অলৌকিক লাবণ্য মাধুরী দর্শনে অপরিচিত লোকের মনেও স্নেহ ভাবের উদয় হয়, আর যাঁহার সৌম্য মূর্তি দেখিলৈই অন্তঃকরণের-ও বির্মল ভাব জানিতে পারাধায়,

याँशात सूमधूत मतल नयरनत पृष्ठि-পাতেই বোধ হয় যেন স্কলকেই সম্ভাষণ করিভেছেন, যিনি ধর্ম্ম প্রতি-পাদিকা ও পাপনাশিনী শ্রুতির প্রস্থতির স্বরূপ, ধর্মনন্দন এবস্কৃত সুথাসীন সেই ঋষিবর ব্যাসদেবকে স্বীয় সমীপে আগমনের কারণ জিজাসা করিতে অভিলাষী হইয়া এইরূপ বলিলেন। মহাশয়! অকৃত-পুণ্য লোকদের ছল্লভ, রজোগুণ বিরহিত, শুভকর, আপনার এই पर्णनला**छ** स्पर्धावशीन হইতে রুটির সমান। আমি যে যজ করিয়াছিলাম আজ আপনার আ-গমনে তাহার ফল ফলিল, ব্রাহ্মণেরা যে আশীর্মাদ করিয়াছিলেন এত-দিনে ভাহা সভ্য হইল, এবং আজ

নের পাত হইলাম। সাক্ষাৎ ক্মল্যোনির ন্যায় জগদ্পুরু আপ-

হইতে আমি যাবৎ সংসার সন্মা-

নার দর্শনেই সমূদ্ধি লাভ, পাপনাশ, পুরুষার্থ ও কীর্ত্তিলাভ হইয়া থাকে, অধিক কি, ইহাতে সকলই হইতে

পারে। মহাশয়! আজ আপনাব দর্শনে আমার নয়ন একপ পরিত্র হইল যে সুধাকর সুধাকর দর্শনেও সেরূপ হয় না, এবং জ্ঞাতি বিরহ-

জনিত ছঃথ মন হইতে একবারে অন্তর্হিত হইয়াছে। যদিও আমার

নিকটে আপনার আগমনের কারণ জিজাসা করিবার প্রয়োজন নাই,

কেননা ভবাদুশ নিস্পূহ লোকদের আমাদের অধীন নহে, কিছুই

তথাপি আপনার সেই সুমধুর হিত-কর বাক্য শুনিতে অভ্যন্ত অভিলাষী

হইয়াছি। এই কথা শুনিয়া মহর্ষি জয়-পক্ষ অবলম্বন করিয়া উদারচেতা নর-

পতিকে এইরূপ সুমহৎ মনোহর वाका विलालन । याँशाता इंइटलाटक

ও পরলোকে কীর্ভিড্যণা মহতী ভৃতি লাভ করিতে ইচ্ছা করেন, সকল

লোকের উপরেই সমভাব রাখা ভাঁছাদের উচিভ, বিশেষতঃ মাদৃশ

ভপোধন দিগের ভ

কিন্তু তথাপি আমার মন

গুণসমূহের বশীভৃতহইয়াছে, অথ माधुरलारकत उपारत वी उतान मूम्क

ব্যক্তিরও পক্ষপাত জ্বায়। রাজা ধৃতরাষ্ট, অকারণে ভোমা-দিগকে পরিত্যাগ করিলেন, তোমর।

কি ভাঁহার পুতের স্বরূপ নও এবং **पग्ना पाकिना** मि अत्वत घाता कि

ছুর্য্যোপনকে অভিক্রম কর নাই ? অথবা বিষয়াভিলাষ্ট সহসা অবি-

বেক জন্মাইয়া দেয়। যাহার কোন সন্দেহ উপস্থিত হইলে কর্ণাদি কুমন্ত্রীদিগকে মন্ত্রণা জিজাসা

করে, অর্থসিদ্ধি ভাহাকে কেন না পরিভ্যাগ করিবে? কেননা অসাধ্-

সঙ্গই জয়ের অন্তরায় স্বরূপ ও মহতী-বিপদের কারণ। শক্রদিগের সেই কুপথবর্ত্তিনী সভাতে অর্থাৎ যে সভাতে তুরাত্মা তুঃশাসন সেই

পহিত কার্য্যের অমুষ্ঠান করিয়াছিল সেথানেও তুমি কেবল একমাত্র ধর্মা

অবলম্বন করিয়াছিলে এবং সেই বিপদের সময়েও শাস্ত্যাদি গুণেতে

শক্রগণ যে ছল পূর্বক ভোমার অপকার করিয়াছে ইহা তাহাদেরই

পরম প্রণয় প্রকাশ করিয়াছ।

এবং ইহাতে তোমার खर्थ खन मकल ব্যক্ত হইয়াছে, ফগতঃ তাহার। এক প্রকার তোমার উপকারই করিয়াছে বলিভে হইবে। বিক্রমেতেই ধর্ণী লাভ হইতে পারে এবং বিপক্ষদিগেরও विलक्ष्म वीर्ग ७ रेमनावल आरह, একণে প্রকর্ষের নিমিত্ত চেষ্টা করাই উচিত, কেন নারণ-মাঝে জয়শ্রী প্রকর্ষেরই বশীভূতা হইয়া থাকেন। যিনি একবিংশতি-বার ধরণীকে নিক্ষজ্রিয়া করিয়া-ছিলেন সেই সুপ্রসিদ্ধ পরশুরাম অসিকা-সময়র কালে নিজ শিষা ভীম্মের বীর্ণ্যেতে পরাভূত হইয়া জানিয়াছিলেন যে আধার বিশেষে গুণের উৎকর্ষ হইয়া থাকে। যে ভীম্মের উপরে যমেরও প্রভৃত। নাই, সুতরাৎ পরাজিতের ন্যায় লজ্জিত হইয়া আছেন, সেই প্রবল পরাক্রান্ত ভীষ্ম রণমধ্যে কার মনকে ভয়াকুল না করেন। কোন্ব্যক্তি সংগ্রামে, শিখারূপ সুলোল রসনা বিস্তার করিয়া জগদ্ভক্ষণে উদ্যন্ত বাড়বানলের ন্যায়, কোপত্মলিভ ट्यांगां हार्यात वीर्या সহ্য ক্রিডে পারে ? কোধপ্রযুক্ত বিল্পুধৈর্যা

জামদগ্ন্য শিষ্য কর্ণকে দেখিলে অভীত মৃত্যুরও ভয় হইয়া থাকে। অভএব যে বিদ্যার দ্বারা কেবল অর্জুন ভূশ্চর তপশ্চরণ করিয়া পাশুপতান্ত্র লাভে অভ্যন্ত বীর্যাবান হইয়া ইহাদিগকে নাশ করিতে পারিবেন, হে দানোচিড পাত্র! আমি উৎকর্ষ লাভের নিমিভ দেবভাদিগের আধরাধন-সাধ্যা সেই মহভী বিদ্যা দান করিতে আসি-

পরে ধর্মারাজ অজু নিকে বন গদন ও কার্য্য সাধনের নিমিত আদেশ করিলে, তিনি বিনয়-নম্র তাবে
সেই স্প্রসদ্ধ ধিবরের সমীপে উপস্থিত হইলেন। পরে যেমন প্রাতঃকালে সমুজুল দিবাকর-দীপ্তি বিকসিত কমল মধ্যে প্রবেশ করে, সেই
রপ ঐক্রমন্ত্ররূপ। বিদ্যা দিনাদি-রম্য
অক্র বিষের ন্যায় মহর্ষির মুখ হইতে
অজু নের মুখে প্রবিফ হইল। তার
পর ঝ্যি আপন প্রভাববলে
স্থোগ্য পাত্র অজু নিকে তাহার
বিধি শিখাইয়া দিলেন, যে বিধির
দ্বারা প্রকৃতি মহদাদি তত্ত্বতে
সাক্ষাৎকার লাত হইলে তাঁহার

एक एवन उन्नी लिख रहेन।

বর অজ্বনের অন্তঃকরণের অন্তরূপ আকার দর্শনেই কার্য্য সিদ্ধির আশা করিয়া বিজয়ি তপঃসমাধিতে নিযুক্ত করিবার নিমিত্ত এইরূপ বলিতে লাগিলেন। বংস! তুমি যোগের দারা মহা তেজধী হইয়া করতঃ অধিকারে অন্যকে প্রবেশ করিতে न। मिश्री मूनिमिटगत नगांश आहत्। কর। অনন্তর মুনি নিজ প্রভাব বলে সহসা উপস্থিত যক্ষের প্রতি অঙ্গলি নির্দেশ করিয়া অজুনিকে यनित्न य, जूमि प्रवताज हैट्डा প্রসমন্তার নিমিত্ত যেখানে চুশ্চর তপশ্চরণ করিবে এই যক্ষ ভোগাকে সেই মনোহর শিথর বিশিষ্ট ইজ্র-कील रेभंटल कांगकाल मरधा लहेशां याहेरत। अधियत ठाऊ नरक अहे मकल कथा विलया अस्टिंड हरेतन এবং সেই রাজরাজভুতা যক্ষণ্ড অমনি অজুনের সমুণে উপস্থিত ছইল। পরে অজ্ন কুশল किन्नामा कतिल यक ध्वनाम कतिया পরন মিতের ন্যায় বিশাস ভাজন **সহিত** इहेल, कांत्र नाध्मिरगत

মাজেই বিশাস হইয়া

আলাপ

थारक ।

वितरह सूरमक्कु नकल भरेनः শনৈঃ অন্ধকারাচ্ছন হয় সেইর্প মহাতেজা উদয়াভিলাষী অজ্নের বিরহে পাণ্ডুপুত্রদিগের মনে অপ্প অপ্প তুঃখের সঞ্চার হইতে লাগিল। সেই অজ্জুন বিরহ ছঃথ অত্যন্ত অ-ধিক হইলেও জাতৃ বাৎসল্য বশতঃ উাহাদের সকলের নিকট সমান ভাগে বিভক্ত হইল বলিয়াই যেন लघू इहेश। राज; किन्दु वोन्डिविक ভাহা নহে, কেবল ভাঁহাদের বি-বেকশক্তিই তাহার কারণ। দ্বিতী-য়তঃ তাঁহাদের আরও শোক না হইবার কারণ এই যে, তাঁহারা স্বভা-বতঃ ধৈব্যশীল; মহর্ষির বাক্যেতেও বিলক্ষণ বিশ্বাস ছিল, আর শত্রুদি-গের উপরে অত্যন্ত ক্রোধণ্ড হইয়া-ছিল এবং ধনপ্লয়ের পরাক্রমত তাঁ-হারা বিলক্ষণ জানিতেন। যেমন অন্ধকার দিবাভাগের চারি প্রহর পরিত্যাগ করিয়া রাজিকে সমাচ্ছন্ন করিয়া কেলে, সেইরূপ সেই অর্জ্ন বিরহ-জনিভ শোকভিমির সংহাদরকে অতিক্রম করিয়া অতি সরলা ফ্রোপদীকে একবারে আচ্ছন করিয়া ফেলিল। পাছে প্রিয় পতির

অনস্তর যেমন ভগবান দিনকরের

অনঙ্গল হয় এই ভয়ে দ্রৌপদী হিমা-বিধাতা সৃষ্টি রক্ষার নিমিত্ত ক্ষতিয়-কুলিত উংপলের ন্যায় 1 m/-পূর্ত্তে নয়ন ছুটি নিমীলিত করিতে ধনঞ্জয় অকৃত্রিম পারিলেন না। প্রণয় বশতঃ সুমধুর, নিজ নয়নের প্রলোভন স্বরূপ প্রিয়া দৌপদীর দুটিপরম্পরা পথ-সম্বলের ন্যায় মনের প্রসাদরূপ অঞ্জলির দারা গ্রহণ করিলেন। যেমন নিদাঘ কালে আর্ণ্যগজ ভটিনীকে প্রসাদ-শূন্য করে সেইরূপ ধৈর্য্যাভাবে প্রসাদ শূন্যা ক্রপদরাজতনয়া বাষ্প পূর্ণ কঠে গদ গদ বচনে অতি কটে এই कथा विलिदन । নাথ, পঙ্কোপম শক্রকপটে নিমগ্ন গৌরবকে অতুল ঐশর্যোর ন্যায় ভাবিয়া উদ্ধার করিও, আর যে পর্যান্ত সেই ছঃখ নাশিনী তপ্সা ফলবতী না হয় তত দিন পর্যান্ত আমাদের বিরহে কাতর হইও না। যে ব্যক্তি কীর্ত্তি-लाएजक्षां इं इंडेक पूर्वा जिलास्वरे বা হউক অথবা অলৌকিক কাৰ্য্য করিবার মানসেই হউক অভিনিবিট ও নিরুৎসুক হয়, ভাহার কার্য্যসিদ্ধি উৎসুকা হইয়াই যেন সমীপে উপ-দেখ শত্ৰুকৃত অবমান-নাতে আমাদের কি না করিতেছে.

দিগের যে তেজরপ ধন দিয়াছেন ভাহাও অপহরণ করিতেছে, আর বিজয়মূলা ভেজস্বিভার জীবনের স্বরূপ যে অহস্কার ভাহাও নফ করি-তেছে। এবং আমাদের জ্ঞাতিকৃত যে অব্যাননা সভাস্থ রাজারা বিবে-চনা পূর্মক লজাবনত বদনে স্বীকার করিয়াছিলেন, এক্ষণে সেই অবমা-ননা ধরাতলে সুবিস্তৃত বিতানের স্বরূপ আমাদের কীর্ত্তিকে সঙ্ক চিত আমাদের বীর্যারপ করিতেছে. ব্যবসায় নঘ্ট করিতেছে, সুভরাং যেন পুর্বের কখনই আমাদের খ্যাতি হয় নাই এইরূপ করিতেছে। আর দিনাল্ল যেমন দিনকর-কির্ণকে ক্ষয় পাওয়ায় সেইরূপ আমাদের আয়-ভিকে ক্ষয়প্রবণ করিভেছে। তঃ সেই শক্রকুত অবশাননা অনুভব করা দুরে থাকুক ভাহা স্মরণ করি-তেও পারা যায় না। আবার তো-মার বিরহে যেন মৃতনের ন্যায় হই-য়া উঠিতেছে। নাথ, ভগ্নদন্ত গজের ন্যায় অভিমান নামে অত্যন্ত অব-মানিত ও অরাতিপ্রতাপে তেজঃ-শূন্য হইয়া শ্রৎকালীন মেঘাছেল প্রাতঃকালের ন্যায় শোভা পাইভেছ.

অতএব জিজাসা করি তুমি কি সেই ধনপ্তয় ! তোমার অন্ত্র শস্ত্র সকল নি-ভাস্ত অকর্মাণ্য সুতরাং যেন লজিত অপটু হইয়। ভোষাকে নিভান্ত অশোভিত করাতে অপাঙ্গল অর্ণ-বের ন্যায় আর এক প্রকার আকার ধারণ করিতেছ, অভগ্র জিজ্ঞাস করি তুমি কি সেই ধনঞ্জয় ? আমার এই কেশ সকল অনাথের रेम्द्रत भंत्र लहेश তুঃশাসনের আকর্ষণ রূপ ধূলিতে বিক্ষিপ্ত হও-য়াভেই ভোমার বীর্ণ্য একবারে নিভান্ত ঘূণিত হইয়া গিয়াছে, তুমি কি অভএব জিজাসা করি সেই ধনপ্লয় ? যে বাজি সাধু-দিগের ত্রাণকর্তা সেই যথার্থ ক্ষত্রিয় আর ষাহার কার্য্যে দক্ষতা আছে সেই যথার্থ ধনুক, কিন্তু তুমি কেবল নামমাত্র ক্ষত্রিয় শব্দ ও ধনুক ধারণ করিয়া ইহাদিগকেই দূষিত করি-

তোমার গুণ সকল কেবল নাম

মাত্র এ প্রভাশুন্য হইয়া তোমা

হইতে উন্নতির অপেক্ষা করিয়।

সমছঃথিতের ন্যায়ই যেন আমাদের

নাদৃশ্য পাইতেছে ! যেমন গজেতে

গজারিকে পরাস্কৃত করে সেই

তেছ।

রূপ অবিবেচনা দোষে শত্রুগণ ভোমাকে পরাভূত করিয়াছে, অ-থচ তোমার বিলক্ষণ যোগ্যত⁸ও আছে, এই নিমিত্ত এই কাৰ্য্য-ভারটী ভোমাকেই আশ্রেয় করি-অথব। দিনশ্রী দিনকর ভিন্ন আর কাহাকে অবলম্বন করে। যে ব্যক্তি অলৌকিক যোগাতাকে ক্রিয়ার দারা ফলবতী করে, লোক পুরুষ গণনার সমাজে যোগ্য প্রস্তাব হইলে সেই অদ্বিতীয় রূপে পরিগণিত হয়। নাধ! অকারণে আমাদের যে অনিষ্ট করিয়া তোমার চিত্ত ছঃখিত হইবে ভগবান ত্রিদশনাথ ভোমার সেই অনিষ্ট শঙ্কাকে নিবারণ করুন। সেইস্থান বলি আরও পবিত্র হইলেও তুমি একাকী, অত-**এ**द मोर्खना अदनमन বিচর্ণ করিও না, কেননা তাহাদের মন সর্বদাই দ্বেষ্ট্বিত, তাহারা সাধুলোকের উপরেও অত্যাচার করিয়া থাকে। আর অধিক কি বলিব তুমি অবিলম্বে মহর্ষির আজ্ঞা প্রতিপালন করিয়া আমাদের মনোর্থ

পূর্ণ কর, আর আমার এই ইচ্ছা

ষে তুমি কার্যা সফল করিয়া গৃতে

আগমন করিলে আমি গাঢ় রূপে তোমাকে আলিন্ধন করি। ধনপ্রয় প্রিয়ার মুখে এই সকল কথা প্রবণ অরাতিকত কবিয়া অব্যাননা মূভনের ন্যায় বোধ করিয়া উত্তরা-য়ণে **मिनकरत्**त् ন্যায় অত্যস্ত अनीश रहेश डिंग्रिलन। অজ ন **इ**डेरन ७ সভাবতঃ সৌম্যসূর্ত্তি উপস্থিত শক্ৰগণ যেন ममार्थ इरेग़ाइ এই क्रुप विद्युचन। कतिया পুরোহিতের নিকটে মন্ত্রপুত অপ্র ধাবণ কবিয়া ভীষণাকাব उरित्ना अथवा गःस প্রবণমধুর সভাবতঃ **इ**डे दल ७ যথন পরহিংসাদিতে প্রযুক্ত হয় তথন অত্যন্ত ভয়ানক হইয়া উঠে। পরে সুবিখ্যাত অরিছুর্বার শরাসন শক্রদিগের অদুষ্টি গোচর শানিত, थफ़्तगुळ इहे जूगीत, সমুক্ত ল ভারালম্বত নভোমগুলের ন্যায় ধারণ করিয়া ও থাওব দাহে ইন্দ্রান্তের দার যে ক্তির চিহু ছিল, যশের ন্যায় নিজতেজ-আচ্চাদিত করিয়া মার্গানুসারে হিমালয়ে

যাতা করিলেন। অমনি দ্বৈত বন-

৩৯ বাসী তপস্বিগণ অজ্ঞলির শোকে বাষ্প মোক্ষণ কবিতে লাগিলেন। চারি দিকে দেব তুল্ফুভির ধ্বনি হই-তে লাগিল। পুষ্প রুফি হওয়াতে আকাশ অনিক্চনীয় কোন শোভা ধারণ করিল, জলনিধি যেন প্রিয় কথা বলিবাব নিমিত্র বীচিরূপ বাছ বিস্তার করিয়া ধরণীকে আলি-ন্ধন কবিতে লাগিল। ইভি ভারবিকৃত কিরাভার্জ নীয় মহাকাব্যে তৃতীয় সর্গ। বিলাপ-তরঙ্গিণী। প্রথম সর্গ। (নির্কাসিতা-সীতা।) 🎇 🌋 🌋 স্থাপ্যাধিপতি 🛍-🎊 রামচক্রের অমুম

তিক্ৰমে তদীয় অ-🎞 💥 🎞 💥 মূজ লক্ষ্ণ, জনক-নন্দিনী সীভাকে वर्कन कतिया आहेत्ल, ताम-20 १-য়িনী জানকী য্থ-বিরহিত কুর্ক্সি ণীর ন্যায় বিলাপ করিয়াছিলেন। হাহা নাথ! হা বল্লভ! হা দীভাজীবন! रा धार्मिक-त्खके, उव श्रीलम बाक्षीत्व,

कान्द्राटयः पायीपात्री भाग्रत्न, खश्रद

নাহি জানেভোমা বই ভবে কেন ভারে শুশর বিদরে যে বক্ষ, সেও শব্দ করে

এ নিঠুব দণ্ড, কহ রাজদণ্ডপর ?

স্ততীত মুস্তাবিধি,জ্ঞান-গ্লোচবেতে— কিন্তু নাথ তুমি হেন নিঃশদে নিকেপ

বিচারে বিখ্যাত বিশ্ব , বটে দোষিজ্ঞন পত্তনের পূর্ব্বে নাহি জানিমু কিঞ্চিৎ।

হতে পারে এ দাসীর ওপদ কমলে, এমনই বটে,— যদি পরশে পরশ

পদে পদে অপরাধ, হে বিচারপতে! হয় লোহা; যদি যায় জুড়াতে শরীর

যবে সমাসীন হয়ে বিচাব-আসনে তুমি জান মম মন, আমি ভাল জানি

দণ্ডিতে দণ্ডাইদলে, দণ্ড বিধানের— আমার বিচ্ছেদ ভয়ে, কর নি ধারণ

দোষি-জনে, দোষ তাব তম তম করি এত নদ নদী সৌদে, কানন অন্তরে

স্বদোষ, করিতে শেষ দণ্ডবিনিয়োগ; বনে বাস করিতে হইবে ভাবি মনে

অভাগীরভাগ্যদোৰে (থেদেবক্ষফাটে) ভীত। নহে সীতা, নাথ! তদীয় মিলনে

ষবে মনে ওঠে, রাম বিচার বিগ্রহ

কেন নিগ্রহিলা ছেন? নাক্ষুরে উত্তর উপারন; কান্ত বিনে সুরম্য ভবন

নব-প্রবন্ধ ।

श्रक्तकरण ; जूक रेगल माला य पृर्वश পরিণয় পর (চিন্তি দেখিলাম মনে,) অশনি, করয় সেও পুর্বে গবজন,

না আচরে এ অভাগী বিপ্রিয় কথন। কৈলেশর,সীতা-বক্ষ করিতে বিদার।

রঘুকুলপতি তুমি; ন্যায়ের আশ্রেয়; হেনবজুনিঃশব্দেনিয়োগ কৈলে নাথ!

দ্ওনীয়, কিন্তু নাপ, বিনা অপবাধে | অকস্মাৎবজাঘাত! হায় হায় হায়!!

দণ্ড দান, এ বিধান কোন্শাস্ত্ৰমতে 📍 িকাথা গৰ্ভদোহদ,কোথায় নিৰ্কাসন!!! কোন রাজ্পর্ম মতে কহ বিশেষিয়া ? হেদীতাবিনোদ,ভালদীতাবিনোদনে

হতে পারে নারীজ্ঞাতি শতদোষস্থলী পাঠাইলে তপোবন !—অতৃঊ সীতার

কেন চিরঅধিনী এ অপরাধিনীরে— জলাশয়-জলে, জলে সে জলে জলন।

দোষ দেখাইয়া দণ্ড করিলে না দান? নিরমিল ধাতা এই সীতারে কেবল শ্বচক্ষে দেখেছে দাসী, কাস্তার হইতে, ভোগিতেয়াতনা,সুথভোগিবে কেমনে ?

বিচারিতে প্রজাদের অভিযোগ-জাল, মন তব, জাতুক কি না জাতুক পরে,

পুরের, সংদাণিয়া অতি মধুর বচনে, কঠে হার, হায় নাথ!আজি কিপ্রকারে

দিতে বুঝাইয়া। দোষী বুঝিত স্বমনে ক্ষেপিলে দাসীরে,কছ কছ হে সুজন ?

বদলিলে বল্লভ সে বিচার পদ্ধতি? বহু দিন বনাপ্রমে করেছি বঞ্চন।

कास्त्रात कारस्त्र वित्न, जीवन कास्त्रात,

বন প্রায়, যদি আজি ভদীয় দিলনে ভব সুখ সম্মিলনে হলেম বঞ্চিতা। ধাকিত এ দাসী, বনে ভাবিত ভবন। যে রমণী বঞ্চিতা প্রাণেশ সন্মিলনে : পারে সীতা তব সনে ভুঞ্জিতে রৌরব, কোন্ স্থে বঞ্চিতা সে নহে এ ধরায় ? নারে ভবু ভব সনে হয়ে বিচ্ছেদিভা পরায় কি ? যদিও সে ভ্যক্তিয়া জীবন, সম্ভোগিতে স্বৰ্গ সূৰ। সভী রমণীর— যায় প্রলোকে, তবু সুথ কোথা তার, পতি যথা স্বৰ্গ তথা; স্বৰ্গ স্বৰ্গ নহে। সতী গতি পতিমাত ইহ প্রকালে। তুমি যদি পেকে কাছে পরাতেদাসীরে তুমি নাথ সুথে বঞ্চ রাজনক্ষী সহ. বাৰুল,পরিত সীতা আনন্দিতা হয়ে— নব নব বিলাস করহ, সীতা তাহে, না চাহিত চারু বাস পরিতে কখন; নাহি হিংসে, তবসুথে সুখী এ তুঃখিনী তুমি যদি পরাতে হে, কুসুমালকার, সপত্নী ঈর্ষায় বটে কল্বিত হয়---নিজ করে জানকীরে, ভবে এ অভাগী কামিনীকুলের হিয়া, কিন্তু এ কামিনী, সৌভাগ্য মানিত ভাহে, চেত না কথন তেমন নহে হে, নাহি সে হিংসাইহার। রাজ-আভরণে দেহ করিতে ভ্ষিত। একশশী, কতশত কুমুদিনী সনে— विशादत कूमूमाकदत। मानादिकत रशदर রমণীর বেশভ্যা পতি প্রীতি লাগি, কত তারা দারা, তাই বলে কি রঞ্জনী, তাই ভাল, যাহা ভাল বাসেন বল্লভ। তুমি যদি রাখিতে হে পত্তের কৃটীরে, |অনাদর করে থাকে, রজনীনাথেরে। ভাতেসুখীনিশী,যাতে সুখীনিশাপতি? জানকীরে, থাকিত সে পরম হরষে, না বাঞ্জিত রম্য হর্ম্মা, ভ্রমেও কখন। পিতি সুখ সদা সতী কর্য় প্রার্থনা। থাক সুখে প্রাণনাথ রাজলক্ষী সহ। ত্মি ষদি খেতে নাথ, সীতার সহিত, বন ফলমূল, সীভা প্রীভা হয়ে ভাই, এ জনম ছঃখিনী, ছঃখের পারাবারে বাইত, না চাইত, হে, রাজ উপভোগী। ড্বে যদি, শুনে রাম আছে মহাস্বর্থে তাসিয়। উচিবে, ছঃখসাগর হইতে, ত্মি যদি সীতা সনে করিতে শয়ন, বাঞ্জিবে শুনিতে আরো সুথের সংবাদ পল্লব শ্ব্যায়, হে প্রাণবল্লভ। তবে জনমত্বঃখিনী সীতা, ছুঃখেই জনম ভাবিত মৈথিলী ভাই, সুবর্ণ পালও। রাজভোগে আজ আমি হয়েছি বঞ্চিতা গোঙাইবে, ভবে যে ক দিন ছিল সুখে, কিঞ্চিং ছঃখিত নহি, ইহার কারণ; সে কেবল সুখময় সঙ্গ গুণে ভব ৷ ভোগেদাসীরাজভোগে বাজেলপ্রসাদে তথাচ হে এই ফুঃখ হইতেছে মনে.

হায়! অভাগীর গেল পূর্ম্ব সুখ সব. কেন নাহি গেল পূর্বে মারণ শকতি, গেলে ভাল ছিল, পূর্ব সুথ কথা মারি. এখন বিচারি মনে বুঝিলাম সার, হতন। দিগুণ ছুখ, এ ছুখের কালে। আগে নাথ! ছিন্নু যবে একত্ৰ উভয়ে পোড়ামনে পড়ে, তুমি সেকালে একদা, করিবে, কে ত্যক্তে বনে পরাণ পুতলি। একদা কি কভ দিন, কাননে কুটীরে, বাজপুরে, প্রাসাদে, এজানকীর অঙ্কে রাথি শির, হাস্যমুখে, অকপট ভাবে কহিয়াছ, হেপ্রেয়নি নৈথিলি আমায় তোমায়, কেবল মাত্র দেহ বিভিন্নতা. ক্রিয়াছে বিধি, নৈলে দেঁাহেএকপ্রাণ।" ^{সে} বিধু সীতার ভাগ্যে অগ্নি বর্ষিলা (শাস্ত্রেও লিথেছে,জায়া অদ্ধিকায়ারূপ।) সত্য বাদী তুমি; তবে বলহে বল্লভ! সুধাই ভোমারে, মোরেযেই অপরাধে, নির্বাসিলা, বনে সেই অপরাধে, অর্দ্ধ দোষে,নিজে,কেন না হইলে নিৰ্কাসিত। রামতুল্য বিচারক, করে পক্ষপাত ! এদোষ রামের নহে, অদুষ্ট সীভার! তুমি নির্মাসিত হয়ে আসিলে কাস্তারে, সীভার হতনা ছঃখ, তাই পোড়া বিধি মুকুলে কি যতনিবে, বিষম কুঠারে অবিচার, পক্ষপাতে প্রবৃত্তিলা ভোমা হায় রে। পড়িলে পরে তুঃখের সময় কতকথা উঠে মনে !—আগে না বল্লভ! বসাইয়া অঙ্কে, এই ছুঃখিনী সীভারে, কহিতে সোহাগে, "অয়ি হৃদয় ঈশরি

পরাণ পুতলী''। আমি সরল স্বভাবে, ভাবিতাম সত্য, হত গৰ্ম্ম উপস্থিত! মন তুষিবারে সুধু কহিতে সে সব, সভানয়, সভাহলে কি দোষে বৰ্জন, হায়রে যে রাম খ্যাভ, অস্কুল বলি শঠ নায়কের তুলা ভাঁর ব্যবহার! রানের এদোষ নহে, ছঃখিনী সীভার, ভাগ্য দোষে অঘটন সংঘটিত হয়। ষে বিধু জগত তোষে সুধানয় করে, যে বাঁশরী সুধাবর্ষে সবাকার কানে, সে বংশী সীতার কর্ণে বজ্ নির্ঘোষিলা হেনাথ! সেদিন আমি সুধান্ত ভোমারে সুতোৎসবে সমারোহ করিবে কেমন 🕆 হাসিয়া কহিলা তুমি সরল স্বভাবে, "সরল স্বভাবা প্রিয়ে! তব অভিনত ষেইরূপ সেই মত সব সম্পাদিব"। ভাল সম্পাদিলে নাথ! হায় অসুদূগত ছোদলে, মুকুল গভা লভিকার মূল ! তোমা বিরহিতা হয়ে বঁ।চিবে কি সীতা। সভী কি জীবনে বাঁচে পভির বিরহে : মৃত্যু মুখে এ দাসীরে কেপিলে যখন. তথন কোথায় আর গর্ভস্থ সম্ভান। অরে চির ছঃখিনীর গর্ভন্থ সম্ভতি।

নিতুবা 'সু ছুঃখময়ী কেন এ বৈদেহী কেন কৈলি অভাগীর জঠর আশ্রয়। কোশলের রাজ্য লোভে ! কিষা রঘুপতি হিঃথে২ কেন তার যাইবে জনম। রামচন্দ্রে তুষিবারে পিতৃ সংখাধনে ? |হায় হায় কারে বলি মনের বেদনা ! রুথাআশা ! জাননা যেঅভাগীজানকী, অহরহ লিখিতে যে লেখক না ভূলে, অভাগী সম্ভান কোথা হয় ভাগ্যবান্ ! ∣হইল ভাহার ভুল কপালের দোষে কে পোষে বায়সী শিশু সুবর্ণ পিঞ্জরে ! মভাগীর, ললাটেতে লিখিবার কালে। যাহে৷কু হতিস যদি তুই সুখভাগী তুঃখিনীরে দিয়া ছুঃখ, হতিস না, ছুঃখী হল কই, ভাহা, তুই নিজে ছঃখাৰ্ণবে ডুবিলি, ডুবালি এ ছঃথিনী সীভারে। তুই যদি গর্ভে মোর না নিভিস্ স্থান, তাহলে কি সীত। প্রাণ রাথে এতক্ষণ ! কহিলা লক্ষণ যবে, বজি লি প্রাণেশ, তথনি দিতাম পাপ প্রাণ বিসজ্জন। ত্যজিলে ত্যজিতে পারি এখন এ প্রাণ, কি কল তাহাতে, লোকে এই অপবাদ ঘুসিবে জীরামচক্র বঞ্জিলে সীতারে, বেঁচেছিল, কভক্ষণ পরে ভ্যক্তে প্রাণ। হা হা বিধি নিদারুণ কি কহিব ভোৱে মুখ ছুঃখ দাতা তুমি, লোকের কপালে লিখ যাহা, ঘটে তাহা, না যায় খণ্ডন ! সভ্যবটে সুখ ছুঃথ সবার ললাটে। লিপিকর তুমি, কেহ চির সুখী নহে, চির দিন কেহ ছঃখ ভোগেনা ধরাতে। ''সুথ ছুঃখ ময়ী সীতা'' লিখিতে এ পাট নালাটে, এ অভাগীর, ভুলিলেহে তুমি!

সুখের 'খ' বর্ণ হেন লয় মম মনে

ইতি বিলাপ-তরঙ্গিণী কাব্যে जानकी विलाभ नाम প্রথম সর্গ। রোশিনারা শিবজী নাটক। পঞ্স অস্ক | প্রথম গর্ভাঙ্ক। মূতন বাগান। (निवकीत खरवन।) (স্বগত) মহারাজ আরে-ঞ্বের পত্রের উত্তর যথোচিত ছুরাঝা যবনরাজ কি जातन ना (य, महाताचे नियत्पत প্রাণ এক দিকে, আর প্রতিজ্ঞা এক দিকে? যুদ্ধে আমাকে সর্বধান্ত হতে হয় তাও স্বীকার, তথাচ ताकनिमनीटक कथनहे श्रुनः श्रमान কর্ব না। কি আশ্চর্যা! দিলী-শ্র কতবার যুদ্ধে পরাজ্য হয়ে-ছেন, তবু যুদ্ধের কথা মুখে উল্লেখ

কর্তে কি, তাঁর মনোমধ্যে একট্-ও লজ্জার উদয় হয় না? তানা হবার এক্টা কারণ আছে, তিনি मदन मदन दिशं कोदनन दय, जामि দিলীর সমাট, ভারতবর্ষের প্রায় मकल ताकाताह आमात अधीन, আর আমার অনেক সৈন্যসামস্তও আছে। আরে! তা থাক্লে কি হবে? আমার এ ছুর্গভেদ করা বড কঠিন। ভাবলাও যায় না, ঈশার প্রতিকৃল হলে সমুদয় পুথি-বী এককালে রসাতল যায়; একটা সামান্য ছুৰ্গ হৈ ভ নয়। याहरू, ताक्रमिननी (तामिनाता त्य আমার প্রতি নিতান্ত অসুরক্তা ভার আর দদেহ নাই। কিন্তু চতুরা কামিনী মনের ভাব শীঘ্র প্রকাশ করছে না। আমি যে ভার বিরহে নিভাস্ত ব্যথিত হয়েছি ভা 'সে বিলক্ষণ বুঝুতে পেরেছে। কিন্তু ভারও স্মরদশা আমার অবি-मिछ नारे। करन विवाह ना इरन সফল-মনোরপ হবার আর উপায় (प्रथ्हित। याहरू, आंगमानीत्र खानक करत वरल निरम्हि. দেখি এখন কি হয়ে উঠে (পাখে व्यवत्नाकन कतिया) ७३ ना व्याप्त-

মানি আস্ছে, ওর মুখখানা হাঁসি হাঁসি দেখছি, বোধ হয় म^९वाम आनट्ड । (আসমানীর প্রবেশ) আদ। মহারাজ।---শিব। কেও আসমানী, তবে সং-वाम कि वल ? মহারাজ সকলি **শুভ**-मर्वाम तटछे-শিব। অমন করে বল্লে যে, ভবে বোধ হচ্ছে যেন কিছু অশুভ সংবাদও আছে ? না, অশুভ সংবাদ এমন किंद्र्डेनग्र। শিব। আসমানি সভা করে বলো ताकनिकनी कि वरहान ! भान-বার জন্যে আমি নিভান্ত ব্যগ্ रुप्त পড़िছ । আস। মহারাজ শ্রেণ করুন। আমি ভো আপনার সেই সব কথা ভাঁকে বলল্ম। তিনি শুনে অনেকক্ষণ নিস্তব্যে থেকে, ভার পর বলেন, "স্থি! ও স্ব কথা আমাকে বলা বাস্তল্য মাত্র, কেবল মহারাজই কি আমার বিরহে নিভান্ত ব্যধিত হয়েছেন?

তাঁর বিরহে আমিও কি হই নাই ?

হবার বিলক্ষণ প্রতিবন্ধক।

বুঝ তে পেরেছি। ((वर्ष विषृष्टकत क्षाद्यमं)

विष् । ও আসমানি! जुड़े ध-थारन तरप्राह्म, भीगृगीत वाजी या, বাড়ী যা, ভোর মাকে এডবড়

একটা গোক্রো সাপে কামভেছে। গোটা লাল ভাঙ্গছে, আর সর্ব संजीतरहें नीनवर्ग इरम (शरह ।

আস। (সভয়ে) এঁগ এঁগ সা— সা--- সাপে কামড়েছে, মাকে,

ম-মহারাজ তবে কি কর ব? শিব। সধা! সভ্য কি, সাপে

কামডেছে?

বিছু। (সরোধে) এঁটা, আমি কি

मिथावानी, मिट्ड कथा कछत्रा कि यागात उপजीविका ? (याननानीत

প্রতি) নানা কামড়াই নি, তুই रि मद कथा दन हिलि छाई दन। मिव। এত রাগ কর কেন, ভাই

স্পাষ্ট করে বলো না যে সাপে কাম-ডেচে, আমি কি ভোমায় মিখ্যা-

वामी वनि ? বিদ্ব। (সরোধে) আর নয় কেমন

করে ? মহারাজ একটা মামুষ মরতে যায় আমি তার নামে মিছে कथा करेतनम ?

(স্বগড়) মন শাস্ত হও, ভবে সে ভগবান্ কন্দর্প ভোমার প্রতি

अञ्चक्त रदारहन। याँत कुन्रम-वांगटक मर्भविदयंत नाग्न छान

কর্তে, সেই কুসুম বাণ ভোমার পক্ষে এখন চন্দ্ৰ রস। (প্রকাশে) স্থি! ভাতে তুমি কি বলে।

আস। মহারাজ! আমি বলেম, ''ছখের নিশীপ্র-রাজনন্দিনি

ভাভ হলে, চক্রবাক মিধুন কি कथन, विदश् विषन। मश् कदत थादक ?

শিব। স্থি! বেশ বলেছ; বেশ বলেছ। ভাতে রাজনন্দনী কি

আস। মহারাজ ! রাজনন্দিনী বলে-ন, ''স্থি! তুমি তো জ্ঞানই ভাই,

উ उत्र पिरनन ?

(य ঈश्वत व्यवना कूनकाश्विनीटमत्र, পরাধীনা করেছেন।

আমি যদি স্বাধীনা হতেম, ভা হলে কি, এত জালা সহা করি। বিশে-

করে এনে, পিতার ক্রোধানলে পতিত ইয়েছেন। এতে যে ভিনি

ষভঃ মহারাজ আমাকে হরণ

সম্মত হন, ভাতো বোধ হয় না। (मीर्घ নিশাস क्रिया। हां! धे त्य मत्नावश शुन

(ত্ৰস্ত ভাবে) আসমানি तांबरेवरमात कां इ श्वरक अधून वादत मर्स मस्ये करत काल्ता ? আরাম হবে এখন, তোমার ভয় नारे ! আস। (সরোদনে) যে আজে।

গেলি গো? বিদ্ব। (স্বগত) কি কৌশলটাই করেছি, তবু ক অক্র গো-মাংস, পেটে यमि किছू विमा। शाक्रजा, তা হলে আমায় আঁটে কে? নাই ভাই এভ, থাক্লে যে কি হভো তা আমি বল্তে পারিনে। মহারাজ একেবারেই উন্নাদ হয়েছেন, দিন নেই রাভ (नह, मन्नाक्तिक (नह, (कदल (मह মোছলমানীর কথা নিয়ে আছেন, (প্রকাষে) মহারাজ! আসমা-নীকে কেমন ভাড়িয়েছি। শিব। তবে কি আসমানীর মাকে সাপে কামড়ায় নি ?

বিদু। তানাতোকি?

ৰত কথাই শুনছিলেম, মনোমধ্যে ভবে তুমি শীগ্ঘীর ষাও, গিয়ে | কভই আনন্দোদয় হচ্ছিল, একে-নিয়ে খাইয়ে দাও গে, এখোনি বিদু। (সগত) হয়েছে আর কি? মহারাষ্ট্রীয়দের লক্ষ্মী ত্যাগ করা-লেন, ভবে ছাড্লেন। (প্রকাশে) মহারাজ আমি আপনার জন্যে একটা সর্বস্থলক্ষণা পাত্রী স্থির মহারাজ, আমি চল্লেম। (প্রস্থান করিয়া নেপথেয়) ওগো মা কোথা করেছি। আপনার অমুমতি হলে বিবাহের দিন স্থির করা যায়। কোথা হে কার মেয়ে ? বিদু। আজে অধিক দুর নয়, আপনার এই রাজ্য মধ্যে, একটী मूठीत स्पटम, स्मरम्बीत क्रलेख यमन গুণও তেম্নি? স্বর্গবিদ্যাধরী বল্লেই হয় ৷ भिव। मूठीत भारत ! ताथामाथव, রাধামাধব। বিদু। কেন মহারাজ ! মোছল-মানীতে যার প্রবৃত্তি, মুচিনীতে কি আর হয় না? শিব। যাও যাও মিছে বকো না। (আসমানীর পুনঃ প্রবেশ) **ভবে রে বিটলে বামুন!** মাকে নাকি সাপে কামডেছে। শিব। দূর মুর্থ, এমন কর্মাও করে, |বিদূ। হাহাহা— আহা, রাজনদিনীর চরিত্ত-বিৰয়ে । আস। মরণ আর কি, ভবে আমার বিদু। হাহাহা-

আস। আ মরণ! পোডার মুখে হাসির (শিবজীর প্রতি) घषे। (मथ। महाताक ! ताकनिकनी निटवनन করেছেন, যে আপনি অনুগ্রহ করে আজ রজনীতে তাঁর সঙ্গে একবার সাক্ষাৎ করেন।

শিব। আসমানি! আমার আবার অমুগ্রহ কি, ভাঁরি অমুগ্রহ স্পাই লক্ষিত হচ্ছে। তবে তাঁকে তুমি বলগে, আমি অবশ্যই সাকাৎ কর্ব।

আাদ। যে আজি মহারাজন, ভবে আমি চলেম।

(আসমানীর প্রস্থান)

বিদু। ভবে আর কি নিমন্ত্রণ ভো হলো, চলুন কামিনীজ্ঞনের মন হরণের উচিত বেশভূষা করে पिरे (ग।

আমি ভো আর ভোমার মতন খেপিনি।

বিদু। আজে না, আমিই থেপেছি। রোশি। (স্বগত) ইস্, আজকের শিব। স্থাসেই রূপ-গুণ্বতীকা-गिनीटक जूमि यि । प्रत्यु । जा जा तकनी नाथ छे न स ट्रिन्ना হলে অমন কথা কখনই বল্ভে না, তার সেই অমায়িক ভাব, গদ্ধীর

প্রাণটা একেবারে উড়ে গেছলো।। প্রকৃতি, বোধ হয় ত্রিলোকের রমণীকুলের পরাত্ত স্থান। বিদু। মহারাজ! আপনি যখন বল্-ছেন, তখন ভার আর সন্দেহ কি? (কর্যোড়ে) কিন্ত মহারাজ उाँदक दमिथरम এ গরিব ত্রাহ্মণের ছেলেকে আর খেপিয়ে তুল্বেন আমি বই ব্রাহ্মণীর আর কেউ নেই, দোহাই মহারাক্তের। শিব। নাহেনা, ভোমার দেখে কাজ নেই, এখন চল যাওয়া যাক, প্রায় সন্ধ্যা হয়ে এলো। বিদু। আজাহাঁচলুন। (স্বগত) আসমানী যে মক্ত দিয়ে গেছে धथन विक्लारवना मन्ता हरव वह আর কি ?

দ্বিতীয় গর্ভাঙ্ক।

(উভয়ের প্রস্থান।)

শিবজনীর শয়নমন্দির। (द्रांगिनातांत्र खरवण)

কি ভয়ক্কর তিমিরাচ্ছল রজনী! वरल वृत्रि दक्षनीरमवी, অভিমানে এরপ মলিন বেশ ধারণ করেছেন।

কক্ৰ।

নয়, আমার প্রেম অতি অকিঞ্ছি- _।আস। কেন : রাজনন্দিনি ! কর, আপনার প্রেমই প্রেম। ভাবে) নানা রাজনিদিনি। উভ- । মনোবাসনা পূর্ণ হয় ! নিম্মল প্রেম যে কি পদার্থ তা নীর অমুমতি হলে তো? জান্তে পারা যায় না। ''ভূধর শিখরোপরি কলাপি নিকর। অপেকা নাই। অতি উচ্চ গগনেতে নব জলপর।

প্রণয়িনী কমলিনী সরোবর জলে॥ দৈনি। মহারাজ রক্ষা করন, রক্ষা ছই লক্ষ যোজনে কুমুদ পতি রয়। ज्ञात कार्य कार्य कार्य ना इस ॥" किंद। (अठकिट्छ)। किन किन वार्-

छभवान निनम्नि भभगम खटन।

(आममानीत अदयभ)

আবাস। এই যে মহারাজ এসেছেন, আমি রাজসভা পর্যান্ত গিয়েছি-লেম। শিব। কেন স্থি! তত দুর যাবার আবশাক কি ? আমিতে৷ তোনা দের রাজনন্দিনীর প্রণয় পাশে শিব। আমিতো এক রকম বীর बक्ष इरप्रहे तरप्रहि। আসে। মহারাজ! রাজনন্দিনী এখন আর আমাদের নন। श्वित । तम कि, खरत कात ? আস। কেন্তাপনার।

ৰোলি। (বিব্ৰুক্তভাবে) ও কি স্থি*।*

কি'্মিছে কথা বলেছি, এখন শিব। সেকি প্রিয়ে! (লজ্জিত ছিহাত এক হইলেই আনাদের য়ের সমান অনুরাগ না থাক্লে, শিব। স্থি! তোমাদের রাজনিদি-আস। মহারাজ! তাব আর বড় (বেগে একজন দৈনিকের প্রবেশ)

> পার টা কি ? টেসনি। মহারাজ মোগোল চৈসনোর। এক কালে ছুর্গ আক্রমণ করেছে। भिव। जाँ। इर्ग जाकमन करत्रह ? বৈনি। অজ্ঞাহা, আপনি শীভ্র সুসজ্জিত হোন, আর বিলয় কর-বেন না।

বেশে সজ্জিত হয়েই আছি। (গাতোখান করিয়া অসি নিষ্কা-मन श्रुक्तक) मांशन रिमरनादा इ-ঠাৎ ছুর্গ আক্রমণ করলে, এর কিছু কারণ অমুসন্ধান পেরেছ ?

কৈনি। আজ্ঞানা, তার কিছুই অসুসন্ধান করতে পারি নি, বোধ হয়
নানাজী এর ষড়যন্ত্র করেছে।
শিব। কি নানাজি—হাঁ হতে পারে।
বোধ হয় সেবাটো বৈরনির্যাতনের
চেষ্টায় আছে। উট বোটার আজ্ঞা সকল সাধ মিটে যাবে। (রোশিনারার প্রতি) রাজনন্দিনি আপনি এখন বিশ্রাম করুন, আমি
দুর্গ রক্ষার্থ চল্লেম।
কৈনি। আসুন মহারাজ, কিন্তু সাবধানে যুদ্ধ করবেন।

শিব। ভার আর ভুল আছে।

(দৈনিকের প্রতি) চল চল।

(উভয়ের প্রস্থান)
রোশি। সথি কি হবে ! আমি
বিলক্ষণ জানি যে, নোগল সৈনোরা অভিশয় ছন্দান্ত ও অভিশয়
বীর্যাবান। পাছে মহারাজ শিবজীর কোন অমক্ষল ঘটনা হয় !
আস। সথি! ভয় কি, আমানেরো
মহারাজের অনেক সৈন্য আছে,
ও ভিনি নিজেও এক জন বিখ্যাভ
বীর পুরুষ। সে জন্যে আপনি
কোন চিন্তা করবেন না।
রোশি। না সথি, আমার দক্ষিণ

ব্যাকুল হয়ে উট্চে, মনে কোন
মতেই স্বাস্থ্যলাভ কর্ত্তে পাচ্ছিনে।
বলনা স্থি, মহারাজের কোন
অমঙ্গলভো হবেনা?
আস। রাজনন্দিনি! আপনি এড

ভাব্চেন কেন? আমি বিশেষ

জানি, মুজের নাম শুন্লে আমাদের মহারাজের সাহস, উৎসাহ,
ও বল দ্ভিণ রুদ্ধি হয়, আপনি
একটু স্থির হোন না, মহারাজ
শক্ত কুল নির্দ্ধেল করে এখনি কিরে
আসবেন।
নেপ্রো। হ্যাহ্যাহ্যা, সাব-

धान गांवधान, ছ्রাত্মা मन्द्रा मिन वज्जी यान शांनाग्न ना, व्याणितक इथान करत क्टिंग यान, व्याणि स्माशन रेमनारमत शताक्रम कि जारन ना।

রোশি। (সভয়ে) ও সধি ! ও
সথি ! সর্কানাশ হলো মহারাজ
শিবজী বুঝি আর বেঁচে নাই !
সথি, আমার কাছে এসোনা, ভয়ে
আমার হুৎকম্প হচ্ছে।

আস। (রোশিনারার নিকটে গিয়ের উপবেশন পূর্বক) রাজনন্দিনি ! ভয়কি, এত ব্যাকুল হচ্ছেন কেন?

স্থি! আমার মনে কিন্তু कान मटिंड अटवांध मानुष्ट ना, रदिन् ना। দের পরাক্রম জান। নেপথে। হর হর হধ, মহারাজ নাগ, এ জন্ম-ছুখিনীর দশা কি শিবজী কি জয়, মহারাজ শিবজী ছুবাত্মা যুৱন বৈদ্যা-কি জায়। দের যেন এক জনও ফিরে যেভে না পারে। রাজনন্দিনী 'মহারাউু সেনাদের সিংহ্নাদ শুন্ছেন, রোশি। মহারাজ ভবে শীঘ্র পলায়ন শক্তকুল নিৰ্দ্মূল হয় এই। রোশি। স্থি! এবার কতক সু-স্থির হয়েছি। (নেপথে) পুনর্মার হুছস্কার শক) রোশি। উহু উহু স্থি! কি ভয়া-नक भम। (রক্তাক্ত কলেবরে শিবজীর প্রবেশ) (শশবাস্তে গাত্রোখান 'পূর্বাক) আসুন আসুন মহারাজ, রণের সমুদায় কুশলভো। শিব। নাপ্রিয়ে! ছরায়ানোগল দৈনোরা ছুর্গ অধিকার করেছে, আদ। (ভূতলে পতিত হইয়া) আংমি আবার কেমাকর ডেড পার্লেম | হায় আংমাদের কি হলো? এখন

রকা করি, আপনার মঙ্গল হোক।

এ প্রেমাধীনকে आमि स्व विदर्भवत्रता भागन रेमना विश्वाम । (मद्रापटन) हा क्राप्ती-শ্ব! ভোমার মনে কি এই ছিল। হবে ?

শিব। জগদীশ্বর আছেন, আর আমি অপেকা কর্তে পারিনে, আমি চল্লেম, কিন্তু আমাকে বিস্ম-त्व रूदन ना।

করে আপনার জীবন রক্ষা করুন। আপনি নিশ্চিত থাক্বেন, আমি যেখানে থাকি আপনারি থাক্লেম। পুনর্কার যদি কথন দেখা হয়, ভাহলে এ জীবনকে শ্লাঘা করে মানব।

শিব। বাজনন্দিনী! এই শেষ (मर्थ), (वँ एठ यिन शांकि को इतन श्रनकाव (मथा श्रव।

(শিবজীর প্রস্থান)

এখন পলায়ন করে প্রাণ আমাদের আর কে প্রতিপালন

60

(গ্রুই জন সৈন্য সম্ভিব্যাহারে : ভীমসিংহের প্রবেশ)

ভীম। আঃ এত দিনে নিষ্কটক হওয়াগেল। কেমন হে, ছরাত্মা শিবজীকে পর্বত থেকে নদীর উপরে ঝাপ দিয়ে পড়তে দেখে-ছো ভো ?

প্রথম। মহাশয় আমি কি আপ-নার নিকটে মিথ্যা কথা বলছি। দ্বিভীয়। মহাশয় আমি স্বচক্ষে দেখেছি।

ভীম। তবে আর কি, আমাদের মনোরথ সিদ্ধা হয়েছে? এখন ताजनिक्नीतक (शत इय। (श-শ্চাৎ অবলোকন করিয়া) এই যে **ब्राङ्ग्निन**नी এখানে আছেন। (রোশিনারার প্রতি) রাজনন্দিনি ! ী ছুরাত্মা শিবজীর হস্ত থেকে ভো-মাকে যে উদ্ধার করব তা আমার मत्न हिल ना। २१, ३२३ রোশি। সেনাপতি মহাশয়, আমিও य ध करम कनक कननीरक पर्भन করব, সে আশালতা এক কালে উন্মলিত হয়ে ছিল।

রাজনন্দিনি! ভবে আর

विनय्य श्रायायन नाइ हन, मद्रस्य

দিলীর তোমাকে রাজভবনে, প্রেরণ করে নিশ্চিন্ত হই।

नव-थ्रवन

রোশি। সেনাপতি মহাশয়, ভবে **ठ**लुन ।


(আসমানি ব্যতীত সকলের প্ৰস্থান।)

(গাতোখান ক্রিয়া) আ†স হায় হায়! কি ছুট্দিব, রাজ্ব-निनीदक्छ निरम् शिन, उद्य ध দেশে আর আমি কার মুখ চেয়ে থাক্ব, আমিও যাই। (আসমানীর প্রস্থান।)

ইতিপঞ্চন অঙ্ক।

প্রাপ্ত ।

মিত্ৰভা ৷



न्तिक ममरम मम-য়ে অনেক লিখি-

গিয়াছেন,

অতএব ভদ্বিষয়ক কোন মূ তন রচনা পাঠকবর্গের মনোহর এবং क्रमग्राकर्यक इटेट्ड शाद्य, अमन বোধ হয় না, এই সংশয়াপন্ন হইয়া আমি ভ্রিষয়ে কোন বিজ্ঞা-

নাত্মক প্রবেদ্ধ লিখিলাম না, কেবল একটি কবিতা এবং ছুইটা অত্যা-শচর্ষ্য ঐতিহাসিক ঘটনা লিখিলাম। যদি অবসর ক্রমে পুস্তকাদি পাঠ করিয়া আর কোন ঐতিহাসিক উদাহরণ সঙ্কলন করিতে পারি, তাহা হুইলে পাঠক মহাশয়েরা বঞ্চিত হুইবেন না।

চতুৰ্দ্দশ পদী কবিতা। বিশাল সাগর যার কলোল প্রহারে, কাটে শভভাগে পোভ বক্ষ ধাতুময় व्यव्य जीवन (पर नक नमूप्य, বিহরে হৃদয়ে যার ঘোর চক্রাকারে : অভায়ে দীখল লেজ তিমি মৎস্চয়, ৰত শত জলধান সতত সংহারে। এ হেন সাগরকোলে আছে অভিশয় রম্য দ্বীপ, সুবাসিত মদলা সম্ভারে, ৰথা গেলে হত-পোত-গণ শাস্ত হয়, धुरेया मत्नत मला भाखि जनधारत। এতব সাগর সদা উচ্চ বীচিময়, হিংসাদ্বেষ আপদ হিংঅক জস্তুস্থান; কিন্তু তাহে আছেএক দ্বীপমনোময়-মিত্রতা যথায় গেলে সুস্থ হয় প্রাণ॥ ডিমন এবং পিথিয়াসের আখ্যান (অহুবাদিত)

্র সিরাকিউদের অধিপতি ডাই-

ওনিসিস্কর্ত্ক ডিমন দোষী সা-বাস্ত হওয়াতে, ভাহার বধ দিন নির্দারিত হইল। ডিমন অবসর সময়ে বাটীতে যাইয়া শোক ছঃ-থার্ত পরিবারের মধ্যে স্বীয় সম্পত্তি বিভাগ করিয়া দিবার নিমিত কএক দিনের মুক্তি প্রার্থনা করি-লেন। ডিমনকে বিদায় প্রদান ডাইওনিসিসের করেন. অভিপ্রায় ছিল না, কিন্তু সহসা অস্বীকার করা অপেক্ষা প্রকারা-ন্তরে অনিচ্ছা ব্যক্ত করা বিধেয়, এই বিবেচনায় তিনি ডিমনকে বলিলেন, " যদি তুমি এমন কোন প্রতিভ প্রদান করিতে পার যে ভোমার বধ-দিবস তুমি কোন কারণ বশতঃ উপস্থিত হইতে না পারিলে, দে ভোমার পরিবর্তে শাস্তি ভোগ করিবে, ভাহা হইলে ভোমাকে মোচন করিতে আমার আপর্ডি মাত্র 'নাই" পিথিয়াস এই সকল কথা শুনিতে ছিলেন. তিনি ডিমনের সহিত কোন পরা-মর্শ না করিয়াই বন্ধুর প্রতিভূ হই-বার নিমিত্ত আবেদন করিলেন। তাঁহার আবেদনও গ্রাফ হইল, সুতরাং ডিমন তৎক্ষণাৎ মুক্তি

व्याख इहेरनम। রাজা এবং সভাসদ সকলেই এই ব্যাপার দর্শনে विश्वाशांविक इहेशा तहित्वन, अवर वध मिन উপস্থিত इहेटन छाहेछ-নিসিস ও ভাঁহার পাশ্বর সকলে অভিশয় কৌতূহলাক্রান্ত হইয়া, পিথিয়াসকে দেখিবার নিমিত্ত কা-রাগারে আসিলেন। বন্ধুতা সং কান্ত বার্তা হইতে লাগিল; অপি-পতি বলিলেন সকল কৰ্ম্মেই স্বাৰ্থ মানবগণের প্রবর্তক: যে আপন অভীষ্ট সিদ্ধির নিমিত্ত কর্মা না করে দে নিভান্ত জালা। মিত্রতা, স্বদেশামুরাগ, এই মত শক সমুদয় ভীরুদিগকে প্রবঞ্চিত এবং প্রীত করিবার আশয়ে স্ত্রীলোকে-রা আবিষ্কার করিয়াছে। এরপ মৃতু হৃদয়-সুলভ ধর্মা কখনই প্রশংসার যোগ্য নহে। এই কথা শ্রবণ করিয়া পিথিয়াস গন্ধীর वहत्व ७ व्यविकृष्ठ वहत्व विनित्नन, "নরনাধ! এই সকল গুণ সমগ্র ভূমণ্ডলে প্রশংসিত থাকুক এবং আমার বন্ধু গৌরবের এক অসু-চ্ছেদ হইতে অপসূত না হউন এই আমার একান্ত অভিলাম। এই অভিলয়িত বিষয় সম্পন্ন ও সুসমা-

আমার भेटक सूथमाग्रक বনু কখনই অপর্মা-**इ**इेट्य । প্রেরিত হইবার নহেন। আপন জীবিভাবস্থার প্রতি আমার যেরপ বিশাস আছে, ভাঁহার ধর্মাসুরাগ বিষয়েও আমার সেই-রূপ বিশ্বাস। কিন্তু হে দেবগণ! বন্ধুর সভতা এবং জীবন যেন একদা রক্ষিত হয়, আপনাদিগের নিকট আমার এই একমাত্র প্রা-র্থনা। যে পর্যন্ত আমার মৃত্যু দারা বন্ধুর মুক্তি না হয়, সে পর্যান্ত, ছে প্রনদেব! অনুগ্রহ করিয়া তাঁহার সদভি-প্রায়-জনিত ব্যগ্রতা এবং প্লুততা প্রতিরোধ করুন। আমার জাবন অপেকা বন্ধর জীবন অধিকতর মূল্যবান্; আমি প্রাণভ্যাগ করি-লে কোন ব্যক্তিরই অনিষ্ট হইবার সম্ভাবনা নাই, কিন্তু ডিমন ভাঁহার পরিবার বর্গের একমাত আপ্রয়।" পিথিয়াসের এইরূপ হৃদয়গ্রাহী

বাক্য প্রবণ করিয়া ডাইওনিসিস

বায়ু অভিঘাত শূন্য জলাশয়ে এক

গণ্ড লোফ পাতিত করিলে যেমন

একেবারে দ্রব হইয়া

হিত হইলে ছর্মিবহ মৃত্যু যাজ-

তরক্ষাকার জলমণ্ডল উথিত হয়,
সিরাকিইসাধিপের মনও সেইরূপ
উদ্বেজিত হইল। সত্যের অপরিক্ষুট জ্ঞানে তাঁহার ক্ষুদ্য আক্রমণ করিতেছে ইহা তিনি বুরিতে পারিলেন; কিন্তু চিরকাল
পাপে প্রবণতা এবং আসক্তি ছিল
বলিয়াই এই কথার বিশদ সদ্ভাব
তাঁহার ক্ষুদ্যে প্রতিকলিত হইল না,
তিনি নিভান্ত জান্তচিত্তের ন্যায়
পিথিয়াসের সম্মুখ হইতে সত্তর
প্রস্থান করিলেন।

নিধন সময় উপস্থিত; পিথিয়াস কারাগৃহ হটতে বাহির হইয়া প্রফল্ল-वमत्न तककिरिशत मध्य थादभ করিয়া বধ্যভূমির অভিমুখে আসিতে লাগিলেন। ডাইওনিসিস প্রেরই ছয় ধবল অশ্ব সংযোজিত বাহ্য সিংহা-**বন যোগে মুশানে আগমন করিয়া-**ছিলেন। এবং **হন্তব্য ব্য**ক্তির প্রতীকা করিতেছিলেন। পিথিয়াস্ উপস্থিত হইলেন এবং মঞোপরি আরোহণ কবিয়া কভক্ষণ নিধনযন্ত্রের দিকে অনিনিষ লোচনে চাহিয়া রহিলেন। অবশেষে দর্শক-দিগকৈ সম্বোধন করিয়া বলিলেন. अरामिक क्षांक मार्चित्र क्षांक करेगारू

গভকলা হইতে বিৰুদ্ধ বাতাস বহি-তেছে, দেবগণ আমাদিগকে অনু-গ্রহ করিতে ক্রতী করেন নাই। ডিমন অসমাবিত অমুরায় অতি-অদ্য কোন ক্ৰমেই পারিবেন সকলে তাঁহাকে এখানে লালপ্যমান দেখিতে পাইবেন। অদ্য আমার রক্তপাতেই বন্ধুর জীবন রক্ষিত হইবে। যে মহাআব জনা আমি মৃত্যু পর্যান্ত স্বীকার করিয়াছি তাঁহার ধর্মনিষ্ঠার বিষয় ব্যাখ্যা কবিয়া যদি আমি আপনাদিগের অন্তর হইতে তৎসংক্রান্ত বিরুদ্ধভাব প্রকালন করিতে পারিতাম ভাষা হইলে অস্বারোইণের ন্যায় প্রসন্ন-চিত্তে মৃত্যু-যন্ত্রে আরোহণ করিভাম সন্দেহ নাই। তিনি এখন পথে আছেন অচিরকাল মধ্যেই এখানে উপস্থিত হইবেন। তাঁহার গতি-নিরোধ করিতে দেখিয়া, না জানি, তিনি দেবতাদিগকে কত ভংসনা করিতেছেন। কিন্ত আমি তাঁহার সমুদয় পরিপ্রাম বিফল করিতেছি। ঘাতুক শীঘ্ৰ কৰ্ত্তব্য কৰ্ম্ম সম্পাদন কর, আর বিলম্বে প্রয়োজন নাই।" বিট্যোগাল খোন স্বৰ্ণা সমূ

ছেন, এমন সময়ে বহুদুর হইকে এক কোলাহল উপিত হটল। হও ঘাতুক ক্ষান্ত হও, এই বলিয়া मकलाई গোলযোগ कतिया उठिन। এক ব্যক্তি একটী ঘর্দ্মাক্ত অশ্বারো-হণে আসিয়া উপস্থিত হইলেন। ভাঁহার আগমনে জনতা-কারির। পথ ছাড়িয়া দিতে আ মু করিল। আ-গত ব্যক্তি সমন্থে অশ্ব হইতে অব-তরণ করিয়া মঞোপরি আরোহণ করিলেন এবং পিথিয়াস্কে আলি-ঙ্গন করিয়া কহিলেন, ''ডোমার জীবন রক্ষিত হইল। যে প্রম কারুণিক মজলালয় দেবভাবর্গ অগ্ন-গ্রহ করিয়া ভোমাকে আসল মৃত্যুর করাল কবল হইতে রক্ষা করিলেন. তাঁহাদিগকে আমি শত শত ধন্য-বাদ করি। আমি মৃত্যুর জনাই উপস্থিত হইয়াছি, তোমার বহু-মূল্য জীবন আমার ছার কপ জীবনের পরিবর্তে নিহত হইল বলিয়া আমি যে, আল্লগ্লানি সহা করিয়াছি ভাহা হইতে এখন মুক্ত হইলাম।" পিথিয়াস ডিমনের ভুজান্তরে থাকিয়া একেবারে মৃত-প্রায় হইলেন। জাঁহার সরস বদন-

ন্যায় পাওুর হইয়া গেল। স্বর-ভঙ্গ হওয়াতে অতি দীন বচনে বলিতে লাগিলেন, "রে হত বেগ! রে দগ্ধ ব্যগ্রতা! তোমরা বন্ধুর নিগিত কি অন্যায় বলই আগ্ৰয় করিয়াছ। আনি হতাশ হইব না, যদিও বন্ধর রক্ষার নিমিন্ত প্রাণ বিসর্জন করিতে পারিলাম ভণাপি ভাঁহার মৃত্যুর পর আর জীবন ধারণ করিব না, এই সমু-দয় কাণ্ড ডাইওনিসিস আশ্চর্যান্তিভ হইয়া দেখিতেছিলেন। কুলিশোপম হৃদয় জলবং হইয়া গেল, তথন আর তিনি অঞ সম্বরণ করিতে না পারিয়া সিংহা-সন হইতে অবভরণ করিলেন, এবং মঞ্চোপরি আরোহণ করিয়া বলিতে লাগিলেন, "হে যুবকদ্য়! ভোমরা দীর্ঘজীবী হও ভোমরাই আদা পু-ণ্যের সত্ত। প্রমাণ করিলে, এবং সেই পুণোর পুরস্কারদাতা যে প্রমেশ্বর আছেন ভাহাও প্রমাণিত হইল। হে যশবিন ! ভোমরা আমাকে নিভান্ত আকৃষ্ট করিয়াছ, আমি ভো-শাদের মধুময় বন্ধভার হইতে বাসনা করি, এমন উপদেশ ভারা আমার ভারি ছর কর।"

क्रिंग ७ छमीय श्रमयक्रू नुकानाम् ।

শ্বাত দ্বিতীয়

ক্ষিত্র শ্বাত দ্বিতীয়

ক্ষিত্র শিক্ষা কিলিপাইর যুদ্ধ

ক্ষিত্র শিক্ষার শিক্ষার

ক্ষিত্র শিক্ষার

ক্ষিত্য শিক্ষার

ক্ষিত্র শিক্ষার

সংঘটিত হয়; আঠনি ও ওক্টে-ভিয়স এক পক্ষ এবং ব্রুটাস একাকী অন্য পক্ষ সমর্থন করেন। देनव-ছর্মিপাক বশতঃ ব্রুটাস পরাজিত হন। থে-निय এकपल अश्वादताशी देमना मटक ব্রুটাসের অস্বেষণে ইতস্ততঃ ভ্রমণ করিতেছে দেখিয়া তদীয় অভিন-হৃদয় বন্ধু লুকালাস, আত্ম জীবন দানে, বন্ধুর প্রাণ রক্ষা এবং অস্বারোহী-দিগকে ক্ষান্ত করিতে নিতান্ত উৎসুক হইলেন। সুতরাং ব্রুটাসকে স্বীয় অভিপ্রায় ঘূণাক্ষরে অবগত না করিয়া সহসা পলায়নে বিরত হইলেন। ক্রমশঃ থেসিয়া-নেরা আসিয়া ভাঁহাকে বেফন করিল। তিনি ইহাতে কিছুমাত্র শক্ষিত না হইয়া বলিলেন ''হে শ্সেয় বর্গ ভোমরা যাহার উদ্দেশে বিচরণ করিতেছ আমিই সেই ক্রটাস" এবং পরিহার প্রার্থনা

कारक् के क्रमेकीरुक् Triumvive अरख।

করিয়া কহিতে লাগিলেন " ভোমরা আমাকে এনীনির নিকট লইয়া চল, ওক্টে-ভিয়স্কে আমি অভিশয় ভয় করি।" বন্দি লাভে পে্সিয়দিগের আহলাদের আর পরিসীমা রহিল না। তাহার। আপনাদিগকে অতিশয় দৈবালগুছীত ও সৌভাগ্য-শালী বিবেচনা করিতে লাগিল। আহলাদে অধৈন্য হইয়া তাহাদিগের এই অসম্ভাবিত কৃত-কার্ন্যভার আশু সংবাদ প্রদান করিবার নিমিত সদলভুক্ত কএক-জনকে আন্টনির নিকট প্রেরণ করিল। ব্রুটাস সঞ্জীব শক্রহস্তে পতিত হইয়াছেন, এই জন প্রবাদ অলপ কালের মধ্যেই সমুদয় পেসে বিস্তৃত হইল। এবং কি রাজকর্ম-**চারী कि रेमना मम्ब्रामाय मकलाई** বছতর বিভাগ হইতে, ভাঁহাকে দেখিবার নিমিত্ত আসিতে আরম্ভ কবিল। দর্শকদিগের মধ্যে কেছ তাঁহার ছঃথে সহামুভূতি সমন্বিত দীর্ঘ-শ্বাস পরিত্যাগ করিতে লাগিল; কেহ জীবিত সত্ত্বে অসভ্য দিগের হস্তে আতা সমর্পণ করিয়াছেন বলিয়া, ভাঁহাকে একান্ত ভীরুও অপদার্থ বোধে কু<u>ৎুসা কবিজে</u>

এনলৈ একপ সমুন্ত বন্দির প্রতি কেমন ব্যবহার করা যুক্তিসঙ্গত তৰিষয়ক চিস্তায় ব্যাপৃত ছিলেন। এতলিবন্ধন তাহার মুখে ক্রটাসের গুণামুবাদ অথবা দোষ कीर्जन किंदूरे हिल न। किन्छ অপ্প কাল মধ্যেই তাঁহার তৃষ্ণীম্বাব বিদুবিত হইল। ফে্সিয়ের। যাঁ-হাকে ব্রুটাস বলিয়া আন্য়ন করিল তাঁহাকে তিনি বিশেষ রূপে চিনি-ভেন। পরিচিত দর্শনে লুকালাস প্রফল্ল হইয়া কহিলেন "আন্টনি! আমি নিঃসংশ্যিত চিত্তে বলিতে পারি মার্কাস ক্রটাস ক্মিন্কালে সজীব শত্রুর করগত হইবার নহেন। তিনি জীবিতই থাকুন অথবা মৃত্যু-গ্রামে পতিভই হউন, উদ্দেশ করি-লে ভোমরা ভাঁহাকে তত্পযোগী অবস্থায় ব্যবস্থাপিত দেখিবে। আমি তাঁহার উদ্ধারার্থ তোমার হস্তে আত্ম সনর্পণ কার্য়াছি। এখন ভোমার যে দণ্ড করিতে ইচ্ছা হয় আমি সেই দণ্ডই সহা করিতে প্রস্তুত আছি। আমার কিছুমাত্র আপত্তি উত্থাপন করিবার বাসনা নাই।" ল্কালাসের এইরূপ অটল মিত্রতা जन्मर्गन कविया अलेनिव यत्न अर्थ्य

ভাবের উদ্রেক হইল। তিনি হতাশ প্রায় বিমর্ঘ সৈন্যদিগকে সম্বোধন করিয়া কহিলেন, "হে নিদেশামু-কারি দৈন্যগণ! লুকালাদের এরপ অপলাপে ভোমাদিগের মন কভদুর উংক্তিত ও ক্ষুদ্ধ হইয়াছে ভাহা আমি সুন্দর্রপে উপলব্ধি করিতে পারি। নিশ্চয় জানিবে ভোমবা ষে লাভের অত্বেষণে বাহির হইয়া-ছিলে এই লোপ্ত, কথনই ভদপেকা মূানমূলা নহে--ভোমরা অবেষণে প্রবৃত হইয়া আমার নি-মিত্ত অমূল্য বন্ধরত্ব সংগ্রহ করি-ক্রটাসকে তোমরা জীবি-ভাবস্থায় আনয়ন করিলে ভাঁহার সহিত কিরূপ ব্যবহার সাধারণে অপ্রতিষ্ঠা হইত না, তাহা আমি এখন পর্যাম্ভ স্থির করিয়া উচি-তে পারি নাই। কিন্তু মহাগ্রার সহিত বিপক্ষতা পরিত্যাগ করিয়া সৌহার্দ্দ স্থাপন করিলে কাহারও মনোভঙ্গ হইবার সম্ভাবনা নাই। যদি বিবেকাপুমোদিত বর্জ বিচর-ণীয় হয় ভাহা হইলে এই সর্বপ্ত-ণোপেত নরকুলতিলক মহাশয়ের সহিত মিত্রভা স্থাপন করাই আমার পক্ষে সর্বতোভাবে বিধেয়। এই

বলিয়া তিনি লুকালাসকে আলিজন করিলেন। এবং ভদবধি তাঁহার সহিত দেহমাত ভিন্ন সমগ্রাণ স্থার ন্যায় ব্যবহার করিতে লাগিলেন।

নিৰ্বাচনীয় কাণ্ড আছে, ভাহা কে বলিতে পারে? উহার এক একটির বিষয় সবিশেষ অবগত হইতে পারিলে একেবারে বিশ্ময় আনু হইতে হয় ! অন্ধকার চ্ছন উপরিভাগের **সমুদ্রে**র কোন কোন স্থান জ্যোতির্দ্ময় অব-লোকন করিয়া নাবিকেরা বিক্ষয়-সাগরে নিমগ্ন হইয়া থাকে, এবং দর্শ-নবেভারা ইহার কাবণ অবগত হই-বার নিমিত বহুকালাব্ধি প্রবৃত হই-য়াছেন। এক জন ফরাশীশ বি-জ্ঞানবেতা ইহার যথার্থ কারণাত্র-'সন্ধানে কৃতসংকম্প হইয়া, কেরিন প্রদেশের সন্নিকটে ভিন্ন ভিন্ন ঋতুতে এই বিষয়ের পরীক্ষা করিয়া সি-ৰাম্ভ করেন, যে উহা কেবল সমুদ্ৰ-

জলের চালনা ও পরস্পর ঘর্ষণ-দারা হইয়া থাকে, কারণ তিনি অতি উত্তম দুরবীক্ষণ ব্যবহার করিয়াও ঐ জলোপরি কোন কীটকে ভাসিতে দেখেন নাই। কিন্তু অ-ন্যান্য ব্যক্তিদিগের পরীক্ষাতে অন্য সিদ্ধান্ত হইয়াছে, ভাঁহারা বলেন যে ভিন্ন ভিন্ন কারণ এককালে বিদামান থাকিলে এইরূপ উৎপত্তি इडेग़ थातक, এवर कथन कथन के के কারণের এক একটার দাবাও হইয়া থাকে। কভকগুলিন প্ৰীক্ষা দ্বাবা নিদ্ধান্ত হইয়াছে, যে জীব জনুর দেহ পচিলে সমুদ্রের উপর ওকপ আলোক দুউ হয়। একটি মৃত স্কুদ্র শ্বেড মং-সাকে বতন্ত্ৰ পাত্ৰস্থিত সমুদ্ৰজ্ঞ বা-থিবাতে অফাবি॰ শতি ঘন্টার মধেটে উহাকে জ্যোভিদ্ময় ক্রিয়াছিল। অপর ইহাও নিশ্চয়, যে সমুদ্রমধ্যে অসংখ্য অসংখ্য জ্যোতির্দ্য় কীটাণ সকল বসতি করে: ভাহাদের দ্বারা এরূপ দুশ্যের ও উদ্ভব হইয়া থাকে। এম, ডেনজিলট এক জন প্রসিদ্ধ ফরাশীশ জ্যোতিষবেতা, টের। অফৌলিস, হইতে ১৭৭৪ খুঃ প্রত্যাগমন করিয়াছিলেন, তিনি অনেক রক্ম কীট আনয়ন

সকল কীটকে চালনা করিলে পর, উহাদিগের শরীর হইতে আলোক নির্গত হইয়া-ছিল। এবং এমু রিগড স্থিরসিদ্ধান্ত করিয়াছিলেন, যে ব্রেট এবং আন-िनम এই छूटे द्वारनत मरथा स्य সমুদ্র উপরিভাগে জ্যোতির্ময় দেখায় ভাহা কেবল একরূপ কীটাণুপুঞ্জৰারা श्हेगा थारक। खे मकल की हान গোলাকার এবং উহার ব্যাস প্রায় ही देखि। **अन्यान्य** वािकता श्रीकात करतन वरहे, स्व জ্যোতির্ময় কীটাণুদ্ধারা এরূপ হই-য়। থাকে, কিন্তু আরও বলেন যে, সকল আলোক কেবল উক্ত কারণে সমুদ্ত হওয়া সম্ভব নয়, অভএব ইহার অন্য কোন কারণ থাকিবে। তাঁহারা বিবেচনা করেন, যে কোন দ্রব্য পচিবার সময় উহা হইতে ফসফোরস সদৃশ কোন জ্যোতির্মায় দ্রবা নির্গত হইয়া থাকে, এবং উহাকে অবশ্যই একটী কারণ বলিয়া ষীকার করিতে হইবে।

অপর কতকগুলি বিজ্ঞান-বেডারা বলেন, যে সমুদ্রের মধ্যে যে সকল ভৈলবং ও চরবি সদৃশ দৃষ্ট হয়, এবং এই মত সিদ্ধান্ত নিমিত্ত তাঁহারা একরূপ মৎসোর দুষ্টান্ত দেন, যাহাতে रें जन आरह, दवर के रेंडन इहेरड অতি সুন্দর আলোক নির্গত হইয়া পাকে। এবি নোলেট নামক অপব এক ব্যক্তি অনেক পরীক্ষা করিয়া সিদ্ধান্ত করিয়াছেন যে, এরূপ ক্ষুদ্হ জন্তদিগের জনাই হইয়া থাকে। হয় তাহাদিগের শ্রীর জ্যোতির্ময়, নত্বা অন্য কোন বস্তু ভাহাদিগের শরীর হইতে নির্গত হয়, যাহা হইতে আলোকমালা বিকীণ হইয়া থাকে অনেক পরীকার পর এবি নোলেট সিদ্ধান্ত করিয়াছেন, যে কুদ্ কুদ্ জন্তুদিগের শরীর আলোকময় বলি-য়াই হউক, কিয়া তাহাদিগের শরীর হইতে একরূপ তৈলবৎ দ্ব্য নির্গত হয়, ভাহাদারাই হউক, উক্ত-রূপ ঘটনা দৃষ্ট হইয়া থাকে। কিন্তু তিনি অন্যান্য কারণ অস্বীকার क्षे मकल कावरणव মধ্যে মৎসোৱ ডিম্ব একটি প্রধান। এম ডাঙ্গিলট, যখন ভিনি মাডা-গাস্কার দ্বীপ সমীপবর্ত্তী সমুদে অর্ণ-বয়ান চালাইভেছিলেন, সেই সময়ে

প্রায় অন্ধ কোশ মৎস্যের ডিয়া ব্যাপিয়া রহিয়াছে, এবং উহার বর্ণ বালকার ন্যায় হওয়াতে, ঐ স্থানকে তাঁহার সিকভানয় চড়া বলিয়াভ্ৰম হইতে লাগিল। ঐ স্থান হী, 323 হইতে একরূপ ছুৰ্গন্ধ নিৰ্গত হইতে-ছিল। এই ঘটনার কিছু দিবস পূর্বের সমুদের সেই প্রদেশ অসা-ধারণ আলোকময় দুষ্ট হইয়াছিল। প্ররায় যখন কেপ অফ গুডহোপ অভিমুখে ক্রিভেছিলেন, ষ তা সেই সময়েও সমুদ্কে আলোকময় দুটি করিয়াছিলেন। তিনি দেখিলেন, যে ছোট ছোট নোকার হাইল হইতে একরূপ শ্বেত বর্ণের মুক্তাবং আলোক নিৰ্গত হইতেছে। ইহা দৃষ্টি ক্রিয়া তিনি জল উজ্যেলন ক্রিয়া পরীকা করিতে লাগিলেন। ঐ জলেতে ফদফোরস্বিদ্যশন ছিল। মিনিট মনে বৈ গৈ প্রক্রক পরীকা করিয়া দেখিতে পাইলেন ষে, আলপিনের মস্তক তুলা গোলা-কার করে করে আ'লোকময় দ্রব্য à সকল গোলাকার দ্ব্য কোমল এবং পাতলা বোধ হইতে লাগিল। এই ঘটনার কিছ फिरम भारते जानः था जानः था काम

কুক্ত মৎস্যেতে সমুদ্রের সেই প্রদেশ পরিপূর্ণ হইয়া গেল।

উপরোক্ত সকল ঘটনা দ্বারা স্পান্টই প্রতীত হইতেছে, যে নানা প্রকার কারণ বশতঃ সমুদ্র স্থানে স্থানে আলোকময় দৃষ্ট হইয়া থাকে। ঈশরের সৃষ্টি মধ্যে যে কত প্রকার আশ্চর্য্য আশ্চর্য্য কাণ্ড আছে তাহা গণনা করিয়া শেষ করা যায় না, এবং ঐ সকলের নিগৃঢ় তত্ত্ব অবগত হওয়া অতীব সুক্টিন। ঈশর যে যত ক্লুদু বস্তু দ্বারা অত্যাশ্চর্য্য কাণ্ড সকল সম্পাদন করিতেছেন, এই সকল যত আমরা অবগত হইতে থাকি, তত্তই আমাদিগের মন ভক্তিরসে আদু হইতে থাকে এবং তাঁহার রচণাতিমুখে ভাবিত হয়।

ক†চ। ৩১ প্রকার পর।

নিৰ্মিত হট্যা থাকে | ইহাতে সীসা

বিদ্যমান থাকাতেই অধিক দ্বণীয় ও ঘন হয়: এবং ইহার উদ্ধলতা অধিক হওয়াতে উহা দারা উত্তম উত্তম অলম্ব কাচের দ্রব্য সমুদায় নির্দ্মিত হইয়া থাকে। ইহা অভ্যন্ত কোমল বলিয়াই সহজে পরিক্ষত ও কর্ত্তন করিতে পারাযায়। সীসা যুক্ত কাচের এই দোষ যে, উহা অপ্পা-ঘাতেই চির্থাইয়া যায়, এবং উহার বৰ্ণীত্ৰই বিবৰ্ণ হইয়া বিশেষতঃ যদাপি উহাতে কারের ভাগ অধিক থাকে? সুবিখ্যাত কারের বাসায়নিক পণ্ডিত ডাক্তব ফাবাডে পরীকা দারা সিদ্ধান্ত করিয়াছেন. যে এইরূপ ইংলও দেশীয় কাচেতে दे भौमा विमामान थाका किन्छ এই রূপ কাচের গড়নে অনেক ইভর বিশেষ দুষ্ট হয় এমন কি একটা পাত্রের উপর ও নীচে অপ্প ও ঘনত| দেখা গিয়াছে। সীসার ঘনতা এই কাচের অন্যানা দ্ব্যের ভাগ অপেকা অধিক হও-য়াতে একটা পাতের সমুদায় স্থান সমান ঘন হয় না। এই নিমিত্তই ইহা চসমা দুরবীক্ষণ প্রভৃতি নির্মাণ বিষয়ে ব্যবহৃত হইতে পারে না। চদমা প্রস্তৃতির কাচ নিশ্মাণ করিতে হইলে অমিগ্রিত দ্রব্য ব্যবহার ক-রিতে হয়, এবং যাহাতে এই সকল দ্রব্য উত্তম রূপ মিগ্রিত হইয়া যায় এইরূপ করিয়া গালাইতে হয়: এই রূপ কাচের ভাগ যথা ১০০ অংশ

এবং ৩০ অংশ পরিক্ষত মুক্তার ভদ্ম। এই সকল দ্রুব্য উত্তম রূপ দ্রুবীভূত হইলে, একটা দণ্ড দ্বারা আলোড়িত করিলে ক্রমে ক্রমে শীতল হইলে পর, পাত্রটাকে ভঙ্গ করত কাচ পিণ্ড বাহির করিয়া উহাকে পাত পাত করিয়া কর্ত্তন করিলেই উক্তরূপ কাচ প্রস্তুত হইয়া থাকে।

(ক্রমশঃ প্রকাশ্য)

বৃত্তন পুস্তকের সমালোচন।

মরা এীয়ুক্ত বাবু হরিশ্চন্দ্র নিত্ৰ প্রণীত, মহাকবি সংখ্যা রামায়ণাম্মবাদের ইহা মহাকবি প্রাপ্ত হইয়াছি। বালীকি বির্চিত সংস্কৃত রামায়ণের প্রকৃত্ত অমুবাদ नदृ ; স্থানে স্থানে আপনার কবিত্তশক্তির বিলক্ষণ পরিচয় করিয়া-প্রদান কুত্তিবাস আদি রামায়ণের অংশ প্রিক্রাগ সজেক্ষপে আখ্যায়িকা করিয়াছেন, কিন্তু বাবু হরিশ্চন্দ্র মিত্র যে প্রণালী অবলম্বন করিয়াছেন, এবং প্রথম সংখ্যা দেখিয়া ষভদুর অসুমান করিতে পারা যায়, তাহাতে

সকল অংশই বিস্তারিত রূপে গ্রহণ করিবেন। পণ্ডিত কৃতিবাস বল্প-ভাষায় রামায়ণের প্রথম করিয়া সোপান নির্মাণ করিয়াছেন, বাবু হরিশচন্দ্র মিত্র সেই সোপান অবলম্বন করিয়াও প্রাচীন নিয়মা-বলীতে সুত্ত্তর রামায়ণ সাগর সম্ভ-রণে প্রব্রত হইয়াছেন। অপর গ্রন্থকর্তা অনেক অংশই আপন কবিত্ব শক্তিদ্বারা সূক্ষ্ম ও স্বার্থক বর্ণনা সম্বলিত করিয়া পাঠকরুকের মনোরঞ্জক করিয়াছেন ! দিগের গোচরার্থ দুফান্ত আমরা কয়েক পংক্তি নিয়ে উদ্ধৃত করিলাম।

মৃগয়া করিতে গেলা কোশল ঈশ্ব ॥
পশিয়া গহনে ভূপ করে দরশন।
বিচিত্র বনের শোভা নয়ন রঞ্জন ॥
কত শাল, পিয়াল, তমাল তরুবর।
সারি সারি শোভা পায় অতি উচ্চতর।
শাধায় শাধায় য়ুক্ত হয়েছে এমন।
য়ূলদেশে প্রবেশে না রবির কিরণ॥
ছায়া-সতী বসতি করিছে নিরস্তর।
কাণকাল বসিলে জুড়ায় কলেবর॥
শাখীপরেবাসাবাধি পাথীনানাজাতি।
বাস করে, জানাযায়, সরে কুলজাতি।
কোন স্থানে বিরল বন্জ তরুগণ।

মূলেতে প্রবেশে অুপুরবির কিবণ ॥ এই বামায়ণের মূলা 📈 আনা ।

"একদা বসস্ত কালে পেয়ে অবসর।

কোপা বা অযত্ত্ব-ক্ষান্ত তক্ত লভিকার
মনোহর কুঞ্জ হেরে নয়ন কুড়ায়॥
পলাশ, পাকল, বক, কক্তবক আর।
শোতে মাঝেং পরি কুসুমের হার॥
নানাজাতি বন্দর চরিতেছে বনে।
দর্শনে উপজে ভয় ভীক্তন মনে।"

ইহা দেখিয়া পাঠকগণ বিবে-

চনা করিতে পারিবেন, এরূপ বর্ণনা

কেমন সঙ্গত, সুমধুর ও ভাবপূর্ণ। বাবু হরিশচন্দ্র মিত্র আমাদের অপরিচিত নহেন। ইহাঁর বঙ্গ-ভাষায় বিলক্ষণ অনুরাগ আছে, এবং উহার উন্নতি ও সৌকর্য্যার্থে তাঁহার বিশেষ আহা ও ষত্ব দৃষ্ট इति इंडिपूर्व "जानकी 'বিধবা বঙ্গান্ধনা, 'ক্বিকলাপ', 'ক্বিভাকৌমুদী,' প্রভৃতি কয়েকথান গ্রন্থ বাঙ্গালা-ভাষায় রচনা করিয়া আপনার কবিত্ব-শক্তির ও মাতৃতাষায় বুৎপ-ত্তির সমাকু পরিচয় প্রদান করিয়া-এক্ষণে যে বিষয়ে তিনি প্রবুত্ত হইয়াছেন, ইহা অভ্যন্ত ছুকুহ ও বহু ব্যয় ও সময় সাধ্য, আমরা প্রার্থনা করি, তিনি অবলম্বিত বিষয়ে নিঝিছে কৃতকার্য্য হয়েন।



No 3.

NABA PROBUNDHA

MONTHLY MAGAZINE.

नवश्ववका।

মাসিক পত্র।

সদর্থসন্দোহ বিচারসন্ধঃ প্রশস্ত রভান্ত রুতাত্মসন্ধঃ। সমস্ত সামাজিকচিত্তবন্ধঃ পরীক্ষ্যতামের নবপ্রবন্ধঃ॥

কলিকাতা।

Printed at the Girish Vidyaratna Press, No. 58-5. Mirjapur.

🚱 নব-প্রবন্ধ কার্য্যালয়। যোড়াসীকো বলরাম দের ফুটি ১৮।২ নং ভবন।

Price 5 annas.

যুল্য ।/০ আশা।

नवश्ववका।

মাসিক পত্র।

সদর্থসন্দোহবিচারসন্ধঃ প্রশস্ত রুভাস্ত ক্রতান্ত্রসন্ধঃ। সমস্তসামাজিকচিত্তবন্ধঃ পরীক্ষ্যতা/মেষ নবপ্রবন্ধঃ॥

দ্বিতীয় ভাগ। ৩য় সংখ্যা। আধাঢ়, ১২৭৪। জ্লাই, ১৮৬৭।

মাসিক মূল্য । ।।
অগ্রিম বার্ষিক ২॥০

শশিপ্রভা।

বিভীয়াস্ক।

(কুটীরাভ্যস্তরে)

श्री के कि स्वाप्त के स्वाप्त के

প্রাস্তে বসিয়া চঞ্চদ্বারা পরস্পর নানা প্রকার আনন্দদায়ক কেলি করিতেছে। কেহ বা জনক্রীড়ায় মত হইয়া পক্ষপুট বিস্তার কর**ভ** निर्माल नमनीरत সম্ভরণ করিয়া বেড়াইতেছে। মলয়মারুত মন্দ মন্দ গতিতে সঞ্চালিত হওয়াতে मिलाल मगान ভাবে তরক্ষ-লহরী উথিত হইয়া निनी-मनदक দোলিত কবাতে বোধ হয় ষেন অমুচিতাচরণ-কারিণী অরবিন্দ অবিরত্ত মধুব্রভকে মধু করিতেছে বলিয়া, তদীয় নায়কের অস্তাচল গমন অমঙ্গল-বার্ভা দিয়া পামর মধুপকে ভাগজ্য করিতে কহিতেছে। তাই মুণালিনী অভি-মানভরে আধ আধ উর্দ্ধ দুটে

অঞ্ল দারা বদন ঝাঁপিবার চেষ্টা করিতেছিল। ভ্রমর অভিমান ভরে ছুদান্ত দন্ত প্রকাশ করত ঝঙ্কার দিয়া ফুল হইতে বহিৰ্গত হইয়া मत्नतः (थरम वनमरशा अरवन कित्न। কাননে কুর্ন্সিণী শাবক সমভি-ব্যাহারে লইয়া নৃত্য করিতে করিতে গ্রীবাভঙ্গি দারা উপত্যকান্তিত নিঝ রিণীকে দৃষ্টি করিতেছে। হরি অস্তাচলপাটে বসিতেছেন দেখিয়া হরিণচয় জলপান-লালসায় নদকলে আগমন করিতেছে। দিক্ব্যাপিত মহীধরনিচয় নীল, লোহিভ, পীত ও ধবল প্রভৃতি অপৃর্ম বর্ণ ধারণ করাতে ঋতুরাজের বিজয়-চিহ্ন প্রকাশ করিতেছে। নিকটস্থ নাগকেশর, বকুল, কাননকুঞ্জে চম্পক, অশোক প্রস্তৃতি নানা প্রকার বনজ কুসুমচয় প্রস্ফুটিত হওয়াতে সমীপস্থ পর্বাতশিখরার্ড হইয়া মত্ত মাভঙ্গ সকল চন্দন-ব্লুক্-শাখাচয় ভগ্ন করাতে কি নিরুপন সুরস সৌগন্ধে চতুর্দ্দিক আমেণিত করিতেছে। দহিয়াল প্রভৃতি গায়ক মহীরুহশাখাপ্রান্তে বিহঙ্গমপুঞ্জ বসিয়া সুমধুর ভানে মহীতলস্থ হাবভীয় জীবের মনোহরণ করি-

বিলম্ব আছে পিককুল কুছম্বরে ধরাকে প্রবোধ প্রদান করিতেছে। পথিক এমন সময় ছঃখিতান্তঃ-করণে সেই পত্রনির্দ্মিত কুটীরা-ভান্তরে বসিয়া যাবতীয় সুদুশ্য বিশ্ব-নাট্যশাল। দর্শন করিয়া কন্ত প্রকার ভাষান্দোলিত করিতেছেন। হে বিশ্ববিনোদন! ভোমার অসা-মানা সৃষ্টিতে কি চমৎকার পদার্থই दिन्ती श्रामान इंडिय़ा दि । इंडिन्द! ভোমার কি অসাধারণ প্রভাব! এই সুর্ম্য স্থানে আনীত হওনাবধি কত প্রকার নয়ন-প্রীতিকর অনভি-লমিত বস্তুর প্রাপ্তি প্রত্যাশা বল-বতী হইতেছে। একাকী এত বিপন্ন रहेग्रा अन अकृह रहेरउ हा सुन्दरी সন্দর্শনে তাঁহার মনে যে একটি ভান্তি জন্মাইয়াছিল, সেই বিষয় এক এক বার মনে২ ভর্ক করিভেছিলেন। 'ধে অনুপম রূপলাবণ্যবতী মোহিনীমূর্ত্তি ওপ্রিয়দর্শন করিয়া নয়ন সার্থক করি-য়াছি, সে কি স্বপ্ন ? না, আমিত সেই হেমাজিনী মরালগামিনী কামিনী-গণের পশ্চাদ্বর্তী হইয়া জাঁহাদের বাসস্থান পর্যান্ত দেখিয়া আসিয়াছি।

সন্ধ্যা সমাগমের এখনও

ভবে সেই সুকুমারী কামিনীদ্বয় কি क्रेन्क्कानिका ? आहा ! आगि य কিছুই বুঝিতে সমর্থ হইতেছি ন।। আমার মন কেন এত উৎক্তিত হইল? প্রাণ আর কিছুতেই ধৈর্য্য ধরিতেছে না কেন ? আহা ! আমার মানস-পটে সেই মোহিনীমূর্ত্তি এখ-নও যেন চিত্রিত রহিয়াছে। মন! সেই সুকুমারমতি বহুগুণ সম্পন্ন। श्रुमहोता मन्दर्भरत्व आभा आह रकन বলবতী করিতেছে ? যথন তাহাদের পশ্চাদ্বর্তী হইয়াছিলাম কেন তথন সেই শিবিরে আত্রয় গ্রহণ করিতে বিরত হইলে,তাহাহইলে কৌশলক্রমে কোন প্রকারে সেই অতুলনা ললনা-দেব পরিচয়ও ত পাইতান। রে হতভাগ্য মন! সুধাকরকে করদারা স্পর্শ কবিয়া পরিত্যাগ করিলে! নয়ন! আব সেই প্রিয়বস্তু দর্শনে পরিতৃপ্ত হইবে ?" ক্ষণেক উৰ্দ্ধদিকে নিরীক্ষণ করত দিবা-করকে সম্বোধন পূর্বক কহিতেছেন, "হে কমলিনীকান্ত! তুনি হর্ষোৎফল্ল-হৃদয়ে স্বীয় কান্তার সহিত অমুচিত ব্যবহার করিয়া বিয়োগ-বিধুর পাস্থকে এই বিজ্ঞান মাঝে এভ ছুঃখ দেওয়া উচিত হয় না? ইত্যাদি

প্রকার বিলাপকর নানা ব|ক্য দারা প্রশোত্তর আপনিই করিতে-ছেন. ক্ষণ পরেই আবার মনকে কহিতেছেন, মন চল সেই রূপরাশি-বিশিক্টা হরিণাক্ষী কোমলকান্তি कामिनीध्रयरक मरनत मार्थ पर्मन কবিগে। আহা! কি রূপলাবণ্য এমন ত কথন দেখি নাই! এখন কোন উপায়াবলম্বন দ্বারা সেই রমণীরত্ব দর্শনে নয়ন সার্থক করিব?" এখন কি করি ? উঃ, বসস্তু সময় কি ভয়ানক! এসময়ে বিরহবিধুর পথি-কের হৃদয় কেমন করিয়া স্থির থাকে। ঋতুরাজের প্রধানামাত্যের শরা-সন কি নিষ্ঠ্র! নয়ন-পথান্তরাল হইতে নির্দায় পীড়াদায়ক কুসুমশর নিক্ষেপ করিয়া পাস্তজনকে অনব-রত ক্লেশ দিতে কি ক্রটি করে না? সেই জন্যই বুঝি মার-নামে বিখ্যাত হইয়া ঋতুরাজের শ্রেষ্ঠ সহচর বলিয়া লোকসমাজে পরিগণিত হইয়াছেন ? আহা, নবালুরাগের কি অনিকাচনীয় প্রভাব! কামিনী-চিম্তায় নিতাম্ভ অভিভৃত হইয়া আর স্থির হইতে পারিতে-এমন সময় সলি-ছেন না। বনমধ্যে মনুষ্য-পদ-চালিভ হিত

শব্দ এবণ করিয়া নিঃশব্দে প্রভীক্ষা করিতে লাগিলেন। ক্ষণপরেই একটী সপ্তবিংশতিবয়স্কা, ঈষৎ গৌরাঙ্গী, मधामांकृष्ठि, हक्षलाकी तमनी कृतित-বহির্ভাগে ইতস্তত নিরীক্ষণ করি-তংপশ্চাতে আকাজ্জিত রমণীরত্ব-দ্বয় বিন্ময়াকুল-লোচনে চতুর্দ্দিক অবলোকন করিতেছেন। পথিক প্রীতি-বিক্ষারিত অনিমিষ লোচনে মনোহারিণীদিগকে দেখিতে লাগিলেন। আহা, বিধাতা বুঝি এই কাননবাসিনী কামিনীদয়কে সাধে নিজ্নি বসিয়া মনের ক্রিয়াছেন ! নিৰ্মাণ এইরূপ নানাপ্রকার, চিস্তা করিভেছিলেন। প্রথমা বুমণী অবিলয়েই সেই পর্ণ-কুটীরাভ্যম্ভরে অপরিচিত পথিককে সহসা দেখিয়া করুণস্বরে কহিতে লাগিল, ''আপনি কে? হইতে কি প্রকারে আমাদের বিলা-সবনে উপস্থিত হইয়াছেন ? আমরা রাজাজাত্মসারে স্বাধীনভায় এথানে নানাবিধ ক্রীড়া করিয়া আপ্রাকে দেখিয়া আমাদের মনে বড আশকা হইতেছে, অপরিচিত থাকা উচিত হয় না, সহচরীরা তীত হইয়াছেন' পথিক কুটীর

প্রান্তে যাইয়া প্রত্যুত্তরে কহিলেন "আমি বিদেশী পথিক, স্থানান্তরে গমন করিয়াছিলাম, ভ্রমে দৈবকর্ত্তক এখানে আনীত হইয়াছি, আমার আর ছুইটা বয়স্য সঙ্গী ছিলেন, তাঁহারা যে কোথায় পড়িয়াছেন বুঝিতে পারি না, আমি কোন ছলনাকারী শক্রপক্ষ নহি, এখানে আসিয়া পর্যান্ত খোর বিপদে পতিত হইয়াছি, কি করি, আপনাদের এই কুটীরটী অবলোকন করিয়া আছলা-দপুর্বাক অগত্যা নানাপ্রকার ভাবি-তেছি, ক্রমেও দিবাবসান হই-এই কথা প্রবণ করিয়া কামিনীগণ কিঞ্চিৎ উৎসুকা হইয়া, সকলেই কুটীরপ্রাম্ভ পৌরকে দণ্ডায়-মান। হইয়া পরস্পর কি বলিলেন, পথিক ভাহা এবণ করিতে সক্ষম হইলেন না, এবং ক্ষণ পরেই পথি-কের হৃদয়ানন্দদায়িনী কামিনীদ্বয় কাননস্থিত কুসুমের সৌরভ সেবন করিতে করিতে এক একবার অনি-মিষ লোচনে আগন্তুককে कतिएक नाशितन। अथमा तमनी (যিনি পথিককে সম্বোধন করিয়া-ছিলেন) উপবনস্থিত বকুল ফুল, কাটমলিকা কএকটী সংগ্ৰহ

করিয়া বেড়াইভেছিল, পরে সক-लाइ नम-नीरतत विश्वक वाशुरमवस्न চলিলেন। পথিকও ভাঁহাদের কিঞ্চিং দুরে পশ্চাৎ গমন করিভেছেন, কিয়দর গমন করিয়া যুবক কহিলেন "হে কামিনীগণ, আপনারা কোন রাজকুলপ্রস্থতা বলিয়া জ্ঞান হই-ভেছে! দেখিভেছি ভিন্টী জ্ঞীরত্ব এই নিবিড় কানন মাঝে কেন বাসস্থান স্থির করিয়াছেন, পরিচয় श्रमात्न अधीनत्क कुछार्थ कक्रन, আপনাদের দর্শনে আমার যাবভীয় ছঃখ ছুর হইল, যতক্ষণ এথায় আছেন, পীষ্ষসদৃশ বচনে আমার মানস-চকোরকে পরিতৃপ্ত করিলে ভাল হয় ना ? প্রত্যুত্রকারিণী প্রথমা রুমণী কহিল. পবিচয় দিতে আমাদের মনে কিছু ভয় কেননা আপনি বিদেশী হয়, आगता मतलक्ष्मा अवना कुनवाना, পাছে কোন বিপদ ঘটে সেই বড় সহসা পুরুষ দেখিলে আশসা! স্ত্ৰীজাতি লজ্জানুরোধে শৃঙ্খল ভঙ্গ করিতে পারে ना, আপনি যদ্যপি একান্ত উৎস্ক হইয়া ধাকেন তবে আসুন ঐ উপ-ক্লের অন্ডিদ্ধরে বুক্তলে বসিগে।

ি যুবক সাহলাদে গমন করিতে লাগি-পাঠক মহাশয়ের স্মরণ থাকিতে পারে, প্রভাত সময়ে পথিক যে কামিনীম্বয়কে দৃষ্টি করত এত উৎক্ঠিত হইয়াছিলেন, এখন সেই কানিনীদ্বয় মধ্যে কনিষ্ঠা রূপরাশি বিশিষ্টা রমণীরত, পথিকের দর্শনে কতপ্রকার ভাবিতে-मदन मदन ছিলেন, ও এক একবার প্রীতি-कनक नगरन কটাক্ষ করিতে-ছেন, মনে কত প্রকারই অসুরাগ উপস্থিত হইতেছে। শরাসন অভযু হইয়া ফুলবাণ নিক্ষেপ করাতেই ক্ষণে ক্ষণে শরীর লোমাঞ্চিত হইতে-ছিল, না হবে কেন, উভয়েই সমান ভাবে অধৈৰ্য্য হইয়াছিলেন। পাঠক উপকৃলে কামিনীগণের পরি-চয় প্রবণ করিগে।

সুধাকর করতলে।

কামিনীগণ ও আগন্তুক উপকূল
প্রান্ত ভূমিখণ্ডে দুর্ব্বাদলাসনে উপবেশন করিলেন। পথিক তাহাদের
যদিও অদুরে বসিয়াছিলেন তথাচ
তাহার মনে কোন কুত্রিম ভাব
ছিল কি না তাহা তিনিই জানেন।

এইরূপ উপবেশনান্তে সপ্তবিংশতি বিন্ট হত্য়াতে ইনি পিতৃগৃহে বর্ষ বয়স্থা কামিনী আসাম দেশের সীয়বন্ধ প্রচলিত প্রথামুসারে গ্রথিত ভাঙ্গলম্বারা আগস্তুককে সম্ভাষণ করিলেন, এবং কহিতে লাগিলেন "দোরত্ত প্রদেশে তেজপুর প্রসিদ্ধ বাজ-ধানীর র জ র্ভুধর. ভোট নাগ প্রভৃতি কএকটী পার্মভীয় অসভ্য দুর্দান্ত জাতির অভ্যাচারে বেন্ধদেশীয় বাদসাহের উপদ্ৰবে, রাজ্য ত্যাগ পূৰ্ব্বক এই স্থানে দেবারাধনার্থে আসিয়া কবিতেছেন। অজ্ঞাতরূপে বাস শক্রগণ স্বদেশে প্রত্যাগমন করিয়াছে শুনিয়া একণে রাজা শীঘ্রই রাজ-ধানীতে পুনর্গমন করিবেন এমত ৰুপানা আছে, ভূপতির এই ছুইটী মাত্র ছহিতা, আর অপর বংশধর নাই। এই যে অনন্যমনা হইয়। নদ নিরীক্ষণ করিতেছেন ইনি জ্যেষ্ঠা এর নাম "ইম্ফুপ্রভা" "কৈলাবর" নামক প্রসিদ্ধ পর্মতাধিকারি "রাজা মহীধরের" পুত কুমার বিজয়-क्मारवत थानाधिका महधर्मिनी ছিলেন, সম্প্রতি মানেদের ছারা পরাভুত হইয়া শত্রুকর্তৃক সবংশে

পুনরপিতা হইয়াছেন। ভাইতে वितामिनी मर्समा मत्नाष्ट्रः कान-ষাপন করিতেছেন। এবং এই ষে स्रुताहना हत्स्यूथी नवरयोवनमण्यम ভাবিনী, ইহাঁর নাম ''মেঘমালা" মহারাজের অতি স্লেহের পাতী কনিষ্ঠা কন্যা বলিয়াই আদর করিয়া '' শশিপ্রভা '' সম্বোধন থাকেন। এবং লোকেও ''শশি-প্রভা" বিখ্যাত। এখন ইনি অবিবাহিতাবস্থায় কাল্যাপন করি-মহারাজ রাজধানীতে তেছেন, প্রজ্ঞাগমন করিয়াই এই যোড়শীর বিবাহোদুযোগ করিবেন, অধীনীর নাম "হোমভরী" দৈশব কালে পিতৃহীন হওয়াতে জননী "শিব-সাগরান্তর্গত" "রাজমায়া" নামক বিখ্যাত স্থান হইতে আসিয়া রাজা রত্তধরকে উপঢৌকন স্বরূপ আমাকে প্রদান করেন, তদ-বধি আমি রাজাকে পিতা জ্ঞান-করত প্রতিপালিত হইয়া এভাবৎ কাল তাঁহার আশ্রয়ে এই রাজ-कुमातीटमत महहती विनयां है कान-যাপন করিতেছি। ইহাদেরও অভেদ্য স্নেহে অনুগৃহীত হইয়াছি,

রাজা আমার বিবাহ দিতে চেটা করিয়াছিলেন, বলিতে কি, আমার সে বিষয়ে প্রয়াস নাই. তবে नानाविश आंत्राम श्रामादम कान কাটাই "। এখন মেঘমালার মনো-মত প্রাণেশ্র হইলেই আমাদের যার পর নাই আছলাদ হয়। আপুনি কি কোন কামিনীর পাণি-গ্রহণ করিয়াছেন, আপনার সুদৃশ্য মনোহর মূর্ত্তি দেখিয়া আমরা বিন্মিত হইয়াছি। হোমভরী যথন এই সকল ব্ৰন্তান্ত কহিতেছিল- মেঘ-মালা এতাবৎ কাল এক শুনিতেছিলেন, বিবাহের কথা হইলে তিনি সভাব কর্ত্তক প্রোৎসাহিত হইলেন, নদের তরঙ্গের ন্যায় মন অস্থির হইতে লাগিল, সমী-রণ সেবন যেন অগ্নি ক্লিচ্ছের ন্যায় ভাঁহাকে দহন করিতেছে এমনি অসহ হইয়া উঠিল। নদের প্রশস্ত বালুকাময় প্রলাকার স্থান ষেমন আতপতাপে তাপিত হই-বায় ক্লেশদায়ক হয় তাহার মনও তদ্রপ হইয়াছিল। গগণ প্রদেশের নির্মালতা ও পশ্চিমদিকের নয়ন-প্রীতিকর শোভা দুটে তাঁহার প্রকার ভার উপিত

হইতেছিল। উঃ সথি হোমতরী
এই জ্বালা রুদ্ধি করিল, এই রতিপতি
সদৃশ পাস্থকে দেখিয়া অবধি
আমার মন কেন এত বিচলিত
হইতে লাগিল। কিছুই যে ভাল
লাগে না, কেবল ঐ মুখচন্দ্রাবলোকন করিলে মনঃ শাস্ত হয়।

যথন অদর্শন রূপ-ভিমিরাছ্ম হইবে, বোগ হয় তথন আর বাঁচিব না। যাহা হউক প্রিয় বস্তু যতক্ষণ নিরীক্ষণ করা যায় ততক্ষণই ভাল। মেঘমালা অপরিক্ট বচনে এইমাত কহিয়া নিস্তব্ধ হইলেন, সুন্দরী সম্বোধনে পথিক কহিতে-ছেন, "আহা কি চমৎকার নাম क्षालिन खायन कतिलाम প্রভা" যথার্থই যেন নামের পরি-চয় প্রদান করিতেছেন। ভূপতি কি সারগ্রাহী, মেঘমালাকে শশিপ্রভা বলিয়া ডাকাতে ষথার্থই গুণের গৌরব রুদ্ধি করিয়াছেন, আদ্যো-পান্ত প্রবণ করিয়া আমার যাবভীয় ष्ट्रःथ भाष्ट्रम इहेन, दलिए कि, আমি এই ভীষণ নিবিড় বন্যাঝে যেন আমার সহস্র রত্ব লাভ হইল। के एवं कमलिनी-कांस जालनाटमत পরিচয় এবণাস্তে ষেন মদীয় ছঃখা- নলোত্তপ্ত কলেবর শীতল করিবার নিমিত্ত উদ্ধি করে চর্ম সাগরে নিমগ্ন হইতেছেন। विष्यां विध्ता कूमम वधृत वितर শান্তি করিবার জন্য আন্তেব্যস্তে প্রবাচলের শিথরার্চ নীল বৰ্ণ চন্দ্ৰাতপ সদুশ নভো-হীরক নক্ষত্তকপ শোভিড হইল। আহা প্রকৃতির माधुर्या ७ भोन्मर्या प्रियोत निमिछ কৌতুকাক্রান্ত অন্তঃকরণ না হইয়া স্থ্রির থাকিতে পারে। যুবক পুনর্বার ভাবিতে লাগিলেন, " আহা এতাদুশ রূপ লাবণ্য এরপ মনোহর ভাবভঙ্গী ও এমন হাস্য মাধুরী আর কাহার আছে ? ষত বার দেখিতেছি তত বারই অভিনব বলিয়া বোধ হইতেছে, এই বলিয়া হৃদয়ের প্রতি কহি-''হ্ৰদয় আশাসিত হও, আর ব্যাকুল হইও না "। এই বলিয়া আবার যখন পথিক ভাঁহাদিগকে একভানমনে দেখিতে-

তথন ভাহারা ই্তস্ততঃ সমাগমের রমণীয় শোভা করিভেছিলেন, এমন সময় ভাঁহাদের পশ্চাদ্দিকে,

গলার স্বর, যেন কেহ গীত গাইতে গাইতে আসিতেছে, এমত অস্পাই বোধ হইল, পথিক কিছু সঙ্কৃচিত হইলেন, হোমতরী জিজ্ঞাসা করিল কেও"।

প্রত্যত্তরে কহিল আমি "লেইঙ্"

হোমতরী কহিল কেন। (নিকটস্থ হইয়া) লেইঙ কহিল, ''এখন হাওয়া था छत्र। इत्र नाहे, हल, तानी त्मव-মঠে ভোমাদের জন্য প্রভীক্ষা করিতেছেন "। এই লেইঙ নিক-হইয়া পথিককে দেখিয়া সম্ভূমে নমস্কার করিল, তিনিও নমস্কার প্রভার্পণ করিলেন। লেইঙ রাজা রত্বধরের ক্রয় করা দাস, বয়স প্রায় চল্লিশ, ঈষৎ দীর্ঘাকার শরীরে মাংস অধিক না থাকাতে অভ্যন্ত ক্লিষ্ট, ও যেমন অটালিকোপরি অশ্বত্প কৃষ্ণ হইলে প্রাচীরে ষেরূপ মুল সকল দুশ্য হয় তেমনি ইহার শ্রীরস্থ শিরা সকল দেখা যাইতে

श्रमिन

কের 🛊 ১, • কর্বে পাথরের গছনা বিশেষঃ আনা

মের কি কটীকি পুরুষ সকলে ব্যবহার করে

পাণ্ডাদের দাঁতের

दनिदन वना यांग्र,

ছোট ছোট

नमा, कारन

ক্রগন্নাথের

गांथांग्र छ्ल

বাদা চিংডির মন্ত

দেশের রীতি অসুযায়ী কটিতে এক থানি "খম্টী দা " বা লিতেছিল, স্কন্ধে এক ছোট পুটুক† ভাহাতে পান কাঁচা সুপারি ইত্যাদি ছিল, আকভীতে গঙ্গার ঘাটের উড়ে ष्याप्रेन जाकात्मत्वत मछ। मत्या मत्या গান গাইতেছিল, ভাহা বুঝে ওঠা ভার। পুনর্কার কহিল, চলন। বিলয় কেন" তথন না গেলেও নয়, অথচ কেমন করিয়াই বা যেতে পারি " এই উভয় সন্ধট উপস্থিত হোমতরী কহিল '' আগ-স্তুক আপনি এখানে ক্ষণেক বিলয় করুন, আমরা শীঘ্র প্রত্যাগমন করিব, "অনুমতি হয় ত আসি" যুব। কহিলেন, দুভ আসিয়াছে, বলিব কি, আমি এই উপকলেই থাকি! নিরাশ্রয়কে আগ্রয় দানে বাধিত করিতে হইবে। অভঃপর সুন্দরীরা দাস সমজিব্যাহারে গমন করিলেন।

হর্ষে বিষাদ।

ইন্দুপ্রভা, মেঘমালা, হোমতরী, প্রিককে একাকী রাখিয়া দৃত সম-ভিব্যাহারে চলিলেন, প্রথিমধ্যে

় কাচের নাখে পাথার কর্ণাছনা।

আগস্ক সম্বন্ধে কোন প্রকার হইতেছিল কি না, কথে পিকথন ভাহা বলা বাছলা, পাঠক আপনিই অন্তভব করিতে পারিবেন। পান্থ সুচারু সুধাকরের সুদৃশাচ্ছবি (पिशा तमगी तज्रापत श्वा ञाव ও অন্নোষ্ঠিব ভাবিতে লাগিলেন, আহা, "ইন্দুর্গ্রভার কি অলৌকিক রপলাবণ্য, মুথথানি যেন চল চল করিতেছে। আল্লায়িত কেশ-ভার বিনা বেণীতে কবরী বদ্ধ হওয়ায় কপোল দেশে ছুই একগাছি বিচ্ছিন্ন হইয়া পড়িয়াছে, ভাতে আবার মন্দ২ মলয় বায়ুদ্বারা চালিত হইতেছিল এতেই কত শোভা। লোচন যুগল পটোলের ন্যায় আকর্ণ পর্যান্ত বিস্তৃত হইয়াছিল বলিয়াই যেন শ্রবণদ্য় ভাহাদের গতি রোধ করিতেছে ভাই বুঝি ক্রোধভরে রক্তবর্ণ হইয়া চঞ্চলা স্বরূপ ইতস্তত ধাবমান হইতেছিল, নাসিকার কি উত্তম গঠন थगठक दनिदन छ অত্যুক্তি হয় না। বক্ষঃস্থিত কুচদ্বয় বিশ্বাগিরির ন্যায় উন্নতশিল, বাড়িলে পড়িতে হয় এজন্যই বুঝি নত-শিরে অধোমুখ হইয়াছে। আহা! এই সৌক্মার্য্য সময়ে প্রভিনীনা হত্ত-

शाल, जुःरथ क्रम्य विमीर्ग इटेल्ड्र হে জগদীশ্বর এই অশেষ রূপ গুণ সম্পন্ন কামিনীকে অনাথা করিয়া এত ছঃখ দিতে কি জন্য বিরত হই-আহা!কি নয়ন লে না.....। প্রীতিকর রূপমাধুর্য্য, দেখিয়। শিরীষ কুসুম লজ্জায় বনে বাস করিয়াছে। নেথলায় ওরিয়া (রেশমীয় বস্ত্র) পরিধান, ভাতেই যেন নবমালিকার ন্যায় জী ধারণ করিয়াছেন, যতকণ আমার সমীপস্থা ছিলেন, একটি কথাও কহিতে শ্রবণ করি নাই। बाहाइडेक, त्महाी क्रेय भीषीकात ৰটে, কিন্তু অঙ্গদোষ্ঠবে কুংসিতা দেখা যায় নাই, আমার নয়ন অনবরতই সেই সুলোচনা সুকু-মারুমতি কামিনী প্রধানাকে নিরী-ক্ষণ করিতে ইচ্ছা করিতেছে, আবার মেখমালা যে ভলীতে বসি-মাছিলেন তাঁহার মুখঞী কোকনদ অপেক্ষাও মনোহর, আহা কি নয়ন-युनन, रेम्ब्रुअञ। १रेट उक्ति उ প্রতিকর, বঙ্গান্ধনার ন্যায় অবকা जिनका विभिन्ने नना विधानमा नरह, কিম্বা কোন বেশ-বিন্যাসও নাই, কেশ্রাশি একত্র সমবেত ক্বন্নীৰন্ধ বিনাইয়া বেণী বান্ধা

নহে, খাঁড়ি মুসুরির দাল উত্তম ধোওয়া মলমলে বাঁধিলে যেরপা সুন্দর আভা প্রকাশিত হয়, মেঘ-মালার বর্ণ সেইরূপ অর্থাৎ ছুধে আলতা। যনোৱম বক্ষঃস্থলে সুদৃশ্য কুচগিরি দেখিয়া যেন পর্বতেচয় আপন হৃদয়ে ও শিরে मही क़र्शन क स्वान किया महना प्रतिकृत्य नियुक्त मार्वानत्न मक्ष रहेया थात्क. এবং নিয়ত নিঝ বিণীদারা অশ্রুপাত করিয়া পাকে। আহা! জীবিতে-খ্রী ললনার তুলনা আর কি আছে? "ভাদ্র মাসের ভরা নদী" বলি-লেও অত্যক্তি হয় না। "শক্ত ফিরে এমন রূপ ত আমি কথন **(मिथि नाउँ, विधान)** कि निर्द्धान বসিয়া সৃষ্টি করিয়াছেন। আগ-স্তুকের মনে কত প্রকার ভাব উদ্দীপন **रहेटा इन, कुमूनवन्त्र** श्रीय कांस्रात প্রতি অসাধারণ প্রীতি প্রকাশ পূর্মক আকাশাসনে উপবেশন করি-নক্তমালা সমুজ্জুল ভা-ভিত্তে প্রকাশ পাইভেছিল। পথিক ক্ষণেক অধোমুখে দীর্ঘনিশ্বাস ত্যাগ পূর্বক সেই হৃদয় বিলাসিনী রাজ-कुमान्नीत अकलक मूथमंगी जादिएउ२

भंदीरत स्थम मिलल जूसोरतत नाम्य অনুগল নিৰ্গত হইতেছিল। যে স্নিঞ্চকর বায়ু তাঁহার কোন উপ-কার করিতে পারে নাই। বুক্ষ শাখায় বসিয়া কোকিল কুল কুছ স্বরে তাঁহাকে আবো আকুলিত করিভেছিল। যামিনী আগতা দে-থিয়া তিনি এখন কি করিবেন তাই ভাবিতে ছিলেন, মনে২ কবিতে ছিলেন যে আর কি সেই সুন্দরী দর্শনে দর্শনেন্দ্রিয় সার্থক করিতে সমর্থ হইবেন। এমন সময় নিশা-মুগচয় কুশবন মধ্যস্থিত শিংশপা বুক্ষতলে সমবেত হইয়া উচ্চিঃসরে রব করাতে বন ও উপকল ভয়ানক প্রতিধানিত হইয়া উঠিল, কৌষিক-কুল শাল্যলিবক্ষশাখায় বসিয়া চিৎ-চন্দ্ৰ-কাস্তাকে কার করিতেছে। অলৌকিক শোভাতে শোভিত দে-থিয়া চন্দ্রন শারিকা প্রস্পর আমো-দিত হইয়া চক্রনণ্ডল দর্শনে চরি-তার্থ হইতেছিল। চক্র কিরণে নদের বালকাময় স্থান কি লোচনলোভ-নীয় দৃশ্য হইয়াছিল, আহা, পর-মেশ্বের কি সৃষ্টি কৌশল, আগন্তুক নদ ভটের চতুর্দ্দিক অবলোকন পূর্বাক নয়ন সার্থক করিভেছেন, এমন সময়

কে যেন ভাহার নিকটে আসিভেছে, বোধ হয় স্ত্রী লোক ভবে কি সেই হোমভরী ? বিলাসিনীদের অদ-র্শনে পথিকের হর্ষে বিষাদ উপস্থিভ গুইয়াছিল, এক্ষনে কামিনীদের দর্শ-নাশা বলবভী হইল।

ক্রমশঃ প্রকাশ্য।

সোমের প্রতি তারা।

আগে যদি জানিতাম ওহে প্রাণবঁধু। क्ल इन्हीवरत जूमि श्रीन कत मध्॥ আগেযদি জানিতাম হে রুসনিধান। প্রেমরুসে কামিনীর যুড়াও হে প্রাণ॥ আগে যদি জানিতাম তুমি গুণাকর। রোহিণীর প্রিয়ত্য প্রাণের ঈশ্বর॥ ভাহলে ভোমার প্রেমে তবচিরদাসী। কি হেতু মজিবে বল ওহে গুণরাশি॥ কিন্তু এক কথা বলি শুন রসময়। ভূলিবে আমার মন অসম্ভব নয়॥ পৃথিবী মণ্ডলে আছে যন্ত রূপবান। তুমি সথা সকলের পরাভব স্থান ॥ জগত **পী**তল করে তব স্নিঞ্চ করে। মধর লাবণা তব মুনি মন হরে॥ একমাত্র সথা তুমি জগত রঞ্জন। সাধে কি ভোমারপ্রেমে মজায়েছিমন। যখন পড়িতে পাঠ বসিয়ে বিজ্ञনে।

শুনিভাম স্থাআমি বসিয়েগোপনে ॥

1

তব শ্রীমুখের বাণী অমৃত সমান। প্রবণ্-বিবরে পশি জুড়াইত প্রাণ॥ কভু ছল করি সথা নিকটে আসিয়ে। কহিতে কতেক কথা হাসিয়ে হাসিয়ে॥ সে সময় মনে মনে হইত আমার। স্বরম সম্পদ তুচ্ছ নিকটে ভাহার॥ সেই সব ভাব নব ভাবেতে এখন। পরিণত হয়ে মন দহিছে জীবন॥ মক্তিয়ে ভোমার প্রেমে ওহে গুণাধার। করিয়াছি প্রাণেশের প্রেম পরিহার। এমনি ভোষার প্রেমে মজিয়াছে মন। ব্ৰজরাজ প্রতি ষেন ব্রজবণগণ। যথন লইতে পাঠ গুরুর সদনে। শুনিভাম এক মনে দাঁডায়ে গোপনে ৷ नश्रत नश्रत यँ प्रहेरल मिलन। অম্বি জীবন মন করিতে হরণ॥ ভাসাইয়ে রোহিণীরে যাতনাসাগরে। काँनाइत्य कुमूमीत सूथ मत्तावत ॥ ষামিনীতে যামিনীরে ত্যাজ রসময়। আমার ক্রদয়াকাশে হইতে উদয়॥ মমপ্রতি অনুক্ল ছিলে হে তথন। ভাগ্যদোষে প্রতিক্ল হয়েছ এখন। কিন্দুস্থাপোড়া ঘরে আর না রহিব। নগরের খরে খরে সতত ভ্রমিব॥ কৃহিব সবার কাছে ওহে প্রাণধন। কামিনীর প্রাণহর রজনী রমণ। নগর হইতে আমি বনে প্রবেশিয়ে।

অমুরাগে বুক্ষছালে রাখিব লিখিয়ে। সকলই অনায়াসে করিবে পঠন। কামিনীর প্রাণহর রজনী রমণ॥ 'এইভাবে গান এক রচনা করিয়ে। বিদ্যাধরীগণে আমি দিব শিখাইয়ে। সুরপুরে তাহার। গাইবে অনুক্ষণ। কামিনীর প্রাণহর রজনী রুমণ॥ কন হতে শারিশুকে ধরিয়ে আনিয়ে। শিখাইব ওই গান যতন কবিয়ে॥ উত্তন গাইতে তারা পারিবে যথন। গ্ৰহে যেতে অমুমতি দিব হে তথন ॥ লোকালয়ে গিয়ে তার। গায়ক মতন। অমুরাগে এই গান গাবে অনুক্রণ। কামিনীর প্রাণ হর রজনী রুমণ॥ অধিক লিখিতে সথা আরু নাহি পারি। নিয়ত দিতেছে বাধা নয়নের বারি॥

প্রাপ্ত।

আসামের উপাধ্যান।

ভন্ধশ টরাস যথায় ভীষণ বেশ পারণ করিয়া বিরাজিভ, পভনোমুথ শিলা

খণ্ড বেগবান নিঝরি সমূহ, এবং দূরস্থিত পর্যাটক বর্গের ভয়া-তিরেক কারী আর আর নৈসর্গিক ব্যাপার যেখানে নিরম্ভর ঘটতেছে, সেই ভীষণ ভূধরের শীতল হৃদয় দেশে নর-সংসর্গ-বিরহিভ, মানব-मधनीत आठात वावशात विषयी আসাম নামক জ্বনৈক নর-নিন্তুক বাস করিতেন।

আসাম ষৌবনকাল মানবগণের

সহবাসে অভিবাহিত করিয়াছিলেন, তথন তাহাদের আমোদ প্রমোদে তাঁহার কিছু মাত্র অন্মুরাগ ছিল না। কিকপে সহবাসী ও শরণাপন ব্যক্তিদিগের প্রতি সদয় ব্যবহার করিতে হয় তাহাতে তিনি শিক্ষিত হইয়াছিলেন। কিন্তু হৃদয়ের কো-মলতা জনিত অসমগ্র-দর্শিতা নিব-শ্বন, অপ্প কালের মধ্যেই ছঃখি-দিগের ছঃখ গোচন করিতে করিতে সমুদ্য সম্পত্তি ব্যয় করিয়া কেলি-লেন ৷ যাচকেরা কথন ও ভাঁহার নিকট হইতে ভগ্নমনোর্থ হইয় প্রত্যাবর্ত্তন করিত না। শ্ৰেষ পথিকগণ এমাপনোদন না করিয়া ভাঁহার দারের নিকটস্থ পথ অভিক্রম করিভে পারিভ না। যে পর্যান্ত এক কালে শক্তি শূন্য না হইয়াছিলেন সে পর্য্যন্ত তিনি কাহার উপকার অথবা ছুঃখ মোচন করিতে বিরত হন নাই।

আসুকলো ছर्फमा इहेट मुक्त इहे-য়াছে এখন সাহায্যের নিমিত্ত আবেদন করিলে অবশ্যই ভাষারা করণরস পরবশ হইয়া ভদীয় অনা-টন নিবারণ করিতে বদ্ধপরিকর হইবে। কিন্তু কুতন্ন মানব মণ্ডলী ভাঁহার ছুঃখ মোচন করা দুরে থা-কুক, বরং প্রার্থনা প্রবণে নিতান্ত রুষ্ট হইয়া উচিল। সংসারের এই-কপ ভাব গভি দর্শন করিয়া তিনি একবারে বিন্ম্যাপন হউলেন, পুরের মানবগণের যেরূপ পক্ষপাতী ছিলেন একণে ভদসূরূপ বিদেষী হইয়া উঠি-ভাহাদিগের অদৃষ্টপূর্ম অগণিত দোষ, এখন তাঁহার দৃষ্টি-পথে পতিত হইতে লাগিল। দিকে নয়ন প্রত্যাবর্ত্তন করেন সেই দিকেই অকুভক্ততা প্রতারণা এবং বিশাস ঘাতকভার অসখ্যা দুটান্ত দেখিতে পান। মানবগণের প্রতি যে ঘণার উদ্রেক হইয়াছিল বছ দর্শন দ্বারা তাহা ক্রমেই বদ্ধিত इडेट७ लोशिन। अयरमंख मनुसा বর্ণের সহবাসও ভাঁহার পক্ষে ছর্ঝি-यह इहेग्रा डिहिन, निक्क न व्यक्तरभ সর্বস্বাস্ত করিয়া ভিনি বাস করিবার স্পৃহা অনিবার্য্য হও-

ভাবিলেন, যাহারা পূর্বে ভাঁহার

য়াতে তিনি লোকালয় পরিত্যাগ করিয়া এই ভয়ানক স্থানে আসিয়া অধিবাস করিতে লাগিলেন। বিরুদ্ধ বায়ু হইতে আয়ারক্ষা করিবার নিশ্যিত তিনি একটি গহ্মর সমাশ্রেয় করিতেন; আয়ান লক্ষ শৈল-সাম্ম স্থাভ রক্ষের ফলই তাঁহার আহার্য্য ছিল। বছ বিপদাকীর্ণ প্রস্তবণ হউতে পানীয় সমাহত হউত। এই কপ লোক সমাজ পরিত্যাগ করিয়া তিনি চিন্তায়, (কখন কখন সহবাসীদিগের মুখাপেক্ষী না হইয়া জীবিকা অর্জন করিতেছেন এইরপ আয়ে গৌরব সহক্ত চিত্তপ্রসাদে) সময় বাপন করিতে লাগিলেন।

টরাসের পাদ দেশে একটি মুকু-রবৎ নির্মাল জলাশয় ছিল, তমধ্যে সম্মুখন্তিত পর্বত শ্রেণীর প্রতিবিষ্ণ প্রতিকলিত থাকিত। এই ব্রুদের তীরে আসিয়া আসাম প্রায়ই তাহার শোভা অবলোকন করিয়া দর্শন-স্থুখ অমুভব করিতেন। এবং নিভান্ত প্রতিভিত্ত কেমন মনোহারিণী ও উংসব প্রদায়িনী, নিম্ন দেশস্থ সমজুমি ও জীমূতভেদী শিখরেতে কত দুর বৈসাদৃশ্য। ইহারা বেরূপ

আবশ্যকীয়, তুলনা করিলে ইহাদের সৌন্দর্যানিভান্ত অপ্প, এই পর্বত নিঃসৃত গিরি নদী সন্নিহিত জনস্থান সমূহ ফদলে পরিপূর্ণ করিতেছে। বিশ্বের সমুদয় ভাগই মনোরম সভ্যময় এবং অনন্ত জ্ঞানের কার্যা। কিন্তু মনুষ্য-পাপ নিরত মনুষ্যই কেবল শ্বভাবের কলঙ্ক শ্বরূপ, এবং সৃষ্টির মধ্যে স্বার্থ-প্রায়ণ। ঝড এবং উপকারী, কিন্তু বায়বাবর্ত্ত मनुषार পৃথিবীর সৌন্দ-র্য্যের খুঁত বলিতে হইবে। নরজাতি প্রমেশ্বরের নিয়ম লজ্মন কারক, আমি কেন সেই হেয় জন্ম পরিগ্রহ করিয়াছি। পাপ-বিনিৰ্ম্মক্ত যদি মানবগণ হইভ, তাহা হইলে প্রকৃতি শৃষ্টা-বদ্ধ ও সুখযুক্ত হইতে পারিত। বিবেকের আদেশাসুসারে করিলে সাধু প্রাবৃত্তি সমুদয়ের অভ্যু-मग्र इग्र। इं अप्रामी अत्! किन खर्व আমি চিরকাল অন্ধকার সংশয় ও হতাশের বশবর্তী থাকিব। এই কথা বলিয়া উদ্বেগ শান্তি করিবার करल জीवन विशक्त আপয়ে যাইভেছিলেন। এমন সময়ে এক ভেজস্বী মহাপুরুষ যেন

ভড়াগের উপর জ্বন্য করিতে করিতে
তীর ভাগের অভিমুখে অগ্রসর
হইতেছেন, তাঁহার এরপ প্রভিবোধ
হইতে লাগিল। দিব্য গুণোপেত ও
গল্পীর ভাবাপন মহাপুরুষকে দর্শন
করিয়া আসাম নিতান্ত ব্যাকুল
হইলেন, এবং নিমেষশূন্য লোচনে
দণ্ডায়মান হইয়া রহিলেন।

মহাপুরুষ কহিলেন "হে বৎস! অসমীক্ষ্যকারিতা প্রণো-এরূপ দিত অধ্যবসায় হইতে বির্ত হও। ভক্তবৎসল প্রমেশ্ব ভোমার ন্যায়পর্তা দ্যাশীলতা এবং দৈন্য দশা দেখিয়া ভোমাকে প্রবোধ দিবার নিমিত্ত আগাকে অসংশয়িত প্রেরণ করিয়াছেন। চিত্তে আমার অনুসরণে প্রবৃত হও কোন ভয় করিও না। নির্মাল-क्रमग्र वाक्तिवर्ग रेमव-प्रकिशीक বশতঃ বিপথগামী হইলে ভাঁহাদি-গকে প্রত্যাবর্ত্তন করিয়া সৎপথে আন্য়ন করিবার নিমিত্ত জগদীশ্বর আমাকে নিযুক্ত করিয়াছেন, আমার নাম প্রবোধ। অনস্তর অনতিবিলয়ে 🚉 দের আসাম উপর অবতীর্ হইলেন; তথ্ন সেই মহাপুরুষ ভাঁহাকে জলের

উপরিভাগ দিয়া লইয়া চলিলেন। হ্রদের মধ্য হলে উপস্থিত হইবা-মাত্র তাঁহারা উভয়ে মগ্ন হইতে লাগিলেন; সলিলে মস্তক আর্ভ হটল। আসাম জীবনাশায় বিস-क्ति पिट्यन अगन मगरत प्रिश्च-লেন জলের তলস্থিত অন্য এক পৃথিবীতে আসিয়া উপস্থিত হই-য়াছেন। এই পৃথিবী পূর্বে কথন ও নর পদ প্রহত হয় নাই। যথন তিনি দেখিলেন, আসন্নত্যক্ত ভূব-নের নাায় তথায়ও সূর্যা আছে উপরিভাগে আকাশ ও পাদদেশে দুর্ম্বাদল রহিয়াছে তথ্ন জাঁহার বিন্ময়ের ইয়তা রহিল না। প্রবোধ বলিলেন "তোমার বিন্ম-য়ের কারণ আমার সমাক হৃদয়ঙ্গম হইয়াছে কিন্তু কণকাল অপেকা কর। তোমার যে সকল সন্দেহ জিলায়াছে ধর্মা-প্রবর্ত্তক মহম্মদের মন্ত এইরূপ সংশ্যাকুল হইলে তাঁহার ইচ্ছানুসারে এই ভূবন নির্দ্মিত হইয়াছিল। এখানকার প্রাজ্ঞ নমুষ্য বর্গ তোমার অভিমতা-মুষায়ী পুণ্যাত্মা, ইহারা ভ্রম ক্রমেও কথন পাপপথে পাদ বিক্ষেপ করে ন। পৃথিবীর সহিত এস্থানের

আর আর বিষয়ে সাদৃশ্য আছে, অধিবাসীগণ এখানকার ক্ষিন কালেও অসন্মার্গে ধাবিত হইবার নহে। যে স্থান তুমি অপপ কাল হইল পরিত্যাগ করিয়াছ যদি এই স্থান ভোষার অপেক্ষাকৃত যনঃ-পুত হয়, তাহা হটলে অবশিষ্ট জীবন এই ভুবনে যাপন করিতে পারিবে। কিন্তু ভোমার যে যে मत्निष्ट আছে उरममुनीय उक्षन এবং অত্রস্ত অধিবাসীদিগের সহিত পরিচয় করিয়া দিবার নিমিত্ত. আমাকে কএক দিন ভোমার সঙ্গে সঙ্গে থাকিতে হইবে।

আসাম আহলাদে উন্মন্ত প্রায় হইয়া বলিলেন, "কি? পাপ শূন্য পূপিবী! অসদাচরণ শূন্য নানব"? পূ আমার প্রার্থণা গ্রাহক প্রমেশ্বরকে শভ শভ ধন্যবাদ এইরপ স্থানই স্থথ শান্তির ধরিত্রী; অকুতজ্ঞতা প্রতারণা অত্যাচার ইত্যাদি বিমুখ ব্যক্তি বর্ণের সংসর্গে বাস করিতে পাইলে অমরতাও স্পৃহণীয় হইয়া উঠে ও প্রেয়ন্তর বোধ হয়। দেবাত্রা উত্তর করিলেন "ক্ষান্ত হও এখন আনন্দ প্রকাশ করিবার সময়

নয়। তোমার চতুর্দ্ধিকে অবলো-

কন কর, আমাদের সমক্ষে যাহ।
উপস্থিত হয় তদ্বিষয় ভাল রূপে
বিবেচন। করিয়া দেখ, দেখিয়া
সেই সকল বিষয় আমার নিকটে
বলিতে সঙ্কোচ করিও না। এখন
যে দিকে ইচ্ছা গমন কর আমি
তোমার পথ প্রদর্শক রহিলাম।"
আসাম সম্পূর্ণরূপে বিস্ময়াভি-

ভত হইয়াছিলেন, সুত্রাং কতক্ষণ

ইতন্ততঃ নিঃশদে পরিক্রমণ করিলেন।
অবশেষে কিঞ্চিৎ প্রকৃতিস্থ হইয়া
বলিতে লাগিলেন। "উর্ক্বতন পৃথিবীর ন্যায় এথানেও হিংস্ত্র জন্তু
এবং তাহাদিগের ভক্ষণোপযোগী
আরং জন্তু দেখিতেছি। যদি আদি
আর্যান্তম মহম্মদকে পরামর্শ দিতে
আদিই হইতাম তাহা হইলে এখানে
হিংস্ত্র জন্তুর সমাবেশ কোন ক্রমেই
হইতে পারিত না।" প্রবোধ ম্মিতবদনে বলিলেন, "নিকৃষ্ট জন্তুর
প্রতি তোমার অপর্যাপ্ত সদয় তাব
দেখিতেছি। জন্তুদিগের সম্বন্ধে
উত্য পৃথিবীই একরপ। সমতার

একটি সহজ বোধ্য কারণও আছে, মাৎসাশী পশু সমূহ তৃণাহারী সত্ত্

সকল নিপাত করাতে তাহাদিগের

রদ্ধির কোন প্রতিবন্ধকতা দেখা

যায় না। বস্তুতঃ নিকৃত পশুদিণের উপচয় সর্মত্র লক্ষিত হয়। যাহা হউক. চল এখন নগরে যাই, নাগ-রিকগণের অবস্থা এবং ভাব চরিত্র দর্শন করিলে বহুতর শিক্ষা লাভের সম্ভাবন।"

ভাঁহারা সত্তর অটবী অভিক্রম করিয়া নিষ্পাপ ব্যক্তিবর্গের আবাস নগরের অভিমুখে অগ্রসর হইতে निर्द्धारी मिरगत मर-লাগিলেন। সর্গে কিরূপ আমোদ হইবে আসাম পূর্বেই তাহার আভাস পাইলেন, বনসীমা উল্লব্জ্যন করিবা মাত্রই দেখি-লেন, এক ব্যক্তি বন্য বিড়াল্যপ দারা অনুসূত হইয়া পলাইতেছে। ভয়ের সমুদ্য লক্ষণ ভাহার বদন মণ্ডলে দেদীপামান। আসাম এতদৰ্শনে বিন্ময় বিষূঢ় হইয়া বলিলেন 'একি! এরপ দুর্বল অগণ্য পশুদল ইহার কি করিতে পারে। পলায়ন করে কেন ? এই কথা শেষ না হইতে হইতে দেখিলেন, আর এক ব্যক্তি ছুইটী কুকুরের আক্রমণে নিতান্ত ভীত হইয়া শর-বেগে পলায়ন করি-ভেছে। আসাম পথ প্রদর্শক দেব-যোনির দিকে মুখ বিবর্তন করিয়া কহিলেন, "এইরূপ ব্যাপার নিশ্চয়ই

বিনায় জনক। এরূপ হইবার কারণ কি? কিছুই স্থির করিছে পারি-প্রবোধ বলিলেন. তেছি না। "প্রথমতঃ এই নগরের অধিবাদিগণ পশু বধ করা অন্যায্য ভাবিয়া আপ্নাদিগের ভাষী রক্ষার কোন উপায় করিয়া রাথে নাই। এখন পশু সংখ্যা উত্তরোত্তর রন্ধি হই-তেছে এবং ছুর্বল মানব মণ্ডলীর উপর উপদ্রব আরম্ভ করিয়াছে। আসাম বলিলেন, ব্যামোহকারী পশু বধ করা আয়াস-সাধ্য ছিল প্রবোধ আসামের বাক্য প্রবণ করিয়া হাস্যবদনে বলিলেন, "এরপ ঔদাস্যের এইত চরম ফল। — তুমি ইতি পূর্বে নিকৃষ্ট জন্ত-দিগের প্রতি যেরূপ সদয় ভাব প্রকাশ করিয়াছ, এখন স্বয়ং ভাহার প্রতিবাদ কর কেন? বোধ করি পূৰ্ব্ব কথা বিস্মৃত হইয়াছ। আসাম এতৎ এবণে অভিশয় লক্ষিত হইয়া क्त्रभूटि निर्देशन क्तिरलन "छशदन् আমি সীয় ভ্রম বুঝিতে পারিয়াছি, একণে সম্যক প্রতিবোধ হইতেছে যে গশুদিগকে দমন করিয়া পৃথি-বীতে নিরাপদে থাকিবার নিমিত কৌশল ও অষধা ব্যবহার দুষণীয় নহে। এখন পশুদিগের সহিত
মানব মণ্ডলীর ব্যবহার পর্ন্যবেক্ষণ
করিবার প্রয়োজন নাই; তাহারা
পরস্পর কেমন সন্তাব সম্পন্ন তাহাই
সম্প্রতি দর্শনীয়।"

সেই নগরে মনোরম প্রাসাদ সকল অথবা অন্য কোন চার-কর্ম্মের চিহু মাত্র ছিল না। আসাম এভদর্শনে অভিশয় বিদ্যাংবিউ হইলে প্রবোধ বলিতে লাগিলেন, ''ভদ্র! এখানকার লোক পুরা-কালীয় সরলতা অধিক ভাল বাসে; প্রত্যেকের এক এক ইহাদের খান কুটীর আছে, তন্মধ্যে সপরি-বার বাস করে; তুক্ষতম হর্ম্ম্য ও অন্যান্য সুথ সাধন বিষয় অহস্কার এবং প্রতিবেশীগণের হিংসা ও বিদ্বেষ উদ্রিক্ত করে; বিশেষতঃ অত্ত্য মান্বগণ নিৰ্দাল সুথ লাভ লোল্প, ভাহারা দর্শনোপযোগী বহু ব্যয় সাধ্য ও বিশেষ অনি-টোৎপাদক বিষয়ে হস্তক্ষেপ করে না। আসাম বলিলেন " আপনার বাক্য ভঙ্গিতে বোধ হয় ইহাদের স্থপতি, চিত্রকর এই পাকিলে কোন অপায় লক্ষিত হয়

যাহা হউক আনি বিজ না ৷ সংসর্গে যেরূপ প্রীত হই বর্গের এমন আর কিছুতে নঙ্গে, অভএব আর কাল বিলমে প্রয়োজন কি? চলন পণ্ডিত মণ্ডলীর আবাস ভূমি দর্শন করিয়। নয়ন চরিভার্থ করি।" করিলেন " প**ণ**প্রদর্শক উত্তর জানী! জানী কি ! অতি হাস্যা-म्अम कथा! जागात्मत এथात्म প্রয়োজনাভাবে জ্ঞানীর ও অভাব। অপরের সহিত কিরূপ ব্যবহার করা উপযুক্ত এবং অন্যের নিকট কিরূপ ব্যবহৃত হওয়া উচিত তদ্বিষয়ক পরিজ্ঞানই জ্ঞানের মুখ্য উদ্দেশ্য। কিন্তু এ স্থানে সেরূপ জ্ঞানের আব-শ্যকতা কি ? প্রভ্যেক ব্যক্তিই সহজ-জান-প্রভাবে কর্ত্বা সাধন করিতেছে, এবং অপরের নিকট যথোচিত আদৃত হইতেছে। यদি ব্যর্থ কৌভূহল, অকলোপধায়ক গবেষণা, এবং অহস্কার, বিলাস অথবা উনতি-লিপ্সা সমূত অস্থায়ী সুখ তোমার জ্ঞানের প্রতিপাদ্য হয় তাহা হইলে এই সকল সরলপ্রকৃতি ব্যক্তি ব্যহের তদ্মারা কোন প্রয়ো-জন নাই। ''আসাম বলিলেন'' এই সমুদ্দ কথা যথার্থ হইতে পারে

রণ অথবা কয়েক ব্যক্তির প্রসা-

এথানকার সকলকেই নিরপেক দেখিতেছি। কেহই আপন কুটী-রের চতুঃসীম। হইতে বাহির হয় না। এক ব্যক্তির সহিত অনোর সংস্রব নাই ইহার কারণ কি? "প্রবোধ বলিলেন" তুমি যাহা কহিতেছ তাহা সম্পূর্ণ সতা। এধানে কোন সমাজ নাই এবং কন্মিন্কালে হইবার নহে। অথবা বন্ধুতা প্রেরিত হইয়া লোকে সমাজভুক্ত হয়; যে সকল লোকের নিকট আমরা আসিয়াছি ইহারা সকলেই সকলের সমান স্তরাং কেহ কাহার ভয়ে ভীত কিয়া প্রণয়-প্রয়াসী নহে। ''আসাম দীন বচনে বলিলেন " সুকুমার শিপ্প-ठ उूत, खगाथ धी-मम्म कानी, বিপদ-সহায় বন্ধু এখানে ইহার সকলেরই অসদ্ভাব। অস্ততঃ কয়েক জন সরল স্বভাবাপন্ন ব্যক্তির নিকট মনোভাব প্রকাশ করিতে না পারিলে এবং ভাহাদের আন্তরিক ভাব জাভ হইয়া হৃদয় প্রফল্ল করিতে অক্ষম হইলে, এই স্থানে কিরূপে আমি অবশিষ্ট সময় যাপন বলিলেন '' '' দেবাত্মা करमक वाक्तित निकृषे ऋषम अमा-

রিত হৃদয় দর্শন করিয়া কি লাভ হইবে ? ভোষামোদ এবং কৌতৃ-হল এতহুভয় অতিশয় দৃষিত প্রবৃত্তি, অতএব এই শান্তরসাম্পদ ভুবনে নাই। অধিকার তাহাদিগের ''আসাম বলিলেন" যাহাহউক তথাপি ইহারা এক বিষয়ে সুখী, নকলেই স্বীয় সম্পত্তিতে সন্তুষ্ট কেহই লোভপ্রেরিত হইয়া প্রয়োজনাতি-রিক্ত সম্পত্তি সঞ্চয়ার্থ লালায়িত रुग्न ना । छुःथीमित्भत छुःथ त्माहत्न কেহই বীভাবসর নহে। ''এই কথা সনাপ্তির সমকালে পথ পার্শ্ব-বর্ত্তী জানৈক দীনের আর্ত্তম্বর শুন। যাইতে লাগিল। আসাম তৎক-ণাৎ ভাহার সাহায্যার্থ ধাবিত হইলেন, কিন্তু ভাহাকে মুমূর্য প্রায় पर्मन कतिया त्याकमञ्जू क्परय दिन्छ नाशित्नन, ''कि आंक्र्या সংসার বিরাগী ব্যক্তিকেও আশ্রয় বিহীনের ন্যায় এইরূপ যন্ত্রণা ভোগ করিতে হয়।'' এই কথা শ্রবণ করিয়া মৃত্যুমার্গগামী বলিলেন '' আশ্চর্য্য কি ? যাহাদের আব-শ্যকভাভিরিক্ত এক কপর্দ্দকও সং-স্থান নাই, এবং যাহারা কথঞিৎ

এখানকার অধিবাসিগণের যাহা আছে তৎসমুদ্য তাহাদের আব-শ্যকীয়, আবশ্যকীয় বিষয় বিভরণ করা কি বিধেয় ?" আসাম কহিলেন, কিছু সঞ্য রাখিলেইত হয়। আহা সামি অনতি-বিলম্বে যাহা বলিয়াছি এখন আবার ভাহারই প্রতিবাদ করিলাম। সকলই জটিল, জুরবগাছ ও সন্দেহাত্মক। এখানে একে অন্যের উপকার করে না, সুতরাৎ কৃতম্বতার অভাবও ফলোপধায়ক নহে। যাহা হউক, এখানে স্বদেশানুরাগ গুণটী বিরাজ্যান থাকিবার বিস্তর সম্ভাবনা। প্রবোধ জাকুটী সহ-কুত ললিত বদনে কহিলেন "আসাম ক্ষান্ত হও, স্বার্থপরতা না পাকিলে ষদেশামুরাগ জিখাতে পারে না। উপকাব সংসারের ধর্ম, এখানে সেই ধর্মই প্রবল। হতাশ পর্যাকৈ এই উত্তর প্রবণ করিয়া উচ্চলিত ক্লেশাবেগ নিরোধ করিতে অক্ষম হইয়া বলিতে লাগিলেন। "হায় আমি কি অপূর্বা ভুবনে আনীত হইয়াছি। যথায়

রূপে ক্ষুত্মিরুত্তি করিয়া সন্তুষ্ট হয়,

তাহাদের প্রাসাকর্যণ করিয়া স্বীয়

কবল পরিপূর্ণ করা কি যুক্তিসঙ্গত ?

মিতাচার ভিন্ন অন্য কোন পুণাই লক্ষিত হয় না। যথায় পাপ অবি-জ্ঞাত তথায় পুণা সমাক অভ্যাদয় প্রাপ্ত হয় না। অত্ততা অধিবাসীর। कान आस्मार्टि वामनी नरह: मारम, वनामाण, त्मोर्हाफ, ज्ञान, व्यामार्थ, श्रामभागुताश मकनहे এहे ভূবনে অপরিজ্ঞাত। হে দেব! আমি যে পৃথিবী উপেক্ষা করিয়াছি-যথায় ঈশ্বরের মহীয়সী শক্তি জাজ-ল্যান,—মহম্মদের অনুজ্ঞা নির্দ্মিত এই ছর্মিরীক ভুবন যাহার সহিত একাংশেও তুলনা করা যাইতে না---আমাকে পুনরায় সেই সুখনয় স্থানে লইয় চল্ন। আমি বিধাতার বিধি সমুদয় অন্য প্রকারে শৃঙ্খলাবদ্ধ দেখিতে বাসনা ক্রিয়া নিভাস্ত মূর্থের কার্য্য করি-অদ্যাবধি আমি পাপ য়াছি। হইতে দুরে থাকিব। এবং প্রতি-বেশীদিগের কোনরূপ দোষ দেখিলে তাহা সংশোধন করিতে চেষ্টা লোকালয় পরিত্যাগ করিয়া উন্মত্তের ন্যায় বিজন গহনে বাস করিতে আসিব না।" এই কথা সমাপ্ত হইতে না হইতেই প্রবোধ

লোচন, ক্রোধ-পরিপূর্ণ মুখ-মণ্ডল ও ভীষণদৰ্শন হইয়া বজ আহ্বান ঘূৰ্ণাবায় कतिरतन, এবং এक উথিত করিয়া অম্তর্হিত হইলেন। আসাম এতদর্শনে নিভান্ত ভীত হইয়া চকিত লোচনে পুরোভাগে নেত্র পাত করিয়া দেখিলেন পুর্বের যে স্থানে বসিয়া খেদ করিতেছিলেন সেই স্থানে উপস্থিত হইয়াছেন। প্রমেশ্বর এত অপ্প সময়ের মধ্যে তাহার চিরপ্রোধিত সংশয় রাশি উচ্ছেদ করিলেন যে আসামের, হ্রদ জলে প্রসারিত দক্ষিণ পদ ভদবস্থা-য়ই রহিয়াছিল। তৎক্ষণাৎ শাস্ত পরিহার বন বিজন মনে পূর্মক আসাম পুনর্মার মাতৃভূমি সিগাসটানে পদার্পণ করিলেন। বাণিজ্য ব্যবসায়ে তাহার সমৃদ্ধি ক্রমশঃ রুদ্ধি পাইতে লাগিল। চতুর্নিক হইতে বন্ধুগণ আসিয়া ভাঁহার ভবনে সমবেত হইলেন, তিনিও কাহার অনাদর করিতেন এইরূপে সম্ভাপ পর্যাহসিত বেষ্ট্রন উপাদেয় সুখ সম্ভূত বাদ্ধকো পরিসমাপ্ত হইল।

প্রাপ্ত।

ठांक्रठकावनी डेलाथान।

বিস্তীর্ণ ভারত-রাজ্যোত্র দেশ-वग्रभी मसंदर्भवा-গ্রহার শ্রুক্তিক্তিক্তি বেশধারী তুষারমণ্ডিত হিমগিরি বিরাজ করিতেছেন। ভাহার অত্যুক্ত শিথর প্রদেশে পর্ম রমণীয় সভাব-ভাব-বিভূ-ষিত একটি তপোৱন আছে। इत्न निर्कन अपन्य श्रिय मानम-श्रांतिनी क्रभनावना-श्रांतिनी कन्भ-नाटनवी श्रीय ममछिवग्रांशांतिशी সুথদেবীর কর ধারণ করত সতত ইতস্ততঃ পরিভ্রমণ করিতেছেন। ষেখানে ভূতভাবন ভগবান্ নিথি-লাধিকারির প্রতিকৃতি চারুরূপে চিত্রিতের ন্যায় বোধ হইতেছে। वदः यम जाँशांतरे छन्नाम कत-शांजिकांचि क्हेग्रा अकृत्य नर्यमा একাগ্রমনে নিরস্তর অবস্থিতি क्रिया, श्रीय श्रीय श्रीन श्रीन শ্রেষ্ঠত্ব দশাইবার নিমিত্ত ব্যগ্র হইয়া কাল প্রতীক্ষা করিতেছে। कीवकृत (यन প্রভু সমাগমে স্বীয়

নব-প্রবন্ধ। क्स् उ अजारवारभन्न जरम वाक्न হইয়া আপনাপন শিষ্টতা প্রদ-র্শন করাইবার নিমিত্ত একত দল-বদ্ধ হইয়া নম্রভাবে ইতস্ততঃধীরে ধীরে পদ সঞ্চালন করিতেছে। উন্নত তরুদল যেন তাহাদিগকে বাতাতপ হইতে রক্ষা করিবার নিমিত্ত স্বীয় ফুল ফল পত্ৰ সুশো-ভিত শাখাদল বিস্তার দেবাদিদেব বিভাবসুর আশু অমু-গ্রহ আশায় ও প্রন দেবের করু-ণাৰণা প্ৰাৰ্থনায় অতি মলিনভাবে হিরমতি হইয়া উপাসনা করি-তেছে। निकटि निसंत विनिःमृष অষুরাশি ঝর ঝর শব্দে প্রবা-হিত হইয়া তপোবন আন্দোলায়-নান করিতেছে। আহা তপো-বন এমন শোভনীয় হইয়াছে বে कल्पना मझूठ अमतावजी ७ ইহার जूना तमगीय नत्र। এই ऋत्न পুরাকালে প্রভাকরের ন্যায় প্রভা-ধারি দ্বিতীয় তপনপ্রায় তপোরত কৌশিক নামে এক অন তপোধন वेश्वक सूर्य विभूथ इरेग्रा वान-প্রস্থেৎপন ছঃখগত সুখে পরমা-नक्तरान काल शांशन कतिराजन।

তিনি পাপ তাপ ভয়ে লোকালয়

গমন সুথে বিমুখ হইয়া নিরস্তর কেবল সেই গিরিশৃঙ্গে তপ জপ দারা প্রতি দিবা অবসান করি-পৌণক নামে তাঁহার একটি শিষ্য ছিল। পৌণক সর্ব-দাই স্বীয় গুরু মহাতপা কৌশি-কের নিকট বেদাদি শাস্ত্র অধ্যয়ন ও ভাঁহার দেবা শুশ্রষায় দিনযাপন ক্রিতেন। একদা প্রথর দিবাকর মস্তকো-প্রিআগেমন পূর্বেক স্বীয় খরভর কর জাল বিস্তার করিয়া মেদিনীকে সুবিষম তাপে উত্তপ্ত করিলে, জীব-কুল যথন ভূষণাকুল হইয়া সরোবরা-ভিমুখে অভিব্যগ্রচিত্তে শীঘ্র গম-निषा छ रहेन, दिखनन शीनवन হইয়া আপনাপন কুলায়ে প্রবেশ করিল, ভরুচয় তাপময় হইয়া নি-তান্ত মিয়মাণ হইল, জলাশয় দূর-স্থিত তৃষ্ণাতুর পশুদলের রোদন নিনাদ কর্ণকুহরে প্রবিষ্ট হইডে লাগিল এবং সমস্ত ধরাতল প্রবল প্রভাকরের বলে দক্ষ হইল, এমন সময়ে পৌণক স্বীয় দও কমওলু ধারণ করিয়া করণার্থে তপোবন হইতে বাহির

रुहेग्रा महत्रावदा**ङिम्र**थ योजा कति

लन। कियम्ब भगनानस्त प्रि লেন একটি অত্যুচ্চ পাকুড় রক্ষ-मृत्न पिक आंता कतिया मत्ना-একটি সুরূপা কুমারী জাতা धताभागी इरेगा धूनांग्र लूर्धन रउड ক্রন্দন করিতেছে। আহা! তাহার ठजुळ्यांटर्भ जन मानद नाहे, निजास সহায় হীনা হইয়া পড়িয়া আছে। ভাহার দেই মুছুরোদন নিনাদ শ্রেবণ করিলে পাষাণ্ড দ্রব হয়, ্তাহাতে যে সহজে সরল মানবের মন আকৃষ্ট হইবে ভাহাতে বিচিত্ৰ কি ? পৌণক এই অভূত-্পূৰ্বে অভ্যাশ্চৰ্য্য ঘটনা দেখিয়া ্বীতশয় চমৎকৃত হইলেন এবং িটাহার অন্তঃকরণও দয়ারসে আর্দ্র ্ছইয়াগেল। তখন তিনি ধীরে২ ্রতাহার নিকট গমন করিলেন এবং ইতস্তঃ অন্বেষণ করিয়া অন্য কাহারও অমুসন্ধান পাইলেন না। ুদেখিলেন কন্যাটির নেত্র জ্বলে অঙ্গ ভাসিয়া যাইতেছে এবং কন্দন 🖥বিরত হইয়া তাঁহার প্রতি এক-দ্বুটে নিরীক্ষণ করিতে লাগিল। ्रिशोगक এउद्धर्मत्न कक्रना तरम একাস্ত আকুট হইয়া ভাহার নিরীক্ষণ করিতে চক্ৰদ্ৰশ

করিতে কহিতে লাগিলেন, হায়! এমন নিষ্ঠুর জনক ও স্নেহহীনা क्ननी कि अमाि अ वहे धराधारम যাহাদিগের বাস করিতেছে? क्रमरत किছूमाज मत्रात मश्रात হয় নাই। আহা! সে কি নিঠুর মাতা যে দয়া মায়া হীনা হইয়া এমন কোমল কলিকাসম সুরম্য রূপ লাবণ্য বিশিকী নবপ্রস্থতা कुमातीतक এই विकान आखदत नि-তাস্ত সহায় হীনা করিয়া পরি-ত্যাগ করিয়া গিয়াছে। দয়া কি ভাহার হৃদয়ে বসতি করেন না; না, বিধিকৃত সুচারু মায়া এক-কালে ভাহার অন্তঃকরণ হইতে অপসূত হ্ইয়াছে। আহা! একণে ইহার এ অবস্থা দর্শন করিলে পাষাণও দ্রব হয়, কিন্তু ইহার অন্নীর প্রাণ কি পাষাণাপেকাও ক্টিন ? হা বিধাতঃ তোমার ভাব **ङक्षि इत्यक्षम कता अ**ख्यित्रकित। তুমি যে কাহাকে কথন কোন্ ভাবে রাখ এবং কাহারে যে কথন্ কি মতি প্রদান কর, তাহা সামান্য বে†ধের গম্য নহে।

ইত্যাকার কথনানন্তর ঋষিকুমার মনে মনে বিবেচনা করিলেন যে, এই নানাবিধ হিংঅ পঞ্জমাকীর্ণ ঘোরারণ্য হইতে উদ্ধার করিয়া

এমন লোচনানন্দদায়ি কন্যারভুকে

গুরুর নিকটে লইয়া বাই, এবং ভিনি সদ্বিবেচনা মত যাহা উচিত তা-হাই করিবেন। নতুবা এমন ঘোর

द्रत्त जात क्रगकान गांव शांकित्तरे हेरात जीवननात्मंत नम्पृर्ग महावना,

বলিয়া তিনি বাছ প্রসারণ পূর্ব্বক তাহাকে ক্রোড়ে করিলেন এবং

ভাহাতে সন্দেহ কি আছে। এই

স্থান হেতু সরোবরাভিমুখে চলিয়া গেলেন। অনস্তর স্থান করিয়া ও উক্ত

কুমারীর সর্বাঙ্গ ধৌত করাইয়া দিলেন এবং ক্রোড়ে লইয়া তপো-

বনাভিমুখে গমন করিলেন।

ভাষাকে এক ভরতলে পর্ণশ্যায় শয়ন করাইয়া গুরুর নিকট গম-নানস্তর ভাঁষার পাদ বন্দন করিয়া

ঐ কুমারীটিকে যে প্রকার ছরবস্থা হইতে উদ্ধার করিয়াছেন ও তা-হার প্রতি যেরূপ দয়া প্রকাশ

করিয়াছেন, এই সকল বলিভেছি-লেন এমন সময়ে একটা ঘোর

ক্ৰন্দন ধানি তাহার কর্ণ কুহরে প্রবিষ্ট হইল, এবং হায় কি হইল! হা! প্রিয়সখি কোথায় গেলে, ভোমার দশা দেখিয়া আমার

হৃদয় বিদীর্ণ হইতেছে, যাহার অদর্শনে ক্ষণকাল থাকিতে পারিনা

এত কাল তাহারই বিরহ সহ করিয়া শেষে তাহার এই দশা

দেখিতে হইল; হায় আমি কি

নিষ্ঠুরা ! হা ! সথি তুমি এরপ ভাবে কেন রহিয়াছ ? ভোমার শাপ বিমোচন হইয়াছে, তুমি

মুক্ত হও এবং আমার সঙ্গে আ-ইস, ইত্যাদি বিলাপ স্থচক বাণী প্রবণ করিয়া অতিশয় চমৎকৃত

হইলেন এবং দেখিলেন মুহূর্ত পরেই এক ঘোরতর বাত্যা উপ-স্থিত হইয়াধুলারাশি উড্ডীন করিয়া

চতুদ্দিক খোর অন্ধকারে আচ্ছন করিল, রক্ষুকুলের পতন শব্দে জীব-কুল ভয়ে ভীত হইয়া খোরনাদে

চতুর্দ্ধিকে ছুটিয়া বেড়াইতে লা-গিল, পক্ষি শাবকেরা নীড়-জ্রই হইয়া ভূমিতলে পড়িল এবং চতু-

দ্দিক কেবল বাভাসের খোর রব রক্ষের মড় মড়শব্দ ও জীবকুলের ক্রন্দন ধ্বনিতে সমস্ত বন ধ্বনিত

হইতে লাগিল। এইব্ৰুপে বহুক্ষণ পৱে ঝটিকা निवस इहेटल पिथिटनन महे खक्र-ভলে দেই সুকুমাবী কন্যাট আর नाह, उथन जिनि विधान मागदत মগু হইলেন, এবং গুরুকে জিজাসা করিলেন প্রস্থাচিধিতে যে এরপ বিলাপ ধানি প্রবণ করিলাম, এবং ক্ষণ-পরে ঘোর বাত্যা উপস্থিত হইল ও তৎকর্ত্ত সেই সুকুমারী কন্যাটি অপস্ত হইল, ইহার কারণ কি? অমুগ্রহপূর্মক সবি-শেষ বর্ণনা করিয়া আমার কৌতু-कार्विके मनदक मन्नके करून। ত্রিকালজ্ঞ মহাতপা কৌষিক শিষ্যের এতাদুশ বাক্য করিয়া কহিলেন, পৌণক একণে নিরস্ত হও, সায়াহ্ন আগমনে সবিশেষ বর্ণন করিব। পৌণক গুরুর বচন প্রাবণে সাতি-শয় সন্তুট হুইয়া সন্ধ্যাগমন প্রতী-ক্ষা করিতে লাগিলেন। দিবাকর, খরতর করজালে বস্কা-রাকে দধ্য করিয়া, বিশ্রাম মন্দিরে शमानाष इरेलन, कांनिन सूत्रमा स्विकित्रम करा জালে তপোবন রঞ্জিত হইল, কম-

লেন, শাপদকূল গছনবন মধ্যে প্রবেশোদ্যত হইল, পূর্মভাগে পূর্ণ-চন্দ্রের প্রতিকৃতি ঈ্বং নয়ন পথে পতিত হইল, দ্বিজকুল নিজ নিজ কুলায় প্রবেশ করিতে লাগিল, জলচর পক্ষিচয়, জল ক্রীড়া পরি-ভ্যাগ করিল। তথন আর পৌণ-কের আনন্দের সীমা রহিল না। পরে সায়াহ্নিক তপ জপাদি সমা-পন করিয়া গুরুর পাদ বন্দন করি-লেন, এবং উপাখ্যান প্রবণেচ্ছ্র হইয়া করপুটে প্রতীক্ষা করিতে नाभित्न । কৌষিক তাঁহার মনোগত ভাব বুঝিতে পারিয়া कहित्तन, दरम! (भीनक खरव এখন সেই কন্যারত্বের উপাখ্যান বলিভেচি প্রবণ কর।

ক্রমশঃ প্রকাশ্য।

প্রাপ্ত। স্বভাবদূত কাব্য।

প্রথম সর্গ।

লিনী প্রিয় বিরহ বিধাদ ভাবিয়া হেদেবি! ভারতি,বাক্বাণী,বীণাপাণি দীন ছংখিনী ভাবে স্লানমুখী হই- অমৃতভাষিণী তুমি, কথা সুধাধার।

করি দয়া দাস প্রতি, কছগো কুপায়। কুজান মতেক হার! সব দুর কর। কেমনে অভাগা দুভ, নিস্তার পাইল॥ ভারতী সঙ্গিনী তুমি, ওঁার নহ বাস, ত্রাসে সে সঙ্কট ঘোরে, ভয়ানক স্থান, কে বল করিল মাতঃ পরিত্রাণ তার। খনিতে সে সব দেবি, ইচ্ছা বড় মনে, সেরূপ লভিতে ইচ্ছা করি আমি তোমা ¹ দর তবে আদ্যোপান্ত, সকল বর্না। মানার লেখনি তব, প্রতিনিধি হয়ে, :যন তব বাক্য সুধা, করে সুপ্রকাশ। বিস্তারিয়া বিবরহ, সেই দৃত বর— করগো কুপায় মাতঃ এ আশা পূরণ, সংশি যেন হয় তায়, গৌড়জন যত। वान्तीकित्त व्यष्टेक्रभ, श्वकांभित्न प्रां, বর দিয়া কালিদাসে, করিলে অমর। চপাবলে পুত্র তব, নামে কুতিবাস, রাখিয়া অনন্তকীর্ত্তি, গেছে কীর্ত্তিধানে। তব্ধুণ অব্ধুণ সম, রুক্ত জবা রাগে— ভারত যেরূপ খ্যাত, তব কৃপাবলে, ও পদ কমলে মাগি, সেইরূপ দয়া— বিভরি করুণা কণা, দেহ এই বর, আর কি বিনতি মাতঃ তব পদতলে, করি কোটি প্রণিপাত, চরণ কমলে। কোথায় কম্পনা-দেবি, আসিয়া ব্রিত, বিকশিত কর মগ, কবিতা-কুসুম— নতুবা ভোমার গীত, করিবারে গান, বল দেবি কার বলে, বল আমি ধরি। গ্ৰহেতু বিনতি মম, প্ৰকাশিয়ে দয়া, পূর্ণ কর মনকাম, আনিয়া আসেরে। আসি দেবি উর, মম মানস মন্দিরে, এতম হইতে ছুর, দেখিনিকো কছু 🖟

কেন না করিবে তার, পূর্ণ মন আশা। বামনে ধরিতে চন্দ্র, যেমন উৎসুক, কিন্তু কি হবে না দয়া ? অবশ্যই হবে, যানস মন্দিরে ভবে, বস বিশ্বরমে। কারে হেরি সিন্ধুতটে, কি কথা বলিল। কেমন করিয়া মাতঃ সেই সাধুজন, দারণ সঙ্কটে দুতে, করিল উদ্ধার। শুনিতে সেসৰ মম, বিশেষ বাসনা, কুপাৰণা বিভারণে, পুরাহ কামনা। আছ এই সিস্কৃতটে, কে তুমি বসিয়া। দারুণ ঘূণিত হায়, এর এই ভটে, অকপটে আছু বসি, কিসের কারণ। হে দেবি! খেতাঙ্গি, খেতভুজে,দয়াময়ি। বহিতেছে বাত্যা ঘোর, পূতি গন্ধ লয়ে। উড়িতেছে ধুলারাশি, তাসহ মিশিয়া। এমন দারুণ স্থান, সহিয়া সে সব, কেমন করিয়া হায়, আছ বল তুমি। অসুমানে বুঝি নহ, সামান্য চেতন, ভবে কি স্বেচ্ছায় তুমি থাকিতে গো এথা निर्छत्य बनिया ; इत्य अप्रैन भंदीत, প্রভা যার নাশিয়াছে খোরতর তম; যক্তদিন এথানেতে, করিতেছ বাস,

কন্ত্ নাহি দেখিয়াছি চক্র সূর্বোদয়— নমান হীরক ধণ্ড, যত তারাবলী, আহা তাহাদের সেই, মধ্ময় ভাস---এথাকারে হয় নাই, কভু দীপ্তিমান। হইয়া তাড়িত হায়, মোর তম বলে, দীপমালা, তাহারাও নাহি জলে হেথা। বিকাশিয়া আজ কিন্তু, তব অঙ্গজ্ঞোতি নাশিল আঁখার এই, এই সে প্রথম। যাহার বিরহে প্রাণ, হইত চঞ্চল, প্রকাশিব কারে হায়, সে তুঃখের কথা। এইযে নয়ন হেখা, আগমনাবধি, করেনিকো কভ্ মম, মানস রঞ্জন। হইয়া অলকা প্রায়, কাঁদি অহরহ, হয়েছে যে ক্ষীণ, হায় আমিও তেমন। কিন্তু মন হতে আজ, যাতনা যতেক-তবাগমে করিয়াছে, দুরে পলায়ন। তবকর শশধর, সম মনোহর, পরম হরিষ আজ, অন্তর আমার। যেমন একটি তুঃখা, আজ গেল দুরে-এই রূপে ক্রমে যদি, পুরে মন আশা। হায় ! মন মনতুঃখ, কারে আর কব, সকল যন্ত্ৰণা হায়, হয়ে যাবে নাশ, হবেকি শমন ? পুনঃ পাবে পূর্ব বাস। এই যে বিষম হায়, তুর গন্ধ বহ, বহিতহে ষথাকারে, আগে, অবিরত। প্রবল যাহার তেজ, মুর্নিবার ছিল; করিতে রহিত সাধ্য, নাহিছিল কার। <u>ত্ত'কত স্কৃত্ম সাধাণ ৰাহার :</u>

াসেবনেতে কত সুথি, হয় যে নাসিকা॥ সুগন্ধি অনেক দ্রব্য আদি যত আছে সেমত নারহে আর, আনিলে তথার॥ কে জানে সুবাস তার, কে অমনি হরে: শেষেতে ক্রমেতে ধরে, কুবাস বিষম। বহিয়াছি কতকাল, সহেছি এখন, নাজানি পরেতে আরে। সব কত দিন। হে মহাত্ম আজ কিন্তু, হেরি চমৎকার, সমুলে সংহার তার, হয়েছে এখন। বর্গীয় সৌরতে তম, হোল আমোদিত, যেন নাশি তম রাশি, শশাক্ষ উদিল প্রবল ঝটিকা যথা, প্রবল হইয়া, উড়াইয়া যায় ষত, বাল্কা সকল। বাত ধ্বজ সহ কিবা, স্থ্য ভাব ধরি, বহিছে প্রবল বেগে, দিগাঁধার করি। কিন্তু ভব আগমনে, হয়েছে সুশীল, তাজেছে সে মূর্ত্তি এবে মলয় অনিল। হইয়া সুগন্ধ বহ, মহিমা ভোমার, ভ্রমিভেছ ইতস্ততঃ করিয়া বিস্তার। না জানিকি এ যন্ত্রণা, কত কাল সব। রব আর কভ কাল, করিয়া এমন, হায়। হায়! শেষ প্রায়, হয়েছে জীবন। কিন্তু তুমি নও কভু, সাধান্য চেতন, অবশ্যই হবে তুমি, কোন মহাজন। হেরিয়া ভব্তিতে মন, হইতেছে রভ, একান্ত বাসনা হই, ও পদেতে নত

নব-প্রবন্ধ। 25 শুনিলে তাহার, কার মন নহে লোল হেরিয়া প্রশান্ত মূর্ত্তি, তেজ মনোহর, অতঃপর দেখিলেন, সেই মহাজন। আহা কি শীতল হলো আমার অন্তর ॥ অতি দীন হীন বেশে, চুখেতে মগন। অতএব কব কর দয়া বিতরণ। চড়ি তরি হয়ে অতি, সচঞ্চল মতি। প্ৰিত্ৰ হউক এই, অধ্য জীবন॥ পলাইয়া বাঁচি আমি, এইখান হতে। নিরাশ্রয় সে ঘ্ণায়, করিতেছে গভি॥ ভীষণ বিকট মূর্তি, রূপ কদাকার। যেন হেন যাতনা নাপাই কোনমতে॥ ভক্তি ভরে ধরি আমি, ভোমার চরণ। সর্ব্ব অঙ্গ লোল অতি, অস্তি চর্ম্ম সার। মাধায় হয়েছে অতি জটা কেশ ভার। করুন দাসের প্রতি, দয়া বিতরণ॥ ভাত্র বর্ণ উদ্ধভার, বহে অনিবার॥ আরুকি অধিক আমি, কব সদাশয়। মৃখের ভিতরে মুখ, করেছে প্রবেশ। এ বিনতি পাইবেন, ও পদ আশ্রয়॥ কিছু মাত্র-নাহি আর, লাবণ্যের লেশ। শ্ৰমিয়া এতেক বাণী, সেই মহাজন। কে কহিছে হেন ভাবে, করিতে দর্শন ॥ ছিন্ন এক বস্ত্র খণ্ড, কটিতটে পরা। নির্থিয়া ইতঃস্তত, দেখিলা তথন। হয়েছে সর্বাঙ্গ হেন, যেন কত জ্বা। মদ্ধুরে তরঙ্গ মালী সাগর ভীষণ॥ সমস্ত গাত্রেতে গভ, কীটাণু মলিন। ভ্ৰমিতেছে বাসগত, রসে অনু দিন।। পঞ্চিল সলিলে মগ্ন কন্টকি নিচয়। প্রবল সমীরে সদা, বিঘ্রিত হয়। বিঘর্ণিত জলমাঝে, বেড়ায় ঘ্রিয়া। করিছে রোদন ধ্বনি, কাতর হইয়া॥ কল কল্ কল্লোলের, রবে নিরন্তর। দেখিয়া ভাঁহার মনে, দয়া উপজিল। কাঁপাইছে সঘনেতে, সবার অন্তব ॥ বিনয় বচনে তবে, সম্ভাষি কহিল ॥ অমনি আরুত সদা, অন্ধকার ময়। দ্রমে কভু নাই শশী, রবির উদয়॥ কে তুমি কোথায় বাস, কাহার নন্দন কোন ভাগ্য বশে তব, হেথা আগমন কুদ্র কুদ্র খদ্যোতের আলো বিন্দু সম। দেখিয়া ভোমার ছঃখ, হৃদি বিদরয়। হতেছে উদয় কত্ব, তেদিয়া সে তম।। কুপায় আমায় দেহ, তব পরিচয়॥ বহিতেছে বাভ্যা হায়,বেগে অবিরত। বিষম আবর্ত্ত হতে, পাইয়া নিস্তার। বিষম ছুৰ্গন্ধে গন্ধ, হইয়া নিয়ত॥ মম বাক্য অনুরোধে, এস একবার॥ থর শার ভাতে ভ্রমে, কৃতাস্তের প্রায়। শুনিয়া সেজন অতি, হরিষ হইল। সহনিয়া তাসে ভাল সহিয়াছে গায়॥ আগমনে হাহাকার, ক্রন্সনের রোল। সাধুবাক্যে তরি তার, তথ্নি ধামিল। মানন্দে তরণী হতে, হয়ে উতরন।

সাধুপাশে যোড় হাতে, দাঁড়ায় তথন।

যূচিল মানস-গত, সমুদায় ছথ।

করিলেক অনুভব, স্বীয় পূর্ম সূথ॥

পরশে ভাঁহার জ্যোতি, হইল নির্মাল।

হয়ে হীন ক্ষীণ দীন, হইল সবল।

বুচে গেল ছিল যত, মানস বিকার।

বিমল আানন্দে প্রাণ, ভাসিল তাহার।

•

ক্ৰমশঃ প্ৰকাশ্য।

শিলার্ফি।

প্রিক্তি জন অনিয়া
প্রিক্তির জন অন্তিত
হয়, ইহা সকলেই জানেন,
কিন্তু কি রূপে যে বৃদ্ধির জন

न, भ, न,

জমিয়া যায়, ভাহা নির্ণয় সহজ ব্যাপার নহে। ভাহার প্রকৃত কারণ অদ্যাবধি নিশ্চিত রূপে স্থিরীকৃত হয় নাই। যে ষে সময়ে অধিক শিলার্টি হই-য়াছে, সেই নেই সময়েই তাহার সঙ্গে বিহাত ও বজাঘাত দৃষ্টি-গোচর হইয়াছে। এবং শিলা পত্তিত হইবার সময় মেখে মেখে चर्वन इरेटड (मर्था योग्न, उड्डाना जारमहरू विद्यहनां कदत्रम, य উহার ভাডিত সংক্রান্ত কোন বশতঃ উৎপত্তি হইয়া কারণ থাকে। জনীয় বাস্পের ঘনতা যেরূপ থাকে, তাড়িতের জোরে ভাহার অপু খনতা হয়, এবং উক্ত কারণেই চালিত হইয়া উহা মেঘাপেকা উচ্চ প্রদেশে উठिया शांदक, এदः त्महे श्राटमम অত্যন্ত হিম প্রধান বলিয়া জনিয়া বরফের টুকরাবং হইয়া ভূমিতে পতিত হয়। প্রাকৃতিক ইতি-রুত্তবিৎ পণ্ডিতেরা শিলা প্তনের অনেক আশ্চর্য্য আশ্চর্য্য ঘটনা সকল বর্ণন করিয়াছেন। ইটালি थुः जास

धार्या चित्रं चित्रं च्यानक दूर-

^{*} পত্রপ্রের মহাশয়কে অনুরোধ করি-তেছি, তিনি যেন অমিত্রাক্ষর ছদ্দে বিশেষ বৃৎপত্তি লাভ করিয়া, কোন পত্রাদিতে প্রধান করেন।

দাকার শিলা সকল পতিত হইয়া-ছিল, তমধ্যে কতকগুলিন ওলনে এक भारतत अधिक इहेग्राहिल। ষ্থন উহা পতিত হয়, সেই সুময়ে তীব্র গন্ধকের অভিশয় চত্রদিক পরিপুরিত হইয়াছিল, এবং উহার অভ্যন্তরে ঈষৎ नीतिम अस्त हिल। 5966 g: खारक निर्मित अरमरम (य मिन) শকল পতিত হয়, ভাহাদেরও আকৃতি রুহৎ, এবং কভক্ণলির অভান্তরে এক রকম কপিশ রডেব দ্রব্য ছিল, এবং উহাতে অগ্নির উত্তাপ দেওয়াতে ফাটিয়া গিয়া-১৬৯१ थुः अटक्त २३ ছিল। আপ্রিল এক খান রহৎ কাল কাণার্ভন-শায়ার হইতে মেয়. চেশায়ার ও লাকাশায়ারের উপর দিয়া চলিয়া যাওয়াতে উহা হইতে শিলা পতিত হয়, তাহার এক कि की अञ्चल वर्ष (मत इहेट । উহা দীর্ঘে ৩০ কোশ ও প্রস্থে ২ ছুই কোশ ব্যাপিয়া পতিত হইয়াছিল। ঐ বংসরের ৪ ঠা মে ভারিথে হার্ট ফোর্ড শাররে শিলার্থ্টি পতিত হয়। ঐ শিলার অভান্তরস্থ প্রস্তরের পরিধি ১৪

ইঞ্চি হইবে। উহা দ্বারা অনেক
মন্ত্রয় হত-জীবন হইয়াছিল।
এরূপণ্ড বর্ণিত আছে যে মরুৎরাশি হইতে কিন্না জ্বলপ্রপাত
হইতে বহুদাকার বরকের খণ্ড
পতিত হইয়াছে। এইরূপ আশ্চর্যা
কাণ্ড দেখিয়া আমাদের মনে
আশ্চর্যা রসের উদয় ও পরম
পিতার প্রতি ভক্তিরসের প্রোত
প্রবাহিত হইতে থাকে।

মাগ্লিয়াবিচি।

শ্বী ক্রি ক্রি ক্রি ক্রেম্বর ক্রিক্র ক্রিক্রের ক্রিক্র ক্রিক্রের ক্রের ক্রিক্রের ক্রের ক্রিক্রের ক্রের ক্রিক্রের ক্রের ক

আক্ষর পরিচয় হয় নাই, তথাপি। যে সকল পুরাতন পুস্তকের পাত নিকিপ্ত হইত তিনি অবসর পা-इटलई मतानित्वभ कतिय। छाटा (प्रथिट्डन, এবং বলিट्डन কার্য্যাপেকা, <u>जनामा</u> ইছা অধিক ভাল বাদেন। জন পলীবাসী পুস্তকবিক্রেতা ভাঁহার এরপ ভাব দেখিয়া ভাঁহাকে আপন কর্মে নিযুক্ত করিলেন। যুবা মাগলিয়াবিচি শীঘ্রই পড়িতে শिथित्वन, পড়াতে এবং ভাঁহার বিশেষ আগ্রহ জন্মিল। পভায় অমুবাগ ভাঁহার জীবনের প্রধান কার্য্য হইয়া উঠিল, এবং অসাধারণ ন্মারক ভা ভাঁহাকে বিখ্যাত করিতে লাগিল। যে পুল্তক ভাঁহার হল্তে আসিত তিনি ভাহাই পড়িতেন। কেবল যে উহার ভাব ওাঁহার মনে থাকিত এমন নহে, প্রত্যেক কথা পর্যান্ত তিনি বলিতে পারিতেন। ভাঁহার স্মারকভাশক্তির পরীক্ষা করিবার নিমিত্ত একজন গ্রন্থকার এক খানি পুস্তক মুদ্রাঙ্কন করিবার পূর্বে উহার হস্তুলিপি তাঁহাকে পড়িতে দিয়াছিলেন। তাঁহার পড়া হইলে

खे शुरुक कितिया लहेयाहितन। किছू निवम शद्य थे वाङि हन क्रिया छाँश्व निक्रे विषश्चमतन আসিয়া বলিলেন, যে আমি ঐ হস্তলিপি হারাইয়া ফেলিয়াছি, এবং বিনতি করিতে লাগিলেন বে তিনি অমুগ্রহ পূর্বক উহা মান করিয়া বলিয়া দিউন। মাগলিয়া-বিচি ভাঁহার এই প্রস্তাবে সমত হইয়া সমুদায় পুস্তক লিখিয়া দিলেন, উহাতে একটা কথা কিয়া বানানেরও ভূল দৃঊ হয় नाहे। এই সময় अवधि छै। होत यभारतोत्रज हजूर्दिक विकीर्ग दरे-एक नाशिन, **এ**दर मकरनरे छैं। हारक মানা করিছে লাগিলেন। স্বিদ্বান ব্যক্তি কোন এক খানা পুস্তক লিখিতে সঙ্কপ করিবার পুর্বে অগ্রে ভাঁহার সহিত পরামর্শ করিতেন। ক্রমশঃ প্রকাশা।

নূতন পুস্তকের সমালোচন।

ক্ষুক্ষুক্ষুক্ত প্ৰামরা প্ৰাৰ

হইয়াছি। এীযুত রামনেবক বিদ্যা-একণে তিনি ক্রমে ক্রম গুলিন উত্তম উত্তম পুরাণ অনুবাদ রত্ব ইহার অমুবাদক। বিদ্যারত্ব মহাশয় মূল সংস্কৃতের প্রকৃত অমু-বাদ না করিয়া ভাষালালিতা ও সধু-রভাদ্ররোধে কিঞ্চিৎ২ পরিবর্ত্তন ক-রিতে বাধ্য হইয়াছেন। এক ভাষা হইতে অন্য ভাষায় অমুবাদ করি-তে হইলে কিঞ্ছিৎ স্বাধীনতা অব-লঘন না করিলে অমুবাদ কথনই শ্রে হয় না, এক ভাষায় যেমন আছে, ভাষায় ঠিক সেরপ করিতে গেলেই किं जिन अ नी दम इहे या शर्छ। বিদ্যারত্ব মহাশয় যে স্বাধীনতা অবলম্বন করিয়াছেন তাহা আমা-দের সম্পূর্ণ অন্তমোদনীয়। এীযুক্ত তত্ত্বিকাশিনী মাসিক পত্রিকা। বাবু কালীপ্রসন্ন সিংহ মহোদয় সুললিত ভাষায় মহাভারত অসুবাদ করিয়া ফদেশের যে হিত সাধন করিয়াছেন, ভাহা অপর সাধারণ मकरलदरे क्षप्रक्रम चार्ट, वदर তিনি অন্যান্য পুরাণ অমুবাদ করিতে অঙ্গীকার করিয়া ছিলেন, কিন্তু দৈব ছুর্বিপাক বশতঃ তিনি **त्रिक्रकल्य इट्ट शास्त्रन नारे।** বিদ্যারত্ব মহাশয় সেই মহৎ ব্যাপারে হস্তার্পণ করিয়াছেন,

क्रिटिं नुभर्य इन, এই আभारित्र এচান্ত বাসনা ও প্রার্থনা। গ্রাহক বর্ণের। অসুকূল হইলেই তিনি কৃতকার্য্য হইতে পারেন, অতএব আমরা অন্তরোধ করি যে বিদ্যা-বান মাতেই তাঁহাকে সাহায্য প্রদান করেন। এই পুরাণ-রত্তা-কর, প্রতি মাসে এক এক খণ্ড করিয়া প্রকাশিত হয়, ইহার অগ্রিম বার্ষিক মূল্য ৫ পাঁচ টাকা, প্রতি খণ্ডের মূল্য আট আনা।

এই পত্রিকার কয়েক সম্বাণ আ-মরা প্রাপ্ত হইয়াছি, লিখন-প্রণালী মন্দ নহে। অন্যান্য খীন্টানদিগের নাায় ফিরিজি বাজালা ইহাতে ব্যবহৃত হয় নাই। ইহা ধর্ম-বিষয়ক পত্রিকা বলিয়া আমাদের বিষয়-ঘটিভ বিশেষ বক্তব্য নাই। ইহাতে থাটান-ধর্মাবলমীদিগের বিশেষ উপকার দর্শিবার সম্ভাবনা।

বিজ্ঞাপন।

নবপ্রবন্ধের ১ম ভাগ পুস্তকাকারে বাঁধান হইয়াছে মূল্য ২॥০ টাকা ও তৎ সওয়ায় মফঃসলবাসীদিগকে ডাক মাশুল দিতে হইবেক।

বিজ্ঞাপন।

যে সকল গ্রাহক মহাশয়দিণের নিকট নবপ্রবন্ধের দরুন আমাদের যাহা পাওনা আছে, অনুগ্রহ পূর্ম্বক স্বস্ত দেয় মূল্য প্রদান করিলে চিরবাধিত হইব। অপর ঘাঁহারা বর্ত্তমান বর্ষের অগ্রিম মূল্য দিতে ইচ্ছা করেন, ভাঁহারা আর অধিক বিলম্ব করিবেন না। বিলম্ব হইলে ভাঁহাদের নামে। আনার হিসাবে বিল করা যাইবেক।

বিজ্ঞাপন।

শ্রী শ্যামাচরণ সিংহ নামক জনেক সরকার আমাদের নবপ্রবন্ধের কতক-গুলি বিলের টাকা আদায় করিয়া পলায়ন করিয়াছে। অভএব গ্রাহক মহাশয়েরা উক্ত সরকারকে যেন বিলের টাকা আর না দেন, আমরা স্বভন্ত সরকার প্রেরণ করিব। যদি কোন গ্রাহক উক্ত সরকারকে দেখিতে পান, অমুগ্রহপূর্মক আমাদের নিকট সংবাদ পাঠাইলে চিরবাধিত ইইব।

নবপ্রবন্ধ কার্য্যালয়
কলিকাভা যোড়াসাঁকো
১৮৷২ নং বলরামদের ফুটি।
তত্ত্ববিকাশিনী।
অর্থাৎ

খীষ্টধর্মা ও বিবিধতত্ত্ব-বিষয়ক মাসিক পত্তিকা।

এই পত্রিকা কলিকাত। খ্রীফীয়ান ট্রাকট্ ও বুক সোসাটীর সাহায্যে প্রতি মাসে প্রকাশ হইয়া থাকে। অগ্রিম বাৎসরিক মূল্য সাং টাকা, বিদেশীয় গ্রাহকদিগকে উপরোক্ত মূল্যের সহিত ৬০ আনা ডাক মাসুল দিতে হইবে। যাঁহারা এই তত্ত্ববিকাশিনী পত্রিকা গ্রহণ করিতে মান্স করেন, তাঁহারা কলিকাভা, সিমুলিয়া, জেনেরেল এসেম্বিল্স ইনিষ্টিটীউসন্ নামক বিদ্যালয়ে পত্রিকার কার্য্যাধ্যক্ষের নামে পত্র লিখিলে তাঁহাদিগকে গ্রাহক প্রেণীত ভুক্ত করা যাইবে।

বিজ্ঞাপন।

মদ্রচিত মূতন রামায়ণের প্রথম সংখ্যায় উপক্রমণিকা হইতে একাদশ সর্ব্যের কিয়দংশ পর্যান্ত মুদ্রিত হইয়া বিক্রদার্থ প্রস্তুত হইয়াছে। পরিমাণ ছয় কর্মা, মূল্য । , ০ আনা। যাঁহার প্রয়োজন হইবেক, ঢাকা-স্বাত-যন্ত্রা-লয়ে আমার নিকট অথবা কলিকাতার নবপ্রবন্ধ কার্য্যালয়ে মূল্য পাঠাইলে পাইতে পারিবেন। শ্রী হরিশ্বন

that were according

नरक्षरक्ष कार्यानरम् विटक्म श्रृञ्जक।

চীনের ইভিহাস		••	•••	کِ	
চারুচরিত্র (দ্বাদশ শিশুর বিবরণ)	••	•••	•••	y.
বিজ্ঞয় বসন্ত (তৃতীয় বার মুদ্রিত)	•••	•••	•••		0
র্জাবনী গীভাভিনয়	•••	•••	•••	•••	10
সাবিত্রী সভ্যবান গীভাভিনয়	• •	• •	•••	•••	100
বিশুদ্ধ প্রেম ••	•••	• •	•••	• •	10
পদ্যপুঞ্রীক		••	•••	•••	
कविजादकोमूमी (वानिकामिदगत १	গাঠে গি যে	पंता)	• •	•••	<i>ა</i> / °

১২৭७। १८ मोलের মূল্য প্রাপ্তি।

প্রীযুক্ত বাবু গোপাল চক্র মঞ্জুমদার

🔍 -	কলিকান্তা।	۶,
"	হেমচন্দ্র রক্ষিত এ	-
16	হারাধন মলিক •• •• ঐ (বাগাসিক •••	51/0
"	नदर्शाशांन स्थायांन खे खे	21/0
"	রাধিকাচরণ মিত্ত এ	5
**	মভিলাল বস্থ •• এ •• ·· ··	
**	यष्ट्रनाथ मञ्ज গড়পার खे •• ••	5.
"	অমরনাথ চটোপাধ্যায় • • • • • • • • • • • • • • • • •	5
"	क्किक्टरभाष्ट्रन एन थे ·· ·· ···	>_
44	দেবজ্ঞনাথ বস্তু গ্রীধরপুর জেলা যশোহর	O •
"	কেদারনাথ দত্ত মিরট	
"	আশুতোৰ বন্দ্যোপাধ্যায় এ	2115

नवश्वका।

মাসিক পত্র।

সদর্থসন্দোহবিচারসন্ধঃ প্রশস্ত র্ভান্ত ক্রতাত্মসন্ধঃ। সমস্তসামাজিকচিত্তবন্ধঃ পরীক্ষ্যতামেষ নবপ্রবন্ধঃ॥

দিতীয় ভাগ। ৪**র্থ** সংখ্যা। শ্রাবর্ণ, ১২৭৪। আগফু, ১৮৬৭। নাসিক মূল্য - -।• ু অগ্রিম বার্ষিক২॥•

নবপ্রবন্ধের ছরবস্থা।

শ্বিক্তি শ্রে প্রান্ধরের অপরিশ্বিক্তি শ্রে শান্ধরের অপরিশ্বিক্তি শ্রে শান্ধরের আলা আমাদিগের
শ্বে শান্ধর নব প্রবন্ধের বয়স
এক বংসর পরিপূর্ণ হইল। এই
সময়ের মধ্যে নবপ্রবন্ধ যে কত
বিপদাণ্ব হইতে উত্তীণ হইয়া
পাঠকবর্ণের চিত্তবিনোদন করিয়াছে, ইহা কেবল সর্বা-নিয়ন্তা,
জগৎপিতার একমান অন্প্রাহ।
আমেরা উপযুক্ত সময়ে নবপ্রবন্ধ
প্রচার করিয়া পাঠকবর্ণের হস্তে

প্রদান করিতে পারিনাই বলিয়া, পাঠক মহাশয়দিণের নিকটে একান্ত লজিত ও কুণিত হইয়া রহিয়াছি। ভাহার কারণ, নব-প্রবন্ধ পত্র বিষয়ে আমাদের সময়ে সময়ে, বিস্তর ক্তিগ্রস্ত হইতে হইয়াছে। নবপ্রবন্ধ সংকান্ত তুই জন সরকার, অন্তঃ একশভ টাকা ভাঙ্গিয়া পলায়ন করিবাতে, আম্বা সমধিক ঋণজালে আবিদ্ধ আমাদের হইয়াছি। ইহাতে লাভের অভিসন্ধি কিছুই নাই, একাল প্র্যান্ত গ্রাহক মহাশয়-**मिर्**शेत निक्रे इंटेंड न्दे श्वरक्षत মূলা স্বৰূপ, যাহা প্ৰাপ্ত হওয়া গিয়াছে, তদ্বারাই উক্ত পত্ৰ খানির যথাকথঞিৎ উপজীবিকা নিকাহ হইয়াছে। মনে মনে

একান্ত ভবদা ছিল, যে নবপ্রবন্ধ এইরবে বিদ্ধিত হউয়া যৌবন সময়ে কুতিবান সুসন্তানেব ন্যায় আমাদেরও প্রতিপালন কবিবে অদুষ্ট-বশতঃ নির্দ্দির বিশ্বাস্থাতক, জন নবকাব সামাদিলের সে আৰালভা এককালে স্যূলে উন্মূলিত করিয়। পলায়ন-পরায়ণ ন ্-প্রবন্ধ হটয়াডে। সুভরাং প্রচার রহিত কবা সঙ্কপা কবিয়া-ছিলাম। - বিপদের সময় পৈর্যা করা মন্তব্যদিগের অবশ্য কর্ত্তব্যুকর্মা, ইহা ভাবিয়া কথ- গাকিব। क्षिर रेप्तर्ग थात्र कतियाहिलाग, কিন্তু নবপ্রবন্ধের বিষয়বদন ও জীর্ণ শরীর দেখিয়া আর ধৈর্মাধাবণ করিতে পাবিলাম না। শোকাবেগে কণ্ঠ অবরুদ্ধ হটতে লাগিল, নয়ন দ্বিতয় হইতে জনবরত শৌকসলিল প্রবলবেগে প্রবাহিত হইতে লা-গিল, আরু কোনমভেট মনকে সা-ন্তুন। করিতে পাবিলাম না। আমা দিগকে এরপ শোকসন্তপ্ত-ছাদ্য (मथिया), आमामिरशत ङनकरयक অকৃত্রিম বন্ধু কহিলেন, আপনার। ध मामाना विषयात जत्ना कन এত কাত্র হইতেছেন, পৈন্যপারণ

পূর্ম্বক যত্ন করেন, ত্রিলোকে চেন্টার অসাপ্য কিছুই নাই, সর্মান্তঃকর: এর সহিত চেকী করিলেই নব প্রবন্ধের উরতি হইতে পারিবে: এবং আম-রাও সাপ্যান্তুসাবে সাহায্য করিতে জটি কবিব না। আমবা এই সাহসে সাহসী হইয়া নব প্রবন্ধ প্রকাশে পুন্ধ্বার যত্বান হইলাম। মাসিক পত্রের উৎসাহদাতা গ্রাহক ও পা-ঠক সহাশ্রের। সাপ্যান্তুসারে যথা ক্সপিৎ সাহায্য করিলেই আমরা যারজ্জীবন কৃতজ্ঞতা পাশে আবন্ধ পাকিব।

নাটকাভিনয়।

প্রাপ্ত আছিল কাল নাট বিষয় প্রাপ্ত বিষয়ে প্রাপ্ত প্রাক্তিন কাল নাট প্রাপ্ত কালিনয় ও গীক্ষিত্র ক্ষিত্র কালিনয় ও গীক্ষিত্র ক্ষিত্র কালিন ক্ষিত্র কালিন ক্ষিত্র কালিন ক্ষিত্র কালিন ক্ষিত্র কালিন ক্ষিত্র কালিন ক্ষিত্র কালিক ক্ষিত্র কালিক ক্ষিত্র কালিক ক্ষাত্র কালিক কালিক ক্ষাত্র কালিক কালিক ক্ষাত্র কালিক কা

অনভিজ্ঞ ব্যক্তিও কতগুলি বালক িলিয়া ইহাকে জঘনা পেসাদা-রের যাতার অপেকাও জঘনা করিয়া তুলিয়াছে। ইহারা অতি क पर्या श्रें जूल नां हु अ शालाद पता नां य লোকের বারীতে২ ইটেজ ফিট कविशा लुहित्यां ७ यन गांतिश। विश्वक ना छा। त्या पटक कलक्ष प्लाट्य ছুষিত কবিতেছে। পাঠক মহাশ মুদিগের নিকটে সেই২ নাটক গুলিব ও সমাজের নাম উল্লেখ কবিবাব আবশ্যক নাই। কিঞ্ছিৎ কট খী-कांव कतिरलाई अनागारमण जानिरण वजावनी, अधिकी, পাণিবেন। ও বিধবাবিবাহ নাটকাভিনয়েব পব বহুকাল এদেশে নাট্যাভিনয় ञ्जि बडेग्राहिल, हेब। जातिक-রই হাদয় লম আছে। পাথুবিয়াঘাটা वझ-ना छा। नद्य যালবিকাগ্নিম ত্র विनाम्यन-রের অভিনয় প্রদর্শিত হইলে কলিকাত য় নাটকেব বাজাব এক কালে আগুন হইয়া উঠিয়াছে। विश्वक्त ना है।। दमान य अदमदम वर्ष-কাল স্থায়ী হইবে তাহার অসুমাত্র ভরসা নাই। আমরা প্রায় প্রত্যেক নাটালেয়ে গমন করিয়া ভাহাব

স্বিশেষ **ক**বিয়াছি অসুসন্ধান যে, যেসকল অভিনেত্রণণ অভিনয় কার্যো নিযুক্ত হুইয়াছেন, ভাহা-দের অধিকাংশই গৌর্থান, নেহাত ইয়াবলোক ও সৌখীন অভিনানে পবিপূর্। সর্মদা ভাহাদের মনেব মত মন যোগাইতে নাপারিলে জ-থবা কিঞিং ক্রটি হইলে অমনি মুখ থান ভাব কবিয়া বদেন এবং অভি-নয়েও আর ভাদুশী আসা প্রকাশ কবেন না। কেহ কেহ ''ডাাম थिर्य हेव । विलया विक्रम कहेर छ বাহিব হন, আর ভুলেও দেপণে পদার্পণ করেন না। আমবা কোন কোন বিশেষ বল্পলে উপস্থিত হট্য়া দেখিয়াছি, অধ্যক্ষ মহাশয় দৈবাৎ সে দিবস ভোগ ও পানীয় দ্রবা আহরণ করিতে পারেন নাই, বিভিয়াবদেৰেৰ বাবুৱা যখন দেখিলেন যে আজ ওদিগের বিষয় কিছুট নাই, তথন একেবারে ক্রোপে পবিপূর্ণ হইয়া এই আপনাব নাটক নিন বলিয়া নাটক পুনঃপ্রদান পূর্মক প্রস্থানোদ্যত হন। দেখিয়া শুনিয়া অধ্যক্ষ মহা-শয়ের চক্ষঃ স্থির, অনেক কমে ইহা-দের একপ্রকার শিক্ষা দেওয়া হই-

য়াছে, পুনর্বার সূত্র লোক নিযুক্ত করিতে হইলে থিয়েটর ভার, বিশেষতঃ কতগুলো জঘন্য থিয়েটরের দৌরাত্মো লোক পাওয়াও অতি ত্বন্ধর হইয়া উঠি-য়াছে। অধাক মহাশয় এইরপ বিবেচনার পর কর্যোড়ে বিনীত ভাবে কহিছে লাগিলেন। আমার অপবাধ হইয়াছে, আমাকে ভোমরা মাপ কর, আমি এথনি সমুদ্য আয়োজন করিতেছি। আয়োজনের নাম প্ররণ মাত্রেই সৌখীন दालन, "इँ। বাৰুবা এখন বলি থিয়েটব।"

অভিনয় সংক্রান্ত সৌখীন বাবু-দিবের তো দশা এই, ইহাদিবের দ্বারা যে বহু কাল নাট্যাভিনয় এ দেশে প্রচলিত থাকিবে, সে আশা আমাদিগের ছুরাশা মাত। আমরা অভিনয়ের অধাক মহা শয়দিগকে সবিশেষ অসুরোধ করি, যে ভাঁহারা मकरल এकव হইয়া. সমবেত কোন প্রকাশ্য স্থলে নাট্য মন্দির প্রস্তুত করুন, বেতনভোগী নট নটী রাখন, এবং টিকিট বিক্রয় করুন, দারা অভিনয়ের সমুদয়

বায় নির্বাহ হইতে পারিবে,
উদ্বর্ত্তন হইয়া অভিনয় থাতায়
জনা হইতে কমশঃ অভিনয়ের
উনতি হইতে পারিবে। এবং
টাকার প্রত্যাশায় অভিনেতৃগণও
সবিশেষ মনোযোগ দ্বারা অভিনয়
কার্য্যে সুশিক্ষিত হইয়া, দর্শকগণেব মনোরঞ্জন করিতে পারগ
হইবেন।

মাগ্লিয়াবিচি।

গত প্রকাশিতের পর ৷

B. K. K. K. K. দ্যপি কোন যাজক কোন সাধু ব্যক্তির থিতে প্রবৃত্ত হইতেন, মাগলিয়াবিচি নিকট তৎক্ষণাৎ শত গ্রন্থকর্তার নাম করিতেন, <u>সাধ্ব্যান্ত্র</u> ভাঁহাব৷ উক্ত গুণানুবাদ পুরেবই লিখিয়া গিয়া-তিনি (돌리 l যে কেবল গ্রন্থ কর্ত্তাদিগের করিতেন न म এমত নহে, তিনি তাঁহাদের পুস্ত-কের নাম, ও ঐ সকল পুস্তকের পुष्ठेमञ्चान, এবং कथा छनि পर्यास বলিয়া मिट्डन। তিনি এভ

উক বিষয়গুলি বর্ণন করিতেন, যে ভাঁহাকে দৈববক্তা বলিয়া লোকের বিশ্বাস জন্মিত। ভাঁহার এই অসাধারণ শক্তির পরিচয় পাইয়া ফুরেন্স নগরের ডি টক তৃতীয় পুস্তকালয়ের ভাঁহাকে ভাঁহার অধ্যক্ষ পদে নিযুক্ত করিলেন। এই কর্মা তাঁহার পক্ষে অভিশয় উপযুক্ত হটয়াছিল। তাঁহার জীবনের শেষ ভাগে কোন এক-থানা পুস্তক ভাঁহার হন্তগত হইলে, ভিনি কেবল প্রস্থের নানা-ক্ষিত প্রথম পৃষ্ঠা সমুদায় পড়ি-তেন, এবং কভক কভক ভূমিকা, বিজ্ঞাপন, সর্গও পাঠ করি-ভৎপরে একবার সমস্ত অাশ পাঠ করিতেন। এইরূপ कतित्व शत भक्व मगरप्रहे श्रुख-কের সমুদায় অংশ বলিতে সমর্থ হইতেন। তিনি অশীতি বংস-রের অধিক জীবন ধারণ করিয়া ছিলেন। ১৭১৪ थुः अर मत ১৪ ই জুলাই মাসে তিনি কলেবর পরি-ভাঁহার মৃত্যুতে ত্যাগ করেন। সকলেই খোকাশ্রুপাত করিয়াছি-লেন, এবং সকলের মুখেই তাঁ-

হার প্রশংস। শ্রুভিগোচর হইয়া-ছিল। তিনি শেষ জীবন অতি সুথে সছদে অতিবাহিত কবি-ग्रां ছिलन, এবং এ उभन উপां कर्न ক িয়াছিলেন যে, কোন ব্যক্তি বিদ্যার প্রভাবে কখন এভ উপা ৰ্ন করেন নাই। তিনি একটী অতি উত্তম পুস্তকালয় সাধারণের ব্যব-হারের নিমিত্ত রাখিয়া গিয়া-ছিলেন, এবং উহার উপযুক্ত বায় নিমিত টাকাও রাখিয়াছি-এভদ্বাভীভ ভাঁহার ल्लन। অন্যান্য বিষয় তিনি দীন ছঃখী দিগের নিমিত্ত প্রদান করিয়াছি-**टकान** গ্ৰন্থকাৰ প্ৰকাশক কোন ফুল मून्किन करित्व, भवाद्य उँशिक

ন্ত্রী-সর্বস্থ প্রহসন।
প্রথম অর ।
প্রথম গর্ভাঙ্ক।
উদ্যান-পুক্ষরিণীর ধার।
(রমাকান্ত দভ, ও রামেশ্ব তর্করত্ম আসীন)

রমা। বাবা, খুড়ো, বল্ভে কি

একখান প্রদান কবিতেন।

ক্সীম:নর মতনা হলে কিছু-তেই সুথ নেই।

রামে। বাবা, ভা একবার কবে

বলচো, যদি কৈপে গুণে, আর ভদ্র লোকের মেয়ে হয়, ভা

হলে পৃথিবীর যাবতীয় সুথ

এক দিকে, আর ও সুথ এক-দিকে। বিশেষতঃ শাদ্যেও

বলেছে যে ''অসারে খলু সং-

সারে সাবং শ্বন্থ নিদ্নী ।

इश, जूमि यांत शत नार मतला। विष् आभा हिल मतन निरंश उवशतल, সম বর বর-মালা ধ্যানে অহোরাত্র যাপন করি। কই ।জুড়ার জন্মের মত বিরহের জ্বালা। ২। ত্মিত আমাকে বঞ্দা কল্বেই হত বিধি বাদী তাহে হইল মহ্না প্রব্রু হয়েছ। পত্র থান। শর- কহিতে না পারি আর বিদরে হাদয়, ভিন্ন হয়ে সমগ্র পড়া যায় না। ---অবলা কুলের হায় মুখময় দশা ষ্পাবার এই চিত্রপটেও তোমার পারে নাথ বিধি সহিতে নিশ্চয়। ৩। এসকল তোমারই চাত্রী। সেরপ করিলা প্রতিজ্ঞা এক দারুণ এমন, ময় নহে। (চিত্ৰ প্ৰত্যাবৰ্ত্তন পিড়েছিল অভাগিনী হয়ে অচেতন।৪। করিয়া) আহা আমি সরলহাদ্যা কৈ বলে জনক অতি স্নেহী রসময়, নিতল্বিনীর অনুচিত কুৎসা করেছি, কিসে সন্তানের সুথ হবে অনুক্ষণ, এই ত তাঁর পরিচয় সপটাক্ষরে এই ভাবনায় তাঁর যড়িত হৃদয়। লেখা আছে। কি আশ্চর্যা!লোভ- আমিত দেখিনা তার কিছুই লক্ষণ।।। নীয়দর্শনা কামিনার সকলই লো- বে কুমুম দল রেণু পরশে অমনি ভনীয়। যখন আ∤নি প্রথমত রস্ত হতে ধরণীর কোলে খশি পডে তাঁর প্রতিক্ষতি দেখুছিলাম, তথন তাহেকি পাষাণ রাখা যায় গুণমণি নয়ন প্রত্যাবর্ত্তন করার কথা জলহদেকভু কিছে উপল বিহরে 1৬। মনে ছিল না। এখন আবার তাঁর কিহিলা সেদিন তাত নির্ঘাত বচন, পত্রাক্ষর দেখে নয়ন প্রত্যাবর্ত্তন বি জন ভাঙ্গিবে দৃঢ় হরশরাসন দাসীর এ পাণি সেই করিনে গ্রহণ। ভুলেছ কি মোরে ওরে নিদয় শমন।।। কোথা তব নবনীত গঞ্জি কলেবর কোথা সুকঠোর এই শিব শরাসন; কুলিশ কঠিন ভূক্স শাল ভরুবর

সঙ্গত না হয় কভ বিধির এ বিধি— ভাই ফলবভী নাহি হলে। আশা মন কতশত কুমুদিনী সরস অন্তরে প্রফালত হয়ে থাকে স্থপাকর আশে একতান মনে ভীরু পুজ সারাৎসার কুমদিনী আশা পূর্ণ দৈবেতে না করে, রোহিণীর সজেশশী মজেনবিলাসে১০ যাঁহার ইচ্ছায় বল আদেশে যাঁহার অভাগিনী কুমুদিনী হতাশ হইরা জীবনে জীবন করে থাকে বিসর্জ্জন আমিও ভুলিব সব সলিলে পশিয়া বিদায় হে গুণধাম হইনু এখন।১১। রাম। আহা বৈদেহী আমার জন্য নিতাস্তই কাতর হয়েছেন। তিনি আমাকে একত হরধরু ভাঙ্গবার অযোগ্য বিবেচনা করেছেন—তা-তে আবার আমার বিলম্ব দেখে মনঃকুন্ন হয়েছেন। এখন করি কেমন করেই বা এই পত্তের উত্তর পাঠাই। পত্র লিখবার উপকরণ মাত্র নাই। (ইতস্ততঃ অবলোকন করিয়া) উফ্টীষের এক ভাগত পত্রিকার স্থানীয় হলো, শর ফলক দ্বারা কোন মতে লিখা যেতে পারে, এখন মসীর অস-দ্রাব-হৃদয়ের উষ্ণ শোণিত-নানা বেসু হয়েছে ? এই ছিটকি-তেই কালীর কাষ চলবে। এখন

বুবেছি হে রঘুবর উত্তমে অধম | কি লিখবো—(গগু দেশে তর্জ্জনী সংলগ্ন করিয়া চিন্তা।) হাঁ হ-য়েছে। তবজন্যআছে অন্য কোনবামানিধি৷৯ অয়ি চাকু চক্রাননে ! পাইয়া তোমার, সরস লিখন, সব হনু অবগত অবশ্য লভিবে যাহ। চির মনোগত।১॥ জলবিন্দপাতে শিলা হতে পারে জল, ভাঁহারি কুপায় এই রামবাহু ছার ভাঙ্গিতেপারিবেধনু প্রকাশিয়েবলথি॥ নিস্তেজ শাতল যথা আগ্রেয় পাষাণ। পরশে ময়ুখ-মালা অগ্নি ভাব ধরে, তথা মন্দ ভাগ্য মোর হইবে কল্যাণ তব স্থাচ দেবনিষ্ঠা অনুকল করে। ৩॥ কন্দর্প দেবের কি অনস্ত প্রভাব! যিনি কশিন কালেও আমাকে দেখেন নাই, তিনি কেবল তোমার প্রতাপেই চির পরিচিতার ন্যায় আমার নিকট পত্র লিখেছেন। তোমার মন্মথ নাম সার্থক। কামি-নী মন রূপ মাগর মন্থন করে তুমি কি আশ্রেম্য সদ্ধার রত্ন সংগ্রহ কতে পার। দৈবের কি অনিবার্য্য শক্তি, বোধ করি, জনচতনয়া रिवाम शोख आयोज नाम का का रेम्त घरेना क्रांस खनग्रामक राय-ছেন, তা যা হোক এখন শীঘ

এই পত্রথানা প্রেরণ করা উচিত,
কি জানি কুম্বন-কোমল-হৃদয়া
বিলম্ব দেখে উপেক্ষিত বিধেচনা
করে যদি আপনার,—আপনার
কেন আমার কোন অত্যাহিত করে
বদেন। এখন ত আমার তদ্গত
প্রাণ। (তুণ ইইতে একটা সমস্ত
অস্ত গ্রহণ করিয়া) হে সজীব
শরবর! এই পত্রথানি বিদেহ
রাজনন্দিনীর নিকট দিয়ে এস,
আমরা বিদেহে অনতিবিল্পে
উপস্থিত হব।—
(শন্থ শন্ধে শরের পত্র লইয়া
প্রস্থান)।

—— চারুচন্দ্রাবলী উপাধ্যান।

ইতি তৃতীয় গভাস্ক।

১২৫ পৃষ্ঠার পর।

ৰিতীয় সৰ্গ।

নন্তর নরপতি

ক্রিন্ত্র করিয়া স্বর্গাল

প্রত্যাগত হইলেন। নগর আনক্রম্ম হইল, উৎসব কলোলে

রাজধানী কল্লোলিত হইল, উদয় দিক পরিপূরিত হইল, আবনদনীরে নগর প্লাবিত হইল এবং মঙ্গলাচরণ ধ্রনিতে তিদিব-কেও তিরস্কার করিতে বিরত হইল न। জলনিধি বেষ্টিত সুবর্গশৈল মৈনাক যেমন শোভা পায়, নরে-শ্বও তেমনি প্রজাপুঞ্জ বিনিগত উদয় ধানি এবং মঙ্গল-ধ্বনিতে বেটিত হইয়া শোভা পাইলেন, কিন্তু সেই স্থবৰ্ণলৈল যেমন স্বীয় স্থবর্ণাভা বিস্তারিত দিকপালকে বিকাশিত ক বিয়া করে, নরপতি দে স্থলে হীন প্রভ হইলেন, থেহেত মনোরমা মিশ্র-किमीत जुननमाइन ज्ञलनारना এবং কুটিল কটাক্ষ শর ঘাতন জনিত বেদনা তাঁহার মনোমাঝে জাগরুক রহিয়াছে, এবং সর্ঝ-চিন্তাকে, সর্বাদর্শনকে, ও সর্বা-মোদকে মানসমন্দিরে আসিতে বাধা দিতেছে: মুতরাং মহা-রাজের মনে ামাঝে সেই এক ভিন্ন অপর কিছুতেই স্থান পায় না। যেমন কীট-প্রবেশিত কুমুম-কুটাল স্বীয় স্থমধুর কান্তি বিস্তার করণে অক্ষম, সেইরূপ এই দারুণ শক্রর শক্রতা ভেদ করিয়া যে মহারাজ স্থীয় জ্যোতি বিস্তার করিবেন, ইহা কিরুপে সম্ভবে? তথাপি স্কুচতুর নরপতি বাহ্নিক ভাবের ব্যতিক্রম না করিয়া প্র-জাপুঞ্জের আমোদে আমোদ প্রকাশ করিয়া যেন আস্তরিক ভাবের আবিস্তাব করিলেন।

অতঃপর মহারাজ স্বীয় সিং-হাসনে পুনরাক্রচ হইয়া রাজ-कार्या পर्याटलांहरन मिन गोलन করিয়া প্রজাপুঞ্জের আবনন্দ বর্দ্ধন कतिएं नाशित्नम। किस मर्स-माहे विमन এवः मर्समाहे छिछ। সাগরে নিম্ম থাকেন। गकल वश्च हे क्रांग क्रांग विषय नाग জ্ঞান হইতে লাগিল শেষে আর কিছুই ভাল লাগেনা, কেন লাগে न।? (यरङ्जु निर्कांध मनत्नत তীক্ষ্ণ-শর-স্বরূপিনী মিশ্রকেশী সর্ফোল্রের মন্ত্রি স্বরূপ মনকে হতবুদ্ধি করিয়াছে। মন্ত্রণা নির্ভর-कांतिनी मञ्जन। विश्त करत स्रीय কর্মে সক্ষম হইয়া থাকে ? যাহা-হউক, দিন দিন মহারাজের শরীর শীৰ্ণ হইতে লাগিল, রূপ লাবণ্য মলিন ছইল এবং নিরস্তর হা ভতাশ আসিয়া জীবনের **সহ**চর হইল।

নরপতির এরপ হীনাবন্ধ। দে খিয়া পরিবারবর্গ ও অমাতা-বর্গের মনে ক্রমে ক্রমে চিস্তার उपग्र इहेल। अकल्लाहे नानाविध उर्क विउद्ध यशार्थ कात्र मिज्जामू হইল, কিন্তু কেহুই কিছু স্থির করিতে সমর্থ হইল না অপরাস্ত মাহসিক হইয়া নরবর দ্বারাও মনোভিলাষ পূরণে সমর্থ হইল ন। সকলেই নানামতে অন্যান্য ভাবে ভূপতিকে বুঝাইতে লাগিল, কিন্ত ভাহাতে কি প্রকারে বিপ-বীত ভাব মগ্ন মনে প্রবোধের উদয় হইতে পারে? বরং বিরজি-রই উদ্রেক হয়; প্রাত্ত্রলিত অগ্নি-শিখা নির্বাণ করিতে হইলে জলের পরিবর্ত্তে তৈল প্রদান করিলে কি কৃতকার্য্য হওয়া যায়? বরং উহা আরও দিন্তগতর প্রস্থ-निङ रहेश उटि।

রাজমহিষী ভূপতির দিন দিন হীন দশা দশনে এবং হীন সতি অনুভবে নিতান্ত বিষয়া হইতে লাগিলেন এবং মনোমাঝে কত রূপই ভাবিতে লাগিলেন। শেষে স্থির করিলেন যে, মহারাজ অব-শ্যই কোন মহিলাকে হৃদয়ের অধিশ্বরী করিয়া তাহার নয়ন-

শরাঘাতে জর জর হইয়াদিন দিন भौर्ग इहेट्डएइन, नजुता अना কোন বিষয়ে ইঁহার এরপে হওয়া কখনই সম্ভব নহে, কারণ যে ব্যক্তি এইরপ শ্রীশালী স্থরম্য রাজ্যের অধীশ্বর, এরূপ বিপুল বিভবের অধিপত্তি, এরূপ স্থচতুর স্থবুদ্ধিমান-সুধাবর্গ যাঁহার অমা-ত্য এরপ স্থান্ত্রণাদাত্রণ যাঁহার সচিবরন্দ এবং সমস্ত নরপতি-কুল ঘাঁহার আজ্ঞাকারী ভাঁহার আর কিদের অভাব আছে এবং কোন বস্ততেই বা এরপ দুঃখের ভাজন করিতে সমর্থ হয়? অত-এব ইহা নিশ্চয় যে মহারাজ কোন মহিলার মনোহর রূপ-লাবণা দশনে মুধা হইয়াছেন, মতবাকি কারণে এমন হইবেন। যাহাহ্টক দেখিতে হইবে পরে কি হয়। এবং ইহা অবশাই যুঁজি সিদ্ধ যে ইহার সারতত্ত্ব অতি অপ্স কালেই জানিতে পারিব। এরপ চিস্তায় রাজমহিষী একদা বিষয়ভাবে অবস্থিতি করিতেছেন এমন সময়ে তাঁহার জনেক প্রিয়-তম পরিচারিকা আসিয়া কহিল। —" রাজমহিষী আপনি কি ভা-বিতেছেন, ওদিকে যে আপনার সর্ধনাশের সূত্রপাত হইয়াছে, তা কি আপনি জানিতে পারিতেছেন না?

রাজমহিষী সহচরীর এতাছক বচন শ্রেবনে নিতান্ত ত্রস্ত
হইয়া জিজ্ঞাসা করিলেন— সহচরি! তুমি যে এরপ ভাবে কথা
কহিলে? কেন আমার কি সর্স্থানা হইবার সূত্রপাত হইয়াছে?
সহচরী উন্তর করিল, —
"মহিষি! আপনার আর তাহা
শুনিবার কোন আবশাক নাই,
শুনিলে কেবল মনোবেদনা পাইবেন, বৈ ত না"

রাজ্ঞি কহিলেন—"সে কি সহচরি! তুমি এরূপ করিতেছ কেন?
সে এমন কি কথা যে, আমাকে
সবিশেষ বলিতেছ না, আমার মন
নিতান্ত চঞ্চল হইয়াছে, আমার
দিব্য, তুমি সকল কথা আমাকে
স্পাট করিয়া বল। যদি আমার
কপাল নিতান্তই তাঙ্গিয়া থাকে,
তাহা শুনিলে আমি আর কি
মনোবেদনা পাইব? কারণ ক্ষণবিলম্বেই আমাকে তাহা হাতে
হাতে গ্রহণ করিতে হইবে, অতএব তাহাতে আশক্ষাকি আছে?
সহচরী কহিল, আপনি যদি

শুনিতে নিভান্তই উৎস্কুক হয়েন। তবে শুনুন।—" এই কভক্ষণ আমি মহারাজের মন্দিরে গিয়া-ছিলাম, দেখিলাম মহারাজ নি-তান্ত দীন ভাবে শ্যায় শ্য়ন করিয়া আছেন এবং আপনি কহিতেছেন, হা খরনয়নে! দুর্কোধ পুরুষগণকে দারুণ শর-ঘাতনই কি তোমাদিগের স্বভাব-সিদ্ধর্ম। তোমার বদন চন্দ্রমা দর্শন বিরহে আমি যে এত কাতর হইয়াছি, আর নয়নশরে এত দগ্ধ হইতেছি, তরু কি তোমার মনে দয়ার সঞ্চার হইতেছে না? তো-মার লাবণ্য কমল অপেক্ষাও কো-মল, কিন্তু মন কেন পাষাণ অপে-ক্ষাও কঠিন হইল? হায় স্ফা-ভুরের মরীচিকা দর্শনের ন্যায় আমিও কি নিরাশা-সাগরে নিমগ্ন হইব? পরে অমনি আমাকে দে থিকা সাত্ৰ নিতাস্ত ল জিল্ল ত নিস্তক হইলেন হইয়া এবং আত্তে বাগতে অৰ্দ্ধফুট বচনে কহিয়া উঠিলেন, "পরিচারিকে কি নিমিক্ত এখানে আসিয়াছ, মহিষী কোথায় আছেন? " আমি অমনি একটিও কথা না কহিয়া বস্ত্রে অবশুষ্ঠিত হইয়া কুণ্ঠিত-। অবস্থিতি করিতে লাগিলেন।

ভাবে সেথান হইতে অতি জ্ঞত প্রস্থান করিল:ম। ভাই কি, মহারাজ হয় ত আর কোন মহিলার রূপ দর্শনে মোহিত হইয়াছেন, তাহা না হইলে কেন এরূপ কথা কহিবেন, আর—আ মার বোধ হয়, সেই জন্যই উনি দিন দিন এমন ক্ষীণ হইতেছেন, তাহলে ত আপনাকে আবার সগ-ত্রীযন্ত্রণা ভোগ করিতে হইবে।"

রাজমহিষী সহচরির এতাত্ত্রক বচন শ্রবণে নিতান্ত মিয়মান হইলেন, নিরাশা-সাগরে নিমগ্র হইতেও ক্ষণকালের নিমিত্ত বি-लख कतिरलन ना। मान मान ভাবিতে লাগিলেন। হায় কোন ঘটনা উপস্থিত হয়, কিন্তা আশু হইবে, তাহা মনের গতিতেই বিলক্ষণ প্রতিপন্ন হয়। এইক্ষণে আমি যে ভাবিতেছিলাম, " মহা-রাজ হয়ত কোন মহিল†র রূপ-দর্শনে এরপ হইয়াছেন "তাহা হাতে হাতেই ফলিল। বিধাতঃ ! সপত্ৰী যন্ত্ৰণত আবার আমাকে ভোগ করিতে হইবে এইরূপ কথনান্তর রাজ-महिसी विज्ञमवन्ति शश्चह्छ इहेग्र।

সহ্ট্যা বহিৰ্গত হুইয়া কৰ্মান্তরে ব্যাপুত হুইল।

রাজমহিধী পুনর্কার চিন্তা সাগরে নিমগ্র হইলেন এবং মানস-পটে সপত্নী যন্ত্রণার মনোগত মূর্ত্তি করিয়া দেখিতে লাগিলেন এবং কখন বা ভাহার ভীষণাকুতি पर्भात जीउ इटेट नाशिलन। কখন বা ভাবিতে লাগিলেন যে, "আর মিথা ভয়ে ভীত হইয়া কি ফলোদ্য়, কপালে যাহা আছে ভাছাই হইবে। আমি বা কোন, यिनि तिश्रामाहिनी मानिनी कम-লিনী, তিনিও সপত্নীস্বরূপ দুবস্ত রোজের যস্ত্রণা সহ্য করিতে থা-কেন, তা যাহোক তিনিও যেমন রৌদ্রেকে উপেক্ষা করিয়া রবির ম-নোর্থ পূর্ণ করেন, আমিও না হয় তাহাই করিব আর রুথা ভাবিলে কি ২ইবে ৷ "

এমন সময়ে দহচরী পুনঃপ্র-বেশ করিল এবং কহিল "মহিষি! ঐ মহারাজ প্রমোদ উদ্যানে একা-কী গমন করিতেছেন, যে হেতৃ সে নির্জ্জন স্থান, বোধ করি সেখানে মনের উদ্বেগ প্রকাশ করিয়া স্থন্থ হইবার নিমিন্ত যাইতেছেন, তা চলুন আমরাও অস্তরালে থাকিয়া দেখিগে যে ব্যাপারটা সভ্য কি মিথা।"

মহিধী ইহা শুনিয়া সমাত হইলেন এবং উভয়ে সেই স্থলে প্রস্থান করিলেন।

পৌণক কহিলেন "গুরো, ওদিকে মিশ্রকেশীর যেরপ অবস্থা
হইল এবং তাহা কর্ত্ত্রক কিরপ
কৌশল প্রদর্শিত হইল, যাহাতে
উভয়ে মিলনমুখে মুখী হইয়াছিল, তাহা শুনিতে নিতাপ্ত
বাসনা হয়, অতএব অনুগ্রহে বিবরণ বর্ণিয়া দাসকে চরিভার্থ
করণ।"

মহর্ষি কৌশিক কহিলেন
"বংস পৌণক! ইহাদের রুস্তান্ত
অতি দীর্ঘ এবং প্রসানন্দজনক
ও আশ্চর্য্য, যেরূপে ইহাদের উভযের মিলন হয়, তাহা শুনিলে
বিস্ময়াপন্ন হইতে হয়, অতএব
আমি ক্রমে ক্রমে এবং পরে পরে
সমুদ্য বিবর্গ বর্ণন ক্রিতেছি
শ্রেণকর।

ইতি দিতীয় সর্গ।

कुममः श्रकामा।

মনোত্ৰা।

· 46- 3 10 (21-5)

একদা বসন্তকালের ত্রেরাদশী-যামিনীতে যাদব ও মাধব নামক দুই মিত্র এক প্রশস্ত প্রাক্ষণে বসিয়া-ছিলেন। যাদব কহিলেন, মিত্র! বহু দিন ইতিহাস শুনি নাই, অদ্য একটী ইতিহাস শুনিতে বাসনা হইতেছে। তোমার গণ্পা করিবার বিলক্ষণ ক্ষমতা আছে, বিশো-যতঃ আজ তোমার কিঞ্চিৎ অবসরও দেখিতেছি, যদি আমার অনুরোধ রক্ষা করা তোমার অকর্ত্তর্য না হয়, তবে মনোভ্রমার গণ্ণাটী বলিয়া আমাকে স্থী কর। মাধব কহিলেন, বন্ধু! গণ্ণাটী অতি দীর্ঘ, যদি বিরক্ত না হও, প্রবণ কর। ইহা বলিয়া মাধব গণ্পা আরম্ভ করিলেন।

পূর্ব্ব দেশে নীলন্ত্রত নামে এক জন অপব্যয়ী বণিক ছিলেন। পিতা বর্ত্ত্রমানে তাঁহার উচিত্র্যত বিদ্যা শিক্ষা হয় নাই। এই জন্য কেহই তাঁহাকে বিবাহ দিতে সম্মত ছিলেন না। সেই প্রামে তাঁহার পিতার এক জন সমব্যবসায়ী বন্ধু ছিলেন, তাঁহার নাম যোগা-নন্দ। যোগানন্দ স্বয়ং স্থাশিক্ষিত এবং তাঁহার একটী কুমারী কন্যা ছিল, সেটিও স্থাশিক্ষতা। কন্যার নাম মনোত্র্মা। এক দিন যোগানন্দ এ কন্যাটির বিবাহ্সম্বন্ধ করিবার জন্য নীলত্রতের ভবনে উপনীত হইয়া তাঁহা-কেই ঐ কন্যার পাণি গ্রহণ করিতে অনুরোধ করি-লেন। নীলত্ত কহিলেন, মহাশয়! আপনি আমার পিতৃমখা, আপনার আজা লজান করা অনুচিত, কিন্তু বিবেচনা করুন, আমার বয়স ৪০ বৎসর উত্তীর্ণ ছইয়াছে, আপনার কন্যা বালিকা, উদ্ধুসংখ্যা ১ বৎস-রের অধিক হইবে না। এমত স্থলে আমাকে এ বিষয়ে অনুরোধ করা আপনার পক্ষে যুক্তিযুক্ত হইতেছে না। আমি এই নিমিত্ত তাহাতে এক প্রকার অসশ্মতি প্রকাশ করিতেছি। আপনি আমারে সে বিষয়ে ক্ষমা করুন। বরং আমি একটী অপ্প বয়স্ক স্লপত্রি অনু-সন্ধান করিয়া আপনার আত্মজার পরিণয় বিধান স্কস-ম্পন্ন করিয়া দিব : তথাচ আমি নিজে সেই অপূর্ণবয়স্কা বালার পাণিএহণে কখনই সম্মত হইতে পারিব না। যোগানন্দ নীলত্রতকে বিবাহবিষয়ে ঔদাসীন্য প্রকাশ করিতে দেখিয়া নানাগত উপদেশ বাক্যে বুঝাইতে লাগিলেন। নীলব্ৰত স্বয়ং তোদৃশ স্থাক্ষিত ছিলেন ना, दक्तवल वालिका तमगीत পानिश्रहन कता निविक्क, इंहा লোকের মুখে শুনিয়াই ঐ রূপ অস্বীকার করিয়াছিলেন। প্রক্ষণেই বিবাহলিকা। হাদয়ক্ষেত্রে বলবতী হইয়া অগত্যা যোগানন্দের বচনে স্বীকার করিলেন। তদনন্তর উভয়ে একত্ত্ৰ যোগানন্দভবনে উপনীত হইয়া কোলীক নিয়মানুদারে আভ্যুদয়িক ক্রিয়াদি সমাপন করিলেন, এবং শুভ দিনে মনোত্যার সহিত নালব্রতের প্রিণ্য বিধান সমাধান হইল: কিন্তু যোগানন্দুছিতা নীল-ব্রতকে পতিত্বে বরণ করিয়া প্রম সুখাস্পদ দাস্পত্য সুখ অনুভব করিতে সম্থা হইলেন না। তিনি বালিকা विलिश है (य के क्रिश विमान घरेना बहेल. छांदा नरह, নীলত্তত সহজেই অক্কতবিদ্য ও দুঃশীল ; মনেশ্ত্ৰমা স্বভা-বভঃ নমা ও বিদ্যাবতী। কাষেই তাঁহাদের পরস্পারের মনের ঐক্য না হওয়াতে ক্রমে ক্রমে বিপরীত ফলোঁৎ-পতি হইতে লাগিল। তাহাতে ক্রমাগত ছয় সাত বৎসর তাহাদিগকে মনের অস্তর্থেই অতিবহন করিতে হইয়াছিল। রজনীযোগে মনোত্রা দুই এক খানি মনোছর পুস্তক লইয়া পভিকে প্রবণ করাইতে বসিতেন। নীলত্রত কোন কোন দিন তাহাতে বিরক্তি দর্শাইয়া হয়ত পুহ হইতে বাহির হইয়া যাইতেন, কোন কোন দিন বা পত্নীকে তিরস্কার করিয়া অন্য গৃহে যাইয়া ক্রোধভরে নিদ্রা যাইতেন। ভাবিতেন যে, এই দুঃশীলা কানিনীটার পাণি গ্রহণ করিয়া কি কুকর্মই হইয়াছে। পুর্বের ইহার পিতার নিকট যে রূপ অসম্মতি প্রদর্শন করিয়াছিলাম, তাহাই অবলম্বন করিয়া এই বিষম পাপে লিপ্ত না হওয়াই ভাল ছিল। অগ্রপশ্চাৎ বিবেচনা না করিয়া কি অথমা সঞ্চয়ই করিয়াছি। এই সকল মনোগত কথা মধ্যে মধ্যে স্ক্রছৎ ও বারাক্ষনাগণের নিকটেও প্রকাশ করিয়া বলিতেন।

হায়! অক্তবিদ্য যুবকের পক্ষে বুদ্ধিমতী ও বিদ্যা-तमधाहिनी तमनी तम कठ अमर छात्र ଓ क्लिम धनातिनी. তাহা কথায় বলিয়া শেব করা যায় না। মনোত্রমা স্বামীর এই সকল ব্যবহার দেখিয়া মনে মনে সংকণ্প করিলেন যে, দুর হউক ; আগর ওসব পুস্তক পাঠ করিয়া স্বামীর অসত্যোগ-উৎপাদিনী হইব না, অদ্যাবধি পতি গুহে আসিলেই সাধারণ কথাবার্ত্তায় সময় যাপন করিব। পতির অপ্রিয় কার্য্য করিয়া কেনই বা ধর্মের নিকট অপরাধিনী হই? এই রগ মনে মনে কম্পুনা করিয়া এক একবার বিমনা হইতেন। কখনবা প্রফু-ল্লান্তঃকরণে পতির আগমন কাল প্রতীক্ষা করিয়া আপ-নাকে ভাগ্যবতী মনে করিতেন। বয়াকালীন বারিধারা-সম্ভূত জলবিষের ন্যায়, নিদাঘ-পরাক্তের জলধর-সঞ্চারিণী অচিরপ্রভার প্রভার ন্যায়, ও ক্ষণভঙ্গুর বিশ্ব-মনোহর স্বচ্ছ ক্ষটিকমণিচ্ছায়ার ন্যায় নবোঢ়া কামিনীর অন্তঃকরণ মুহূর্ত্তের জন্যও স্থিরতা লাচ্ডে সমর্থ হয় না, ও উহাদিগের মনে কখন যে কিরূপ ভাবের আবিভাব হয়, তাহা অনুভব করা দেবতারও সাধ্যায়ত্ত নহে।

পূর্ব্বে বলিয়াছি যে, নীলব্রতের অপব্যয়বিষয়িণী অনিইকরী রতি অতি প্রবলা। তাহাতে তিনি দিন দিন এত দীন অবস্থায় পতিত হইলেন যে, দাস দাসী রাখিয়া গৃহকার্য্য নির্ব্বাহ করা তাঁহার পক্ষেকঠিন হইয়া উঠিল। মনোত্রমাকে স্বহস্তেই সমুদায় গৃহ-

কর্ম সম্পাদন করিতে হইত। তাহাতেও এক দিনের জন্য তাঁহার অপ্রফুল্ল বদন নিরীক্ষিত হয় নাই। কেবল পতির কি দশা হইতেছে, সমস্ত বিভবে জলাঞ্জলি দিয়া কি রূপে জীবনযাত্রা নির্দ্ধাই করিবেন, তাহাই ভাবিয়া এক একবার মুয়মাণা হইতেন ও মধ্যে মধ্যে দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ পূর্ব্বক মৌনাবলম্বন করিয়া থাকিতেন। ইহাতে তাঁহার পরিবারস্থ ও প্রতিবাদী লোকেরা বিবেচনা করিতেন যে, মনোত্তমা বুঝি স্বামার কটু বাক্য বশতই ঐরপ সন্তাপচিহ্ন প্রকাশ করিয়া থাকেন, বাস্তবিকও তাঁহার পূর্ব লাবণ্য অনেকাংশে বিবর্ণ হইয়াছিল। এই রূপে কিয়দিন গত হইলে একদা যামিনীযোগে নীলব্রত শয়নমন্দিরে আগগমন করিলেন। দেখিলেন যে, মনোত্তমা একাকিনী শ্যাগর এক পাখে শয়ন করিয়া যেন কি চিতা করিতেছেন। ভাবিলেন, যদি মনোত্মা আমার আগমন জানিতে না পারিয়া থাকে, তবে কৌশল করিয়া কিঞ্চিৎ কৌতুক করিব। ইহা স্থির করিয়া হঠাৎ গুপ্তভাবে গৃহাভ্যন্তরে প্রক্ষে কহিলেন, কই প্রিয়ে! আজ যে তুমি পুত্তক পাঠ ক্রিতে বসে বাই ? কেন এমন অলক্ষণ দেখিতেছি ? আহা ! এমন সময় আলস্য করিয়া কি চিন্তা করিতেছ ? গ্রন্থ পাঠ না করিলে যে মনে বৃত্তি সকল মলিন হইয়া যাইেবে; বিদ্যাবতী কামিনীদিগের কি এ প্রকারে বৃথা সময় নফ কর। উচিত ? মনোত্তমা সহস। পতিকে সমাগত

দেখিয়া সমস্ত্রে শ্যা হইতে গাত্রোপান করিয়া কহি-লেন, নাথ। অদ্য কোন পথ দিয়া আসা হইল ? বস্ত্ৰ বস্ত্র ! গোপনে রমণীর গৃহে প্রবেশ করিয়া আমারে অপ্রাধিনী করেন কেন ? অদ্য আপনাকে দেখিয়া মহা-কবি ভারতচন্দ্রায়কে স্মরণ হইতেছে। বীরসিংহ-দুহিতা বিদ্যার ভবনে স্কবি স্থন্দরের প্রথম সমাগমও ঠিক এইরপ। পিপীলিকা আদিলেও বরং জীবসঞ্চার জানিতে পারা যায়, কিন্তু আমি শপথ করিয়া বলিতে পারি, আপনার আগমনের কিছুমাত্র জানিতে পারি নাই। এই কথা বলিয়া মনোভ্যা উচ্চ হাদ্য করিয়া উঠिলেন। তদন छत्र रेथिया जावलम्न कतिश्र किश्लिन, প্রিয়তম ! বস্থন ! আপনি দাঁড়াইয়া ক্লেশ পাইতেছেন : আমি শয়ন করিয়া ছিলান, এটা আমার অপরাধ হই-য়াছে। অথবা আমি জানিতে পারি নাই, তাহাতে অপরাধই বা কিও নীলত্তত কহিলেন, প্রিয়ে! অত সঙ্কু, চিতা হও কেন ় আমি তোমারে অপরাধিনী করি-তেছি না; তবে পুস্তক পাঠ কর নাই, তাহাই জিজ্ঞাসা করিতেছিলাম। মনোত্তমা উত্তর করিলেন, নাথ ! আপনি সর্বদা আমায় পুস্তক পাঠ করিতে দেখিয়া বিরক্ত হন বলিয়া অদ্য আমার মনে এক প্রকার ধিক্কার জন্মি-য়াছে। আর শ্রোতানা থাকিলে বক্তা একা কি কিছ পাঠ করিয়া সন্তুফ হইতে পারে ? সেই জন্যই একা-কিনী শয়ন করিয়া আপনার প্রতীক্ষা করিতেছিলাম। অদ্য আমার কি মৌভাগ্য! বহু দিনের পর আপনার সাক্ষাৎকার লাভ করিয়া হৃদয় আশাসিত হইল। তৃষ্ণার্ত্ত চাত্রিনী যেমন শুক্ষকণ হইয়া বারি প্রার্থনা করিল, অমনি নবজলধর ২ইতে সুশীতল জীবন তাহার মুখে পতিত হইল। ত্বিতা চকোরী যেমন চন্দ্রমার প্রতি দৃষ্টি পাত করিল, অমনি নির্মালা শশিকলা হইতে স্থার্ফি হইল ৷ নাথ ! আমার প্রতি অদ্য এহদেবতাগণ অনুকূল হইয়াছেন। নীলত্ত কহিলেন, প্রিয়ে! তুমি যেরগা উৎক্তিতার ন্যায় ভাব প্রদর্শন করিতেছ, তাহাতে যেন ভোষার কোন অভিসন্ধি থাকিতে পারে এবং ভাব ভল্পী দ্বারা বিবেচনা হইতেছে যেন, কিছু জিজ্ঞানা ক্রিবে। অতএব যদি আমার অনুমান ভ্রমাত্মক না হইয়া থাকে, তবে যাহা ইচ্ছাহয়, স্বচ্ছন্দে জিজ্ঞানা কর। মনোত্রমা অবদর পাইয়া কহিলেন, নাথ। আমার মনে যে এক মন্দেহ উপস্থিত হইয়াছে, যদি রুফ বা অসম্ভট্ট না হন, তবে জিজ্ঞাসা করিয়া নিরাকরণ করিয়া লই। নীলব্রত কিঞ্চিৎকাল মৌনাবলম্বন করিয়া কহি-লেন, ভাল, কি সন্দেহ অত্যে শুনা যাউক, পরে সঞ্চত অসঙ্কত বুঝিয়া নিরাক্কত করিবার বিবেচনা। ছইলে অবশ্যই নিবৃত্তি করিতে যতু পাইব। মনোত্তমা কছিলেন, প্রিয়তম ! যদি অভয়দান করিলেন, তবে নিঃশঙ্ক চিত্তে কহিব প্রবণ করুন। আমি পুস্তক পাঠ করাতে আপনি সেরপ বিরক্তি প্রকাশ করেন কেন

তাহাতে যেন আপনার বিদেষভাবই প্রতীয়মান হয়। এবং আপনি সর্ব্বদ। বাহিরে বাহিরেই কাল কাটান, গৃহ ধর্মের কোথায় কি হইল, একটিবার জিজ্ঞাসাও করেন না। ইহাতে সংসারের মধ্যে যে কত বিশৃত্থলা হয়, তাহা বলা বাহুল্য। কৰ্ত্তা হইয়া সকল কৰ্মে ঔদাসীন্য প্রকাশ করিলে সংসার যেরূপ স্থনিয়মে চলে, তাহা বুঝিতেই পারেন। আপনি ওরপ বিরুদ্ধ কার্য্যে কেন প্রবৃত্ত হন, আরো দেখুন! আপনার শরীর পূর্বাপেক্ষা কত ক্লশ ও বিবর্ণ ছইয়া গিয়াছে এবং আপনি যেরূপ ইতরসহবাস, ইতর কর্মে আসক্তিও অকারণ অপব্যয় অবলম্বন করিয়াছেন, ইহাতে সংসারের মধ্যে নানা অপ্রতুল হইবার সন্তাবনা। এসব কি গৃহীলোকের ভাল দেখায় সেই জনাই বলিতেছি যে, এরূপ বিরুদ্ধ আচ-রণ কেন করেন : নীলত্রত ঈষৎ হাস্য করিয়া কহিলেন, অয়ি স্থেহসুলভে! চিন্তা কি ? এত অনিষ্ট আশস্কা কেন ? পুস্তক পাঠে আমার বিরক্তিই বা কি ? তুমি বিদ্যানুশীলন করাতে আমার অসূয়াই বা কি দেখিগ্রাছ? তবে এক একবার বলি যে, তুমি চিরকালই কি পঠদশা-তেই কাটাইবে ? কোন্ কালে আর অর্থ উপার্জ্জনে সমর্থ হ্ইয়া বিদ্যাশিক্ষার সার্থকতা করিবে ? কবে আর তোমার মানসক্ষেত্রে জ্ঞানকলাপের আবিষ্কার করিয়া লইবে ?

ক্রমশঃ প্রকাশ্য।

 শুকু ডাইরেক্টর মৃফ্ প্রবলিক ইন্ফ্রাকিসন কলিকাত। " ৬ 									
	এইচ, এফ, ব্যোন্ফোড	s ′		•••	ঐ	•••	3/		
••	এম, এইচ, এল বিবী			•••	ঐ	• • •	\$110		
••	বাবু যদুনাথ মল্লিক	•••	• • •	• • •	ঐ	• • • •	31		
••	ফকিরচাঁদ বন্দ্যোপাধ্য	†য় …	•••	•••	ब्र	•••	> \		
٠,	কালীচরণ দক্ত	• • •	•••	•••	ঐ	•••	ty?		
٠.	দারকানাথ দক্ত	•••	• • •	• • •	Ē	• • •	lgo		
••	রাধিক†চরণ মিত্র	•••	• • •	•••	ब	•••	3/		
٠,	শস্তুনাপ সলিক	•••	•••	•••	ঐ	•••	31		
,,	গোপালচন্দ্ৰ লাহিড়ী	•••	•••		न	• • •	in		
.,	শুরুদাস ঘোষ …	•••	•••	• • •	ত্র	•••	3/		
,,	শশিকুমার গঙ্গোপাধ্য	ग्र	•••	•••	ঐ	•••	31		
,,	জয়গোপাল বশাক	•••	•••	•••	ঐ	•••	31		
٠,	নবীনচন্দ্ৰ পালিত	• • •	•••	•••	B	• • •	31		
٠,	গিরিশ্চন্স দেব	• • •	•••	•••	ব্র	•••	31		
٠,	মতিলাল মজুমদার	•••	•••	• • •	B	• • •	31		
٠,	মদনমোহন হালদার	•••	•••	•••	ঐ	•••	3		
٠,	রামস্থন্দর ভৌমিক	•••	কে	তনবাড়ী,	, ময়মন	সিংহ	७१०		
,	পূৰ্বচন্দ্ৰ গঙ্গোপাধ্যায়	• • •	ক†শ	ণীমবাজ:	ার, বহর	মপুর	٦,		
••	नवीनकृष्ठ वस्र	•••	রাজস	াহী, রা	মপুর বে	। गानी ग			
					1	ঠ ক	७२,		

বিজ্ঞাপন।

১২২৩ সালের ভাদ্র মাস হইতে যাহাবা মৰ-প্রবন্ধের অগ্রিম বার্ষিক ও জাল্ভন হইতে বাগ্রাসিক মূল্য প্রদান করিয়াছিলেন, গত আবণ মাসে ভাহা নিঃশেষিত ১ইয়াছে। অপর যাহাবা গত বৈশাল ইইতে যাগ্রাসিক প্রদান করিয়াছিলেন, ভাঁহালিকের মূল্যও পরিশোধ হইয়া গিয়াছে; এক্ষণে পুনর্কার বার্ষিক বা মাগ্রাসিক মূল্য প্রদান করিবেন। যদি একমাস মধ্যে মূল্য প্রদান নাকবেন, তবে ভাঁহালিগের দত্ত মূল্য অগ্রিম বলিয়া পরিগণিত হইবেক না; গাঁহাবা অগ্রিম মূল্য দিজে ইছো না করেন, ভাঁহাবা এবং যাহালিগের নিকট অল্যাবধি গত বংশরের মূল্য বাকি বহিয়াছে ভাঁহারাও অবিলবে আমালিগের প্রাপ্য পরিশোধ করিবেন, ইহাতে ক্ষন্থা ১ইলে আমারা ছংবিভাল্ভাকরণে ভাঁহাদিগের নাম ধান প্রকাশে অগ্রত্যা বাধিত হইব।

্যদি কেই মাস্থল না দিয়া প্রাদি প্রেবণ করেন, ভবে ভাচ। এইণ করা যাইবেক না

২ গ্রাহক মহাশয়ের। মূল্য প্রেরণকালে যেন এক আনার অধিক মূল্যের ডাকের টিকিট না পাঠান।

ও মফস্থলীয় গ্রাহক মহাশ্যের। অগ্রিম মূল্য না প্রিটেলে এই পত্র প্রদান করা যাইবেক না।

8 বাথানিকের নূনে কাহাবও নিকট অগ্রিম মূল্য গৃহীত হট-বেকনা।

৫ কেহ এই পত্রে বিজ্ঞাপন প্রকাশ করিতে ইচ্ছ\ করিলে ভাঁহাকে প্রতিবারে প্রতি পংজিতে এক আন\ দিতে হইবেক।

৬ এই পত্র যাঁহার প্রয়োজন হইবেক, তিনি যোড়াসাঁকে। বলরাম দের জ্ঞীটের ১৮।২ নং ভবনে জ্ঞীযুক্ত তিনকড়ি ঘোষালেব নিকট স্থাপা থ্যাকার ইপ্সিঙ্ক এণ্ড কোম্পানির আফিসে জ্ঞীযুক্ত হরি মোহন কর্মকাবের নিকট পত্র লিখিলে প্রাপ্ত হইতে পারিবেন। বালেশ্বর ও তমিকটম্ব স্থানের যদি কেছ প্রাহ্ক হইতে ইছে। করেন, তবে বালেশ্বর একজিকিউটিব্ ইঞ্জিনিয়র আফিসেব কেসীয়ার জ্ঞীযুক্ত হীরালাল চট্টোপাধ্যায়ের নিকট ও ঢাকার হিন্দু হিতৈষিণী সম্পাদক জ্ঞীযুক্ত হরিশ্চন্দ্র মিত্রেব নিকট এবং কুমারখালীতে প্রামবার্জাপ্রকাশিক। সম্পাদক জ্ঞীযুক্ত হবিন্প মন্তু ম্লাবের নিকট তত্ত্ব করিলে প্রাপ্ত হইতে পারিবেন। এই পত্রেব

Part II.

NABA;PROBUNDHA

MONTHLY MAGAZINE.

-0000000--

नवथवन्ता।

মাসিক পত্র।

সদর্থসন্দেশহবিচারসন্ধঃ, প্রশস্ত রত্তার কৃতাবুসন্ধঃ। সমস্তসামাজিকচিত্তবন্ধঃ, প্রীক্ষ্যতামেষ নবপ্রবন্ধঃ॥

কার্ত্তিক, ১২৭৪। নাসিক মূলা ...।• দিতীয় ভাগ। নবৈষ্ব ১৮৬৭। (অগ্রিম বার্নিক ২॥• ৭ম. স খ্যা I

নিৰ্ঘণী ।

ফান্দের অনাথ-বিদ্যালয ... ১৯১ পাপ্তর বন্গমন কার্য ভূমি কি আমার ? ১৯৭ | ব্রাহ্মণের অদৃষ্ট ! ! ! ২১৮ রোশিনারা শিবজী নাটক ... ২০০ | মূত্র পত্তের সমালোচন ... ২২৪

কলিকাতা।

Printed at the Girisha Vidyacatna Press, No. 58-5. Mirjapur.

নব-প্রবন্ধ কার্যালয় । ষোডাস্থাকো বলরাম দের सी है अन्नार नर खबन.।

नवश्वका।

মাসিক পত্র।

সদর্থসন্দোহবিচাবসন্ধঃ প্রশস্ত রত্যান্ত রতাত্মসন্ধঃ। সমস্তসামাজিকচিত্তবন্ধঃ পরীক্ষ্যতামেয় নবপ্রবন্ধঃ॥

্রভীয় ভাগ। এম সংখ্যা। কার্ত্তিক, ১২৭৪। নবেশ্বর, ১৮৬৭।

াসিক মূল্য - - ।• অগ্রিম বার্ষিক ২॥•

ফান্সের অনাথ বিদ্যালয়।

নায় ভাঁহাদিগের চিত্ত মুদ্ধ হয়। এডিন্বরার সমাজবিজ্ঞান সভায় করাশা সামাজিকতা বিষয়ে যে একথানি পত্ৰ প্ৰকটিত হ্ইয়াছিল, ভাহার উপযোগিতা অনুসারে উল্লিখিত অভাবের মোচন হইতে অরেম্ভ হয়। ১৭৮৯ অবধি ১৮০০খঃ অদ পর্যায় সকলেই জাতিসাধারণ বালকদিগের শিক্ষার নিমিত্ত উদ্যোগী হইয়া-ছিলেন। প্রধান উদ্যোগ তিনটি সভাস্থাপন। প্রতিনিধি সভা, ব্যব-স্থাপক .সভা এবং জাতিসাধারণ মভা। এই শেবেক্তি সভার দারাই ফরাশীবা অধিক উপকার লাভ ক্রিয়াভিলেন। সম্রাট নেপো-লিয়ন একটা বিশ্বিদ্যালয় স্থাপন कांत्रशाष्ट्रितन वटि ; किन्छ ১৮२৮ থঃ অদের প্রবেষ্ঠ ভদ্মারা সাধারণ

শিক্ষার কোন বিশেষ উপকার। ভৎপর উন্নতিকুসুম প্ৰেক্ষ্ট উ হইতে আরম্ভ্র। ১৮৪৭ অকের প্রের ৩৩,৬৯৫টী (বালক শিক্ষার্থ) বিদ্যা-नग्र ছिन, के वदर्वत स्मर्य 80,008 है। इरेग्ना छिल, किन्न বিদ্যালয়ের भः था चिक्र विका दिवा नाहे। वालिका. शिक्ष ও शिक्षकिमगरक শিক্ষিত করিবার প্রণালী তথনও অসম্পূর্হিল। পারিশ্রমিক ও শিপ্প বিদ্যালয়ের প্রতি তাদুশ নৰ্মাল ক্ল ছিল বটে, কিন্তু ভাহা রাথিতে হয় বলিয়াই অধীকার করা যায় নাই।

প্রবর্ত্তিত হয়। সভ্রাট তৎকালে প্রতিনিধি সভার তিনজন মভ্য এবং রাজকীয় প্রধান সভার হস্তে শিক্ষা-कार्रात जात मनर्भन कतिया जिल्लाम, जारामार्थम महत्विपर्भव भक्ति ६ কিন্ত ভাগে নাম মাতা। महस्क दामान कापि लिक धर्मा । हाता निरम्निक इहेम्राहित्वन। পাসকদিগের হস্তেই সাধারণ শিক্ষাভার সম্পিত ছিল। সচরা-চর মন্তভেদেযে রূপ ঘটিয়া থাকে.

ক্যাথলিকেবা সেই স্বাভাবিক নিয়-বংসবাবধি মের অধীন হইয়া প্রোটেন্টান্ট দিগকে সেই উপকারে বঞ্চিত রাখিতে বিশ্বত হন নাই। পদা-সংক্রান্ত তত্ত্বাল্লাম্বানে তৎ পরি-গাম বিশেষরূপে প্রতিপন্ন হট্যা ছিল। বাজমন্ত্রিসভা, সাধারণ শিক্ষাকার্য্যকে যে রূপে শ্রেণীবদ্দ ক্রিয়াছিলেন, ভাতাব বিবর্ণ এই-সভাপতি, সাধাবণ শিকার অধ্যক্ষ, চাবিজন আক্বিশপ ভাঁহাদিগের সুহৃৎগণের দাবায় মনোনীত হই-মনোযোগ তথনও ছিলনা। ৭৬টি য়াছিলেন, পর্মালায় একজন পুৰে হিত শিক্ষাসভাব দ্ব ব निक्तीं हिन्न इन, डीहोदी निर्ध-विद्या भर्माभावां यात अकडन জাতিসাধারণ সভার প্রয়াজু সভাকেও নিযুক্ত করিয়াছিলেন, ১৮৫০ খৃঃ অন্দের মার্চমানে জ্বান্মে । ইস্বায়েল সভার আর একজন সভ্য भूछन नियमाञ्चमादव थिकाव्यभागी । ते मध्येषादय निविधे छितनन, বিদ্যালয তিনজন সভা সভার আটিজন সভা সমাটের শেষ্যেক সভোৱা বিশেষ বিশেষ শ্রেণী হইতেমনোনীত হইয়া যাব-জ্জীবন নিয়মিত বেতনে এক চির-

স্থায়া কমিটী স্থাপন করেন, তাঁহা- । গোল্যোগ, সেস্থানে ভিন্ন মতাব-দিগের পদ নির্বাচনের ক্ষমতা সন্ত্রের হস্তেই ছিল। ভদ্বতীত । অস্ত্রে নতে, যাহা হউক, জাতি অবৈত্তনিক শিক্ষকদিগের শ্রেণী হটতে আর তিনজন সভা গৃহীত হন। শিক্ষাকাষ্যের অধ্যক্ষাবা তাঁহারাও সম্রাটকর্ত্ত নিযুক্ত হইয়াছিলেন, কলভঃ সর্মপ্রকারে সংমিলিত শিক্ষাসমাজ স্কাংশে রাজ্যের অধীনই ছিল। জর ডান না-মক একজন ফরাণী, শিক্ষয়িতা নি-য়োগের দোব উল্লেখ করিয়। একটা উদাহরণ প্রদর্শন করেন। ৪০,০০০ স্ত্রালোক, যাহারা ধর্মোপাসনায় ব্ৰতী, তাহারা বালকবালিকাদি-গকে শিকা দেয়, উদারচারত ব্যক্তি মাত্রেই ইহার প্রতিবাদী। ত্র প্রালোকদিগের অন্তঃ চবণ অব-লিখত ধর্মা সংস্থাপ কুংক্ষাপ বিজিভি হয় নাই। তাংগা উঞ্-রুন্ডি ভালবাদে, প্রয়োজন চইলে ধর্মবিরুদ্ধ ব্যবহারেও অপ্রস্তুত হয়না, এরূপ হত্তাগ্য শ্রেণীব বারা শিক্ষাদান বিভ্যনা নাত। লেখকের অনুমান অথবা পরিচয় মুখার্থ কি না, কে ভাহার বিচার क्तिर्यन ? यिखारन धर्मा नहेशा

লম্বীর ভিন্নপ্রকাব সংস্কার হওয়া সাপাৰণ চতা স্থাপন হওয়াতে ফ্রেন্ব সৌভাগ্যের উদয় হইয়াছে, য্ার্থ, সভাটের একাধিপতা হেতু कार्गाद . मय मा भावा इहेगाट है, किन्न अञ्चलक धनावान, कान আজিও কোন স্বেচ্ছাচারী শাসন-नारे। কৰ্ত্তাব করতলস্ত হ य এক**টা** ধর্মাসম্প্রদায়ের এভাদুশ গুরুভার সমর্পণ করা সাধারণ মতের অলুমোদিত না इरेटल अथन ममूनीय বিষয়ে রাজসভার কর্ত্তর রহিয়াছে, তথন ভারতাপ্ত সম্প্রদায় ইচ্ছামত ব্যব-হাব কবিষ। কুছকার্য্য হউত্তে পারি-বেন, সে আৰক্ষা অধিক নাই, ভাষা থাকিলে এই অন্টাদশ বর্ষেব কান্সের শিক্ষাপ্রগালী মধ্যে এতদূব শিবুদ্ধি প্রাপ্ত হইত না। যে অভাবে ভারতবর্ষ মলিনা, অভাব অপা ২ **উরে**¦পে ছিলনা, ভাহা যাহা হইয়াছে, ইহার দ্বারা বোধহয়, স্বেচ্ছাচারী ও স্বার্থপর লোকেরা নেপোলিয়নের নিকট মায়াচক বিস্তাব করিয়া কুতার্থতা লাভে

मः था, शांशांशी वानकवानिकाव

সংখ্যা ও শিক্ষক ও ভত্ত্বাবপায়ক-

न ८ इन ।

বিদ্যালয়েব

করিতে পারেন না।

ভারত্বর্যে জাতিসাধারণ

এরপস্তল

সভা

দিগের সন্থ্যা ক্রমশঃ রুদ্ধি হওয়াতে ফান্স রাজ্য অপেকাকৃত উচ্চত্র সোপানে আরোহণ ক্রমে অধিকভর উন্নত হইবার আশা বহিয়াছে। দরিজ বালক বালিকারা বিনাব্যয়ে বিদ্যা উপাজ্জন করিতে পাবিতেছে। শতকরা ৬৫ জন লোক লিখিতে .ও পড়িতে পাবে, ইহা পুর্মাবস্থার সহিত তুলনায় ৬৫ গুণ শ্রেষ্ঠ इहेटव मत्मह नाहे। धकरन शांकेटकता प्रशिवना, ফান্স রাজভন্ততা ও বহুবিধ প্রতি-বন্ধকতা অভিক্রম কবিয়া কেবল একমাত্র জাতিসাধারণ সভার গুণে কভদুর শ্রেষ্ঠবলাভ কৰিয়াছেন। সভাদেশ মাতেই জাতিসাপারণ সভা আছে, সাধারণতার রাজ্যো এই সভার অধিক আদর হইয়া থাকে, ভারতবর্ষ সাক্ষাৎ সমস্কে সাধারণভন্ত না হইলেও বিদে-পীয় রাজা এখানকার সাধারণ মত অমান্য করিয়া সকল কাজ

সংস্থাপিত হইলে আমাদিগের विद्वीं निका ও असुवीनि कात य কছদুব গ্রীরুদ্ধি হয়, অনুভব-শালী ব্যক্তি মাত্রেই ভাহা বুঝিতে পারিভেছেন। আমরা প্রত্যাশা করি "সময় আইনে নাই" অভাস্ত পদটী বিদ্যুত হইয়া ভার-তবৰীয়েবা জাতিসাধারণ একতা-বন্ধনে দৃঢ়প্রতিজ্ঞ **इ**इँ दिन । ইহার ফল একপ্রকারে পরিণত श्टेटव ना। সমাজ, পর্ম্ম, শিক্ষা, অ'ধীনতা, বাণিক্সা, রাজকীয় বিচাব এবং সংসাবের যপাকর্ত্রা সকল বিষয়েরই সংস্কারের সতুপায় যাঁহাবা উল্ভি অবশ্য হইবে । দর্শন করিতে চাহেন, হউন, অগ্রসর হইয়। ভারতবর্ষের नाश महमनील बाटकाव शृक् গৌরব পুনরাহ্যান করুন। সক-लाहे पाथिए उद्दूष्ट्रा, अकल्यात याजू কিছুট হয় না, বিশেষভঃ ধর্মা मद्यक्त विश्लव, विष्वव श्रुद्धावर्जी। मन्द्रानाटग्रत,--मत्न कत्रन, हिन्धू मेल्यां पारयंत वकवा कि वक्षी কণ্পনা করিলেন, অপার সম্প্র

षांग्न, **-म**्न गुगलमान করুন, সম্বতি किटल न না, ভাহাতে कार्यह इंग्रेकती कल्पना গতের্ভ গতে বিলীন হইয়া গেল। জাতি-সাধারণ সভা হইলে এবং সেই সক্তোতীয় এবং সক্ষ-সভায় পর্মাবলম্বী লোক প্রবেশ করিলে उाँशामित्रात अमस्मित विहादत यांश স্থির হইবে, ভাহাতে প্রতিবন্ধ-করিবার লোক' আর থাকিবেন না।

তুমি কি আমার ?

উপক্রমণিকা।

ব্ৎসর

অতীত হইল,উত্তর-

🗶 🎇 🂥 🍇 বিংশতি

বঙ্গ-প্রদেশে একটা

ক্রিল বালাগ বাস করিতেন, তাঁহার ছট পুত্র ছিল।
বাহ্মণ তাহাদিগকে উপযুক্ত
সময়ে বিদ্যালয়ে দিয়াছিলেন।
বালকেরা স্বভাবছঃ সুবোধ; কিন্তু

বয়ঃপ্রাপ্তির পূর্ব হইতেই অসৎ-

সঙ্গে মিশিয়া নিয়ত অসৎক্ৰীড়ায়

কলে হরণ করিত। তাহাদিগের পিতা অর্থ বায়ে কাতর ছিলেন না, সম্ভানেরা যাহাতে লেখা পড়া শিখিয়া মাত্র হয়, অন্তরের সহিত সে চেফী করিতেন। বিধাতার লিখনে যদি কেহ অবিশ্বাস না করেন, তাহা হইলে এই ছই হতভাগ্য বালকের অদৃষ্ট ভদ্বিষ-য়ের উজ্জুল প্রমাণ প্রদান করিবে जल्लह नाह। विमान देश नात्म যত অর্থ তাহাদিগের হস্তপত হইত, তৎসমুদয়ই তাহারা অব-লম্বিত ক্রীড়াকৌতুকে বিসজ্জন দিয়া আসিত। পিভার ভয়ে विनालिया यारेज वटि. किन्छ कार्या मकनर ब्रथा। ब्रफ्त विक्रवत এই সকল গুপ্ত রহস্য জানিতে পারিয়া প্রতাহই ভাহাদিগকে সত্নপদেশ পদিতেন, নিভান্ত(অসহ্য হইলে বাৎসল্ভাবে তিরস্কার ক্রিতেন; কিন্তু কিছুতেই কোন कल इम्र नाहै। नहीं व স্তোবেংগ যখন কোন উচ্চ ভূমি লজ্মন করিয়া বক্রভাবে প্রবাহিত হয়, কোন্ব্যক্তি তখন তাহার

ष्ट्रक्रम (दश दोनुक) दक्षत्न निर्वा-

রণ করিতে পারেন ? বালকেরা

क्रम्बर व्यवाधा इहेग्रा उठिल। इष একদা আর সহা করিতে না পারিয়া मांक्र मनलारा शृक्षवयरक करि-लन, oetca देशदात निक्षे পুত্র কামনা করে,-পুত্রের দীর্ঘ कीवत्नत निभिष्ठ वत आर्थना करत, কিন্তু আমি তোমাদের মৃত্যু কামনা পিতার মুখে এই করিতেছি। প্রকার ভিরস্কারবাক্য শ্রেবণ করিয়া উমার্গামী বালকদিগের মনে তি-তিকার উদয় হইল " আর এ পাপ থাকিব না" এইরপ সংসাকে প্রতিজ্ঞা করিয়া তুই ছাভায় একতে গুপ্তভাবে বাটী হইতে বাহির इरेल। काथांग्र शन, शांठक-গণ পরে জানিতে পারিবেন।

প্রথম পরিচ্ছেদ।

সরোবর পুলিনে।

গ্রীম্মকালের প্রথর রৌদ্রভাপে
সম্ভপ্ত ছটি পথিক বিষয় বদনে
রাক্সপথে জ্বমণ করিভেছে, তাহারা
বিদেশী বালক। কোপান্ত বাইবে?
কে জানে। ভাহারা কি নিঃসম্বল?
না, ভানায়। সঙ্গে অর্থ জাছে।

তবে আর ভাহাদিগের ভয় কি ? कत्व, खक्राव, जनत्व পর্বতশিখরে কোথাও তাহাদিগের मात नाहे, यथात्न याहेत्व, भिहे शादनहे आद्याम,—दनहे शादनहे वक्,---(मह थारनह मल्ल,-- এवर সেই খানেই উন্নতি। ভারতবর্ষের উন্নতির ভাহারা সভ্যতার রাজধানী কলিকাভায় উপনীত হইল। मन्त्र विदम्भी হইয়া কলিকাভায় আসিল,—এক দিন আপনার বলিয়া থাকিতে পারে, এমন একটা স্থান নাই। निकट है বাহুড়বাগানের প্রাচীন সরোবর ছিল, বছদিনের প্রাচীন,—দেওলা ও ঝাঁঝীতে নগরবাসিনী পরিপূর্ণ। কামিনীরা প্রতি দিন বৈকালে তথায় জল আনিতে ষাইভ। वालक्ष्र्ती यथन महे जतावत कृत्न छे शविषे हिन, एथन श्रीय চৈত্র মাস,—রোডের रेवकान । উত্তাপ,-পথ প্রান্তি,- কুখ,formin,-- तकनी आग्डा,-- निवा-लाख काथांत्र थाकित्व,(म हिसा,-वह छलि वक्क इहेटल मान (यक्नर्य ভাবের উদয় হয়, শরীর বেরপ

व्यवम हहेट थारक, আনন্দ হয়, এই ছটি বিছালভা পাঠক মহাশয় কি কখন ভাহা অমুভব मर्गत्न विदम्भी अधिक इतीत मतन সেইরূপ আনন্দের উদয় হইল। क्रियाट्डन ? यमि क्रिया थाटकन, " জলপান কর " বারিধর একথা, मदन मदन (महे ही गात्र करून। বালক ছুটীর এখন সেই অবস্থা। न। दलिटल उ চাতক আপ.ন वालक विलया कि प्रश्नापा ? চপ্ৰাদন করিয়া **डिक्**यूटश क्षीक्जन-क्षीक्जन त्र करत। একটীর नग्न । বিংশতি, আর একটীর ষোড্শ। পথিকদিগের বয়স যথন ব্যক্ত দেখিতে ছুটিই পরম রূপবান। হইল, তথন আর ভাহাদিগকে পাঠক মহাশয়! কিঞ্চিৎ দুরে वानक वनिवाद आवशाक नाहे, দৃষ্টিপাত করুন। অরুণদেব প্রায় ক্ৰমে নাম প্ৰকাশ হইলে আরও अञ्चाहर्त हितलन,—इहि औरनाक অনাবশ্যক হইবে। এখন অবধি জন লইতে আসিতেছে; বামকক্ষে আমরা ভাহাদিগকে যুবা বলিয়া कुष्ठ, मिक्कि रुख प्रतिरुट्छ,—मस्रक যুবকেরা ঐ সম্বোধন করিব। অনারত,--পুস্পারত কবরী,--তুটী কামিনীকে দেখিবামাত্র অদ্বাৰত বক্ষ,— ঈষৎ চঞ্চল চৃষ্টি,— माँ जारेया छिठिन। कामिनी श्रुटित मर्था अकरी किहू मध्त शिवा । চঞ্চল অথচ স্থির। বোপহয় যেন, এক স্থানে থাকিয়া সমস্ত জগৎ দর্শন म (कार्थ युवक जिक्क लकाक विद्रा করিতেছে। এজগতে আর কি চঞ্চল? জিজাসা কৰিল, "তোমবাকে? অসময়ে এখানে বসিয়া কি করিছে —বিছ্যালতা। ইহাদের নিকটে কি **ছिलে ? आकारत विशिः इहेर्डिइ,** ভাহা-আছে ? অধরে দৃষ্টিপাত कत्नन,-- ज्रेष९,-- व्यथं हे अष्य सूम-ভোমরা বিদেশী। এখার্লেবিনি ধুর হাসা। দেখিতে দেখিতে काथांत्र ? " यूवक উद्धव करिन, जलाहे आमता विदम्मी, अमा ध সরোবর ভীরে উপনীতা। নিবিড व्यक्तकात, निभीश नगरत चनशक-নগরে আসিয়াছি। এথানে থাকিয়া विमा उथाक्ट्रेन कतिय। वाना का-त्नत् ग्रापा क्रमञ्जा मर्गम कतिता পথভান্ত পথিকের মনে যেরূপ ধায়, কিরূপে পাওয়া বায়, কিছুই

জানি না, কুধা পিপাসায় অভ্যন্ত কাতর হইয়াছি, এ রাত্রিকালে কোথায় যাইব, কিছুই ছির নাই। কামিনী পুনরায় কহিল " যদি অন্য কোন প্রভিবন্ধক না থাকে, আমার সঙ্গে আইস,—আমি বিদেশীদিগকে বাদা দিয়া থাকি।" যুবকের। আহ্লাদিত হইয়া ভাহার সঙ্গে চলিল। পথে যাইতে যাইতে কামিনী কনিষ্ঠকে জনান্তিকে বলিল "তুমি কি আমার?"

ক্ৰমশঃ প্ৰকাশ্য।

রোশিনারা শিবজী নাটক।

ষষ্ঠ অঙ্ক।

প্রথম গর্ভাঙ্ক।

দিল্লীর রাজসভা[°]।

(आदिदक्षद आजीन, शाद्ध ने बढी म्खायमान।)

আরে। মিরা! আমার বোধ হয়,
মহারাজ তগৎসিংহ, শিবজীকে পরাস্ত করে, রোশিনারাকে উদ্ধার করেছেন।

মক্তি। মহারাজ ! ভার আর

দদেহ আছে ? মহারাজ

জগৎসিংহ যদিও র জ হেয়েছেন, ভথাচ ভাঁর তুলা বীর
পুরুষ, ও যুদ্ধ বিদ্যা-বিশারদ
ভারতবর্ষে অভি বিরল। এমন
কি, আমি স্বচক্ষে দেখেছি যে,
যুদ্ধের কথা উপস্থিত হলে,
রুদ্ধরাজের উৎসাহ ও অধ্যবসায় শত গুণ প্রবল হয়।

আবে। তা আর একবার করে
বল্ছো। কিন্তু মহারাক্ত কাথসিংহ বর্তুমান থাক্তে ভারতবর্ষে একাধিপতা স্থাপন করা
আমার পক্ষে সুকচিন। তবে
তাঁর ভুজবল আগ্রয় কর্লে
অনায়াসেই হতে পারে।
কিন্তু তা আমি কর্বো না।
মক্তি। আজে, তা আপনি কর্

বেন কেন ? আপনার অভাব
কিসের? শিবজী এইবার
হস্তগত হলো, আর জগৎসিংহ রদ্ধ হয়ে পড়েছেন, ক
দিনই বা—।

আরে। সে ধা হউক, ছক্তরিত শিবক্ষীর কি সাহস? আমার পৌধ্য বীধ্য ও পরাক্রম জে-

নেও, কোনু সাহসে রোশি-নারাকে হরণ কর্বল ? মহা-রাজ জগৎসিংহকে আমি वित्यं व करंत बुरल निरम्निष्ट (य, छाटक रमश्रीदन वथ ना कदब, वन्ती करत द्रशास आदमन् মে ছুৱা**ছাকে স্ব**হস্তে ব্ধ कव तन, उदय आभाव कारधव উপশম হবে। মগ্রি। আছেও, এবার ভা হয়েছে। (সম্মুখে অবলোকন কবিয়া) মহারাজ! সেনাপতি ভীম-जि**९** इ. डोक्सिकिनी द्यांनि-নারাকে নিয়ে আস্ছেন। আবে। (সহ্রে গাতোখান ক-तिया) मिता! वन कि ! जीमिनिः ্রোশিনারাকে নিয়ে আস্ছে? ভবে বোগ হয়, ভীমসিংহই भिवकीत्क श्रवांच्य करतर्ह । व। - जीमनिर धक कन वशार्थ वीत शूक्य। (शादमें अव-लোकन कतिया) धेई (य আগত প্রায়। মৃত্রি! আজ আমার কি সুখের দিন বছ-কাল পরে অতুল প্রেমাস্পদ निक्नीत मूथभंगी नितीकः। कत्रालम। এত किरन मरनत

উদ্বেগ দূব হলো, উৎসাহ
বৈতি লো এবং ভূমগুলে একাধিপত্য স্থাপন কর্বার
আশাও বলবতী হলো।

(বোশিনারাকে লাইয়া ভীম-

ভীম। (কববেীকেড়) মহারাজের জয় হউক:

সিংহের প্রবেশ।)

আরে। (সহর্ষে) এস এস, ভীমসিংহ। সমুদর কুশল তো ?
ভীম। আজা হাঁ, আপনার বীর্যাপ্রভাবে যথন রাজনদিনী
রোশিনারাকে প্রাচার দক্ষ্য
শিবজীর হস্ত পেংক উদ্ধার
করেছি, তথন এ দানের
সকলি মঙ্গল।
আবে। ভীমসিংহ! শিবজীর হস্ত
থেকে রোশিমারাকে উদ্ধার

প্রিয়কার্য্য করেছ। অধিক কি এল্বো, তুমি আমাকে বিনামূল্যে কিনে রাখ্লে, আর আজ অবধি ভোমাকে বিংশতি সহজ্ঞ দেনার সেনাপতি পদে

করে যার পর নাই আমার

ভীম। (করবোড়ে) রাজ আজ্ঞা শিরোধার্য। আরে। (রোশিনারাকে আলি-জন ও মুখচুখন করিয়া) এদ মা এদ। দিলীর রাজভবনে যে, ভোমার অকলক্ষ মুখচন্দ্র পুন-কার সমুদিত হবে, এ আমার মনে ছিল না। বংলে!

> ভবন শৌতাশুন্য, উৎসাহ-শুন্য, ও অহ্মকারময় ছিল। একমাত ছ্রাচার শিবজীর প্রাভবে, রাজভবন শোতাময়,

> ভোষার অভাবে দিলীর রাজ-

উৎসবময় ও আনন্দময় হয়ে উঠ্লো। তীমসিংহের শৌর্যা

বীর্ঘ্য কনিভান্ত প্রশংসনীয়।
ভীমসিংছের অতুল্য ভুজবেল,
আমি ভোমাকে পুনর্কার প্রাপ্ত
হলেম। বংগে! আমার
ভার মনে ছিল না যে,পুনর্কার

ভোমার শরদশশীবিনিশিত অমুগম মুখচক্র দর্শন করে। শোকার্ড মনকে শাক্ত কর্বো।

आमि नितस्त्र छायमी कत् एउम् एस, त्कममकटत छ्वाचा मर्चे

শিবজীর হস্ত থেকে ভোমাকে উদ্ধার করবো। ভা, জগদী শ্বর এতদিনে আমার দেভাবনা দুর করলেন, এখন সেই চুরা-

চার দক্ষাকে হস্তগত কর্তে পার্লে হয়। (সজোধে) অ

हत्ख जात मस्तक हिमन ना

কর্তে পার্লে আমারকোধের উপশম কিছুতেই হবে না।

বিৎসে সে স্থাচার ভো ভোমার উপর কোন নির্দিয়

ব্যবহার করে নি ? শি। পিডঃ: আমি মহারাজ

শিবলী কর্ত্ক অপহত হওয়া অবধি, একাল প্র্যান্ত তাঁর

আলয়ে পর্ম সুথে ছিলেম। উদার চরিত্র শিবজীর সৌজনো

আমার কোন বিধয়েরই অভাব হয় নাই। ছঃখের

মধ্যে কেবল আপনার ও জন-নীর মুখদর্শনে বঞ্চিভ ছিলেন।

আমি দিলীর রাজভবনে, আপনার স্বেহরসভিষিক্ত হয়ে

रंबक्र श्रेथमञ्चल जाग्र काल याभन करते हिं, रमधादन ७ रमह

রূপ সুথে ছিলাম। আমার

স্থল জ্লাজার পরিবর্জনের জনা উদারচরিত শিবজী

একান্ত বজুবান ছিলেন।

বংসে! তুমি অভি সুরলা, চাতুরি কাকে বলে,ভাজাননা শিবজীব ন্যুয় স্ক্রিক, কুতল্প, বিশাস্থাত্ত এ জগতে আর ছুটী নাই। ভোমাকে যে , विटमस्यञ्ज केदत्र हिटली, रम रक-বল আমার অলোকিক বীর্যা, প্রভাবে, আর কিছু দিন ভো-মাকে উদ্ধার কর্তে ন। পার্লে আমাকে হতবীয়া জ্ঞানকরে আপনার ছিটাভিপ্রায় সিদ্ধ কর তে কটি কর তোনা। আর তা হলে জগৎ বিখ্যাত তৈমুর-वक्र-वः म वक्कारव সাগরে নিমগ্ন হতে।।,,, রোশি। ना शिकः! जाशनि जमन करत वन्द्वन ना। महाताक अभिव कीत नाम शामिक, उमात वलाय, युष्ठ्र ७ व्याग्रमन ष्यात विजीय नाहे । शिष्टः! अधिकिक विल्दा कि अद्या-करन, किस शर्मा करन, महाताक भिवनी दिन्दग्र महिल्लाः मादक निवादरे विवाद महाराष कत एउन । , अवर अस्तित हर मक्ता निर्देशकान्त्र करमा माधार्माद्र बद्धत कृष्टि कत्-

ু তেন না। মহারাজ শিবজাী व्यामीट ह অপহরণ করে. ু/ স্বাপ্তনার এবং আমার নিভাস্ত अश्रिक्ष कार्य करविष्टलन वरहे, কিন্ত তার স্পীক্তা, স্ক্র ্নতা, অমায়িক্ছা, ও উদারতা হলে, ক্রণ ও প্রান্য-मदन तरम समग्रमध्यावत अक्सारल ্প্লাবিত হয়। পিতঃ!্একা-ধারে প্রায় সুমস্ত তাণ হয় না, যিনি বলেন, আমার মতে ভিনি নিতান্ত অদুরদ্শী; ্বিগাতা মহারাজ শিবজীতত সমস্ত গুণ সন্ধিবেশিত করে-ছেন। পিডঃ। অধিক কিবলুবো, চক্তৰা আয় দিন্দৰি বেমুন, ब्रक्षनी उ मियरमब ्रष्ट्रवन, একমাত মহারাজ শিবজী এই ভারতবর্ষের ভূষণ স্কুপ। অভএর পিতঃ। অসু-গ্ৰহ পুৰুক ভার সৰল অপ-রাধ নাজনা কর্লে পরম सूथी हहे। জারে। (সক্রোধে)কি? ভোর ্ৰত্বড় স্পদ্ধা? আমার সম্মু-

শেই মুক্তকঠে আমার চির-

শক্র, ছুরাচার দস্য শিৰজীর

छनाञ्चाम कत् छिन । दा इन्ह রিতা কুলক্র্ট্রিনি! কিপিডা व्यश्राधी हिट्टा वामात निकरें क्रमा नाइ, पूरे देशी কেনেও কোন্সাহসে আমার निकटे अश्वाधिनी हरक डेमांड रखिंड्स ! देवादेक थिक ; रखात जटमा थिक, छूता। চার শিবজীতে অনুবাগিণী इट्रा, अन्द विथा ७ टेज्यूत-याज-द९ ८ भी কলৰ जूहे अथनि आमात मन्त्र करण ছুর ছ, ভোর মুখ দেখুতে আর আমার ইচ্ছা নাই। (ভীমসিংহের প্রতি) ভীমা-সিংহ। ভোষার এত পরিশ্রম त्कित इथा इट्ला। ्दाप्र इटफ रूप्, আমার भाभियमी, ख्रक्तिबादक শিবদীর "रखहर उ उद्यात ना कताई छात्र हिन ताचि । (जन्मक्) राष्ट्र विशाषा विषय हरन शिष्ठा মাতা আত্মীয় বুলন সক लाहे विश्वक इन । চিরসঞ্চিত আশালতা কি এক काल मगरन उम्मनिका रामाः

मदन्त यामना मकल कि मदना-मत्था विनीन इत्य श्रीन ! हा जनमिता जाजम द्रःथ ভোগ কর ভে কি আমাকে शृथिबीएकं शाहित्य हित्तन ! मृत्न करति हिल्लम, लिडा, मूरा-রাজ শিবজীর অপরাধ সকল माक्क ना कत् दवन, এवर स्मरे-সঙ্গে সঙ্গে আমার আমালভাও कनवर्जी हत्व, जा बहरण ভाষী प्रथ সকল এককালে বিনাশ হলো। আর ভরসাকি ? হায় হায়! যখন তুর্গ অধিকার ্যু, ত্থন মুহারাজ শিবজী वदन्हित्नम, " श्विद्य! (मृद्य) त्वनू, आमादक विकाद १ इह-अन्।" कहिन क्रमग्र अनटकत न्तर द्वाप इशे, श्रागनाशदक বিমরণ হতে হলো। কিন্তু उँवि स्माइन मूर्डि व अपृद्य श्रीमागद्वशाद नाम श्रीमिड बरम्बद्ध, डांड अक्टम दिनीन श्रव ना। (अकारम) शिकः! আপনার চরতে ধরি, মহরি।জ নিবলীর স্থাপরাপ বিশ্বত হোন আর এ জন্ম-ष्ट्राचनीत श्रीष्ठ अपूक्त नगरन

कट्ट (प्रत्थन, ज क्रम वाश-নার বিলক্ষণ হৃদয়ক্ষম হবে, ्य महाताक भिवकीत जुना উদারচরিত্র ও বছগুণসম্পন ব্যক্তি ভারতবর্ষে আর নাই। আবে ৷ (সক্রোধে) কি ? ডুই এখনো ছুরাত্মা শিবজীর গুণা-यूवादम कांख हिनदन ? दमथ, ভোর কি ছুরবস্থা করি। (প্রতিহারির প্রতি) প্রতি-হারি! আর অবেকা কর্বার व्यादमाक नाहे, अहेम्द्र अहे ছ্শ্চরিত্রাকে, কারারুদ্ধ কর। আমি আর ও পাপিয়সীর ্মুথ দেখতে চাইনে। প্রতি। (করবোড়ে) রাজাজ্ঞা ্শিরোধার্য। (রোশিনারার হস্ত ধারণ করিয়া) রাজ-निज्निः हत्नाः आत्राज-সভার ধাক্বার আবশ্যক

(जानि (ब्रिंदान्टन अनेड) हाय! श्या जागाव जल्दा क

(भारम बाई इंटना । जा नाम

जाशनि यमि विस्थय विद्वहन।

নিরীক্ষ্য ক্রনা ৃপিড়েঃ। ি মত এই দেখা হলো ' এই कथाञ्चलहे कि आजना अन्दर ्राम्स यक्तेश दिक इटरा बहेट्डा ? (প্রকাশে) পিতঃ! এজন-क्ष्मी कि कीवत्नत भाष शर्यास काताशाद्व थाकरव ? আহর। (সগর্বে) বেম্ন কর্মা, তছপযুক্ত ফল ভোগ কর 📗 त्राक्तुकृति! हेटला, व्यात विनद्य अद्योजन আমাকে রাজাক্তা, প্রতিপালন কর্তেই হবে। রোমি। (স্বগত) হা বিধাতঃ! ৈতোমার ুমনে কি এই ছিল্ট া হাল ৷ হায়! পিতার হৃদ্য কি किन, अँत क्राय, कि वाद मना तरमत लग माज नाहे। তুর হোক, আর ওসব কথায় श्राक्रम नार, अहर्य ग हिन डाइस्ट्रा। (अक्ट्रि) खद्द हम् (রোশিনারাকে লইয়া প্রতি-হারীর প্রস্থান) आदि । वा! वार्णम श्वन, असन ু পাপীয়দী ছুশ্চরিত্রাকে, আমি

একাল পান্ত ক্ষেহ্রস্পরবিশ হয়ে প্রতিপালন করে
ছিলেন। তীম দিং! তুমি এখন
যথাস্থানে অবস্থান কর গে।
মিন্ত্র! বেলাটাও প্রায় ছই
প্রহর অতীত হলো, আর
মনটাও নিতান্ত উদ্বিগ্ন হয়ে
উঠছে, আমি এখন অন্তঃপুরে
চল্লেম, স্লান আহার করিপে,
তোমরাও অহারাদি করে
একটু বিপ্রাম কর গে।
মন্ত্রী। যে আজ্ঞা মহারাক।
(সকলের প্রস্থান ৷)
ইতি প্রথম গর্ডাক।

প্রাপ্ত।

পাওব বনগমন কাব্য।*

প্রথম সর্গ।

হস্তিনা নগরাধীপরাজান্ত্র্যোধন, ক কৌরব কুল-শেখর; স্থ্রিপুল যাঁর কীর্ত্তি জগতে বিদিত, মহামানী বলি লোকেযোধেসদাযারে;কেন্সাজিতিনি

ব্রিয়মান্ হয়ে অভি, বসিয়ে ভূতলে ভাজি রাজ সিংহাসন মরকত ময় ? কহ দেবি! কেশব-বাসনা, কহ শুনি, अ मारम रम मव विश्वविद्या वीनाशानि। ডাকিগো:ভামারেদেবি অভিসকাতরে মন্দমতি, মাত ! আমি অতি জ্ঞানহীন কুপাচক্ষে চাহ একবার, উর মম लिथनी উপরে, इও বরদাত্রী, মন মানস মোহিনী বাঞ্জা কর ফল প্রদা। সুচারু মোহন ছবি, রতন গঠিত সুসভা সুরেন্দ্র সভা নিন্দিত, সুন্দর, সুশাসুর নর চমৎকার, তুলনাতে অতুলাধরণী মাঝে, এ হেন সভায়, মরি. কৌরবেরপতিতাজিসিংহাসন निमन्न प्रत्येत इत्म, विभिन्ना धतात्र, হইয়া নীরব, নিবারেন নেত্রনীর। বসনৈ বিবলে; অধোমুখে ত্যজিছেন मीर्च अाम. इरा का कि वान्त्रल क्मा দেখিয়া ভূপের ভাব সহচরী যত, (थटम मध महिक्छा, छाक्रिया होसद. भाति भाति माँ छाइना मदव बक्लाटम সরি, চিন্তাকুলা; ছ্ত্রধর-গণ ষত ফেলিছত,রহেপাশেকৃভাঞ্জলি হুয়ে, বিমনা হেরিয়া ভূপে, মগ্ন হয়ে গুখে नर्छ भीती ज्ञान मूची छाज्जिन नर्छन। পভাকা বাছক ফেলি টাম श्राक्षण छ,

नीतरवर्ष्ड्यक्रारभगाँ पाइनाकारन

मकत्वरें इहेन नीत्रव, পात मित्र, আছে যত বসি সভাতলে, নতভাবে। গাঙ্গের, বিছুর, দোণ, জয়দ্রথ শল্য, ভূরিপ্রবা ভগদত আদি যত জন, नीवविता नववदव प्रथिया अञ्चित । সকলেরি বিষয় বদন, কেহ কিছু না পায় সন্ধান: জিজাসয়েপরস্পরে চুপে চুপে, জানিতে নিগ্চ তত্ত্ব যত। नकरल तूबाय विधिमटच नृशवरत, কিন্তহায়!কেকরেসান্ত্রনাশোকাবেলে! পারে কি নাড়িত ভগিরিমূত্লপবনে ? ভামু কিজুড়াতেপারেঅন্লেরতাপ ? নাহি কর্ণ প্রিয়তম,নিকটেতেআজি, व्यथव। माञ्जरिहेउकी: मोवनशारम, ষণায় প্রকাশি ছু:খ, হইবে শীতল, কিঞ্ছিৎ বেদনা ভাঁর। সভাসদ হয়ে বিফল, বসিলা সভাভলে অধোমুথে। ছর্য্যোধন ভ্যক্তেঅশ্রুধারা, ভিভিবস্ত্র আর আর সকলেতেরহিলা নীরবে। আদিতা প্রথর এবে ধরি ভীগ ভাব। উত্বিলানভো-মধা-স্থলে;আসিপরি (अंद्याम, इत्य विविध तकत्व कांत्र সজিত কিন্তু,রে অঞ্জন্ম শ্বভাব! তুই इसीत मेंडड कड़ू नटह अवर्डन कति श्राक्कृतिक, शिक्षणनग्रदनहारि, कतिरा नाशिनि मक्ष यक कोवकुरन

যাহারা সভত ইচ্ছে তাঁহার উদয়। প্রচণ্ডতাপতাপিত মৃগকুল, হয়ে, অতি ভ্যাতুবএবে, জনিতেছে বন বনান্তরে জলআশে। মরিটিকাবশে কভুপাইতেছে ক্লেশ। শিখিকুলক্লান্ত এবে স্লানভাবেবিপ্রামেতরুতলেতে। ভরুবর বেষ্টিভ ব্রভনী ম্লান এবে, পল্লব পুষ্পাদি হায় হৈল শোভাহীন জীবকুল হইয়াছে ক্লান্ত, করে দবে বিশ্রাম নিজ আবাদে। ভৃষিত ধুষর वर्ष देश्न ठ्युक्तिक। दर्मथया श्री छ রবি শিরোপরে হইল সঙ্কেত তবে ভাঙ্গিবারে সভা সকলে ত্যাজিলা রাজ कार्या, विलिशना (ययात्र मिवित माद्या। नकरल निक्र । ख এर्द रेहल मछाहरछ. একা মাত্র রহে ছর্য্যোধন, পৌর্ণমাসী গোধূলি ললাটে একটিরতন শোভে যথা। তারকতক্ষণে,করিচিন্তামনে, কিবা, উঠিলা সভা হইতে, চলিলেন व्यार्थन मन्दिद जूर्यदर व्यनामना। বসন লোটায় ভূতলে, হায় কুসুম मनात नाम, मानिका, रहेट्ड धृनाय ধুষরিত; ছিঁড়ি রত্ন মুকুতার হার, ষতেক মুকুভাচয় পড়ে শারি শারি তোর ! এবেদিগুণদেবেতে, কোধানল। ভূতলে, আহা,বেনরে (কিদিবতুলনা) প্রভাতেশিশির নীরবিন্ডু শাভেচারু, ज्ञानन शदत,यदव तवि (मथा (मय

উদয় অচলে, কুক্কুম, কস্তরি আর কেশর চদন ভাসিভেছে নেত্রনীর শ্রোভেদ্রেভ, আহাযথাহিমাচলশিরে

গলিয়া ভুষার্রাশি পড়ে ধীরে ধীরে বহি গাত্ত; মবে রবি, থরতর কর

বিতরয়ে ভত্পরে। পড়িয়ে কিরীট ধুসি হৈম, চারু জ্ঞডিত বিবিধমণি;

আহা যেন সুনেকর সুবর্ণ শিথব চাক্তনিভ: পড়িল সাগরনীরে ঘোর

শকে, মহাবলিটবনভেয়পাকশাটে। এইরূপে আলু গালু বেশভূষা পবি,

চলিলা চঞ্চলচিত্তে শিবির সদনে মগ্লভুঃখে। আহাতেব্যমনগোপবাজ

নীলমণির বিছ ন, (১) হয়ে নয়নের ভারাহারা প্রায়; ফিরিযানশুনামনে

ব্ৰন্থানে। ওরপচলিলাভুর্ব্যোধন। চলিলাকৌরবপতি^{নী} হেনকালেকর্ণ,

मह नकूनिष्ट्रस्य थः आर्मिनना (मथा। महाविन ममहादम बाका प्रदर्शपदन।

দেখিয়াগমন স্লানমুধেতে, ঞ্চিজ্ঞানে কৌন্তেয় অভিবিনীতভাবে ।কহভূপ!

হে প্রাণস্থে ! ক্রিহেতু হে নভাবতব

(१४) संख्या यामस सीलमनि होता हत्य पृश्तभ अल्लाहम शिया हित्समा प्रतितिकार

তক্রপ নান হার। জানিত দুংধে মগ্রহটয় গুরে প্রবেশ কবিতেছেন, এক্সলে নীল্ম নির সহিত দুর্যোধনের নামের সহিত দেখিত্যাজি? যেনঅভিচিন্তাকুনপ্রায় কেনহেনবেশ ? কেনহেঅধোবদন

কেননাহিকওকথা ? কিহ্যেছেওব কহতাপ্রকাশিমোরে। সাধিকতথনি যদিও সাধিতে হয় সঙ্কটে। করিয়া

প্রাণপণ সাধিব মঙ্গল ভব আমি। ছচাইব মনোগভ সমুদয় ছঃখ।

বলিয়া এতেক বাণি নীরবিল কর্ছু। কহিলা শকুনি তবে, কহপ্রিয়তম, প্রাণেবঅধিকতুমিমোর;দেখিনেরে

বদন তোর স্লান; অন্তাপে দহেরে অস্তর আমার। নিত্রীক্ষণ ক্রি গাঞ্জি

ভোরএভাব, রে কুক্চুড়ামণি! মোর হৃদয়দহিছেমমুভাপেতে। কিহেতু

আজিএত (মুয়মান তুমি, কিঅভাব তব;বলদেখি,প্রকাশিয়ামোরে।হায়, সসাগরা সহ বার অসীম রাজজ;

অমাত্যভামুকুমার; ভীখন্ডোণআদি সেনাপতি; সৈন্যঅসংখ্য যারগণ্নে যারজ্জবলে সদা ত্রিলোক কম্পিত:

বিদ্যাধরী আদিযার দেবাক্রেনিত্য বিপুল ধনেতে ধনিঃ হৈম রাজাবাস

চারুনিভ অয়কান্ত মণিতে থচিত : কেন্সাজিতারংহনদশা ! হায়রেএ বড় আশ্চর্যা! ভুবন যার আজ্ঞাকারী

ভার্কিসমুবেকোন ছংখেরব্যাপার?

203

কহতবে কহ, হে কৌরবকুল রবি বহে**অঞ**্জোত!অহো,মথাগিরি**শি**রে কিকারণেসাজিএতসাছ মানভাবে? নির্মার নিকর, ঝরি ঝর ঝর রবে उरवताका इंद्याधन जूलकूनाधील, কতে নিজন্থ:থৰপাবাৰীক্ৰনিকটে ;— এত হটলা অস্তির হুমি ; এই কিছে ''শুনহেপ্রাণ্সথা! হে মাতুল হিতৈষি ৷∣কৌরব কুল-পক্ষজনাণ স্থির হও শুনিবে বা কিবা অভাগার মনস্তাপ ? ধর ধৈর্ঘ্য, হওনা ব্যাকুল এত; যদি कहिटल बद्धांग्र मम ना मटत दहन. দহন হতেছে মন প্রাণ ; হায়, যথা বনাধীপ খাণ্ডব দহিল খোর ভেজে, যবে পার্থ দিল অগ্নি নারায়ণ সহ।" বলিতে বলিতে অন্নি হইলা নীরব রোদন বদনে নভশিরে। গভ দেশে

(१) दशमन टॅमनांक टेमल (नवर्राक-चर्य **को उ**रु देश काउन करन कूरं व करन-শের নিকট দুঃখের কথা কহিয়াছিল, সেই রূপ দুর্য্যোধন অনুতাপ-রূপ শত্র হাত হইতে পরিত্রাণ পাইবার নিমিজ, ব্যুজ-ক্লপ সবোষকে জুকায়িত হইমা আপন मटनाकश्चा बाक्क क्षित्नन्। ६ :

বহি গিরি দেশ, ক্রমে পড়য় ভূতলে ! দেখিয়া মাতুলে আর প্রাণস্থাকর্ণে ভূপের এ ভাব দেখি শকুনি, কৌত্তেয়: সম্বাথে নিজ; হরবেতে হইলামগা। হইলা অবাক দোঁতে। এচাতে উহার ভ্যাঞ্জিদীর্ঘাস, ক্ষােই ভাশক বি মুখ পানে কেছ কিছু নাপায় ভাবিয়া কহিতেলাগিলা মৃত্সেরে, হায়, নিজ তিবে কর্ণ-দিনকর স্তে, তেজে দেব ত্বঃথের বারত। যেমন দৈনাক শৈল(২) দিনকব প্রায়; কহিতে লাগিয়া মুত্র গোত্রভিদ্ভারে, পশিয়া অভলজালে; ভাষে। —''হেবাজরাজেশাবলকিকারণে মগণি বন্ধুত্ব সবে কহিলা বান্ধবে।— সাজেহে তোমায় ? বলহে প্রাণস্থা হে! কেছ দেখে ভোমার এভাব, বলদেখি ভবেকি বলিবে সেইজন। ভাজশোক, বলহে আনায় স্বিশেষ; অবশ্যই প্রতিকার করিব তাহার, করিলাম তোমারসদনে আমিএ প্রতিজ্ঞাচ্চ।" श्वनिया এতেক वांनी करनंत्र वपत्न. হইলাপরম হর্ষ রাজা ছর্ফ্যোধন ; मत्नत मानिना यक जद शन पृद्ध । विक्रिन दमन सूर्धाकत, मृति (त. যেমতি দিনাস্তে, প্রচণ্ড ঝটকা র্যট হইলে বিগত ; বিস্তারিত ভাসুকরে, निमंत्र सूथमागदत यक्का भंत्री। কহিছে লাগিলা ভবে প্রফুল বদনে রাকাত্র্য্যাপনম্প্রাময়। — "হেমাত্র

250 নব-প্রবন্ধ। তে সংখ! প্রাণের সমান মম ভোমরা বারহেতুআমিএভহয়েছিভাপিত।" সবে: কেবলসাহসে ভোমাদের, আমি এতেক কহিয়া নীরবিল কুরুপতি। হই ভূপগণ পতি যথা স্বিপুল শাথা সহকারে তরুবর, প্রকাশয়ে প্রবেশিল স্তুপ সহ স্বিরল গুছে निक्रनाम महोक्रम विल वनमात्वा। यथा निभाष्ठ निभीभ, मह निक्रमल, ভোমাদের সহায়েতে সর্বক্র বিজ্ঞানী, প্রশে অন্তাচলস্থিত চারু হৈমখরে। ঋর্কুলপ্রংসি, সুথেতেবাসি এরাজ্যে পুনঃ ছঃথ সাগরেতে হইয়া মগন, यथा (मवदांडा, भिवमन महकादत ভোমাদের বাহুবলে আমার এনান, লক্ষেশ্বর সভাভলে: দৃত্যুখে যবে ধরাধামেবাাপ্ত সদা; ৰথা জোভস্তী শুনিলেন, প্রিয়-পুত্রগণ যত হত ;-ষত সানন্দেতে, গাইতেছে প্রচেতের ত্র্বার, রাঘব রবি, রামচক্র শরে। মহিনা সভত। তোমরা সহায় ভার, আবার দেখিয়া হেনদশা, ভামুসুত 奪 অভাব ভার এতব মণ্ডল মাঝে 🏿 হইলা চি**ছিতঅভি**। ভাবিতে লাগিলা যাহার ঘরের ছারে আছে প্রভাবন, হায়রে, নাজানিআজি হইয়াছে কিবা সেকিছে কথন ক্লেশ পায় জল হেতু ? | চাই রাজা ছর্য্যোধন (সদা যে প্রফুল) ভোমরা দর্কার মম, জীবন হটতে | হইয়াছে এত বিধাদ সাগরে মগ্র। थियः: (कांगात्मत्रमम वक्षु ः। भागाताति हिस्तिया करणक, करव अकि मृष्युदत পাব পুজিয়া এ ধরাধান ? ভোমানবা জিজ্ঞানিল পুনংকণা—''কিহেডুহেসথে ভিন, কে করিতে পারে হেন মধুর্টি হইলে ব্যাকুল এত : কেমাজি করেছে বচন-অমৃতে, আমার মানস-ক্ষেত্রে ? ভোমাছঃখেরভাজন, বলভাহামোরে। मम मन-मस्राप शिन ছ (तटक এবে কথঞ্চিত; ভবে ছেন অসুমানি মনে, ভায়, করিব বেমতে পারি ভবমন विन्ति मक्न, मर्स जांश बाद पृद्ध। **हल** छट व हर खिया दाश्चर कर्न,

ভবে ছুইজন অভি সানন্দ অন্তরে; নীরবে আসন পরে বশিলা ভূপেশ, নাশিরতে; অতুলতিদীবেবাসে সুথে। চিস্তায়বদনভারি, মৌন।—হায়, যথা আমি-পরস্তুপ, সমুচিত শাস্তি দিয়া (डाव ; जीवन कति पू वहे भग। यन ভবেৰ্ল, কেতব এছ:খ ছেতু আজি!" হে বিজ্ঞ মাতুল-সচিবভ্রেষ্ঠ ; কুড়াব । গুনিয়া প্রব্যেধ বাণী, হয়ে স্থিরচিত। म्दनत काना वितरल, करिया त्य मव । किस्तिका ताका पूर्वाधन र प्रवदा

-''আবিকিবলিব,সংখ! ধুংখেরবারভা[হাহাকার-রবে দিক্ করিয়া ধানিত। বিবরিতোমায় সব !—জানভ সকলি। গুনি ছুর্যোধনের বচন, মনস্তাপ এভব মণ্ডলে আৰু আছে কোনজন পেয়েমনে, প্ৰকাশেতেকহিলা সাক্ষালি সাধিতেঅনিউমম ?—আমিছুর্যোধন; বীবকর্ণ ধমুদ্ধর।—"হায়, কিকারণে কিন্তু সেই তুর্বার পাণ্ডব পঞ্জন কেন এড কর ভন, হে ভূপ; পাণ্ডবে! চির বৈরিমন। কভুন। আনাটিতে পারি কি কবিতে পারে ভার। তব, যভদিন আনিয়াহাদের।—করেছে যেঅপমান, রবে ভবে তব এমিত্র ভাতুজ?—আমি অকল্য সেস্ত। কহিতে, লজ্জায় মুখে বিদ্যাশনে এগা বল, কোন্যোধ্ আসি নাহিল্বরে বাণী। হায়! কভু, জুলাব্দি হিং সিবেতোমায় !—সুরপভিডরেযার আणि, इहेनाहे (हन मानहीन किल्यो, सदत, किल्य खोहांत, मिक्कन योहांत কিন্তুবে লাঞ্ছনা মার করেছে পাওবে, মিত্র-আক্রমিতেপারে কিশুগালেভারে. হায়, সমরিলে সে সব দহেরে এ আজে কেশরী সহায় যার? বল, কোনজন ছোর অভিমানানলভাপে। কারবেন। আছে পাওবেরমাঝে, যুঝিবে যে ময হয় ইচ্ছা মনে, নিপাতিতে হেনশক্র! দনে ! -পরাজিতে রনে ! একা ধনঞ্য় কিন্তবলকিকারতেপারি আমি!—হায় মাত্র গণনায় গণি আমি পঞ্চলাতা হিমাজি কিহয় চূর্ণ কুজলোষ্ট্রাখাতে মাঝে, আরনাহি বীরকেহ। কিন্তবল, অবধ্য পাণ্ডৰ ভাৰা কে বধিবে রণে ়াকিকরিভেপারিবে দেএকা কোহারেনা কে আর করিবে দৃর এ মন বেদনা। করিভয় আমি, কেবা এভুবনে মম ধন্য ধন্য অস্টেনছিল ভারা ভূমগুলে, সম পত্রজার ? গুরু-পদ পুজি যদি যথার্থতঃ তারা ধরেছিল ধতুর্বাণ : আমিপশিরণে, তিলেকেক্সিনিতেপারি ষ্ণার্থতঃ ক্রোণগুরু দিয়াছিলশিক্ষা,— এ তিন্তুবন;—অপারে কাহার সাধা? হায়ের, এ হেন শিকি। কার এস্তুতলো! অতএব মিছাভয় করিছ নুমণ। কিন্তু ধিকমোরে!—শতবার দিইধিক!বল অতঃপর, সথে! কি হইল পরে, আমিওত জামিয়াছি এ ক্ষত্র কুলেতে, কেমনে পাওব ছুরাচার করিয়াছে কেনতেহতেনদশামোরতবে!—কিতেতুমর্মতেদতব।—গুনিতেবাসনাবড়। নহিবলেবলি, সহি অপমানমাত্র!"— ভবে আরুদ্রিল পুনঃ কুরুকুল-পতি मा कर्म करेका जीवत: - यह ज्या विविधानशास्त्रितविकासविष

শুনভবে বলি।-হায়! কিআর বলিব তুমি, তুমি হে করিবে তার সত্পায় সেইসব ?--জান্ত্সকলি।-বেপ্সকারে (যইরূপ; আরকে পারিবে ছেনকবে?" (যুধিষ্ঠির রাজস্থ্য যজকালে) সভা ভবে মন্ত্রী শকুনি কহিলা (চিন্তা করি ইন্দ্রপ্রেষ্ট্র জ্বারজ্বে হই অপ্নান। ক্ষণকাল) ছুৰ্য্যোধন পানে চাহি হৰ্ষে। হাধিক !এবলিতেছিকিবা !-করিতেছি — 'কেরিমু মস্ত্রণা এক, শুন-কুরুপতি নিজ শিরণেছদ ! সংখ, আরকেন আছিজানি আমি ভাল, যুধিষ্ঠির নূপমণি হেন অভাগার কাছে !-হয়ে স্থিরচিত্ত! সদা দ্ব্যুতক্রীড়াসক্ত ; অভএব থেল বলিতে বলিতে হেন হইলা অন্তির, তারসহ পাশা, আরাধিয়া কলিদেবে ঝরিল অঞ্চবিন্দু, নিপভিল উরসে আবেগ । যারচকে নলরাজা, হারাইয়া শ্রেণীবদ্ধ; শোভিল যেন উজ্জুল তর পাশায় রাজত্ব, ভ্রমণ করিলা বনে। মুকুতারসালা গলদেশেতে—উজ্গুলি । अग्रकति नह ताकाधन, সকলেরে হা-হতাশ করিলা থেদেতে কত মত প্রের বনবাসে; নির্বিল্লে করহ রাজ্য অবিহিত চিত্তে শুনি ছুর্য্যাধন বাণী যথা ইন্দ্র দেবরাজ, বলিকে বান্ধিয়া শকুনি কহিলা একান্তে কর্ণো-''হেক্ণ, আরু কোনআশস্কা রবেনাভবেপরে। শুনিলেভ সব, যতেক বলিলা ভূপ। পিনিয়া এ হেন বাণী রাজা ছর্যোধন বে হেতু ভূপতি, হায়, হয়ে মানহীন কৌরব-কুল গৌরব: হরষে কহিলা পেতেছেন মন্মাঝে বিষম সন্তাপ হাসি,—''ধন্যহেমাতুল'ধন্যবাদভোমা ৰুধা সাধ্বীসভী,--নাশে সভীত্বতন কি অগাণবুদ্ধি! কিবাচাতুরিকৌশল ! এবে করতে যাহাতে হয় ভাল। দেখি তুমি সচিব-কুলসম্ভব শ্রেষ্ঠতম। রাজার যে গতি, তাহে তিন্ন সে অরাতি অসঙ্খা প্রণাম আমি করি তব পায়। পীড়নে; ছইবেনা ভাঁহার মনভোষ মরি মরি কি মন্ত্রণা করিলেগো তুমি এবে কিচিন্ত উপায়, কিরূপ করিবে শুনিয়া জুড়ালো মোর ভাপিত জীবন আ শুতুমিবলছুর্য্যোধনে।—কেমনেদে বর্ণা কর্কটক নাগ, যবে নিষ্ধের भक्कभी फिट्यकि सांकति द्विक दिको भन्न।" शिष्ठ नल नत्रवत्र, कतिदल छेषात উদ্ধরিলা কর্ণ।-"কহিলে যেকথা তুমি। তারে দাবানল হতে বিষোর বিপিনে। ए तोरम, श्विमां में क्षेत्र किन वर्षार्थ हिलावी मम लामता हजन, क्कांत्र महान (मार्व रिशि क्रिका क्रिका क्रिका क्रिका क्रिका क्रिका क्रिका

আজিয়দি নারহিতে হেখা; বলদেখি,বেষ্টিত নালাক্সি চারিদিকেতে:দেখিতে কেবা বাঁচাইত গোরে এ বিপক্তিকালে, সুরম্য, সুরাসুর মান্র মনোহর। হেনরসে পরিপূর্ণ বাক্যামুভ দানে ? নিরস্তর সুধাকরে সুধাকরে করে কিন্তু এবে করসবে আয়োজন ভার, সুধাবরিষণ; মনোরম ঋতুরাজ আর নাবিলয় সহে: জরায় কৌশলে বিরাজেন তথা নির্ভার অবস্ব দ্বিশতদাবিয়া, মাতৃলা করহনিঃশঙ্ক।'' কালে-যবে ত্যকেন ধর্ণী। জার্জার "'छन मथा ममदानी; जतनक प्रत्यदात श्रिवीमात्या; यथा ग्रूटथवातम बाग्रुकी, প্রের ইন্দ্রপ্রস্থে নিমন্ত্রিতে যুধিষ্ঠির পঞ্জাতা সহ, ভাণ্ডি যক্ত উপলক্ষে। ভাহার নিকটে এক প্রাসাদ সূচারু তাহলে আসিবে এথনি; তথন তুমি শোভমান। গঠিত হেম রতনে, মনি করোঅমুরোধথেলিতেপাশা, আগেতে থিচিত;-মানব ছল্ল ভা: আভায় যার পুজিয়া কলিদেবেরে। পালিতে ক্তিয়াঝলসি নয়ন ঝক-ঝকে, প্রকাশয়ে ধর্মা, অবশ্য ধর্মাজ খেলিতে বসিবে। দিক-দশ। সুসভা সুরমা তাহে, অভি আমি সেইকালে আনিয়া দিব দেবল, রত্বগর্ভ সমূত রতন রাজী চারু পরিশয়ে যার, অবশ্যই হারিবেক বাজা যুধিন্তির। জিনিয়া লইবে রাজ্যাযত শুষ্ক, ভাহাহতে বাহিরায় আলে ধন; মিটাইবে মনবাঞ্ছা প্রতিশোধে, করিয়া সভা উজ্জুল। ঝুলিছে ঝালর যার হেত পাইতেছ এত অসুতাপ। তথন প্রকারে সবে পাঠাইব বনে, নিষ্কটক করি এই বিপুল রাজত্ব।" এতেক রাধেয় রাজে কহি কুতূহলে, ইব্দ্রপ্রস্থ প্রতিহার। গোপুর গর্মিত शहिया वितरन : मानत्म खरव न्यविन নাগরাজে অভিব্যক্তে যেমন রাবণ गादत महीतांवरण, श्विना गरव, हांग्न, अञ्चधाती कालारसत कारलत ममान হত যত প্রিয়পুত্র রাখবের রণে।

অমনি কহিলা কর্ণ পরম হরবে,— শোভা যত কেপারে বর্ণিতে! হেনরমা विखाति अभः था क्षा धरत्न वस्त्रा. বিনির্দ্মিত, মণিময় ফুটিকে গঠিত होनितक मुकुडाकरल गुँगि देश स्ट्राब দ্বিদরদ নির্মিত দ্বার শারি শারি করিয়া লাঞ্জনময় দানব নির্দ্মিত নিক্দি ত্রিদিবতোরণ: ভাতে ছৌবারিব ভীমাকার ভিন্দিপাল, পরশু প্রভৃতি यञ नाग:--जीयन पर्णन, नोनादर्ग ত্তিবা ক্রিড । কাহারে। সহ তা কণা

কারে। অসংখ্য গণনে। কঞ্চকুঞ্ভি । বেকারণে টলিতেছে আসন ভোমার नानाजादव नानावदर्ग इडेग्रा दक्षिछ। উগারিছে সম্বে হলাহল, রোধিতে विश्वमाति। मनात्थ उमान स्टाकः, নানাবৰে ভয়বাজী হৈমময় শোভে শারি শারি হইয়া জড়িত রমাভাবে কভাৰৰ ব্ৰভ্ৰী। শোভি নবদলে মণিময়, ধরিয়াছে নানারপ ফল:-প্রত্যেকেই রত্ব ভিন্ন ভিন্ন, আভাময়। হববে হইলা মগ্ন, সাজিলা বাইতে ষতেক কুবের অসুচা যক্ষ, লয়ে নাগরাজ আজ্ঞা, রাশি রাশি করিতাহা বিধিমতে। হেনকালে দেখিয়া এসজ্জা পাতি, বহাইয়া নরশিরে লইতেছে মরুত ভ্রনে: লইতেছে যক্রাজ পরেতে সানন্দে পশারিয়া নিজবাহ त्यमन कननी, नग्न आशन महाता। এত্তন সভায় বসি আছে নাগ্রাক পাত্রমিত্র সভাসদে হইয়া বেটিত হৈম সি° ছানন পরে 'চমকিয়া হেন পরম গর্কিজ। একের আক্রমে যার কালে উঠে আচনিতে; মাথার মুকুট পড়ে খাদি যথা জালের ভরজে হায় অস্থির, ভাঙ্গিয়া পড়ে নদীভট। কাঁপি চেষ্টেলোকের অহিত, বল কেমনেডে উঠিল সিংহাসন জিজ্ঞাসিল জানিতে যাবে তুমিতথা, লবেকি ডাকি বিপদ! কারণকার্ত্তান্তিকে ।-''কহতের্ধা কেন কেমনেবা আমি নাথ, ছাডিদিইভোমা :इन टेइन खकफार, कह विवितिया। शिकति **ध क्ष**त्र **भू**ना । विटम्पेष्ठ प्रथे, व्यमित देमवळा श्रीका थिए शालिया निवर्शिक यूधिष्ठित धर्मा पूषामित।-बिद्या कन, कहिना मानक असदा निर्माद आकारक धेर सर्गेटेजर हिड PRINTER LANGETT ATTECHT THE TEN IN

ন্মরিছে ভোমায়, কৌরবপুরেতে কর্ণ কুরুপত্তি উপকার হেতু। করিয়াছে চক্রান্ত ভাহারা, কোনরূপে যুধিস্ঠিরে পাঠাইবে বনে সহ ভাতাগণ ভার। এহেতু যাচিতে ভাহারা ভব সাহায্য স্মরিছে ভোমায় কর্ণ, কহিসুবিশেষ।'' শুনিয়া এতেক দকীকর-কুলরভু কৌরব নগরে। করিলা সুবেশ ভূষা প্রণয়িনী নাগেশী িত্রিণী তার, কছে করি যোডহাত,"কহ জিবীতেশ,আজি . কেন হেন সজ্জা; বল বল, যাবেডুমি কোপায় ?--সেযে কুরুনগর ভয়ানক। ছুষ্ট ছুর্বোধন রাজ। ভায়, মন্ত্রি ভার খলভোষ্ঠ শকুনি পাষ্ড ; মিত্র কর্ণ ধরানন্ স্থিরা, ভাষাতে মিলেছে তিন जन-इचेकुनटक्षेत्रं भवना य जाता

তাই অহত তার। অমুচিত এত, হে ধুমপুঞ্জ উড়িল আকাশ আঁধারিয়া। নাও, কেনকর; কহ তা দাসীরে সব। বিজ্ঞাজহর। বিভাবসু যোর কোলাহলে উত্তরিলা নাগেশ্ব:—"শুনক্দিবাঞ্ছা করিয়া বিক্টরপে দন্ত কড়মড়ি, ্যতেতু শক্তা মম পাওবের সহ। প্রথমেতে ভাবিয়া দেখনা কেন মনে ভিত্তলতা আদি। চৌদিকে উঠিল হায় অহিতে সদাই রভ থাকয় অহিতে। হাহাকার রব। এহেনকালে, জননী দ্বিতীয়ভঃ সভ্যবটে, যুধিষ্ঠির ধীর, পর্মুপরায়ণ: করেনিকো অপকার বনহতে বাহির হইয়া অতি তত্তে কিছু মম। কিন্তু, তার সোদর অজুনি আসিতেছিলেন নাগপুরে। হেনকালে ক্রিয়াছে শক্তা ব্তেক মুমু সহ ; অদ্যাপিওআচেগ্রিণামনেতেআমার 'পাইয়া দেখিতে; করিয়া শরেতে খণ্ড শুনিয়া স্থামির বাণী, কহিলা নাগিণী থও ফেলাইল অগ্নিকুও মাঝে। প্রিয়ে –''কহ প্রাণনাধ, কেমনে অজ্জুনিত্ব বলদেথি এ হেন ধীহার আচরণ! সনে করিল শত্রুতা, কেনবা সাধিল কাহার না ষায় ইচ্ছ। পরিশোধ লতে অহিততোমার; দাসীরে কহ বিবরি।'' নিপাতি এহেনখকু?-কে **থাকে** নিস্তর্জা উত্তিলা নাগতবে:-''শুন প্রিয়তমে সিংহ কি নীরব ধাকেশৃগালআক্ষে! কি আর বলিব সেইসব; ক্রবিলে যে পুর্বের স্থাছিল মম কর্ণবীর সহ, তাহা, হৃদয় বিদরে! বিশেষ, বিলম্ব শোকবাদে গিয়া আমি সেকুকনগরে হয় **ষাইতে কর্ণ সদৰে। ভবে যদি** |(যাহার নামেতে ডুমি ভয়পাও ধনী!) একাস্ত বাসনা তব, শুনভাহা বলি।'' কর্ণসহ করিয়া এনেছি ষড়যন্ত্র। ''একদা চাকুলোচনে, থাগুবকাননে, এতকাল পরে তিনি পাইয়া সময়, ধরাধানে অতুলা কানন যাহা। হয়ে করিছে স্মরণ মোরে। যাই, বিধুমুখি! ভার শোভার মোহিত, হায়,একাকিনী দেহবিদায়: রহিতে নাপারিলোআর। জ্মিতেছিলেন মাতা পারম উল্লাবে। কর মৃদ্ধন, অবিলয়ে আসিব ফিরি; অগ্নিভোৰ হেতু, হেনকালে, নারায়ণ হেরি ও চাঁদমুধ, জুড়াইব জীবন ॥'' সহ পার্থ আৰাঞ্চন দিলেক মহাবনে। | এতেক বলিয়া তবে সবোধে ভুক্ত খাব রবে খেরিল চৌদিকে বৈখান্র উড়িল অম্বর পথে: উঞ্জলিয়া দিক্

ভ্ৰমি চতুৰ্দ্দিক: গ্ৰাসিলেন জীবকুল আমার হইয়া ভয়ার্ত্ত, পাইয়া পথ ; ছুর্বিনীত নৃশাংস অজ্জুন, হায়, তাঁয়

यथा रेवनट्या शक्कक्रिश नहेशा উডিল অম্রণ্থে বটকাও ভাজি। অধোভাগে ভ্যাজি কভ বন উপবন মনোহর-কলপুজ্প সুশোভিত; কভ সুমিষ্ট কি হে সে সুধা ভব বাক্যামূভ পর্বতে শিখর উচ্চ—চূড়া উচিয়াছে যার অভভেদী; কত ভূগুদেশ রম্য, কন্দর, নগর. গ্রাম, শ্রামল বসুধা, তীর তারা নিন্দি আর পাবনের বেগ, মানসিক রথ-গতি করিয়া আশ্রয় চলিয়া অবিরাম প্রবাসি জন যেন, অবিশ্রাম গতি ধরে বাইবারে গৃহে; উত্তরিল কভক্ষণে নাগরাজ ভবে যথায় বসিয়া কর্ণ করিল সম্ভাষা সমাদরে, পরস্পর ব্যাকুলিভ ভাবে সদা বাঞ্ছি শিব্যার (সেজনও হেন যথা দভী পতিব্ৰতা পতিপ্ৰাপ্তে, হায় মমপ্ৰতি, আমি যেইরপ।) দেবপদ বছদিনান্তরে। জিজাসিল পরস্পর শুভ সমাচার; বসিল আসনে দেঁছে।।কহিব অধিক? এরপ যে প্রিয়তম; তবে कर्त्व कि क्छाटन कनी क्रिनमानत्त्रः विषय वनन मिथि छोत, वनस्मिथ, ''কহতে কিতেতু,স্থা!স্মরিয়াছনোরে কেমনেতেপাকে প্রাণশাস্ত ? তুর্যোধন হেনকালে ? কেনহে বিষয়দেখিভোমা বাজা,-রাজরাজেশ্বর; পাণ্ডব ভবনে বল, আমি কোন কাম সাধিব তোমার। হয়েছিল অপমান। — এইছেতু তিনি করআক্রা,পালিবহেপ্রাণপণেআমি। 'হয়েছেন ব্যাকুলিত অভি। জানত হে, উভরিলা কর্ণ;-"আহা! নাজানিষেকভ মানমদে মত্ত ষেইজন; দে মানের পুণা করিয়াছি পূর্বজন্মে, সেইভাগ্য হলেহানি, কিতাপেদহয়ে প্রাণমন ফলে পাইয়াছি আমিভোমা হেনমিত্র।<mark>শুনস্থা</mark>! এবে শত্রুদলে শাস্তিভিন্ন, ধুন্য হে জুমি! — তুমি নাগকুলেরচার হবেনা উহির মনোভোষ। অভএব ! নাপারিব, প্রাশরিতে ভব

গুণ, জীব যতকাল এ ধরা ধামেতে। ধিক্সে সুধায়,—যাহা লভিল দেবতা কুল,মথিয়া সাগর অপার যভনে। হতে?—আহা, ষাহা প্রবনে হইলতৃপ্ত প্রবণ আমার ; জুড়াইল প্রাণ মন। অভঃপর শুন, সথো! যেহেতু বিষয় তব বান্ধৰ বদন, আর চিস্তাকুল মতি। কহিতেছি ভাহার কারনসর্ব্ব। 'ণ ''এ কিছু অজ্ঞাতনয় তব: যে,ভূপেশ ছর্ব্যোধন মম প্রিয় বান্ধব সুশীল;-প্রাণের সমান। যাহার ছঃখেতে হই इश्यी, ऋरथऋथी; विश्वादमविश्वादिक छ। পূজি মাগি বাহার কল্যাণ;-আর্কিছে ডাকিছ ভৌমায়, করিতে সাহায়া কিচ

পূর্ব্বস্তা মত:--বিশেষতঃ পাণ্ডবের ∫উত্তরে নাগেশ তবে :-''ওছে কর্ণবাীর মহিত সস্কল্প. তব চিরবাঞ্চা যাহা কিহেতু ভাবনা তব লক্ষতবে এত? করেছি মন্ত্রণা মোরা, অক্ষক্রীড়া ছলে অবশ্যই আনিদিব আমি, নাহিকোন লিভিয়া লইয়া ভাহাদেব ৰাজাপন, পাঠাইবে বনে; নিস্কুতীক হবে রাজা, জয়সাভ। কিন্তু এবে দেহ হে বিদায়, ভূতলেতে আরনা রহিবে কোনশক্ত। বাপেয়, হেমিত্তকণ, স্থাসিআমিভবে।-কিন্তুত্ব মত কিব। কহন্তা আমাবে। এতে হবলিয়া নীববিল কর্ণ ছুই মতি, থামিল যেন মরুভূমেতে, হায় ভীমাকাৰ স্বপ্ৰবল বায়ু ৷ কে আবিএ হেন মূঢ়য়তি প্ৰাধামে যেন কৰ্ !-সুচন্দন ভরুরাজী মাঝে জিমিয়াছে এ বিষরক্ষ, কুষ্টীর জঠব ক্ষেত্রেতে। শুনিয়া কর্ণের মুখে অন্তকুল বাণী, সানন্দ অন্তবে উত্বিল নাগ্ৰব চাহিকণে।—''হেমিত্রলিলেযাহা মম্দ্থে' আরনাহি করিভেপারিবিলয়।' অভিমৃত ভাহা; নাই ইংেপ ভিন্নভাব কিছু মম। উত্তম মন্ত্রণা কবিয়াছ সবে, ইহাতে হটবে বাঞ্ছ। সিদ্ধা কিন্তু চলিল প্রন্থেগে, হট্ল অদুখা। ভাই ষত্নোগে সাধ্য চাই ভাহা। ইথে এথা ছুর্যোগনে কর্ণ কছে স্বিশেষ, কিকরিব আমি, করমোরেআজা;কভু হইল সকলে অতি প্রফুল অন্তর, করিবনাক্রটি সাধিতে ভাহা, যেকোন যথা হারাধন প্রাপ্তে ছুর্ব্বিধ যেজন। প্রকাবেপারি। করিমুঝানিএ প্রতিক্রা। সময় বিলয় তবে নাহি করি আর, কহিলাকর্ণ,-''শুনহেমিত্র, মমবাণী পাঠাইল রাজদূত সভা ইন্দ্রপ্রে ; আনিয়া দেহ কেবল, এদপ যেসব যাহাতে অবশ্য জয় হব ছর্ব্যোপনে, এইমাত্র ভবকাছে আমার প্রার্থনা।" কুরুপুরে কুরুণতি রহিলা আনন্দে;

নিন্দেহ ভায়; যাহাতে অবশ্য,হইবে [']এখন যাইব আনি আপনার পুরে। কিন্তু, আমি, আরনাহিআসিতেপারিব এখা কন্মব শে; বিশেষ অজ্জুনে দেখি কাঁপে ভয়ে অঞ্, অতএব ক্ষমিবেঁছে মোবে। পাঠাইব অক্ষ আমিকলিদেব সহ,-জিনি আসিবেন এথা ছুর্য্যোধন তপোৰলে।পাইবেভাঁহাৰকাছেপাশা, প্রতি পরিণয়ে যার হবে জয়লভি। সতএব যাই আনি, দেওহে**ু**বিদায়, এতেক কহিয়া নাগ চলিল বিমানে, যেমন মৈনাক শৈল হৈম পক্ষতরে আনিবারে যুপিষ্টির আদি পঞ্জনে, আজাবাহী রাজদূত গেলা ইব্রুপ্রেই,

দীতা প্রাপ্তে দীতাকান্তলকাপুরে যথা
দংহারিয়া নক্তেশ্বে তুর্মার দদরে।
হরষ অধীপ শূব লভিলা হরষ,
পরাভবি পবিভাপে মন্ত্রণা দদরে।
ইতি শ্রীপাণ্ডববনগদন কাব্যে অজলাভো নাম প্রথম দর্ম।

জ্ঞাপ্রকৃত্তকে বলোপাধ্যার। পুনিয়া।

ত্রাক্ষণের অদৃষ্ট !!!

নিশাবসানে সিদ্ধপুরুষ কোন গুঢ় অভিপ্রায়ে চিত্রকু ট গিরিশিখব কালিঞ্জরী পর্কতে গমন कतिएक जिल्लाम । গন্তব্য প্রের কিয়দ্বে হঠাৎ এক মনুষ্য ভাঁহার নয়নগোচর হইল। তিনি নিক-हेच् इहेग्रा प्रिश्तिन, এकवार्कि भीनद्वरम कान ब्रक्क उत्म विश्वा অন্ন্যমনে যেন কি চিন্তা করি-চিন্তা এমনি গভীর যে. বারিবিল্ফু ভাহার ললাটদেশ তেদ প্লাবিভ করি-ব ক্ষঃস্থল ग्राट्झ, किडूरे जानिएल्ट्झ ना! সিদ্ধপুরুষ ভদ্টে অভিশয় বিশিষ্ক হুইয়া ভাহাকে ক্লিজাসা করিলেন; क्रिज क्रिजर्कात्वराज्य अभाग्य

বসিয়া কি ভাবিতেছ ? ভোমার পবিচয় প্রদানের কি কোন প্রতি-বন্ধক আছে ? বদি না থাকে, ভবে আমার কৌতূহল নিবারণ কর।' এই কথায় উপবেশন-কারীর অবনত মস্তুক উন্নত হইল।

সিদ্ধপুক্ষ পুনরায় জিজাসা করিলেন: " আপনার এ বিমর্ষ-ভাবের কাবণ কি ? " তিনি কহি-লেন: ''মহাশয় । এ হতভাগোর ছঃখেব কথা কেন জিজাসা করেন? আমি একজন ভিকালীবী দরিদ্র दाक्तन । वह श्रीविगत्भा आमात সহধর্মিণী ও একটী পুত্র ব্যতীত অগর কেহই জীবিত নাই ৷ এই স্থানের ছুই ক্রোশ উর্ত্তরে যে এক গওগ্রাম আছে, ভাহার প্রান্তভাগে এ হতভাগ্য বাস কবে। প্রাতঃকাল হউতে সন্ধাপর্যার সমস্তদিন ভিক্ষা वागात वृत्रेदमाय করিলেও যৎসামান্য তঞ্লাদি হস্তগত হয়-না। এমন কি, তদ্বাবা একজনেরও কুধা নিরুত্তি তেওন। কঠিন হয়। কিন্তু উপায়াভাবে ভাহাই ভিন-অংশ করিয়া আহার কর। বিশ্যকঃ একদিনের জন্য ও আমাব স্ত্রীপুত্রকে আনমি সুথী করিতে পারিলাম না! डेड्! कि সামানা দুঃখের বিষয় ? ঈশ্বর আমার প্রতি যে কেন এড প্রতিষ্ঠুল, বলিতে পারি না! আমি প্রকাহ স্থান পুৰ্বে এইস্থানে আগিয়া कर्तना कर्पना किया कतिया शांक

কিন্তু ষথন মনে হয়, আনি ক্সীগুলোক উদরাল যোগাইতে পারি না, তথন মানসিক যাত্নায় আনার হৃদয় বিদীর্গ্রাম হইতে গাকে।-হা বিধাতঃ! আনারে আব কেন 'জীবিত রাখিয়াছ! আমি আর যাত্ন। সাহতে পারি না!' ব্রাহ্মণ এই স্বধি বলিয়া নীরব হুটলেন। স্ফু:থের কাহিনী নিজ্মুগে বাত্র করিয়া তাঁহার শোকসিকু উপ্রো উচিল; হস্তদারা মুখারত করিয়া কাঁদিতে লাগিলেন! ক্রন্দনশদে বিজন বন প্রতিধ্বনিত হইল।

সিদ্ধপুক্ষ ব্রাহ্মণের এইর ব অবস্থায় যারপর নাই ছু, থিত হই-লেন, কহিলেন; "ভাই!—তুমি কেঁদে। না। আমি ভোমার ছুঃথ বিমোচন করিব; স্থির হও" এই-রূপে সিদ্ধপুরুষ উঁহোরে প্রবোধ দিতে লাগিলেন।

ক্ষণকাল পরে ত্রাহ্মণ গৈণাবিলয়ন করিলে মহাপুরুষ কহিলেন; "জাতঃ! অদ্য দিবাব্দানে
যথন আমি প্রত্যাগ্মন করিব,
তথন এইস্তলে একবাব তোমার
সহিত সাক্ষাৎ করিতে ইচ্ছা করি;
যদি আমার আসিতে কিঞ্ছিৎ বিলয়
হয়, তাহা হইলে এইস্তানে কিয়ৎক্ষণ অপেকা কবিও।" ত্রাহ্মণ
বলিলেন, মহাশয়! অধিক কি
কহিব, এ দাস আপনারি শ্রণাপ্রা; দাসেরপ্রতি বাহা অসুমতি
করিবেন, তাহাতেই প্রস্তুত। প্র-

এইভাবে দেখিতে পাইবেন। মহাপুক্ষ বিদায় হইলেন। পূর্বে বল। গিয়াছে, ভিনি কালি-ঞ্জী পর্বতে যাইতেছিলেন, একণে ত্রপায় গমন করিলেন। এদিগে একবাব ব্রাহ্মণের প্রতি দৃষ্টিপাত করুন। তাঁহাকে কি আর রক্ষতলে দেখিতে পাইতে-ছেন ?--না, ফণকাল হইল, তিনি ত্থাহইতে প্রস্থান ক্রিয়াছেন। করেক দণ্ডের মধ্যে মহ† পুরুষ অভিলম্ভি স্থানে উপনীত হই-লেন। তথায় ভাঁহাব গঢ় অভিপ্রার मः माधनार्थ स्वर्धाटम्टवत भातन लहे-লেন। অভীট সিদ্ধ হইল, সূর্য-(मृद्युत मूर्गन शोहत्वन । सूर्ग्यप्र वर्म ! क्करन क हिटलन : ভোমার মনোরথ পূর্ণ হইল, আমি বিদায় হই " মহ পুরুষ বলি-লেন; "ঠাকুব! আপনার অন্ত-कण्णात्र यमिष्ठ अ मारमत ममुमय বংসনা ফলব লী হইয়াছে, ভথাপি আর একটি প্রার্থনা আছে। অদ্য দবিক্ত ব্রাহ্মণের প্রাতে একজন মনস্তাপে আমার হৃদয় ব্যথিত হইয়াছে, ভাহাকে সুখী করা সামার একান্ত অভিলাষ। অভএব আপনারে সেই অভিলাষ্টী পরি-পুৰ্ণ করিতে হইবে।"

দিনপতি কহিলেন; এখনি

আমি ভোমার মনোরথ পূর্ণ করিতে

পারি, কিন্তু সে ব্যক্তি তাহার অদুষ্ট

जागगनकारल এইখানেই আমারে

দোবে ছংখ ভোগ কবিতেছে। একদা মধ্যাহ্নকালে এ ত্রাকাণ যদ্মাক্ত কলেববে এক প্রান্তব দিয়া বিশ্র্বভাবে যাইতেছিল, আমি বড়ই তাহার স্লান্ম্থ দেখিয়া ছুঃথিত হইলাম; इंफ्ट्रा इडेल, ভাহার দীনভার কারণ অপ-সারিত করিয়া দিই। **७** फ : ७ এক কলস মুদ্রা ঐ প্রান্তবেব প্রান্ত-ভাগে ব্রাহ্মণের অগোচবে গন্তবা প্रথের একদিকে রাখিয়া দিলাম। সেই স্থান দিয়া গমনকালে ত্রামাণ मत्म कतिल, आंकि अमूकछत्ल रा व्यक्तरक प्रिथिया व्यक्तिमा, भवाकि किक्राल खड़ांड अथ मिया अमनी গমন করিয়া থাকে ! একবার অস্ত্র. হইয়াই দেখি না কেন, অস্কোরা কিরুপ সুখে পথভ্রমণ কবে। হত-ভাগ্য ব্রাহ্মণ এইরূপ কম্পনা করি-शांहे हकु भूमिल। याथारन कलन পূৰ্ব অৰ্থ ছিল, সেন্তান অতিক্ৰম না করিয়া চকুরুন্মীলন করিলনা। अ**७ ५** द ८ म ! अपृ स्थे प्रः थ থাকিলে কে ভাগা মে চন করিতে পারে ? মহাপুরুষ পুনর্কার বিনীত-বলিলেন: ভগবন! এত ভাবে কালের পার আমার সমুদয় ধর্মা বোধ করি বার্থ হটল। সেই ত্রাহ্ম-<u>এর নিকট আমি যে সভা কবিয়া</u> আসিয়াছি, ভাহা বক্ষা না হইলে সকলই द्रथा इहेर्द ; दिस्पंष्ठः সভ্যরকা করাই জীবনের প্রধান আপনি এ **উटम**भा। এক্ষণ

শ্রণানভের প্রতি সদয় না হইলে আ'র সভ্যরক্ষাব উপায় নাই। এইরুপে ভাঁহার মহাপুরুষ নিকট বহু মিনতি করিতে লাগি-ভূর্যাদেব ভক্তের লেন। আর এডাইতে পারিলেন না, পরিশেষে তাঁহার মনোবাঞ্ছা পূর্ণ ক্রিতে সমাত হইলেন। লেন: অচুষ্টের ছঃখ বিমোচন করিতে কাছাবই সাধ্য নাই। ভবে এক্ষণে আমি ভোমারে যে উপায়নী বলিয়া দিব, ভাহাতে সেই ব্রাক্স ণের সকল কষ্টট নিবারিত হটতে এই বলিয়া দিনপতি পারিবে। তাঁহাকে সেই উপায়টী কহিয়া অনভিবিলিখে অন্তৰ্হিত হইলেন।

মনের্থ সিদ্ধ হওয়াতে মহা-পুক্ষেব আর আছলাদের পরি-भौभा विक्रित मान क्रमकोल गर्था কালীঞ্জরী ভিনি ভণা হইতে গমন কিলিন। পৰ্বভাভিমুখে निर्फिके ऋत्व आंत्रिया (पथित्वन, তুঃখী বাহ্মণ পূকা কণানুসারে সেট রুফভলেই বসিয়া আছেন কিন্তু পুর্বের **বিম**র্ঘ ভাব नाग्न প্রথমে মহা-লক্ষিত হইল না। ভাঁহার সমুখে আসিয়া উপস্থিত হইলে তিনি সাধ্যাত্ত-সারে তাঁহার সম্মানরকা ক**ি** लान । "किश्रदक्षण विख्यारमञ श्रेत কহিলেন; মহাপুরুষ ব্রাহ্মণকে ঈশ্বরে চ্ছায় দ্বিজ্বর ! আমার মনোস্কাম সিদ্ধ ছইয়াছে

পুক্ষ

· বস্ধো!

এক্ষণে ভোষার মনোবাঞ্জ। সুসিদ্ধ হইলে আমাবে সমুদয় পরিশ্রেন হয়। একিণ বলিলেন, মহাশ্য়! আপনি যথন আমার প্রতি মিত্রের ন্যায় ব্যবহার করি-তেছেন এবং আমি যথন আপ-নাব আগ্রিত হইয়াছি, শ্তথন আব मरनावाञ्च। निष्मिव वाकि कि! निष्ठेव পারিবে ! মহাপুক্ষ কহিলেন (मथ, कालिक्षवी शर्वाउत मिक्नन-দিকে যে "বুঢ়াতলাও" নামে প্রসিদ্ধ ওপবিত্র সবোবর আছে, ভাগতে স্থান করিলে মনুষোর সমুদয় অভীট সিদ্ধ হয়। কলা প্রতাষে ভোষরা সকলে সেই সরোধরে স্থান কবিয়া ভগবান ভাস্কবের निक छे अक अकि देव आर्थन। कतिरव: आर्थना कविरल े जिनि তোমাদিগেব অভীষ্ট সিদ্ধি করি-বেন। মহাপুক্ষ ব্রাহ্মণেব হিত-কামনায় এইরূপ সৎপরামর্শ দিয়া ুস্তানে প্রস্থান করিতে উদ্যত হটলে, ব্রাহ্মণ ভাঁহার চরণে নিপা-ভিত হইয়া ক্রন্দন করিতে লাগি-পরে কিঞ্চিৎ শাস্তভাবে কহিলেন; মহাশয়! এ প্রথি-বীতে কেহই নির্দানর গৌরব করে না। কিন্তু আপনি অমুকুল দেবভার ন্যায় আমার সমুদ্য় ক্লেশ বিদুরিত করিলেন! আপনার এই মত্থোপকার চিরকাল <u>হৃদয়ে অক্কিত থাকিবে। মহা-</u>

না পারিলে পর্মের নিকট পতিত इटेंट इग्र। অভগৰ ভোমার যে यৎमामाना উপकाव করিলাম. ভলিমিত্ত এতদুর বাগ্যতা স্থাকার করিতে হটবে না : পবোপকারই দৈনা আর আমার কি করিতে আমার জীবনের চির-ব্রত। যাহা হউক একনে সায়ৎকাল উপস্থিত, চল আমব। স্বস্থানে গমন করি। বলিয়া মহাপুরুষ প্রস্থান कविदलन।. बाञ्चन अश्विहित्स •গ্ৰহে উপ'নীত হইলানে। বাটীতে আসিয়া দেখিলেন, তাঁহার স্ত্রীপুত্র ক্ষুধার উৎপীড়নে হইয়াছেন। অস্থির তাঁহাকে 🎉 দেখিবামাত্র ভাঁহার। ব্যুগ্রভাবে জিজাসাক্বিলেন; আজি আসিতে এত বিলয় হটল কেন? ব্ৰাহ্মণ হর্ষচিত্তে বিলয়ের সমুদ্য রুত্তান্ত বলিলেন। তৎপ্রবণে ভাঁহাদিগের। মনে যুগপাৎ আছেলাদ ও বিনায় জনিল। বাহ্মণী कहिटलन, আমাদিগের কি এমন इडेटव ? जगवान कि आमां निरंगत आर्थना প्रविशृश कविद्यन ? এ হতভাগ্যদিগের প্রতি কি তাঁহার অনুগ্রহ হইয়াছে! ব্রাহ্মণ কহি-लन; 'इइग्राह्य। দেবতাদিগের মিখ্যা বাক্য কি কথন वादक ? जिनि आमामित्रत हुः दथ অবশাই সদয় হইবেন।'' কাণকাল

কহিলেন;

পরোপকাব, সল্লাসধর্মে। একটি

প্রধান অঙ্গ। ইহা সাধন কিংতি

२२२ এইরূপ বাক্যালার পর ভাঁহারা হ্নটাস্তঃকৰণে ভিক্ষালক ভগুলাদি দারা অন্নবাঞ্জন প্রস্তুতের আয়ো-জন করিতে লাগিলেন। কালচক্রেব,গতি কে রোধ করিতে भारत ! त अनी (मर्वी करम करम গ্ৰমীর ভাব ধারণ করিলেন। এদিকে পর্ণকুটীর-বার্দীরা ভোজ-नामि मगाश्च कतिया नायन कतिया-(EA 1 করিয়াছেন বলিয়া যে নিদ্রিত रहेशाध्य, এমন মনে করিবেন না। म कं -ब्बर व्यानम इहेसाट कि ना, সুতরাং নিজা নাই। ছঃথে নিজা नारे, जाद दर्घ निका नारे। শোকে নিদ্রা নাই, আর দারিদ্রো नारे। পাঠক! অবস্থ। কি কখনও ঘটিয়াছিল ! ষদি কৰিন ঘটিয়া থাকে, ভাবিয়া দেখ, সেম্ময় নিদ্রা হইয়াছিল किना? छावना छेउत पिटव, इश সদারাপুত্র ব্রাহ্মণের সেই क्षना निज्ञा दहेलना। जाकाण मदन করিতেছেন, '' আনিত রুদ্ধ হই-য়াছি, চিরদিন ছঃখ:ভাগ করি-नाम, दाहिट जाव अष्टा नाहै। এখন জীপুত্ৰ যাহাতে কিছুদিন সুখে থাকে, সুর্যার নিকট সেই বর এইব।" ব্রাহ্মণী মনে করিতে-ছেন, "আনি কুরপা, স্বামী আমার निर्धन, त्मरे जना ७ वटि: आंत्र हित्र-काल प्रश्रंथ प्रश्रंथ र्शन ;-- श्रामी আমার একদিনের জনা প্রিয়সম্বাধণ

করিলেন ন। ধনের সুখে হউক, একদিনও মনের সুথে शंकिएक पिरलम मा; म करमाअ वटि, अञ्जब जना तक्री-स्थाय সরোবর-ভীরে स्थादनद्वत निकटि এই वत छ। छिव, যেন আমি-সকলে সুন্দৰী যুৱতী यून्परी হ ইয়া मत्नात्रञ्जन कांत्रव। আর দেবতা यथन धामम इरेटलन, उथन जव-भारे धन इंदेर्य। छाहा हरेलाई সংসারের সুথ জানিতে পারিব। यूक्ती रहेल याभी अवशाह जाल তাহাতেই চির্দিনের ছংখ ভুলিয়া যাইব।'' পুত্র মনে করিতেছেন, ''মহাপুরুষ সতা সভাই সদয় হট্যা থাকেন. उद कथनरे अ कछे थाकित ना। পিতামাতা সুখে পাকিলে সন্তা-নের ইহপর উভয় লোকের সার-ধর্ম উপাজিভ তহয়। আনি সয়ং उपाक्क नकमं इहेटल अव्यादत हुई मत्नात्रथं मिन्न इहेरत। ভগবান ভাক্ষরের নিকট আমি তাহাই প্রার্থনা করিব।" এইরূপ मान मान कण्यन। कविर् कविर् সকলের নিজাকর্ষণ হটল। রঞ্জনী শেষ হইতে নাহটতে ব্রেক্ষণী সর্ব প্রথমে পূর্ব ক্ষিত সরোবরাত্তি-मृत्यं गमन कदित्तन। প्रिम्पा কতরূপ ভাবনার উদয় रहेल। छाँरात छावनांत मटक मटक দিন্মণি উদয় হইজেন।

"হে ভগবন্! ব্ৰাক্ষণী যবনান্ত পত্নী সরোবরে অবগাহন কবিয়া অরুণদেবের নিকটে পূর্বাকণিপত হব চাহিলেন। ভগবান সহস্রবর্থা তৎক্ষণাৎ তাঁহার অভিলাব পূর্ণ করিলেন; তিনি সর্কাঞ্চ স্থুন্দবী যব ী হইলেন তাঁহার রূপে সমু-দয় অর্ণ্য আবেণকিত হইল। देववक्रात्म स्मृहे अभारत स्मृश्न সম্রাট আবঙ্গতের কালীগুরী গিরি শিখাবের নিকটন্ত বরাহ অব নারেব মস্তক চ্প করিবার মানলে এক-খানি কুদ্র অর্থবেপাতারোহণ পূর্বক গমন কবিভেছিলেন। অদুরবর্তী বন হঠাৎ আলোকময় দেখিয়া ভাঁহার অতুসন্ধিৎসা উত্তেজিত হ≷ल । ভৎক্ষণাৎ কয়েকজন ইহার কারণামুসস্কানে তাহাবা প্রত্যাবর্তন করিলেন। কবিয়া কহিল; 'প্রেভো! যুৱতীৰ সৌন্দৰ্য্যে বন আলোকময় দেখাইভেচে।" আরক্তকেব শুনিয়া কহিলেন. বিন্মিত - হইলেন: "ভাহাকে যে কোন প্রকারে হউক, আমার নিকট লইয়া আইস" - ऋक्त दी दक ব াপু ৰ্মক ভ:ভ্যরা লইয়া আবিঙ্গকেবের নিকট গমন করিল। এদিকে ব্রাহ্মণ সরোবরে আসিয়া করিলেন।

উठिया प्रतथन, उाँशत मश्यिषि-

गीरत यवरन नहेग्रा याहेरङ्ख्या

তিনি উপায়ান্তর না দেখিয়া সুর্গা-प्रदित निक्रे आर्थना कतिरलनः

অবগাহন

হয়! আপনি ভাহাকে শূকবী-দেহ প্রদান ককন। ' ব্রাহ্মণী তৎক্ষণাৎ শূকরী হইলেন ৷ যবনেরা এত-**मृ (छे जीउ ह**ेशा जाशात गांगा-বিবেচনায় পরিভাগ কবিল। अडे मनदश जाक्का क्रमांत मदवा-বৰ সন্নিধানে উপনীত হইলেন। ভিনি-পিনাব প্রমুখাৎ রভান্ত অবগত হইয়া ভাঁহাকে সাধুনা করিয়া কহিলেন পিত! আপনি শোক করিবেন না, আমি মাভারে প্রকৃতিত্ব করিব। বলিয়া ব্ৰাহ্মণকুমার অবগাহ্মা-নম্বর দিনপতির নিকট প্রার্থনা " হে করিলেন, र्ख्यादम्ब । আপনি আমার জননীকে পুরের ন্যায় প্রকৃতিস্থ করন।" ভাঁহাবা অনতি বিলম্বে দেখিলেন, ব্ৰাহ্মণী शृत्क्वत नाम मलन्दरभ छ। हा-আগিতেছেন | নিকটে ব্ৰাহ্মণ তাঁহাকে দেখিয়া বিনৰ্যচিত্তে স্ত্রীপুত্র সমভিব্যাহারে প্রস্থান করিলেন। এই স্থানে ব্রাহ্মণেব পূর্ব্ব অদৃট ফিরিয়া আদিল ৷ যাঁহাা অদুট মান্য

না করেন, ভাঁহারা এই দুফান্ত (১)

অত্যাবন করিবেন।

मन्भामक।

⁽१) फुक्रोखिन करेनमर्गिक ना इहेटल ग्रार्थ जेशहान भाउरा सः हेए।

বূতন পত্রের সম†লোচন।

終級深深寒 বকাশ-বন্ধ, মাদিক ইহার কলিকাতা দরমাহাটা হটতে আশ্বিন্মাস অব্ধ ইহা হইতেছে | ইহাতে প্রচারিত সমাজ ষাহিতা. বি জান সম্ভায় বিবিধ প্রস্থাব লিখিত इइंट्रिइ। প্রস্তাবগুলি मन इइन আধিন মাসের পতে তেচেনা । পাঁচনী প্রস্তাব আছে, ভনাধ্যে ্জনাভূমি, কিংকাজো পশু, এবং যৌবনের উন্নত আশা, এই তিন্টী উত্তম; কিন্তু যত সংক্ষেপে উহার বর্ণ। হইটাছে, ভাহাতে নিভান্ত প্রযোজনীয় ভাবগুলিও প্রকাশ হয় নাই। আয়িতনের ফুদ্রতের এই-এ4 টী প্রধান অভাব। বিশেষতঃ ইংবাজি হইতে যৌবনের উপত আশা বিষয়িণী যে একটা কবিভা সংগৃহীত হইতেছে, তাহার সকল সময়াত্রসারিণী বচনা

কু সংস্কার ে জি ভ্ৰম ইত্যাদি শুনিতে অত্যন্ত শ্ৰুতিকট্। यमिछ अञ्चातिक वर्गस्या थवा যায় না, সুত্রাং অসুধার যোগে वर्गाधिकाध इहेट्डएइ ना; किन्नु কুদৎস্কার শাদ কবিতার থাদিলে প্রবণে স্থলী বিদ্ধ করে। 'আশ্রেব, খননিব'' দ্বিতীয়তঃ ইত্যাদি শব্দ ব্যবহাব করা কোন কবি-বিশেষের মূতন রীতি, বাব-হার্বিরুদ্ধতা দোধে সহজে সকল শক্তের অর্থবোপ হওয়া ছর্ঘট, আমরা অন্তরোধ করি, সম্পাদক ভবিষাতে সতর্ক হইবেন। সতে কোমল কবিভাকে কৰ্ম করিবার চেষ্টা পাও্যা কবিত্তের উপদেশ নহে। এই পতের মাদিক মূল্য ভিন পয়সা।

১२१८ । ১२१६ मोरलत भूना श्रांखि।

(সগ্রিম)

জী যুক্ত বাবু যোগেন্দ্রনারায়	ণ যে:য	:	ক লিকাতা (ভ	कि इंदेर	ত আবিণ পৰ্যাস্ত)
'' ঈশানচন্দ্র সরকার			Š	,,	,,
'' অমৃতকু ঞ্ বসু	•••	•••	Ā	29	31
" গিরিন্দ্রনাথ মল্লীক	• • •	• • •	ঐ	,,	29
'' মহেশচতক্র কুঙ∤র	•••	•••	E.	,,	>9
" ভিনকড়ি দে	••		কলিকাত।	,,	,,
'' চণ্ডীচরণ বস্থ	• • •		গণ্ডা আউড্	J 9	,,
" গোবিন্দচক্র ঘোষাল	• •		অস্বালা	"	,,
** রামদাস সেন্	••	•••	বহরমপুর	٦,,	,,,

আহকগণের প্রতি।

ষাঁকার। ২২৭০ সালের ভাক্স মাস হইতে নবপ্রবন্ধের অগ্রিম বার্ষিল কলেওন হইতে বাগ্মাসিক মূল্য প্রদান করিয়াছিলেন, গত প্রাবণ মাসে ভ নিঃশেষিত হইয়াছে। অপর ঘাঁহারা গত বৈশাথ হইতে ষাগ্মাসিক প্রফ করিয়াছিলেন, তাঁহাদিগের মূল্যও পরিশোধ হইয়া গিয়াছে; এক্ষণে পুর্বার বার্ষিক বা ষাগ্মাসিক মূল্য প্রদান করিবেন। যদি একমাস মা মূল্য প্রদান না করেন, তবে তাঁহাদিগের দত্ত মূল্য অগ্রিম বলিয়া পরিগা হইবেক না। যাঁহারা অগ্রিম মূল্য দিতে ইছ্যা না করেন, তাঁহারা এই বাঁহাদিগের নিকট অদ্যাবধি গত বৎসরের মূল্য বাকি রহিয়াছে তাঁহার অবিলম্বে আমাদিগের প্রাপ্য পরিশোধ করিবেন, ইহার অন্যথা হই আমরা তুঃথিভান্তঃকরণে তাঁহাদিগের নাম ধাম প্রকাশে অগত্যা বাহি হইব।

গ্ৰী তিনকড়ি ঘোষাল

मदश्चेवक कार्यानरसंत्र विद्क्षित्र श्रृंखक ।

সরিজা (দ্বাদশ শিশুর বিবরণ) এীযুক্ত হরিনাথ মজুমদায	রর কৃত	4º
য় বসস্ত (ভৃতীয়বার মুদ্রিত)	Ā	10
লৌ গীতাভিনয়, এীযুক্ত হরিমোহন কর্মকারের কৃত	•••	1.0
ত্রী সভ্যবান গীভাভিনয়, তিনকড়ি সোধালের কুভ	• •	10/0
পুগুরীক, শ্রীযুক্ত হরিনাথ মজুমদার কৃত	• •	J.
ভাকৌমুদী (বালিকাদিনের পাঠেগপ্যোগী) ট	•••	J.

বিজ্ঞাপন।

মদিনীপুর কালেক্টরীর হেডরাইটর শ্রীষুক্ত বাবু নবকুণার বস্থু নহা-অমুগ্রহ পূর্বক আগগাদিগের নব প্রবন্ধের অবৈতনিক অগ্যক্ষ পদ গ্রহণ ছাছেন। তদক্ষন নিবাসিগণ গ্রাহক শ্রেণীভুক্ত ইইতে ইচ্ছা করিলে মহাশঘের নিকট সবিশেষ জ্ঞাত হইতে পারিবেন।

ন্ধী শ্যামাচরণ সিংহ নামক জনৈক সরকার আনাদের নবপ্রবন্ধের কভক। বিলের টাকা আদার করিয়া পলায়ন করিয়াছে। অভএব গ্রাহক
শক্ষেরা উক্ত সরকারকে যেন বিলের টাকা আর না দেন, আমরা স্বভস্ত্র
। বিলের চাকা আর না দেন, আমরা স্বভস্ত্র
। অধুগ্রহপূর্বক আমাদের নিকট সংবাদ পাঠাইলে চিরবাধিত হইব।

किन्छ। श्रायक्ष कोर्यानय। २ नः बनतांमरमत स्रोहे।

জ্রী তিনকজি খোষাল।








NABAPROBUNDHA

MONTHLY MAGAZINE



নবপ্রবন্ধ।

মাসিক পত্র।

সদর্থসন্দোহবিচারসন্ধঃ প্রশান্তর্ত্তান্তর্তানুসন্ধঃ। সমস্তসামাজিকচিত্তবন্ধঃ প্রীক্ষ্যতামেষ নবপ্রবন্ধঃ।

লিশীয় ভাগ। ৮ ম সংখ্যা। অগ্রহারণ, ১২৭৪। ডিবেম্বর, ১৮৬৭। মাসিক মূল্য —া• অগ্রিম বার্ষিক ২॥

निर्घणे

শনিক বন্নাবলী দ্বিভীয় অধ্যায়	226	হ্মপুর্ন কারাবাস প্রথম পরিচেছদ	২৩৩
অবাধ্য ৰাশকেব হুৰ্দ্দশা	२२৮		२४३
কল্লমাৰ প্ৰতি প্ৰিয় প্ৰকৃতি	२७५		

কলিকাতা

আমহার্ফ ফুটি ৩৪। ১ ভবনে কাব্যপ্রকাশযন্ত্র জীকালীকিস্কর চক্রবর্তী দারা মুদ্রিত।

सबक्षावक्ष कार्गालय । योक्षांनातका बन्नताम (एत कि है >৮। २ समत छवस।

নবপ্রবন্ধ।

মাসিক পত্র।

সদর্থসন্দোহবিচারস্কঃ প্রশান্তর্তান্তর্কতার্স্কঃ।
সমস্ত্রসামাজিকচিত্তবন্ধঃ পরীক্ষ্যতামেষ নবপ্রবন্ধঃ॥

দিতীয় ভাগ বিজ্ঞাহ য়িণ, ১২৭৪। বিশিক মূল্য ... । ০ ৮ম সংখ্যা। তিসেম্ব ১৮৬৭। অগ্রিম বার্ষিক ২॥

খনিজ রত্নাবলী।

দ্বিতীয় অধ্যায়। ১৬৫ পৃষ্ঠার পর।

স্থান্ত প্রকারের বিদ্যা চারি থণ্ডে বিভক্ত। যে ক্রিক্টেন্টেন্টেন্ট্র দ্বারা মূ-

প্রস্তু হৈ বে এবের বারা হ প্রস্পাত নির্মিত হয় এবং যদ্ধারা দেই সকল পাত্রের স্বভাব ও গুণ জ্ঞাত হওয়া যায়, তাহাই প্রথম খণ্ডের অন্তর্গত। দ্বিতীয় থণ্ডে ঐ সকল দ্বো একত্রে যোগ করিবার নিয়ম এবং পাত্র সকল গঠনের প্রকরণ অবগত হওয়। যায়।
বাসনের নানাপ্রকার বর্ণ ও চিত্র
এবং তাহার অবস্থা পরিবর্ত্তনের
নিমিন্ত যে সকল কারু কার্য্য আবশাক, তৃতীয় খণ্ডে তাহার উপদেশ
পাওয়া যায়। অগ্লি দ্বারা যে প্রকারে ঐ সমস্ত বস্তু দক্ষা করিতে
হয়, চতুর্থ খণ্ডে তাহার প্রকরণ
বর্ণিত আছে, কিন্তু এই সকল অবস্থা বর্ণনে চিত্রের বিষয় এবং
অগ্লি দ্বারা দক্ষা করণের যে সকল
নিয়ম আছে, তাহা একত্রে বলা
যাইবে।

কুন্তকারের সকল কর্মেই কর্দ্দম ও চুমকি পাতর প্রধান সামগ্রী।
পদার্থবিদ্যা দারা এই দুই জ্বা সুদ্ভিকার আদিম অবন্ধায় গণা ছইয়াছে। কর্দ্দম যথন নির্মাল অবস্থায়
থাকে, তথন তাহাকে আলু মিনার
কলস্ক বলে এবং চুমকি পাতরকে
দিলিকমের কলস্ক বলে। ১৭৫৪ খৃঃ
অব্দে আলু মিনাকে এক বিশেষ
দ্রেব্য বলিয়া গণ্য করা ছইত। পরে
মেঃ সর হৃম্কি সাহেব তাহাকে
ধাতুন্থ কলস্ক বলিয়া ন্থির করিয়াছেন। *

উপবৃক্ত কর্দ্দ এই ব্যবসায়ের উপকরণ, কিন্তু বিখ্যাত বাকুইলিন সাহেব কহিয়াছেন, উপবৃক্ত পরিমাণে চুম্ কি প্রস্তরের ভাগ নিরূপণ করাই প্রধান কর্দ্ম। কা-রণ যে যে সামগ্রীর সংযোগে বা-সন প্রস্তুত হয়, সেই সকল সাম-গ্রী উক্তম হইলেই যে বাসন উ-ক্তম হইবে এমত নহে, উপকর-ণের ভাগের পরিমাণেই পাত্রের উক্তমত্ব বা অধ্যত্ম প্রকাশ হইয়া থাকে।

কর্দ্দন উজ্জ্বল নহে, স্ফটি-কত্ব স্বভাবও নহে, বস্তুতঃ তাহ। অতি কোমল^{*}। কর্দ্দনে লৌ- হের আঘাত করিলে এক দাগ
উৎপত্তি হয় এবং তাহার এক
প্রকার বিশেষ ঘাণ থাকাতে মৃস্তিকা নামকরণ হইয়াছে, কিন্তু
সেই ঘাণের মূল কারণ লৌহ সস্পার্ক। নতুবা নির্মাল মৃত্তিকার
কোন ঘাণ থাকে না।

জन ও मृद्धिकां य এकতো कर्मिय করিলে ভাহাতে নানা প্রকার গঠন হইতে পারে। তাহার গা-ঢ়ত্ব থাকে, উদ্ভাপে কঠিন হয়, ন্পশ করিলে তৈলাক্ত বোধ হয় এরং শুদ্ধ হইলে অঙ্গুলি দারা অনায়ানে মার্জন করা যাইতে পারে। মৃত্তিকা জ**লে** একেবারে দ্রহয়না; কিন্তু সকল পরি-মাণে তাহার সহিত জল মিশ্রিত হয়। মিশ্রিত হইলে পুনরায় পু-থক করা অত্যস্ত কঠিন হইয়া উঠে। জিহ্বা ছারা कर्फन मधर्म করিলে তাহার সহিত সংলগ্ন হয়। কুন্তকারেরা যে মৃত্তিকা ব্যবহার করে, তাহা মৃৎপাত্তের ভগাংশে **দ্রবহয়না; তাহাদিগের কোন** কোন মৃত্তিকাতে লোহের সম্পর্ক থাকিলে রক্তবর্ণ হয়, নির্মাল হইলে শুকুবর্ণ হট্য়া থাকে। মৃত্তিকা যত দ্ধা হয়, ততই কঠিন

ও পরিমিতাকার হয়, কিন্তু অগ্নির উস্তাপে তাহার আকারের ক্ষুদ্রতা হওয়া সাধারণ নিয়মের বিপরীত, কেবল তাহার জলীয় ভাগ বাজ্পে পরিণত হওয়াতেই ঐ প্রকার হইয়া থাকে। অগ্নিতে দধ্য করিলে যেমন সঙ্কোচিত হয়, শীতল হই-লেও সেই প্রকার থাকে। ইহা পরীকা করিয়া মেং ওএজউড় সা-হেব বিবেচনা করিলেন যে, ভাহার সক্ষোচিত হইবার পরিমাণ নিশ্চি-তরূপে স্থির করা যাইতে পারে; কারণ অগ্নির প্রথারতা অনুসারে তাহার আকারের সঙ্কোচ হয়; কিন্তু এই প্রকার বিবেচন। তাঁহার ভ্রম মাত্র। তিনিই অগ্নিপরিমাপক Pyrometer যন্ত্রের স্ফ করেন, তদ্ধারা অগ্নির তেজ নিরূপণ হ-ইত। অগ্নিপরিমাণের স্বতন্ত্র যত্র না হইলে প্রচলিত তাপমাণ Thermometer যন্ত্রের দ্বারা অগ্নির উল্লোপাদি নিৰ্ণীত হইত না। ২৪ ইঞ্চি পরিমাণের এক খানি তৈজস পাতে ২ টা পিত্তলের চুঙ্গী


এতজ্ঞপ স্থাপিত, যে তাহাদিগের এক পাশ্ব অর্ক ইঞ্জি অন্তর, অন্য পার্ম এক ইঞ্জির দশ্য ভাগের ঐ চুঙ্গীদ্বয়ের তিন ভাগ অন্তর। গাত্রে এক ইঞ্জিকে দশ ভাগ ক-রিয়া চিহ্নিত করা ছিল, মতরাং তাহার এক এক চিহ্ন ঐ সমুদয় পরিমাণের ২৪০ অংশের এক অংশ। করণভয়াল দেশের মুং-পাত্র নির্মাণ করিবার নিয়ম এই যে সাধারণ মৃত্তিকা দুই ভাগ এবং নির্মাল মৃত্তিকা তিন ভাগ একত্র মিশ্রিত করিত, সেই-রূপ মিশ্রিত মৃত্তিকা দারা কত-কঞ্চলি চুঙ্গী নির্মাণ করিয়া মৃদু অগ্নিতে দক্ষ করা হইত। ঐ कृकी चरयत गरधा रय मिक अधिक অস্তর দেই দিকে তাহারা নিশ্চিত প্রবেশ করিতে প†রিত; পরে যে অগ্নির তেজ নিরূপণ করিতে হ-ইত, সেই অগ্নিতে পুনরায় তাহা पक्ष कतिश्रा **वे ठूकी** घरत्रत मस्या প্রদান করিলে তাহা জানা যা-ইতে পারিত।

কিন্তু ঐ যন্ত্রের অনেক দোষ
থাকাতে বছকাল স্থগিত হইয়াছে। থেহেতু প্রথর অগ্নিতে
কোন দ্রব্য অপেকাল থাকিলে
যেমত সক্ষোচিত হয়, মৃদু অগ্রিতেও অধিককাল থাকিলে সেই
প্রকার হইয়া থাকে।

ক্রমশঃ প্রকাশ্য।

অবাধ্য বালকের দুর্দ্দশা।

(রাক্ষস-কবলে)



বৎসর। প্রিয় সকলের প্রিয় ছিল সত্য; কিন্তু পিতামাতাকে অমা- ন্য করা তাহার একটা প্রধান
দোষ ছিল বলিয়া, তাহাকে বিস্তর
ক্লেশ ভোগ করিতে হইয়াছিল।
এক দিবস তাহার মাতা
তাহাকে ডাকিয়া বলিল, বৎস!
তুমি প্রতিদিন বনমধ্যে ক্রীড়া
করিতে যাও; কিন্তু আমি ডোমাকে বারম্বার নিষেধ করিয়াছি
এবং অদ্যও নিষেধ করিতেছি,
তুমি তথায় আর যাইওনা। কারণ

করে, হঠাৎ তাহার সমক্ষে পতিত হইলে, নিশ্চয়ই সে তোমাকে বধ করিবে।
প্রিয় যদিও মাতৃ আজ্ঞা পালন করিতে প্রতিজ্ঞা করিয়াছিল,

তথায় একটা নরভুক রাক্ষদ বাস

তথাত অধিক দিন ক্তকার্য্য হইতে পারে নাই। দৈবাৎ এক দিবদ খেলা করিবার সময় তাহার গোলাটা গড়াইতে গড়াইতে অ-ধিক দূরে পতিত হইয়াছিল। বালকেরা স্বভাবতই চঞ্চল, মূত-রাং প্রিয়ও স্থির হইতে নাপারিয়া

সেই গোলার নিকটবন্তী হইলঃ

কিন্তু গোলাটী যে স্থানে পতিত হইয়াছিল, তথা হইতে যে, বন व्यक्षिक मृत हिंला ना, त्रांध इग्न, প্রিয় তাহা পূর্ব্বে জানিলে কখনই আদিত না। যাহাহউক, একণে म नकल विमा उ इहेश वरनत অদূরে কতকশুলি পক্ষিশাবকের কিচিমিচি ধ্বনি গুনিতে পাইয়া তৎক্ষণাৎ তাহাদিগের বেষণ করিতে গেল এবং তথা হইতে একটা কাষ্ঠমার্জার দে-খিতে পাইয়া তাহার পশ্চাৎ গমন করিল। এই রূপে সমুদ্য (যাহা তাহার মাতা বলিয়াছিল) বিষ্ত হইয়া বন মধ্যে প্রবেশ করিল এবং তথায় উপস্থিত হইবা মাত্র একটা বজ্রতুল্য শব্দ শুনিতে পাইয়া গুহে প্রত্যাগমন করিবার इष्ट्रावलवडी इहेल; किन्तु हेष्ट्रा হইলেই কার্য্য হয় না। স্বতরাং মনোরথ সিদ্ধ না হওয়াতে মনো-মধ্যে নানা প্রকার ভাবনার উদয় হইল। এ দিকে কতকগুলি রুক্ষের মড়ুমড় শব্দ, এমন কি, একশত

বৎসরের পুরাতন রক্ষগুলি পর্যা-ন্তও ভূমিদাৎ হইতে লাগিল। .বে†ধ হইল যেন, পদতলে ঘাস ও অন্যান্য ছোট ছোট রক্ষ যে রূপ দলিত হয়, সেই রূপ ঐ সকল রক্ষ মৃত্তিকাসাৎ হইতে लांशिल এবং क्रगकाल भारत यथां-र्थे अवरी ब्रह्माकात ताक्रम प्रकि-গোচর হইল। তাহার আকুতি এমনি ভয়ানক যে, বর্ণনা করিতে গেলে বর্ণের অভাব হইয়া পডে। সে যাহা হউক; পূর্বে যে বজ্রত্বল্য শব্দের কথা বলা গিয়াছে, তাহা কেবল তাহার নিখাসপ্রশাস গতায়াতের শব্দ ব্যতীত অন্য কিছুই নহে।

রাক্ষস নিকটবর্তী হওয়াতে,
প্রিয় যার পর নাই ভীত হইল,
বিশেষতঃ তাহার হস্তদ্বিত ভোজনপাত্রে (ঝুলিতে) অনেকগুলি বালক থাকাতে, সূত্যু সন্নিকট বিবেচনা করিয়া একেবারে
নীরব হইয়া বনাস্তরালে দণ্ডায়মান রহিল। প্রিয় যদিও নীরব

হইল, তথাচ কিরুপে রাক্ষদের হস্ত হইতে পরিত্রাণ পাইবে, মনো ग(भा म हिन्छ। अवन इहेगा है-ঠিল; কিন্তু তাহার কোন উপায় স্থির করিতে পারিল না। রাক্ষস যাহা যাহা করিতেছিল ও বলি-তেছিল, তাহার কিছুই প্রিয়ের অগোচর ছিল না। রাক্ষম নিকটে আসিয়া আপনা আপনি এইরূপ বলিতে ল†গিল, [']" তিশ,−বতিশ,− চलिगा निनक इटेल टे यथ छ হইবে ; কিন্তু তাহা ত রাত্রে ভো-জন করিন, আপাততঃ কি খাইয়া উদর পূর্ণ করি? ইহাও আমি বিলক্ষণ অবগত আছি, যে আমি অন্যান্যরাক্ষসদিগের মধ্যে পরি-মিতাচারী, অধিক ভোজন করি ना, उथां जमा यमि अक्षी मिना হাউপুষ্ট বালক দেখিতে পাই, তাহা হইলে উপস্থিত জলযো-গের পক্ষে বড়ই স্থবিধা হয় ও আফ্রাদের পরিসীমা থাকে না। व्याभात मञ्जी ताक्षमरम् त्र मरधा दंकर তিনটা, কেহ বা চারিটার স্থান

জলযোগ করে না; কিন্তু আমি তাহাদের মত লোভী নহি, আ-মার একটা হইলেই ভৃপ্তি হইয়া शारक। यादा इडेक, अना এकी বালক অভাবে আমি অন্যান্য বি-ষয় কর্মা কিছুই করিতে পারিতেছি না।" রাক্ষম এবস্প্রকার বলিতে বলিতে প্রিয় তাহার ছট্টিগোচর ट्डेल এवर माञ्लाटम छेटेळ्डस्यद বলিল "একি? চাহিতে চাহি-তেই যে শিকার মিলিল? কুল-শুরু মহধিরি কি অনুগ্রহ! ভগ-বতী উগ্রচগুরি কি অসীম রূপা!" এইরূপ বলিয়া অগ্রসর হইকার সময় দেখিল যে, প্রিয় পলায়নের চেষ্টা করিতেছে; কিন্তু সের্থা (हकी। श्रिय यथन शनायन करत, তথন রাক্ষমকে আর কট করিতে ছইল না,--রাক্ষদের অঙ্গুলী স-কল এত দীর্ঘ যে, প্রিয় তাহার অঙ্গীর মধ্যে বদ্ধ হইয়া আর এক পদও অগ্রদর হইতে পারিল

প্রিয়রাক্ষদের হস্তে পতিব

হইয়া নানা বিধ স্তুতিবাদ করিতে
লাগিল এবং ক্রন্সন ক্রিয়া বলিল, মহাশয় ! "কে আপনি?
আসাকে ছাড়িয়া দিন, মাতার
নিকট যাই,—সন্ধ্যা হয়,—অন্ধকারে
পথ দেখিতে পাইব.না,—মাতা
আমাকে অনেক ক্ষণ না দেখিয়া
কতই উদ্বিগ্না হইয়াছেন, আরো
বিলম্ব হইলে আরও হইবেন।

ক্রমশঃ প্রকাশ্য।

কপ্পনার প্রতি প্রিয় প্রকৃতি।

চিনিতে কি পার মোরে কল্পনা স্থানরি । সেই দেখা এক দিন বাসন্তী কাল্ আনে, গভবর্মে, স্লানমুখে এসেছিলে ছেখা, প্রিয়ুস্থী ভারনারে সহচ্বী করি, মানস সদনে মদ, বিজলীর প্রায়।

भट्ड कि महनट्ड दर्गाव ! दम मिहन्त कथा ? কহ শেখি কত আমি কমিয়ে বিনয়, জিজ্জাসা করেছি সতি ! ভব্যার ৷ বাণী ? কোথায় ভাৰমা আজি ? হেচাক্লহাসিমি ! তব চির गোহাগিনী, ছখিনী ननमा, क्ति (न कांभिनी ननां, (क्टन (मद्धक्तन, প্রাবদের ধারা কম তিতিয়া ক্রময় ? চাহিম। দেখিতে ভারে, চাহিম। ভারিতে ভাবনারে, চাহিনা ভ, পেরেছি যখন স্থাদা কল্পনা সভি ! সন্মুখে ভোমার । किरमव मश्मांत्रहक, हांग्रा वाकाशाह, কিংশের মমতা স্থেহ, পরিজ্ঞান থেতি? যে সকল উপদেব, অক্লিমনোপুরে, ভাবদা আদিয়া দেয়, মায়িক সে সব। হাসি কাঁদি কথা কই, পাগলেব মত, যেন কে দিয়েছে খেতে উন্মাদ ঔ্যথ. পূর্ণ করি মায়াপাত্র, মায়াবিশ্বধানে । চ্বার কি ভুলাতে পাবে ভাবন। আমীয়, আর কি দে মায়াকারা, বিষণবদন, निविधिया मम मम इस बार्क्निङ ? কে জামে কণ্টমায়া জামে মায়াবিদী? পেয়েছি ভোমারে শতি ! ক্লয় মন্দিবে, অসার ভাবনা পথে যাব নী ড আর ? यांवना क शथ कूरन, कव ना उ पूर्ण, আমার আমাব এই নশ্বর সংসার ! मुत्रियमा अदम कञ्च, तानिहज्जाकारत, (घाटत यथा बास दबर्ग कुछकात ठाक,

ষধন ঘূৰায় ভাবে কুন্তকাৰণ। চজেদও প্রহাবিয়াপদানত কবি স অথবা ৰালকুরুদ পঞ্বৰ কালে, डेंग्रेटनटङ कत्य उक्तीका वृवादस विष्टित, মূতে সূত্ৰ মোত্ৰ দেখি আমনদ বদনে बाइवा माहिम ! वलि शामा करव निष्, ছুটে गांस कांद्र कांद्र, मिट्स कत्रकांति, সেরতেপ কি ঘুরি আবি ঘূণী বায়ু মাকে, সার রত্ন আজি আমি করি অবেষণ। কহ ভানি মনোবাণি ! ধরি পা ছুখানি, কোন পথে, কতদুরে, প্রমার্থ পথ? ক্রখন লইয়া যাও বসাতল বাদে, कङ श्रुवन्त्र श्रुद्ध, देवज्ञव्य शारम, বেদিয়ার মত দেবি ! তুলিছ ফেলিছ मीरह छेट्ट हाति नित् कीकरलत थाय. अ करन अकृष्टि किरना, चूनिदेव उठरम? অনন্ত বিশ্রাম বথা, প্রিয় স্থাধাম, কহ দৈখি কুপা কবি, সেই গথ কোথা ?. थिय इपि विवासिनि द्वर्शन कहारन! এই কি সে স্বৰ্গধাম ? যথা শচীপতি দেবরাজ অমবেক্ত অন্সরা বেষ্টিত, नएउन विभन (अभ, अभन। विनामी, মুগ্ধ হয়ে পাবিজাত কুস্তুগ আছাৰে, মৃত্য গীত, হাস্যরসে, তুলুভি নিমাদে, স্তুরূপদী শচী দেবী শোক্তা পান বামে, চৌদিকে অসরবন্দ আঙ্গো করে সভা. বসিয়া থাকেন সবে, স্থির দৃষ্টি হয়ে,

স্থা দণ্ড, বন্ন ছত্রে, পোন্ডা পায় শিরে, অপ্ৰালে উচ্চপ্ৰবা হেষে হেষাবর, शक्त शहर कीम नारम, शहर्क के बावज, এই কি সে শোন্তাময় অসৰ মগৰী. এই কি অমবাৰতী সৰ্কা বাঞ্চনীয়, কহ সতি ! এই কি সে মোক্সপুণ্ড স্থান ? এরি নাম স্বর্গ ? যথা বাসিতে বাসনা कार्व थारक मामरववा चुक्रिवारव स्थर ? এ ভ দেবি স্বৰ্গ ময়, বুনিতেছি ভাবে, স্বৰ্গভোগ মানে স্তুধু, কৰ্মভোগ সাব! এথানে আমার সতি! নাহি অভিলাষ. আরে। কোথা স্থপর্গ আছেই নিশ্চর। যথা নাই শোক ছুঃখ জরা ব্যাণি ভয, আত্যপর, দিবা বাত্তি, মাতা পিতা দাবা, ভাতা পুল পবিজন মায়ার শৃখল, যথা নাই রাজা প্রজা, ছত্র সিংহাসন, সেই খানে লয়ে চল মঞ্ড মন্দিনি ! এক পিতা, এক বাজা, যে বাজ্যের সাব, নিতা এেম সদানন্দ যথা বিরাজিত. (महे तांदका हल दर्भाव ! मदन नद्य दर्भादव. সেই খানে সার রত মিলিবে আমার।

উভভিতে বিদ্যাধনী চামৰ চুলায়,

অপূর্ব কারাবাস।



প্রথম পরিচ্ছেদ।

প্রথম স্তবক।

''কস্ড বংয়গশাৰাকি কথমভ্যাপতাৰম্। কথকেদংমহৎ কৃছ্তুং প্ৰোপ্তৰত্যসি ভাবিনি॥,, মহাভাৰত।



চক্রমার উৎপাতরাভগ্রহ! তোমার অসাধ্য কিছুই নাই, তোমার প্রচণ্ড আক্রমণ কাহারও অবিদিত নাই। এই চরাচর বিশ্বসংসার মধ্যে এমন কিছুই দৃষ্ট হয় না, যাহা তোমার তীষণ দর্শনপথ পরিহার পূর্মক সীয়জীবনকাল মুখে অতি-বাহিত করিয়াছে। কি সুখ সৌ-

ভাগ্য-পূর্ণ রাজার রাজত্ব, কি জল-

রাশি-পরিপুরিত অগাধ কি গিরি নদী পরিবেটিত নিবিড অরণ্য, সকল স্থলেই তোমার প্রতাপদ্ধালা নিরস্তর প্রজালত রহিয়াছে। যেস্ল একণে মুখ-সৌভাগ্য মদে উন্মন্ত, নিরস্তর আমোদে আমোদিত, ধন রত্নে পরিপূর্ণ দেখা যাইতেছে, সেই স্থল কথন না কথন তোমার করাল নয়নের পথকন্ত্রী হইবে ও অবশেষে অশেষ দুৰ্দ্দশা ভোগ করিবে। তুমি অবলীলা ক্রমে অসঙ্গুচিত চিত্তে চির-স্থগোচিত ব্যক্তিসমূ-হকে এককালে অপার দুঃখদাগরে নিক্ষেপ করিতেছ, ও যার পর নাই অনর্থ পরম্পর্ সংঘটিত করিয়া উহাদিগের জীবন নাশে কৃতসংকল্প হইতেছ; তোমার ন্যায় পামর, নিয়্ণি ও নিষ্ঠার আর কেহই নাই। তুমি দুঃখীর দুঃখে বিকট হাস্য, শোকান্বিতের শোকে বিপুল হর্ষ প্রকাশ ও ক্রন্দিতের ক্রন্দনে আনন্দ ন্তত্য করিয়া থাক। যে ব্যক্তি কথন মামমাত্রও জানে দঃখের অভাব কাহাকে বলে, শুনে নাই, চিরকাল মুখ ভোগে লালিত, সে ব্যক্তিও ভোমার দৃষ্টিমাত্র ছত-

র্কিস্থ হইয়া তোমার আশ্রয় গ্রহণ গরিতেছে; এবং তুমিও ব্যাঘুর মঙ্কগত জন্তুর ন্যায় তাহাদি— কে মধ্যে মধ্যে বিকট অঙ্গভঙ্গি প্রদর্শন করিতেছ। দুরাচার! ভোমার কুটিল গতির যথাথ্য নির্দয় করিতে পারে, কাহারও এমন সাধ্য নাই।

এই যে সমাুখে বিজন অরণ্য উহাতেও কি দৃষ্ট হইডেছে, তোমার প্রবল পরাক্রম দ্বুষ্ট হই-তেছে না ? ঐ যে যুবতী কামিনী একটী পঞ্চম বৰ্ষীয় বালক ক্ৰোড়ে করিয়া নয়ন জলে ধরাতল অভি-উহারা কি করিতেছে, তোমারই আক্ষণে এই বিষ্ যাতনা ভোগ করিতেছে না ? পামর! তোমার বীরত্ব-প্রকাশের কি পাত্রবিচার নাই ? দুগ্ধপোষ্য বালক, বিজন অরণ্যের নামমাত্রও खत नांहे, मर्समाहे जमरथा माम দাসীতে পরিব্লত গাকিত, সেও কি এক্ষণে ভোমার বিক্রম প্রকাশের পাত্র হইয়া উঠিল ? নিষ্র! তোর হৃদয়ে কি দয়ার নামমাত্র নাই ? এই অবোধ বালক যখন কুধার অসহ্য বেদনায় কাতর হইয়া রো-দন করিবে, তখন কে উহার আ-

করিবে, হার আহরণ ভুম্ব য কণ্ঠ তালু শুদ্ধ হইলে কে উহারে জল প্রদান করিবে ? যুবতী এক এক বার উহার স্লান বদন নিরীক্ষণ করিতেছে, আর অধিরল নয়নজল বিসর্জ্জন করিতেছে। পিতা নিকটে থাকিলে কি পুত্রের এরপ দুর্দ্দশা হেরিয়া নিশ্চিন্ত থাকিতে পারি-তেন? মাতার হৃদয় কি বিদীর্ণ হইত না ? কিন্তু রমণী কি করিবে ; উপস্থিত হইলে রোদন ভিন্ন অবলার বল কি? যুবতী রোদন করিতেছে ও নির**স্তর** করুণস্বরে বলিতেছে।

দেবি! বুবি এতক্ষণের পর
তোমার প্রাণধন বৎস চন্দ্রকৈ কলের মত হারাইলাম, আর
ইহার প্রাণরক্ষা করিতে পারিলাম
না। এই নিবিড় অরণ্য মধ্যে
এমন কিছুই দেখিতে পাই
না, যদ্ধারা তোমার জীবনধনের
জীবন রক্ষিত হইবে। দেবি!
তুমি আমার হস্তে বৎস চন্দ্রকে
তুকে সমর্পাণ করিবার কালে বলিরাছিলে যে, "মখি! বোধ হয়
আজ অবধি তোমাদিগের প্রতি
আমার স্থি-সম্বোধন শেষ হইল,
দুরস্ত বিপক্ষে চতুর্দ্ধিক বেকটন ক-

কোলাহল শুনা যাইতেছে, অবি-রিয়াছে, অবিলব্রেই সমুদায় অধি-कात कतिरव अ आभा मिरशत अनेवन সংহার করিবে। এত কাল তোমরা যে আমাৰ প্ৰতি প্ৰাণ অপেকাও সম্ধিক স্নেহ প্রকাশ করিয়াছ, আমি তাহার কি প্রত্যুপকার कतिलाम, . जत्र हितकालित जना তোমাদিগকে বিপদ সাগরে ভা-সাইলাম। मिथ! श्रुर्म এই অভাগিনীর হৃদয়ে কত প্রকার মুখাশা উদিত হইত, আশাতে কতপ্রকার স্বপ্ন দর্শন করিতাম. মরীচিকার উদ্ধান্ত হরিণীর ন্যায় কতবার রুগা আশার অনুসরণ ক্রিয়া আত্মাকে সন্তোষসাগরে निमध कतिजाम। माक्रन मुटेर्फिव চিরকালের জন্য আমাকে সে আশার বঞ্চিত করিল। জানি না অন্তটে আরো কি দুর্ঘটন সংঘটিত হইবে। সথি ! এই সুখপূর্ণ অউ।-লিকা একণে শূনাময় ও বিষময় বোধ হইতেছে, রাজধানীও হিংস্র পশু পরিপূর্ণ ভীষণ অর্ণাময় জ্ঞান হইতেছে। হায়! এরপ ঘটিবে, ইহা স্বপ্নের অগোচর। ति माक्न मूर्टिमें ? এত मिरनत পর তোর মনকামনা সিদ্ধ হইল। ঐ দেখ চতুর্দ্দিকে বিপক্ষ দলের

লম্বেই উহারা এহলে আগমন করিবে। আর বিলম্বের প্রয়োজন নাই, এখনই এস্থল হইতে প্রস্থান হায় ৷ তোমাদিগকৈও আমায় পরিত্যাগ করিতে হইল, অসময়ে রক্ষার জন্যই কোথায় তোমরা আমার আশ্রেয় গ্রহণ করিয়াছিলে, না সেই অসময়েই আমি ভোমাদিগকে পরিত্যাগ করিলাম, আমার ন্যায় পাষাণ-হৃদয়া আর কেহই নাই। কিছুমাত্র অমুখের কারণ উপস্থিত হইলে त्य मथीशर्भंत वहन मन्दर्शत्र আমার সমুদায় অস্থুথ নিরাকৃত হইত, আমোদে পুলিকিত হইয়া উঠিতাম, দেই স্থাগণকেও একণে আমায় বিদায় প্রদান করিতে হইল। "---" সখি! कतित ? मकल हे देमरतत विज्ञाना, ইহা খণ্ডন করিতে কে পারে, কাহারও এমন সাধ্য নাই। কিন্তু আমার এই শেষ প্রার্থনাটী তো-মায় রক্ষা করিতে হইবে। বৎস চক্রকেতু জন্মাবধি তোমারই অনু-গত এবং তুমিও ইহারে পুরের ন্যায় স্বেহ করিয়া থাক ! অতএব ইহাকে আমি এক্ষণে তোমার হত্তে

নিক্ষেপ করিলাম, আজ অবধি তুমিই ইহার মাতা হইলে। স্থি! চক্রকেডু আমার প্রাণ অপেক†ও সমধিক ন্ধেহের পাত্র। কিন্তু এরূপ বিপদ সময় আমার নিকট থাকিলে কখনই আমি উহাকে রক্ষা করিতে পারি-ব না। নিশ্চয়ই বিপক্ষগণ উহাকে বিন্ট করিবে। কিন্তু তোমার নিকট থাকিলে কথঞিৎ রক্ষার সম্ভাবনা।---

কিন্তু অভাগিনী তাহার কি ক-রিল / বুঝি এই অরণ্যমধ্যে দেবীর জীবন রত্তকে হারাইলাম। বেলা অবসান হইয়া আসিতেছে। রাত্রি কালে হিংস্র পশু সমাকীর্ণ অরণ্য মধ্যে কি রূপে ইহার প্রাণরক। করিব? দেবি! ভোমার কিন্ধরী মেই বিপক্ষসমাকীৰ্ণ নগরী হইতে কথঞ্চিৎ ইহার প্রাণ রক্ষা করি-য়াও অবশেষে বুঝি অরণামধ্যে ইহার প্রাণ রক্ষায় সমর্থ হইল না। হায়! এই অনাশ্রয় অ-রণামধ্যে কি রূপে এই দুরস্ত রজনী অতিবাহিত করিব? যে **पितक पृष्टि निक्कल कति, मिटे** দিকেই গহন কানন। কি রূপে বংসের প্রাণ রক্ষা হইবে; চজ্র- বিলন, দিবাসতী পতির দুর্দেশা

লেখে! তুমিই সার্থক জীবন পরিগ্রহ করিয়াছিলে। থাকিতেই শুনিয়াছিলাম তুমি বৎস হংসকেতৃকে লইয়া নিরুপদ্রবে নগর উত্তীর্ণ হই-য়াছ ও কোন ভিন্ন রাজ্যে প্রবেশ করিয়াছ। অনায়:সেই দেবীর কনিষ্ঠ তনয়ের জীবনরকায় ममर्थ इरेटा, किन्छ आमि এই मुख्त व्यत्ग्रामा कथनहे कूग्र†-রের জীবন রক্ষায় সমর্থ হইব না। যুবতী যখন এইরূপ রোদন করিতেছে ও বিহ্বল ভাবে চত্ত্র-র্দ্দিকে দৃষ্টি নিক্ষেপ করিতেছে। তখন ক্রমে বেলা অবদান হইয়া আসিয়াছে।

অপূর্ব কারাবাস।

দ্বিতীয় স্তবক।

পীন-প্রোণি পর্যোগরাম্। লক্ষয়িত্বা মূগৰ্যাধঃ কামস্য বৰ্মীযিবান্॥,, মহাভারত।

দিবাকর রমণীর করুণ বিলাপ শ্রেণে অসমর্থ হইয়াই যেন অর-**ণ্যের অপর প্রাস্ত আশ্র**য় করি-

দर्भरित क्राया मिलन इट्टेंट लोगि-লেন। সন্ধাসখী হিম্ব্রভিছলে অশ্রুবারি পরিত্যাগ করিতে লা-গিল ৷ হস্তের মাল্যদান হস্তেই অবস্থিত। কে পরিধান করিবে ? फिरांत जांत रम फिन नांहे, रम সময় নাই, একণে পতির দুঃখেই मूःथिত, পতिর দশা দর্শনেই মূ্যুমাণ। রবিও শোকে তাপে ক্রমশ বিবর্ণ হইয়া পড়িয়াছেন, প্রভা প্রভাহীন, অনুমিনই হয় न। निर्कारनत श्रुक्त करन मील-শিখার ন্যায় দেহও বন্ধিতায়তন হইয়া উঠিয়াছে ৷ তথাপি পরো পকারে বিরতি নাই। এরূপ হীনাবস্থাতেও স্বকর্থচিত হেম্ম-কুটে পাদপশিখর অলঙ্কৃত করিয়া দিলেন। রবির অনুমোদিত বিবে-চনায় মলয় গিরি মৃদুমন্দ বীজনে লাগি-বাজন করিতে লেন, বিহঙ্গমগণ স্থললিত স-দ্বীত সহকারে স্তাতিপাঠে প্রবৃত্ত হইল এবং মস্তকোপরি হীরক মণ্ডিত সুনীল চন্দ্ৰাতপ শোভা পাইতে লাগিলা কিন্তু কিছুই চিরস্থায়ী নহে, কালের করাল নয়ন কাহারই চিরস্তন সৌন্দর্য্য দর্শনে সমর্থ হয় না। এই পৃথি-

বীমগুলের সর্পত্রই এই একের জয় অন্যের পরাজয়, একের মুখ, অ ন্যের দুঃখ ও একের অভ্যুদয় অন্যের বিপর্যায় নিরন্তর সংঘটিত হই-তেছে। ইহা দেখাই বার জনাই যেন প্রভাকর ভয়-পলায়িত গাঢ-তর অন্ধকার সময় পাইয়া ক্রমে লাগিল বহিৰ্গত হইতে প্রভাকর প্রদন্ত অনুগ্রহ সহা করিতে না পারিয়াই যেন পাদপ শিখর হইতে হেম মুকুট দূরে निटकले कतिल ও छेशां पिरशत ব্যবধান ভূমি পর্য্যন্ত অধিকার আশ্রয় দাতার বিপদ করিল। উপস্থিত হইলে আ্পিতেরও তাহার অংশভাগী হইতে হয়: এই কারণেই রমণীর অন্তরেও অ-ন্ধকার আক্ষেপদ লাভ করিল।

রজনী উপস্থিত; অরণাও
বিজন, রমণী তয়ে বিহ্বল, মুখে
বাক্য নাই; মনের স্থিরতা নাই,
কোথায় আসিয়াছে, কোথায়
যাইবে এক কালে এই বিবেচনা
শূন্য। চকিত নয়নে চতুর্দ্দিকে
দৃষ্টি নিক্ষেপ করিতেছে। কিন্তু
কিছুই আর লক্ষ্য হয়না, চতুর্দ্দিক
অন্ধকারে আর্ত, বনভূমি নিস্তব্ধ,
কেবল মাত্র বায়ুর শন্ শন্ শক্ষ

ও গিরিনিকারিণী গণের পতন
শক্তিয় আর কিছুই শ্রুতিগোচর
হয়না। অঙ্গন্থ বালকও অন্ধকারে কিছু দেখিতে না পাইয়া
উল্লৈম্বরে রোদন করিতেছে।
কে তাহাকে শাস্ত করিবে? রমণী
প্রায় চেতনাশূন্য। কিন্তু বালকের
কর্ষণবিলাপ শ্রুবণ করিলে অচেতন পাষাণও যথন বিদীর্ণ হইয়া
যায়, তথন যে তাহাতে একটী
রমণীর কোমল হলয় বিদীর্ণ হইবা
বে না! ইহা নিতান্ত অসম্ভব ।
জ্বালা সংক্রামিত ধ্মসূত্র ধূমিত
দশাকে কত ক্ষণ অনির্বাপিত
রাখিতে পারে?

রমণী বালকের করণ বিলাপে পারিল ন্থির থাকিতে না। অধীর ভাবে রোদন করিতে লাগিল। অবশেষে কতক শাস্ত বালককে শান্ত-ভাবে হইয়া বলিতে লাগিল, বৎস! আর রোদন করিও না, তোমার করুণ বিলাপে প্রায়ণিও দ্রব হইয়া যায়। ক্ষান্ত হও। রোদন করিয়া कि कतित्व, मकल है दिम्दात विष्-ম্বন। দৈব প্রতিকৃল হইলে लारकत नाना श्रकात मूर्घ है घटेना সংঘটিত হইয়া থাকে। প্রমে-

শ্বকে সারণ কর, তিনিই স্থা-सूरथंत निर्मात। तमगी वालकरक এই রূপ **উপদে**শ দিতেছে, কিন্তু কাতরতা বশত তাহারই মুখ হইতে নানা প্রকার অ-সংশ্লিষ্ট বাক্য বহিৰ্গত হই-তেছে। কখন তৎকালোপযোগী উক্তম উক্তম উপদেশ বাক্যে বাল-ককে সাস্ত্রা করিতে লাগিল, কথন বা করুণ স্বরে স্বয়ংই ভয়শোক জনিত বিলাপয়নি করিতে লাগিল ৷ এই ভাবে কিয়ৎক্ষণ অতিবাহিত रहेल तमनी जातिन, यमि अमिता-ভাগ কথঞ্চিৎ অতিবাহিত হই-য়াছে; কিন্তু এক্ষণে রাত্রি উপস্থিত। রজনী যোগে নিশ্চয়ই বন্য জন্তুগণ বহিৰ্গত হইবে এবং আমাদিগকে বিনষ্ট করিবে। কিন্তু এরপ ক্লেশে বিজন আরণ্যে বাসাপেক্ষা মৃত্যুই শ্রেয়কর। মুবতী এই নিশ্চয় ক্রিয়া আপাতত শান্ত হইল বটে, কিন্তু তাহার জীবনের সহিত কুমা-রের জীবন সম্বন্ধ রহিয়াছে, ইহা মনোমধ্যে উদিত হইবামাত্র এক-कारन अधीत इहेश छिन। आंत শান্তির বিষয় কি ? প্রচন্ত বাত্যা-সহযোগে সলিল রাশি কোথায় নিশ্চলভাবে অবস্থিত থাকে! যুবতী আকুল হৃদয়ে, চতুর্দিক হিংস্ৰ ময় দেখিতে লাগিল। ক-প্রনা দুর্দ্ধেরে উপদেশক্রমে শত শত পশুর আকার ধারণ করিয়া রমণীকে ভয় প্রদর্শন করিতে লা-গিল; কিন্তু প্রকৃতের নামমাত্রও সে হলে উপস্থিত ছিল না। তাহারা রমণীর বন-প্রবেশের পূর্মেই কিরাতগণের কোলাহলে ও শরবর্ষণে এই বনভূমি পরি-ত্যাগ করিয়া অন্যত্র আশ্রয় গ্রহণ করিয়াছে। বনমধ্যে হিংস্র জন্তর নামমাত্র নাই। হিংস্কের মধ্যে क्विवल এकमांज मूर्ভागार विकरे বেশ রমণীর চতুর্দ্দিকে ভ্রমণ রুরি-তেছে ও তাহার দুঃখে অপরিসীম আনন্দ প্রকাশ করিতেছে। রুমণী যখন আপনার অঙ্কমধ্যে

রমণী যখন আপনার অস্কমধ্যে বালককে লুকায়িত করিয়া সামান্য শব্দেও জন্তুগণের আগমন
আশস্কা করিতেছিল, তখন বনভূমির উক্তর প্রান্ত হইতে সমুষ্যা
কোলাহলের ন্যায় কোন শব্দ
শোনা যাইতে লাগিল। "কি
শব্দ ? ধুবি শত্দগণ সমুদায় বি—
নক্ট করিয়াও ফান্ত হয় নাই, এখান
অবধিও আমাদের অন্বেষণে আদিত্তেছে; আগত প্রায়।" এই

চিন্তা উদিত্যাত্র রমণী ভয়ে অ-ধীর হইয়া উঠিল।আকুলিতচিত্তে চতর্দ্দিক দেখিতে লাগিল। কিন্তু কিছুই আর দেখা যায় না। পলা-য়নের ইচ্ছা থাকিলেও পালাইবার উপায় নাই। ব্লফলতাদি অন্ধকারে পরস্পার সংশ্লিষ্ট, স্থানটিও নি-তান্ত অপরিচিত, তথাপি ক্ষান্ত নাই, বালককে অঞ্লে আরত করিয়া আশ্রয় জন্য চতুর্দিকে গমন করিতে লাগিল। কিন্তু যে **मिटक शमन करत, स्मर्टे मिटकरे** রক্ষলতাদি গতি রোধ তখন দেখিয়া রোদন ক-করিতে কোলাহলের অভিমুখে ছটি নিক্ষেপ করিয়া বলিতে লাগিল, আমাদিগকে বিনাশ করিবেন না আমরা আপনাদিগের শরণ গ্রহণ ক্রিলাম, দেবীর নিক্ষিপ্ত ধন হ্রণ করিবেন না। রমণী যখন করণ-স্বরে এই কথা বলিতেছে, তথন সেই দিকে আলোক মালা দেখা যাইতে লাগিল, আলোক দর্শনে রমণীর কণ্পিত নিশ্চয় স্থিরীকৃত হইল, 'শক্রগণই আসিতেছে, নতুবা এই দুর্গম অরণামধ্যে এই রজনীযোগে কে আদিবে" রমণী কি আর স্থির থাকিতে পারে? অসপন্দের ন্যায় ধরাতলে নিপ-তিত।

ক্রেমে আলোক মালা নিকট ৰন্তী। কোলাহল গগনতল সপৰ্শ করিয়াছে ও সুখপ্রসুপ্ত বিহঙ্গম গণের আর্ত্তস্বরে বনভাগ আকুলিত হইয়া উঠিয়াছে, রমণী ভয় বিক লিত নয়নে আলোকের দিকে অপ্পে অপ্পে দৃষ্টি নিক্ষেপ করাতে দেখিতে পাইল, বিকটাকার অ-সংখ্য মানব মসাল হত্তে সেই দিকে আগমন করিতেছে, দেখিবা মাত্র রমণী সপন্দহীন শরীরে সাড় নাই, খন ঘন নিশ্বাস পড়িতেছে, কি! এককালে চেতনাশুন্য?সে আকার দর্শন করিলে সাহসী পুরুষেরও শোণিত শুক হইয়া যায়, তখন যে একটা অবলা বিচেতিত হইবে, ইহাতে আর বিচিত্র কি ?

পাঠক! পুর্মে যে কিরাত দৈন্যের কথা শুনিয়াছিলে, এই মেই মৃগয়াপ্রতিনির্ম্ন কিরাত-দৈন্য, ইহারা সমস্ত দিব্দ বনমধ্যে আপনাদিগের মৃগয়াকুতুহল চরি-ভার্থ করিয়া এক্ষণে গৃহাভিমুখে

প্রত্যাগমনু করিতেছে। ভীষণকায় কুকুর গণ আমোদে ক্রীড়া করিতে করিতে অগ্রে অগ্রে প্রধাবিত। কেহ দৌড়িতেছে, কেহবা তা-হাদিগের অনুসরণ করিতেছে, ক্রমে রমণীর আঞ্চিত তরুতলের मना,थीन। রমণী চেতনশূন্য, অবশদেহ রক্ষমূলে পতিত। কুক্রগণ আমিষগদ্ধের অনুসারে সম্পুথে উপস্থিত। কিন্তু মানবা-কার দর্শনে কোনপ্রকার হিংসা না করিয়া গাত্র আঘাণ করিতে माशिल।

ক্রমে কিরাত গণ সেই স্থলে আগামন পূর্বক সেই অনুপম भानार्या भानिमी कामिमीरक ख-কমাৎ রক্ষমূলে শয়ান দেখিয়া সবিন্ময়ে বলিয়া উঠিল, একি, এ-রূপ রূপসম্পন্না কামিনী ত কখন করি নাই। কোথা নয়নগোচর হইতে এ সৌন্দর্য্য রাশি উপ-रहेल। এই कथा खारत অন্যান্য কিরাতগণ ও পরে দল-পতিও,সেই স্থলে উপস্থিত হই-লেন, সকলেই বিশ্বিত, কেছ কিছুই নিরকারণ করিতে পারিতেছে না। দলপতি কামিনীর নিকটবন্তী হ-ইয়া ও আলোক ছারা সমুদায় অ-

বলোকন করিয়া ভাবিলেন, কোন সন্তান্তকুল-কামিনী দন্তা কর্তৃক নিহত হইয়া এই স্থলে নিকিপ্ত রহিয়াছে। কিন্তু লাবণ্যজ্যো-তিতে মতের ন্যায় বোধ হইতেছে না। অথচ নিশ্চেষ্ট, জ্ঞান নাই। গাত্রে হস্তপ্রদান করিতেছি, ইহা-তেও কিছু বলিতেছে না। শ্বাসও বহিতেছে। ইহা নিতান্ত আশ্চর্য্য। কোন মুবতী কামিনী অপরি-চিত পুরুষের দপর্শ সহ্য করিতে পারে ? কিন্তু এ যুবতী তাহাতেও কিছু বলিতেছে না। তবে কি কোন কুহকিনী আমাদের ছলি-বার আশয়ে এই বিজন বনে মায়া জাল বিস্তার করিয়া শয়ান রহি-য়াছে ১ এত কলরবে যে নিজি-তের নিদ্রার অপগম হইবে না, ইহা নিতান্ত অসম্ভব । হউক, ইহার তথ্যানুসস্কান করিতে হইবে। এই কথা বলিয়া উহারে সচেতন করিবার মানসে নানা প্রকার চেষ্টা করিতে লাগিলেন, কিন্তু কিছতেই চেতিত করিতে না পারিয়া এক জন অনুচরকে বলিলেন, দেখ, কামিনী কিছুতেই চেত্রণ লাভ করিল না, অথচ জীবিতের ন্যায় বোধ হইতেছে,

বোধ হয়, য়য় করিলে অবশ্যই
চেডনা লাভ করিবে। আকৃতি
দর্শনে বোধ হইতেছে, কামিনী
কোন সন্ত্রান্ত কুলোৎপন্না, কোন
বিপদ্বশতই এই দুর্দ্ধ শা ভোগ
করিতেছে, যাহাতে, অবিলম্বে
চেতনা লাভ করে, তাহাতে
সচেইট হও, কামিনীকে ক্পার্শ করা
অবধি আমার শরীর বিবশ হই—
য়া আসিতেছে। ইহার চেতনা
ভিন্ন আমাকেও উহার দশা ভোগ
করিতে হইবে।

অনুচর আদেশমাত্র গ্রীয়া-পগমের জন্য রমণীর বস্তাদি কথ-ঞ্চিৎ অপসত করাতে দেখিতে পাইল, এক স্থকুমার কুমার অঞ্চ-লে আরুত হইয়াছে। মুখে বাক্য नारे, ভয়ে আড় छ, क्वतन नमन প্রান্ত হইতে অবিরল অঞ্জল নিৰ্গত হইতেছে। যদিও ভয়-শোকে মলিন, তথাপি সেরপ অপরপ রূপ কখন তাহার নয়ন-গোচর হয় নাই। বালককে দেখি-বামাত্র অনুচর আমোদে পুলকিত इहेश मलপতिকে विलल, महा-শয়! বুদ্ধদেব আপনার প্রতি নিতান্ত সানুগ্রহ। যদিও অনু-প্ৰস্কুপ্ৰসম্পন্ন কামিনী অদ্যাপি

চেতনালাভে সমর্থ হন নাই; তথাপি তাঁহা হইতেও সম্ধিক প্রিয়তর অন্য বস্তু আপনাকে প্র-দান করিয়াছেন। আপনি বস্তুতে বঞ্চিত ছিলেন বলিয়া স-র্মদা আক্ষেপ করিতেন, সংসারকে অসার ভাবিতেন ও আপনার অপরিদীম"ঐশ্বর্য্য রাশিতে কোন্ ব্যক্তি অধিকারী হইবে ? বলিয়া मर्त्राहे मृत्थ श्रकांग कतिएनं, বুদ্ধদেবের অনুগ্রহে আজ আপনার সেই মনোদুঃখ নিবারিত হইল। দেথুন, কিরূপ অপূর্ব কুমার-রত্ন আপনি প্রাপ্ত হইয়াছেন। বলিয়া কুমারটীকে দলপতির হস্তে প্রদান করিল। কুমার কিরাত হস্তগত হইবামাত্রই ভয়বিসায়ে কাঁদিয়া উঠিল ও কিরাতপতির মুখের দিকে এক ছক্টে চাহিয়া দলপতির শান্তবাকা নির্থক, কিছুতেই বালক রোদন হইতে ক্ষান্ত হইতেছে না। রম-ণীর নিকট যাইবার আগ্রহ প্রকাশ করিতেছে।

ক্রমে অনুচর গণের যজে রম
ণীর মোহ অপনীত হইলে কিরাতপতি সেই রমণীকে জীবিত

ও উহার দেহ সপন্তি হইতে

দেখিয়া আহলাদে চৈতনা-রহি उंडिट्नन। ন্যায় হইয়া তের দেহে বল নাই, চিত্রিতের ন্যায় पश्चाश्चमान। कि कतिरवन, कि कतिरल त्रानी मलुके इन उ उँ। इन्त অনুগামিনী হন, এই ভাবনা যেন জাঁহার মনোমধ্যে উদিত হইতে लाशिल; किस्त विलवांत मामधी নাই; উপায় নির্দ্ধারণেও অক্ষম, দৃষ্টি পলকহীন-রমণীমুখেই নিপ-किस मर्भात তিত রহিয়াছে, অসমর্থ। বালক কিরাতপতির হস্তবেষ্টনী ক্রমে শিথিলিত দেখি-য়া অবরোহণ পূর্ব্বক যুবতীর নিকট গমন করিল। মাতৃ সম্বোধনে আহ্বান করিতেছে—জ্রাক্ষেপ নাই, উত্তর নাই, স্বপ্নাবিষ্টার ন্যায় দেখিতেছে, নাও দেখিতেছে। নয়ন বিকশিত রহিয়াছে, কিন্তু কিছুমাত্র চেষ্টা লক্ষিত হইতেছে ন। কুমার বাকোর উত্তর না পাইয়া যুবতীর অঙ্কে আসীন হইয়া রোদন করিতে লাগিল। রুমণী বালকের করুণ বিলাপে চমকিতের ন্যায়, বিশ্বিতের ন্যায়, ভয়াকুলিতের ন্যায় সহসা উদ্ভান্ত হইয়া উঠিল; মোহাবেশ অপনীত হওয়াতে পূর্বভাব ক্রমশ মা,তি-

পংগ উদিত হইতে লাগিল। পূর্দ্ধে স্বপ্নের ন্যায় যাহা দেখিতে ছিল, এখন প্রত্যক্ষেই তাহা দে-খিতে লাগিল। কি ভয়ক্ষর! কা-লান্তক যম সদৃশ অংস্থা বনা পশুতে চতুর্দিকে পরিরত রহি-য়াছে। উহাদিগের পৃষ্ঠের এক ভাগে মাংস ভার ঝুলিতেছে, জন্য ভাগে ज्वीत उ तानामन, এक इत्स প্ৰেজ্লিত মশ∤ল, অন্য হত্তে পণ-বে'ধক রক্ষলতাদির কর্ত্তন জন্য युजीक्त कर्खती, पूर्वमञ्जल नीना বর্ণে চিত্রিত, গাত্রভাগ চর্মে আরত, পদতল উফ্টচর্ম নির্মিত পাদুকায় সংস্থাদিত কটিদেশ নানা প্রকার অন্ত শস্তে সমলস্কৃত। কি ভয়স্কর মূর্ত্তি! একটী स्र थां हिं कां मिनी यूत ठी कां मिनी যে এরপে অবস্থায় কিরপে কাতর হইবে, তাহা পাঠক বিলক্ষণ অনুভব করিতে পারিতেছেন, কিন্তু আমাদিগের যুবতী ততদূর ভীরুম্বভাব ছিল না, এই কারণে তখনও চেত্রণ ধারণে ও উচিত-মত কর্ত্তব্যাকর্ত্তব্য নির্দ্ধারণে সক্ষম 🖟 হইয়াছিল।

কিরাতপৃতি সেই সৌন্দর্য্য রাশিকে এককালে উপবিষ্ট দে-

থিয়া ভাব স্কির থাকিতে পারি-लग गा, अभीत इहेगा उठिलग । कतिद्वन, मानम কি নিতান্ত ठश्वन, त्करन गांज तम्बीत श्रम-দ্যু পাবণ করিয়া বলিতে লাগি-लन, इलि ! कि तनित, तनि-বার সামর্থ্য নাই। দর্শন মাত্র আমার বলবুদ্ধি অপ-হাত হইয়াছে, নয়ন মন ভোমার রূপ রাশিতে নিমগ্ন হইয়াছে। কিছুণ্ট স্থিরতা নাই, বলিবার বিষয় কি ? তবে এই মাত্র বলি-বার ক্ষমতা আছে যে, আদ্যা-বধি এই নিবাশ্রয় ভোমার শর-ণাপন্ন হইল, এই আমার আ-মুচরবর্গ আজ অবধি তোমার আজাবহ হইল, মুখপূর্ণ কিরাত-রাজ্য ভোমারই এক মাত্র আজ্ঞা-ধীন হইল। এক্লে ঐ বদন স্বপাকর হইতে স্বপামাখা অনুকূল বাক্য নিঃসূত হইলেই এই দাস-मारमत् नशन भन थन तांका हति-তার্থ হয়, নত্বা এই কর্ত্তরী এই ফণেই অধম শোণিতে তোমার পদতল দূষিত কবিবে। সুন্দরি! वमनावत्र (यांहन कत्र, मन्त्रा, व মগুল শশধর কি মেঘাবরণের উপयुक्त ? भीनामिनी मनार्म

করতল অনবরত কম্পিত হই-তেছে, হৃদয় অস্থির হইয়াছে। বাক্ পথাতীত অবস্থা উপভোগ করিতেছি, কে বলিবে? যে ব্যক্তি ক্ষণকালের জন্যও রূপ অবস্থা উপভোগ য়াছে, দেই জানে যে, অদৃষ্টপূর্ব অঞ্তপুর্ব অনুপম রূপল†বণ্য-मम्भागायाजी कामिनीत अक म्भूम কতদূর ভয়ঙ্কর! করতল পদ-তল হইতে বিশ্লিষ্ট করিবার ক্ষমতা নাই, শুদ্ধ অলাতে বহিং সংযুক্ত হইলে বিযুক্ত করা নিতান্ত স্থ-হৃদয় বিদীর্ণ-প্রায়। অসহ্য বেদনাকুঠার হৃদয়এস্থিতে অবিরত আঘাত করিতেছে। আর সহ্য হয় না। সুন্দরি ! তোমার কেবলমাত্র কোমল পদতল দপ-শেই দেহ মন হৃদয় এইরূপ আ-কুল হইয়া উঠিয়াছে, আত্মপর বিবেচনা শুনা হইয়াছে, অনবরত কল্পিত হইতেছে। জানিনা ডো-মার স্বাঞ্চ কপশ কিরূপ ভয়কর! যাহা মনে উদিত হইলেও প্রাণকে আকুলিত করে, তাহা সাক্ষাৎসম্ব-দ্ধে কিরূপে উপভুক্ত হইতে পারে? এই विश्वनश्मात गर्धा ध्रमन कि কোন বীর পুরুষ অবস্থিত আছে?

যে তোমার সর্বাঙ্গস্পর্শে আত্মাকে মুখিত করিয়া চেতনা ধারণে সক্ষ হইয়াছে? আমি নিশ্চয় বলিতে পারি, যখন তোমার ঐ মুখ হইতে বাক্য নিঃ-সূত হইবে,তথন কথনই এই দেহ সচেত্তন থাকিবে না। সুন্দরি ! সেই বিচেতন অবস্থাও যে কিরাত-পতির কতদূর প্রার্থনীয়, কত যে वारूपम मरखांष्यम, কত যে বিমল আনন্দ সম্পাদক, তাহা এই মন চিরজীবন কাল চিন্তা ক্রিলেও অনুভব ক্রিতে আহা! ও বদনের প্রেম মাথা স্থমধুর হাস্য মুহুর্ত্তের জন্য দর্শন করিয়াছে, (मह धना, जाहात जनाह मार्थक, সেই স্বর্গসুথ উপভোগ করিয়াছে, এই আকর্ণ বিদারিত লোচনে যথন কটাক্ষ সংযোজিত হয়, তথন কি ধরামধ্যে শারীরিক বলের নাম্মাত্র শোনা যাইতে পারে? कम्मर्भ कि उथन उ सकी ग्र वानामन धांत्रत् मक्षम इत ? এই मूनील কুঞ্চিত কেশপাশ পীতলোহিত স্থলোমত গণ্ডদেশে পতিত রহি-য়াছে, ইহ। স্বপ্নে সন্দর্শন করিলেও কি মনুষা চেতিত থাকিতে পারে?

রাগে রঞ্জিত হয়, তথন কাম-হুতাশন কাহার না অন্তরকে ভদ্মী-ভূত করে ?—স্থির দৃষ্টি, পলকহীন কপোলে স্বেদজল বিনিৰ্গত হই-তেছে। স্বন্দরি! অনুমতি কর, এ-कवादात कता, वित्रकीवत्नत मध्या একবারের জন্য তোমার বদন কমল মুছাইয়া দিই, শরীর পবিত্র করি, হস্তের সার্থকতা বিধান করি, জীবনের চরিতার্থতা সম্পা-দন করি! অনুমতি কর। আঃ--আমি কি স্বপ্ন দেখিতেছি ? বলি-ভে বলিতে কিরাত পতির কলেবর কন্পিত হইতে লাগিল, মুখে অস্পষ্ট বাক্য বিনির্গম—কই তাও আর শুনা যায় না, স্ববিরল ঘর্মা कम विश्वाहर, श्रीवादमा वल-शीन, एकि मक् हिंठ, विकि? मू-চ্ছার প্রবাক্ষণ ? দেখিতে দে-খিতে কিরাতপতি অবশদেহে অ-নারত অপরিষ/ত ভূমিতলে প-তিত হইলেন। "कि इडेल, कि इडेल, कि मर्स-

এই আরক্ত ওঠাধর যথন তামূল-

"কি হইল, কি হইল, কি সর্মনাশ! সর্মনাশ! কুছকিনি! কি
সর্মনাশ করিলে, ইনি তোর কি
অনিষ্ঠ করিয়াছিলেন? তোর
ক্ষপাশন্ত যে এত ভয়ন্কর, অথে ইহা

জানিলে কখনই ই হাকে স্পূর্ণ করিতে দিতাম না। হায় কি হইল,
অপরিমিত বলবীর্য্য সম্পান্ন সাহসরাশি কিরাতনাথ একটা কামি—
নীর স্পূর্ণে গতচেতন হইলেন।
হততাগিনি! যাহাতে আমাদিগের দলপতি শীঘু চেতনা লাভ
করেন, তাহাকর, নতুবা এই শত
শত স্থতীক্ষু কর্তুরী তোর সমক্ষেই
তোর প্রিয় কুমারকে খণ্ডিত করিয়া তোকে নিধন করিবে।,,
চতুর্দ্ধিক হইতে বক্তানির্ঘোষ সম
এই দারুণ বাক্য সম্থিত হইল।
শুনবামাত্র রমণী মুচ্ছিত-

প্রারণার রমণা মুক্ত ও প্রায়। মুখে বাক্য নাই, নমন হৈতে দর দর জলধারা প্রতিত হইতেছে। কি করিবে, কি করিলে উপস্থিত বিপদ হইতে রক্ষা পাইবে, এই চিস্তা মুবতীর হৃদ্য মধ্যে উদিত হইল বটে। কিন্তু কে উপায় নির্দ্ধান করিবে? এইরূপ বিপৎপরস্পরা কোন্ রমণী কোন্ বীরপুরুষ সহ্য করিতে পারে? রমণী অধীর ভাবে রোদন করিতে লাগিল ও উহাদিগের মুখের দিকে সভয়দ্কিতে চাহিয়া রহিল আর অুমুনয় বিনেয়র সময় নাই। যমদ্ত সদৃশ কিরাত-

দল অনুনয় বিনয়ে বশীভূত হৈই-বার নছে। দল হইতে ঘন ঘন পুর্ম্বোক্ত বাক্য বিনির্গত হইতেছে, উপায়ান্তর না দেখিয়া যুবতী বলিল, মহাশয়গণ ! স্থির হউন, আমি আপনাদিগের অধিপতির रिव्वता मन्धानत रवधा कति-তেছি। "এখনিই কর, নতুবা অবিলম্বে উচিত প্রতিফল পা-ইবি "রমণী কি করে, দলপতির टिज्जगुमम्भानगार्थ उराटक अ-গভা∖যত গ্ৰহণ করিতে হইল। কিন্ত হৈত্ব্যাধানের উপকরণ কিছুই নাই, কিসে চৈতনা সম্পা-দিত হইবে! কিন্তু এরূপ যুবতী কামিনীর একটা যুবককে চেতিত করিবার উপকরণের অভাব কি ১

যুবতীর কোমল করতল কিরাতপতির অঙ্গে পদ্মদলের ন্যায়
নিক্ষিপ্ত হইল, নিঃশ্বাস পবন
বীজন সদৃশ হইল, নুয়ন জল
বারিসেকের কার্য্য সম্পাদন করিতে লাগিল এবং কোমল বচন
পরস্পারা পরকার সংলগ্প দন্তপংজির কথা দূরে থাকুক্ হাদয়গ্রস্থিরও বিদারণক্ষম হইয়া উটিল।
এরপ উপকরণসমবায় একত্রিত
হইলে যথন পাষাণ্ড অঙ্কুরিত।

হর, তথন কি উহাতে একটা
সামান্য মনুষ্যদেহ চেতিত হইবে
না? কিরাতপতি! তুমিই ধন্য!
তোমার মোহই তোশার মুখের নিদান।তোমার সমতুল্য ব্যক্তি যাহা
যথ্রেও অনুভব করিতে পারে না,
তাহা তুমি সামান্য মোহের বশীভূত হইয়াই উপভোগ করিলে,
কিন্তু দুঃখের বিষয় এই যে, এই
স্থুখ তুমি বহুক্ষণ ভোগ করিতে
পারিলে না, ভোমার দেহ ম্পাক্তিত হইতেছে, অবিলম্বেই চেতিত হইবে।

দেখিতে দেখিতে কিরাতপতির দেহে চৈতন্যাধান হইল,
রমণীর শুশ্রার সহিত মাহও অপনীত হইল। কিরাতনাথ কিরাতগণের জয় ধ্বনির সহিত গাত্রোখান করিবামাত্র যুবতার অন্তরে
কুমারের জীবন নাশের রিরুদ্ধে
সতীত্বনাশের আশঙ্কা পুনরায় উদ্বৌপ্ত হইয়া উঠিল। কিরাতপতি
যুবতীকে সন্মুখে দেখিয়া মোহজনিত কট কিছুই অনুভব করিতে
পারিলেন না। অনুপম সন্তোধবেগ বদন-বেলা অতিক্রম করিয়া
হাস্যরূপে চতুর্দ্ধিক প্লাবিত করিতে
লাগিল। কিন্তু যুবতীর জীর্ণপ্রায়

সতীত্ব কুটীর উহার বেগে কম্পিত হইতে লাগিল।

কিরাতপতি যুবতীকে মুমন মাণ ও লজ্জাভয়ে উহার নমন বদন সঙ্কুচিত দেখিয়া বলিল, সুন্দরি! ভয় নাই, আমার সহিত আমার আশ্রেষ্টেল। এই ভীষণ অরণা মনুষোর আবাসযোগা নহে। রাতিও অধিক হইয়াছে।

হিংস্র জন্তুগণ অদ্য আমাদিগের শরপাত ভয়ে অন্যত্র গমন করি-য়াছে, কিন্তু অধিলধ্যেই এই স্থলে

আগমন করিবে ও তোমাদের জীবন সংহার করিবে।

যুবতী কিরাতপতির ভাবভঞ্চি দর্শনে ভীত হইল বটে, কিন্তু লোকালয় ভিন্ন কুমারের প্রাণ রক্ষা নিতান্ত সুকঠিন বিবেচনা করিয়া বলিল, মহাশয়! আপনি যাহা বলিতেছেন, সকলই সত্যা, এই নিবিড় অরণা মধ্যে অবস্থান করিলে কখনই আমাদিগের প্রাণ गरेहै। विटम-সস্তাবন্য স্থান জন্মেও ষত যে নাই, সে স্থানে এক কালে বাস করা কখনই সাধ্যপর আসাদিগের शांकित्ल है वा क আহারাদি আহরণ করিয়া দিবে?

বাগঘাদি হিংস্ৰ পশুৰ হস্তে পতি-ত হইলে কে বা আমাদিগকে উদ্ধার করিবে ? সকলই বুঝিতে পারিতেছি, কিন্তু কুলকামিনার স-তীত্বনাশাপেক্ষা মৃত্যুই শ্রেয়কর। কলঙ্কিত দেহে মুহুর্ত্তের জন্যও জীবন ধারণে আমার অভিলাষ নাই। শত শত বন্যপশুতে আমার দেহখণ্ডিত করুক, তাহাতেও শ্লাঘা বিবেচনা করিব। যদিও শোকে তাপে আমার মন নিতান্ত ক্লিষ্ট রহিয়াছে, কথাপি "প্রভুর উপা-কারের জন্যই আমাকে এরাপ দারুণ দুর্দ্দশা ভোগ করিতে হুই-তেছে," ইহা মনোমধ্যে উদিত হইলে এই কট কট বলিয়। অনু-ভূত হয় না, বরং আহ্লাদে হৃদয় পুলকিত হইয়া উঠে। কিন্তু আ-পনার বাক্য শ্রবণে আমার পূর্ব-কষ্ট সামান্য জ্ঞান হইতেছে। সম্ভুষ্ট মনে অস্থুখের কারণ নিতান্ত অসহা; যে সৎকার্য্যের আমোদ উপভোগ করিয়াছে, কি করিতেছে, তাহার কর্ণে কুৎসিত কার্য্যের নাম মাত্রও উঠিলে নিতান্ত পীড়াদা-য়ক হইয়া থাকে। অতএৰ আপ-নি ক্ষান্ত হউন, লোকালয় গমনে আমার কিছুমাত্র স্পৃহা নাই 1 বরং এই বালকটা আমি আপনাকে প্রদান করিতেছি, আপনি পুত্রের ন্যায় ইহাকে লালন পালন করিলে অবশ্যই এ আপনার বাধ্য হইবে ও অসময়ে প্রিয়কার্য্য সাধনাদি দারা আপনার যথেষ্ট সন্তোষ প্রদান করিবে।

উত্তর বাটিকায় আশারজ্জা ছিন্ন इहेल, मानमजुदी रेनदाभा मार्ग-ঘূৰ্ণিত त्तत मधारमण তেছে, কাম নাবিক ছিন্নগুণ হত্তে দ্গুর্মান। —অপ্র-তীরেই স্তুত, বলহান, নৌকার প্রতি এক-দুকৌই চাহিয়া রহিয়াছে, রকার সামধ্য নাই। আরোহী দূরে অ-বহিত, অধিপতি মি য়মাণ। চেতনারহিতের ন্যায় কি দেখি-তেছেন। দেখিতে দেখিতে সেই বাত্যার আন্দোলনে জীর্ণ তরী ভগ্ন হইল। যাহার সাহাযে। তিনি এত দূর-পথে আনীত হই রাছিলেন, সে কোথায় ? ছিন্ন-রজ্জা, এহণ করিয়াই কি পলায়ন করিয়াছে ? কি কষ্ট ! অধিপতি নৌকার ফলকমাত্র অবলম্বন করিয়া সাগরে মধোন্মগ্র হইতেছেন। কে माराया कतिरव ? देशया-रहा हे मूर्त ভাসিতেছে, তরীস্বামী ধরিতৈ

চেষ্টা করিতেছেন, কিন্তু পারি-তেছেন না। পারিতেন কি না তারও সন্দেহ থাকিত, যদি দক্ষিণ বায়ু না প্রবাহিত হইত।

কিরাত পতি অতি কটে ধৈর্য্য অবলম্বন করিয়া বলিলেন সুন্দরি! यमिछ आमता नीह वश्रामाह्नव, যদিও আমাদের আকার প্রকার অতি ক্রঘন্যঃ তথাপি আমাদি-গের মানস তান্ত্রশ জঘন্য নতে, সত্য পথ হইতে বিচ্যুত কর আমাদিগের ধর্ম নহে, কোন অসৎ কার্য্যের অনুষ্ঠান করিলে আমাদিগের মনেও প্লানি উপস্থিত হইয়। থাকে। তবে যৌবন কাল অতি বিষম কাল, এই কালে লোকের অস্তর কন্দর্পের আজ্ঞানু-वर्डी इडेग्रा शांक, कमर्ल मतन कतिसम्हे উহাকে यथा हेण्हा তথায় লইয়া যায় ও নানা প্র-কার কট প্রদান করে। সেই কারণেই আমি এইরূপ উন্মাদিত হইয়াছিলাম, বোধ করি সকল-কেই কোন না কোন সময়ে এই-রূপ অবস্থা উপভোগ করিতে হইতেছে।

ক্রমশঃ প্রকাশ্য।

মনোত্র্যা।

১৯২ পৃষ্ঠার পর।

প্রিয়ে! তুমি যেরূপ উপদেশ দিতে জান: ও যেরূপ বিদ্যাৰতী হইয়াছ, তাহাতে অবশ্যই কোন না কোন উ-পায় স্থির করিয়া অর্থ উপার্জ্জন করিবে। সাথে কি লোকে বিদ্যাবতী কামিনীর পাণি এহণ করে ? সাথে কি লোকে বিদ্যাবতীর পতি হইতে আগ্রহ পায় ? এবং সাধে কি লোকে এই অমূল্য নিধি প্রাপ্তির কামনা করে? অবশ্যই কখন না কখন অসময়ে কাজে দেখেই crev मटन्दर नारे। तमरे तम जूमि जामात जन्येक्ता যেরূপ গুণবতী হইয়াছ, তাহাতে অবশ্যই আমার বিপৎ সময়ে কাজে লাগিবে। মনোত্রমা কহিলেন নাথ! কেন আমারে বারংবার অপরাধিনী করেন :-- এই কথা विनय्ना लड्डाय नम्मूथी रहेशा तहिरलनः। ऋगकाल शरत বিবেচনা করিলেন যে, এই রূপ শ্লেষোক্তি সহ্য করিয়া নিরুত্তর হইয়া থাকাও ভাল নহে। বিষয় বুঝিয়া कथि ७ उत्र कतिराज इहेल। हेहा जीविश किहरलन, নাথ! আপনি যখন আমারে অভয় দিয়াছেন, তখন আব ভাঁর কি ? অসম্ভূচিত চিত্তে আ(রো কিছু বলিব। দেখুন! আমি অবলা। জীলোকের ন্যায় নিঃসহায়িনী এই ব্রহ্মাণ্ড মধ্যে আর দ্বিতীয় দৃষ্ট হয় না। পতিই অবলাগণের এক মাত্র সহায় ও আগ্রয়। আপনি জ্ঞান-বান্হইয়া অকারণে কেন আমারে অপরাধিনী করেন?

বিবেচনা করুন, কামিনীগণের বিদ্যা শিক্ষা ধনোপাজ্ঞানের কারণ নছে। যথাসম্ভব নীতি শিক্ষা করিয়া
পরিবার প্রতিপালন ও পুদ্রকন্যা লালন পালন, গৃহকার্য্যের তত্ত্বাবধান ও পতিশুক্রায়া প্রভৃতি কর্মের
অনেক আদুকূল্য হয় বলিয়া লোকে বালিকাগণকে
বিদ্যাশিক্ষা করাইতে আগ্রহ প্রকাশ করিয়া থাকে।
পুরুবের পক্ষে অর্থকরী ও জ্ঞানকরী দুই প্রকার বিদ্যা
শিক্ষা করাই বিধেয়; কিন্তু রমনীগণ শেষোক্ত বিদ্যার
যথোচিত আলোচনা করিলেই যথেষ্ট উপকার দর্শিতে
পারে। নীলব্রত কহিলেন শোভনে। স্থির সিদ্ধান্ত
করিয়াছ, জ্রীলোকের গৃহকার্য্য; পুত্রকন্যা প্রতিপালন
প্রভৃতি কর্ম তুমি যেরপ করিতে জান, এপাড়ার মূর্থ
রমনীরা কি সেরপ করিতে পারিতেছে না? তাহাদের
তাদৃশ কার্য্যের সাহায্যার্থে কি তোমারে আহ্বান
করিয়া লইয়া যাইতে হয়?

এই রূপ কথায় কথায় ক্রোধ রিপু অগ্নিশিখার ন্যায় প্রজ্ঞানত হইয়া উঠিল। বোধ হয় যেন, দশনাগ্র হইতে অগ্নিক্ষুলিন্দ বাহির হইতেছে, চক্ষ্ণয় যেন জবা কুসুমের ন্যায় আরক্ত হইয়াছে; নাসারক্ষু হইতে যেন, বহ্নির উত্তাপ নির্গত হইতেছে। এইরূপ ক্রোধ চণ্ডালের বশবর্তী হইয়া রোষক্ষায়িত লোচনে কহি-লেন,—রে দুর্বিনীতে। তোর এই মোহনীয় জালে কি আমি প্রতারিত হইব ? রে ধর্মঘাতিনী পাপী-

য়সি! এই প্রকার যাদুমন্ত্রে কি আমারে ভুলাইতে পারিবি? ধিক্ নারীদাস মানবকে ধিক্। নির্কো-ধেরা তোর কথার প্রতি বিশ্বাস করুক। মূঢ়েরাই ঐ কথার প্রতি বিশ্বাস করিয়। কুমারীগণকে বিদ্যালয়ে দিয়া বেশ্যারতি অবলম্বন করিতে শিক্ষা দিউক। রমণীগণকে এরপ জ্ঞানশিক্ষা দেওয়া, আর যথেচ্ছা-চরণ করিবার পথ দেখাইয়া দেওয়া এই উভয়ই তুল্য। श कूनकलेकि । थाक अहे मूळ्य दृष्टि भरथई थाक । अई कथा विलिया गृह इट्रेट विश्वि इट्रेया (शत्न । म्रान्-ত্রমা এই অকাল গর্জ্জন দেখিয়া একেবারে অবাক इहेरलन। ভाविरलन, कि मर्यनामा। है होत यात्राभ চিত্তবিকার দেখিতেছি, তাহাতে ই হার মনোমন্দির হইতে এই বদ্ধমূল কুসংস্কার কোন কালে যে দূরীক্ত হইবে, তাহা স্বপ্লেও ভাবনা করা যায় না। লাভে হইতে আমারে স্বেচ্ছাচারিণী অনুমান করিয়া গেলেন। হিত-কথা বুঝাইতে গিয়া উত্তম পুরস্কার লাভ হইল। কি विश्रम्! कालश्रम्भ मकलिई विश्रतीछ !

আহা ! সুকুমার কামিনীজনের অন্তঃকরণ কি সন্দেহপ্রবণ! বিশেষতঃ মনোত্মা বিদ্যাবতী না হইলে কখনই পতির তাদৃশ কটু বাক্য সহ্য করিতে পারিতেন না। অতএব রমনীজাতির জ্ঞানশিক্ষা যে, কত অংশে উপকারিনী ও অশিক্ষিত মূঢ় পুরুষের। যে, কি পর্যান্ত অনর্থ উৎপাদক, তদ্বিষয়ে এই উদাহরণই স্পান্ট সাক্ষ্য দিতেছে। মনোত্তমা ঐ রূপ বীভৎস ব্যবহার দেখিয়াই যে, উপযুক্ত সময় পাইলে উপদেশ দিতে বিরত ছই-বেন, এমত ভাগে খি হন নাই। কহিতেন, দেখি যদি কোন রকমে কিছু স্বভাবের পরিবর্ত্তন করিতে পারি; ইহামনে ভাবিয়া পতির আগমন প্রতীক্ষায় অতি মৃদুভাবে মান মুখে সময় অতিবাহিত করিতে লাগিলেন। প্রায় এক পক্ষ অতীত হইল, প্তিসমাগ্য লাভ করিতে পারিলেন না দেখিয়া মনে মনে অতিশয় দুঃখিত থাকেন, কিন্তু এরপ সাবধান যে, অন্যে তাহার কিছুই উপলব্ধি করিতে পারে না। যৎকালে অনেকের নিকটবর্ত্তিনী থাকেন, তখন তাঁহার মনোগত ভাব এমনি কৌশল করিয়া গোপন করেন যে, ভাঁহাকে দেখিয়া কেহই হাস্য নিবারণ করিতে পারে না। যৎ-কালে কেহ *নিকটে না থাকে, তখন পূর্ব্ব ঘটনা স্মরণ করিয়া ভাবনায় নিমগ্ন হন। নির্জ্জনে একাকিনী নিরব-লম্বনে বসিয়া থাকিলেই মনে এক প্রকার অভিমানের উদয় হয়। তদানুসন্দিক চিন্তাও আসিয়া আশ্রয় করে। বাম করতলে বামগণ্ড সংস্থাপিত করিয়া অনবরত অশ্রু বিসর্জ্জন করিতে থাকেন। মনোত্যার তদানীন্তন মধুর মূর্ত্তি ও বাষ্পপূর্ণ নেত্রদ্বয় অবলোকন করিলে মনে এক প্রকার অনির্বাচনীয় ভাবের উদয় হয়। বোধ হয় বেন, পূর্ণচন্দ্র পাণ্ডুবর্ণ মেখারত ছওয়াতে চক্ষুরূপ চকোরীয়ুগল সকাতরে রোদন করিতেছে। হায়!

প্রণয় পর্বাত্ম থ নির্কোধ যুব জনের হৃদর কি নিদারণ! তাহাদের বক্ষঃস্থল পাষাণ অপেক্ষাও কঠিন। তাহারা যে, কেবল প্রণয় পাশচ্ছেদন করিয়াই নিরস্ত হয়, এমত নহে, স্থকোমল স্বভাব তরুণীগণের তরুণ আশালতার মূল পর্যান্ত উৎপাটন করিতে চেফা পায়। রমণীগণের উচ্ছেদ দশাকে আহ্বান করিবার ঐ এক ভয়স্কর বিকার। তাহা নিরাকরণের অন্য ঔষধ প্রায়ই নাই। হায়! দম্পতীর কি দুর্দশা! দাম্পত্য প্রণয়ের কি দুর-বস্থা! আহা! মনোত্রমা যখন পতিক্রত অপমান ও সংসারের ভাবী আপৎপাতের বিষয় চিন্তাকরত সন্তাপ मलिएल निमध इहेरि थार्कन, यथन जाहात कुत्रक निज-যুগল হইতে মুক্তা কলাপের ন্যায় নীরধারা পতিত হইয়া গওস্থল অতিক্রম করত হাদয়কে প্লাবিত করিতে থাকে, তথন তাহা নয়নগোচর করিয়া কোন্ পাযাণ-হৃদয় ব্যক্তির অন্তঃকরণে দয়ার সঞ্চার ন। হয় ? পাপ-মতি নীলব্রত সত্তই কুসঙ্গে রত। মনেব্রার সহিত সে দিন কথান্তর হওয়া অবধি বনে বনেই ভ্রমণ করি-তেন, কখন কখন লোকালয়ে আাসিয়া গণিকাগণের নিকটে মনোত্তমার অকারণ নিন্দাবাদ করিয়া তাহাদের প্রণয়ভাজন হইতে চেফা পাইতেন। নিরবধি অনাহারে তাঁহার শরীর শীর্ণ ও বিবর্ণ হইয়া আসিল। এক দিন বেলা দুই প্রছরের সময়, যৎকালে দিনমণির উতাপে চারি দিক প্রাণিশূন্য প্রান্তরের ন্যায় ধূ ধূ করিতেছে,

পূর্ব্ব দিক্ যেন প্রিয়বিরছে কোপ প্রদর্শন করত দিগ্-দাহ করিতে প্রবৃত্ত হইয়াছে, পশ্চিম দিক্ যেন হস্ত বিস্তার করিয়া দিবাকরের কর আকর্ষণ করিতেছে, বেন জ্লিতেছে, সহসা মরীচিকা দৃষ্টি করিলে মৃগতৃষ্টার উদয় হওয়া অসম্ভাবিত নহে, এমন সময়ে নীলত্ৰত একাকী এক উদ্যানস্থ বিটপিসন্নিহিত পর্ণকুটীরে বসিয়া এক একবার পত্নীর আচরণের বিষয় চিন্তা করিতেছেন, কত প্রকার অনিষ্ট কণ্পুনা করিতে ছেন, কখন বা মনোত্মার সদুপদেশ বাক্য পর্যালোচনা করিয়া কতই আশঙ্কা করিতেছেন। ইত্যুবসরে তাঁহার পহযোগী দুই বান্ধব ভ্রমণ করিতে করিতে সেই স্থানে উপনীত[•] হইলেন। এবং আতপজনিত আন্তিদূর করিবার আশয়ে নীলুব্রতের কুটীরদ্বারস্থিত তরুচ্ছা-য়ায় দণ্ডায়মান হইয়া বায়ু দেবন করিতে লাগিলেন। रिप्तवां शृहमर्था नीलंब जरक . महिल्यमन অবলে কন করিয়া অত্যন্ত বিষয়াবিষ্ট হইলেন এবং অলক্ষিত রূপে তাঁহার বনগমনের কারণ কি, পরস্পার তর্ক বিতর্ক করিতে नांगितन। कहितन, अहे जनाई ताथ इस, उँशाक আর সর্বদা দেখিতে পাওয়া যায় না। এই রূপ উভয়ে विज्छ। कतिशा नीलवज्रक मरश्राधन कत्रज कहिरलन, বয়স্য ! একি ? তুমি আমাদিগকে না বলিয়া কবে এ-স্থানে আদিয়াছ[?] এই বিজন বনে একাকী বসিয়া কি ভাবিতেছ? একে এই উত্তাপের সময়, তাহাতে নিবিড় বন, একি অবস্থানের উপযুক্ত স্থান? তেগমার भारतीत (य अरकदर्गात क्यीन इडिया नियार ह र रेगे परिवास চিনিতে পারা যায় না। তোমার আকার প্রকার দেখিয়া বোধ হইতেছে যেন, কোন দুঃসহ ভাবনা, তোমাকে আক্রমণ করিয়াছে। এ অবস্থা দেখিয়া আমরা কোন ক্রমেই মনকে স্থান্থির করিতে সমর্থ নহি। প্রিয় **८** एत ग्रानमूथ जागानिगरक এই मधाङ्करानीन রবিকিরণ অপেক্ষাও কাতর করিতেছে। নীলব্রত সচকিত মনে বাহিরে দৃষ্টিপাত করিয়া কিঞ্চিৎ লজ্জিত হইলেন এবং সহসা বান্ধবসমাগম লাভ করিয়া মনে মনে আপনাকে সোভাগ্যশালীও জ্ঞান করিতে লাগি-লেন। কিয়ৎক্ষণ আব বাক্য ক্ষুত্তি হইল না। ক্ষণকাল পরে বন্ধগণকে সম্বোধন করিয়া কহিলেন,বয়স্য ! এক্ষণে কোথায় গমৰ হইয়াছিল, এবং কোথা হইতে আশা হইতেছে, আর কোথাই বা যাইবে? তাঁহারা উত্তর করিলেন, বন্ধো! আমরা কানন পরিজমণেই বহির্গত ছইয়া দৈবাৎ এই স্থানে উপস্থিত হইয়াছি। কোন অভিলয়িত প্রদেশে গমন করা আমাদের অভি-প্রেত নহে। এক্ষণে তোমার এই বিষয় আকার আমা-দিগকৈ অত্যন্ত যাতনা দিতেছে। ত্রায় আত্মরতাত বর্ণন করিয়া পরিতৃপ্ত কর। নীলত্রত কহিলেন, বন্ধো! তোমরা এই স্থানে কিঞ্ছিৎকাল বিশ্রাম কর, আমি আমার অদৃষ্ট বৃত্তান্ত আদ্যোপান্ত বর্ণন করিতেছি। অথবা তাহা

শুনি গাই বা কি হইবে ? যদি একান্তই না শুনিলে নহে, তবে শ্রবণ কর। তদনন্তর তিন জনে একত্রে উপবেশন করিলে নীলত্রত কহিলেন, বয়স্য ! জানই ত আমি সেই পাপিনীর পাণিগ্রহণ করিয়া অবধি কত অস্তুথেই কালক্ষেপ করিতেছি।—তাঁহারা এই কথা শুনিয়াই মনে ক্রিলেন, উঃ! ইনি অতদূর গিয়াছেন!বয়স্য! তার প্র. তার পর ? নীলত্রত কহিলেন, তার পর সেই পরিণয় অব্ধিই আমার মন কেমন এক প্রকার ভয়োণিংসাহ হইয়া গিয়াছে; কিছুতেই কিছু ভাল লাগে না। তাহাতে আবার সেই আপৎস্করপা রমণীটা কথায় কথায় আমাকে নীতি বুঝাইতে আইসে ; কথায় কথায় আমাকে সঙ্গদোষ পরিত্যাগ করিতে অমুরোধ করে এবং কথায় কথায় এক একখানা ছাপার পুথি লইয়া পাঠ করিতে বচে। আবার আস্পর্দ্ধাও সামান্য নয়। আমাকে বলে কি, নাথ। এই এসো, দেখ, কেমন নীতি কথা! কথার মধ্যে কি না, স্ত্রী-শিক্ষা মহোপকারিণী; বালকবালিকাগণ জননীর নিকট উত্তম শিক্ষা প্রাপ্ত হয়; বাল্যবিবাহ মহাপাপ; বিধবাবিবাহ ধর্মশাস্ত্র-সম্মত। এই সকল অশ্রাব্য বচনেই বিরক্তি জন্মাইতে থাকে। তাহাতে আমার কোধে মর্ক শরীর জ্বলিয়। যায়।

मान था थ।

আমরা কৃতজ্ঞতা সহকারে স্বীকার করিতেছি, নবপ্রবন্ধের সাহা-যাৰ্থ অন্বালা হইতে জ্ৰীযুক্ত বাবু গোবিন্দচক্ৰ ঘোষাল ৪ টাকা প্ৰদান করিয়াছেন।

১২৭৩।৭৪ সালের মূল্য প্রাপ্তি।

মীযুক্ত গাবু ভৈরবচন্দ্র আঢ়া	•••	ক লিকা	ভা	•••	>
, अभित्रहट्य नमी	•••	ত্র	•••	•••	>
হারানচন্দ্র আচ্য	•••	ঐ	•••	•••	5,
মথুরমোহন খাঁ	•••	ঐ	•••	•••	ک ر
ঠাকুরদাস বন্দোপাধ্যায়	•••	Ā	•••	•••	>
কালীপ্রসন্ন সেন	•••	ঐ	•••	•••	>
হেমচজ্র বন্দোপাধ্যায়	•••	ট্র	•••	•••	>
হেমচক্র রক্ষিত	***	ঐ	•••	•••	>
মতিলাল দে	•••	ত্র	•••	•••	5
८ एटवळा न १थ वस्र	•••	B	•••	•••	>
অমরনাথ ঘোষ	•••	ঐ	•••	•••	>
ঝবিবর মুখোপাধ্যায়	•••	ট্র	•••	•••	ર∦
, যদুনাথ দক্ত, গড়পার	•••	B	•••	•••	5.
ভুবনমোহন কর রায়	পোৰ্জ্ঞানা,	<u> সাহার</u>	গতপু ?	Ī	30
দারকানাথ রায়	•••	চাকা	•••	•••	34
শাশ্মাচরণ দাস		टेवाम	4	.5	110

पार्कगर्गत व्याजा

১২ গত সালের ভান্তে মাস হইতে বাহার। মৰ-প্রবন্ধের অগ্রিম বার্ষি কও কাল্-🖷ন হইতে ৰাক্মাসিক মূল্য প্ৰাণান করিয়াছিলেন গত আৰণ মাসে ভাহা নিঃশেকিভ इइमारह। ज्यानत गाँदाता गण देवनाथ इइटल बाल्यानिक श्राना कतिमाहितनम, कौहानिट्यात पूना ও পরিশোধ इरेग्रा शिग्राह्य; अक्तर्ण शूनकीत वार्षिक वा बालांत्रिक भूमा श्राम कतित्वम । यवि अक्षांन भटका भूमा श्रामम ना कटत्रम, छटव उँकिन-দিনোর মত মূল্য অগ্রিম বলিয়া পরিগণিত হইবেক না; যাঁহারা অগ্রিম মূল্য দিজে रेक्हा मा करतम, जीहाता এवर गोशांकरणत्र मिक्टे अम्याविध गंड वरनदत्र मुन्य बाकि बिह्यार्ट्ड डॉहाबां अविनय आमानित्यत थाना नित्रतीय क्रियम, हेहार्ट अमाथा ! হইলে আমরা ছুঃখিতাভ্যকরণে ঠাঁহালিগের নাম ধাম প্রকাশে অগভ্যা বাধিত হুইব।

नव अवस भावत नियमावली।

১ যদি কেছ মাস্থল না দিয়া পত্রাদি প্রেরণ করেন, তবে তাহা গ্রহণ করা যাইবেক না।

২ গ্রাহক মহাশয়ের। মূল্য প্রেরণকালে যেন এক আনার অধিক মূল্যের ডাকের টিকিট না পাঠান।

ও মফস্বলীয় গ্রাহক মহাশয়ের। অগ্রিম মূল্য না পাঠাইলে এই পত্র প্রদান করা যাইবেক না।

৪ ষাঝাসিকের ন্যুন কাহারও নিকট অগ্রিম মূল্য গৃহীত হই-বেক্না।

৫ কেহ এই পত্রে বিজ্ঞাপন প্রকাশ করিতে ইচ্ছা করিলে তাঁহকে প্রাতিবারে প্রতি পংক্তিতে এক আনা দিতে হইবেক 1

৬ এই পত্র বাঁহার প্রয়োজন হইবেক, তিনি যোড়াসাঁকো বলরান দের ফ্রীটের ১৮/২ নং ভবনে প্রীযুক্ত তিনকড়ি ঘোষালের নিকট অথবা থ্যাকার ইন্সিক্ষ এণ্ড কোম্পানির আফিসে শ্রীযুক্ত হরি-মোহন কর্মকারের নিকট পত্র লিখিলে প্রাপ্ত হইতে পারিবেন। বালেশ্বর ও তন্নিকটন্থ স্থানের যদি কেহ গ্রাহক হইতে ইচ্ছা করেন, তবে বালেশ্বর একজিকিউটিব্ ইঞ্জিনিয়র আফিসের কেসীয়ার প্রযুক্ত হীরালাল চট্টোপাধ্যায়ের নিকট ও ঢাকার হিন্দু-হিতৈবিনী সম্পাদক প্রীযুক্ত হরিশ্চন্দ্র মিত্রের নিকট এবং কুমারখালাতে গ্রামবার্ত্তাপ্রকাশিকা সম্পাদক শ্রীযুক্ত হরিনাপ মজমদারের নিকট তত্ত্ব করিলে প্রাপ্ত হইতে পারিবেন। এই পত্রের

মাসিক মূল্য ।০

যাথাসিক মূল্য ১৮০

বাষিক মূল্য ২৮০

বিনাস্থাক্ষরকারির প্রতি প্রত্যেক পত্রের

মূল্য ৮০

Part II.

No. 9.

NABAPROBUNDHA

Λ

MONTHLY MAGAZINE.

নবপ্রবন্ধ।

মাসিক পত্র।

সদর্থনন্দোহবিচারসন্ধঃ প্রশাস্তর্ভাতির তার্সন্ধঃ। সমস্তমামাজিকচিত্তবন্ধঃ পরীক্ষ্যতামেয় নবপ্রবন্ধঃ॥

দ্বিতীয় ভাগ। γ পৌষ, ১২৭৪। 🕠 মাসিক ... ।० ৯ম সংখ্যা। 🐧 জ'নুয়ারি, ১৮৬৮। 🐧 অগ্রিষবার্ণিক ২॥০

শিখাট।

কিরাতার্জ্জনীয় ... ২৫৭ অপূর্মকারাবাস ... ২৬৫ অর্থ্যকীর্ত্তন ... ২৬২ সনোজ্মা ২৭৩ অনোকবনে রাবণের প্রতি জানকী ... ২৬৬

কলিকাতা।

আমহাই ফ্ৰীট ্ও৪।১নং ভবনে কাব্যপ্ৰকাশ যিন্ত্ৰে শীকালীকিঙ্কৰ চক্ৰণৰ্ভি কৰ্ত্তক যুক্তিত।

্ব মৰপ্রেয়ন ক্রিল্য। সোড়াসাহেশ বলরাম দেব ঠি ট ১৮। ২ ন্দ্র ভ্রন।

Price 5 annas,

মূল্য। /০ আনা।

নবপ্রবন্ধ।

মাসিক পত্র।

সদর্থসন্দে † হবিচারসন্ধঃ প্রশান্তর্তান্তর্তানুসন্ধঃ।
সমস্তসামাজিকচিত্তবন্ধঃ প্রীক্ষ্যতামেষ নবপ্রবন্ধঃ॥

দ্বিতীয় ভাগ (পাষ, ১২৭৪। মাদিক মূল্য ...।০ ৯ম সংখ্যা। জানুয়ারি,১৮৬৮। অথ্রিম বার্ষিক ২॥০

নস্তর সেই

কিরাতার্জুনীয়।

চতুর্থ সর্গ।

লোকরক্রিট্র জন মহাক্রিট্র বীর অক্রিট্র কর্ম কর্ম
ক্রিট্র কর্ম
ক্রিট্র কর্ম
ক্রিত মেথলাদামে ভূবিতা
পাঞ্চরণ যৌবনবতী শ্রেয়দীর
ন্যায় জনসমীপে কলহংসরবে

বর্ণা ভূমিতে উপস্থিত হইলেন। সেই থামাস্তসন্নিবিষ্ট ভূমিথণ্ডে ধান্যরক্ষসকর্ল ফলভরে
অবনত হইয়া রহিয়াছে, কর্দ্দম
শুদ্ধ হইয়া গিয়াছে ও সরোবর
সকল পক্ষজদলে পরিপূর্ণ হইয়া
রহিয়াছে; বোধ হইতেছে যেন,
সেই শরকা ব্দশশন্ন ভূমিথণ্ড
অর্জ্জনকে সমধিক প্রীত করিবার মানসে স্থকীয় শরকা ব্দশ্পন্ত
উহাঁরে উপহারস্বরূপ
প্রদান করিতেছে; ইহা দেখিয়া
অর্জ্জুনের হাদয় আমোদে পুলকিত হইয়া উঠিল।

ন্যায় জনসমীপে কলহংসরবে তথন তিনি চতুর্দ্ধিকে ছঞ্চি আহুল স্থপক শৃস্যাদায়ে পাঞ্- িনিক্ষেপ করাতে দেখিতে পাইলেন, (क्। च्राल महत्त्रित्मकल विशाय-বিজ্ঞারিত পদ্মরূপ লোচন দ্বারা শফরার পার্শ পরিবর্তন দেখি-তেছে, প্রেয়সীর দৃটিবিলাস-সদৃশ সেই শফ্রীবির্ত্তি অর্জু-নের মানসকেও একাস্ত আকৃষ্ট করিয়া ফেলিল। একান্ত দুর্লভ যোগ্য সমাগম সংঘটিত হইলে কেনা তাহার সম্পদাতিশযোর প্রশংসা করিয়া থাকে? অতএব তিনি যে অস্তরাজি সমলস্ত সলিল মধ্যে কলমগুচ্ছের রমণী-য়তা সন্দৰ্শনে নিতান্ত প্ৰীত হই-বেন, ইহার আধর বিচিত্র কি? ফেণরা জি-কিঞ্জল্ক সংবলিত মধ্যে পলিনী বিক্ষিত রহিয়াছে, দেখিবামাত্র অর্জ্জনের অন্তরে অগ্রে যে স্থলপদা ভাম সঞ্চাত হইয়া-ছিল, এক্ষণে পরিবর্ত্তিত পাঠীন মৎসা হারা আহত জলরাশি দর্শনে তাঁহার হৃদয়ে আর সেই भूर्त्रमःकल्भ ख्रांन आश्व इडेन ना। यथन छिनि प्रिथिटलन, निमेमकल ক্রমে ক্ষীণ হইয়া আদিতেছে, বে-গেরও তাদৃশ প্রাথর্য্য নাই, কেব-लमाञ क्लोमवरञ्जत नागि श्रास्त्रुवर्ग ভঙ্গীবিশিষ্ট দৈকতভাগে উন্মি-রেখা নিপতিত রহিয়াছে, তখন

আর তাহাঁর হৃদয়ে আহ্লাদের পরিসীমারহিল না। কোন স্থলে प्रिंचितन, कृषकवध्रान मृक्ता छत কেশর রেণু সমলক্ষ্ত স্ব স্ব জ্রমধ্য বন্ধুকপুষ্পে খচিত করিয়া অলক্তের ন্যায় তাম্রবর্ণ অধর-পল্লব শোভার সহিত যেন উহার সারূপ্য পরীক্ষা করিভেছে। পীবর পয়োধরযুগলের সর্বতো-ভাগে যে বালাতপ সন্তৰ পদ্ম পরাগ নিক্ষিপ্ত হইয়াছিল, এক্ষণে তাহা শ্রমজনিত ঘর্মজলে দেহ-ময় বিস্তুত হওয়াতেও উহারা বিলক্ষণ শোভা পাইতেছে এবং আপন লোচন প্রতা-দ্বারা কপোল সন্নিশিষ্ট কর্ণোৎপল-রাজিবও শোভা সম্পাদন করি-তেছে।

গাতীগণ রাত্তিশেষে বনভূমি
পরিত্যাগ করাতে তাপ্তশং বেগে
গমন করিতে পারিতেছে না, কিন্তু
বহুদের কথা স্মরণ হওয়াতে উহাদিগের উধঃস্থল হইতে অনবরত
দুগা ধারা ক্ষরিত হইতেছে; গমনেও বিশেষ ব্যগ্রতা প্রকাশ
করিতেছে; দেখিবামাত্র অর্জ্বনের
হৃদয়ে দর্শনলালসা সাতিশয়
পরিবর্দ্ধিত হইয়া উঠিল। উক্ষা-

সংঘর্ষে একের পরাজয়-নিবন্ধন শারদায় পুঞ্চি সম্পন্ন মূর্ত্তিমান **पटर्श**त गांग भताक मकाती, मधर्म চীৎকার সহকারে শৃঙ্গ দ্বারা নদী-তার খনন করিতেছে। হিমানীশুভ্র नमीत ধেনুগণ অব্পে অব্পে পুলিনভাগ পরিত্যাগ করাতে উহাদিগকে ঐ তবঙ্গিণীর জঘন স্ল হইতে অপস্ত পট্ৰস্থোৰ ন্যায় বোধ হইভেছে, ইহা দেখিয়া অর্জ্জুনের আহলাদের আর পরি-সীমা রহিল না। কোন হলে নিরস্তর সহবাসনিবন্ধন পেরু-সদৃশ সরল ভারাপর, ধেরুগণের সহোদর স্নেহ্বিশিষ্ট প্রতি গো-পালগণ গৃহের ন্যায় বনেতে ও ধেনুগণের নিকটে অবস্থিতি করি-তেছে। গোপকামিনীগণ নবনীত মস্থন করিতেছে; নর্ত্তন প্রব্রু বার-विलांगिनीशर्वत नाम उदापिरगत বদনকমল ভ্রমর সন্তুশ চঞ্চলিত কেশদামে আকুলিত হইতেছে, কেশরাভ দস্তরাজি হাস্য জন্য ঈষৎ বিকশিত হইতেছে ও বালাতপ-সম্ভণ আকুলিত কুণ্ডলরশিতে বিচ্ছুরিত রহিয়াছে। বিচ্ছুরিত একমাত্র পল্লবসম্পন্না লভার ন্যায় নিঃশ্বাসনিরোধ জন্য উহাদিগের

অধর পল্লব কম্পিত হইতেছে। পাশ্ব বিবর্ত্তন জনা নিতম্বভাগ পরিবর্ত্তি ইইতেছে ও মন্থন-দণ্ড সন্নদ্ধ রজ্জার আকর্ষণ জন্য উহাদিগের পাণিযুগল মনোহর বিক্ষেপ সম্পন্ন হইয়াছে। উহা-দিগেব হস্ত বিঘূৰ্ণিত মন্থন দণ্ড-দ্বারা বিকম্পিত রম্ভ হইতে মৃদক্ষ গন্তীৰপ্ৰনি উদ্যাত হওয়াতে গোষ্ঠ প্রাক্সণবিহারিণা ময়ূরীরা মেঘ-করি-গৰ্জ্জন **छ** जी বোধে তেছে। উগদিগের পীনোম্নত পয়োধরযুগল মন্দ মন্দ কম্পিত হইতেছে এবং নয়নে†ৎপলও শ্ৰমজনা সাতিশয় ক্লান্ত হ্ইয়া উঠিয়াছে; দেখিবামাত্র অর্জ্রনের ছষ্টি উহাদিগের প্রতি একান্ত আকৃষ্ট হইয়া উঠিল।

এইরপে দেখিতে দেখিতে
জর্জ্বন যে প্থ দিয়া গনন করিতেছিলেন, তাহার বক্রগামিতা
বর্ষার অবসান হওয়াতে বিনফী
হইয়াছে, প্রাস্থাস্থা শস্য সকল
রম কর্তৃক উপভূক্ত হইয়াছে, রথচক্র চিহ্নিত গাঢ় কর্দ্দন অদ্যাপি
সীমস্তেব ন্যায় নিপতিত রহিয়াছে
ও নিরস্তর গমনাগমন জন্য পথভাগ কর্দ্দন হইতে বিভিন্ন হই-

এবং কোন স্থলে বা য়াছে পুষ্পিত পুষ্পনিকরে বিকাশিত লতাগৃহ-আশ্রমমগুপ সূতৃপ সকল অনিদ্যকর্মা বিশুদ্ধভাব ও কাৰ্য্যরূপ ভূষণে ভূষিত জন-গণে পরিপূর্ণ ইহিয়াছে। অর্জ্জুন সৃত্যু নয়নে এই সকল শারদীয় শোভা সন্দর্শনে সাতিশয় পুল-কিত হইয়া উঠিলেন। আন্তরিক অভিপ্রায়জ্ঞ ব্যক্তি-মাত্রেই সময়ানুরূপ বর্ণনে উদাস্য অবলম্বন করে না, এই কারণেই অনুচর যক্ষ অর্জুনকে তদবস্থ ও শরদের তাদৃশ স্থ্রীকতা সন্দর্শনে অনুমতির অপেকা না রাখিয়াই বলিল, মহাশয়! যে শরৎ কল্যাণ-কর নিয়তির একমাত্র উত্তরসাধক ওু কৃষিকর্মাদিরূপ জগতের কার্য্য-জাতকে ফল দারা সফলিত করি-স্বচ্চ্যলিলব†হিনী তেছে, নির্ক্তল মেঘশালিনী সেই শরৎ আপনার জয়ঞী পরিবর্দ্ধিত করুক। মহাতান্! শরদের আগমনে এই ছলের শস্য সকল পরিণাম নিবন্ধন রমা মূর্ত্তি পরিগ্রহ করি-ग्राट्स, नमीत खेक्का जिताहिक পুথিনীও পঙ্গভার হইতে মুক্ত হইয়াছে। কালধর্মে

বর্ষালক্ষীর চিরপরিচিত প্রেমও এককালে নিরর্থক করিয়া তুলি-য়াছে। নভোমগুল বিষদ্বৰ্ণ বলা-কারাজি বিযুক্ত ইন্সচাপ্প বিরহিত ওজলধর মণ্ডলে পরিশূন্য হইলেও যে অনাধি শোভায় সমলক্ত রহিয়াছে, ইহাই স্বভাবরম্যের নিকট আহার্য্য শোভার নির্গ-কতার একটা প্রধান নিদর্শন স্থল। বিকশিত কদম্বানিলে **সু**রভিত স্বামীক্রপ বর্ষা ঋতুর অত্যয়ে দিগ্ৰধূগণ যে মান, পাঞ্বৰ্ণ ও হেমহার বিযুক্ত পয়োধর ধারণ করিভেছে ও নিতান্ত কুশ ভাবা-পন্ন হইয়াছে, ইহাতেও কি উহা-দিগের শোভা সম্পাদিত হই-তেছে না ? কৰ্কশক ঠ মদক্ষয় নিবস্ধন

মমূরগণের উন্নতধ্বনিও আর
কর্ণের সুখপ্রদান করিতে পারিতেছে না, এক্ষণে মদমন্ত কলহংসধ্বনিই একমাত্র প্রতিকর বস্ত
সন্ত্রে কথনই পরিচরাধিক্য গুণাধিকরণে সমর্থ হয় না। ফলপাকনিবন্ধন পাঞুবর্ণ পৃথুগুড্শালী
শালী ক্ষেত্রসলিলাভিয়থে অবনত থাকাতে বোধ হইডেছে

কারে যুপবিমুক্ত হইয়া নিরস্তর

नौरलां ६ পल আ্বাণে আগ্ৰহ প্রকাশ করিতেছে। যে স্থলে ক্ষেত্রবারি হরিদ্বর্ণ মূণালকান্তিতে রঞ্জিত রক্তবর্ণ পদ্মদলশোভায় মিশ্রিত ও পরিণত ধান্যশিখরে পিঙ্গলিত হইয়| গলিতখণ্ড ইন্দ্রধনুর ন্যায় বোধ হইতেছে, যে স্থলে বনরাজিরপ অঙ্গনাগণ বিকশিত পুষ্পানিকরে হাসিতে হাসিতে অনাকুল ও উন্মীলিত বাণকুদুমরূপ লোচনে অনিলা-হত সপ্তপলাশপরাগরূপ শুভ্র-ন্তনোক্তরায়নিরোধে আগ্রহ প্র-কাশ করিতেছেও যে আকাশ মার্গ আর বিদ্যুতালোকে উদ্ধা-ষিত হইতেছে না, শ্বেতবৰ্ণ অমুদ-খত্তে মুচ্ছায় রহিয়াছে এবং বিরল-প্রায় সলিলকণাতে পরিব্যাপ্ত রহিয়াছে, সেই সেই স্থল ও পথ লক্ষ্য করিয়া হংসগণ মধুরনি-নাদে পথভাগ আকুলিত করিয়া গমন করাতে বোধ হইতেছে যেন, মেঘোপরোধনির্ম্ম জ দিগ্-বধূরণ বহুকালের পর পরস্পার-সম্ভাষণে প্রবৃত্ত হইয়াছে। ধেনু-গণ বিহার ভূমি হইতে গোঞে গমন জন্য আগ্রহাতিশয় সহ-

যেন, গন্ধ দারা অনুমিত বিকশিত

ক্ষীরধারা বাহী উধঃস্থল বৎস-দিগকে উপহার সদৃশ প্রদান করিতেছে। জগতের প্রসৃতি ও একমাত্র পবিত্রকারিণী গো-সমিতি গোষ্ঠসমীপে বৎসকর্ত্ত্ক উপগত হইলে ঋক্যজুপ্রভৃতি মন্ত্রো-জিত আহতির ন্যায় সাতিশয় শোভা পাইতেছে। সন্মুখবর্ত্তী मृगय्थ मग्रतीकर्थ অপেकां ७ उद-কৃষ্টতর গোপাঙ্গনাদিগের স্থস্থর গাঁত শব্দে আফুষ্ট হইয়া আহারে সাতিশয় স্পৃহাসত্ত্বেও আহার করিতে পারিতেছে না ৷ কলম-শুচ্ছ অবনত মন্তকে পলিনীকে করিতেছে, তথাপি নমস্ক†র পদ্মিনী অবজ্ঞাপূর্বাক উহাকে প্রত্যাখ্যান করাতেই বুঝি সহচর সলিলের সহিত অন্তঃশোষিত ও কামতপ্ত হইয়া নিতান্ত পাণ্ডু-বৰ্ণ হইয়া উঠিয়াছে। সলিলকণ-বাহী বায়ু পদ্মপরাগ বিচলিত ক্রিয়া প্রবাহিত হওয়াতে ভ্রমর-গণ গন্ধাকুটি হইয়া রাজভয়ভীত कोतामित नाम्य भस्तवा खन निर्वटाः সমর্থ হইতেছে না। নভোমগুল-বিহারী শিরীষ কুমুমের ন্যায় কোমলমুর্ত্তি শুকাবলি প্রবালখণ্ডের ন্যায় রক্তবর্গ চঞ্পুটে পিঙ্গল-বর্ণ কলমশীর্ষ থাবণ করাতে ইন্দ্র-চাপের সারূপ্য লাভ করিয়াছে। ভাৰ্ক্ত না'নুচর যক্ষ যখন এই প্রকার শারদীয় শোভা বর্ণন কবিতেছিল, তখন সূৰ্য্যত্তল হুইতেও সম-ধিক উন্নত, জলশূন্য জলধররাশির ন্যায় একতা অবস্থিত হিমগিরি ळाम्रत रमशा याहर जनांशन। অজ্বন সেই হিমালয়েব উপ-ত্যকাভাগ শ্যামল বনরাজিতে পরিরত ও শিখবদেশ হিমানীশুভ রহিয়াছে দেখিয়া মদরাগ বিমুক্ত নীলবসনপবিব্বত হলধরমূর্ত্তি অনু-ধ্যান করিতে লাগিলেন। ইতি ভারবিকৃত কিরাতার্জ্ঞ নীয় মহাকান্যে চতুর্থ দর্গ॥

অরিফকীর্ত্তন। মার্কণ্ডেয় পুরাণান্তর্গত অলর্ক-দক্তাতোয় সন্ত্রাদ।

🎍 此 হর্ষি দ্তাত্তেয় বলিলেন, মহা-রাজ ! যোগিগণ (य मकल अति छ

করিয়াস স্ব মৃত্যুকাল পারেন, আপ-হইতে

নার নিকট তাহা কীর্ত্তন করি-তছি,অণহিত হইয়া শ্রাণ করুন। যে ব্যক্তি দেবমার্গ, ধ্রুব, শুক্র সোমছায়া অরুন্ধতীকে দেখিতে না পায়, নিশ্চয়ই তাহাকে সংবৎসর পরে মৃত্যু মুখে নিপতিত হইতে হইবে। যে স্থামগুল কি প্রদীপ্ত হতাশন কির্ণরাজি-পরিশূন্য অবলোকন জীবনের করে, তাহার একাদশ মাস মাত্রকাল অবশিষ্ট আছে। যে স্বপ্পেতে স্বকীয় বিষ্ঠা-মূত্ৰ কি বমন মধ্যে স্বৰ্ণ কিন্তু । রজত প্রত্যক্ষ দর্শন করে, সে দশমাস মাত্র জীবিত থাকিবে। যাহার স্বপ্নে ভূতপিশাচাদি কি गञ्जर्यनगत अथव। स्वनंवनं इकः-সকল প্রত্যক্ষ অনুভূত হয়, নয় মাস পরে তাহার নিশ্চয়ই মৃত্যুকাল উপস্থিত হইবে। যে ব্যক্তি স্থূল-দেহ হইতে অকন্মাৎ কুশদেহে কিন্তা কুশদেহ হইতে অক্সাৎ স্থলদেহে পরিণত হয়, প্রকৃতির বিপরীতভাষাপন্ন সেই ব্যক্তি আটমাস পরেই মৃত্যু মুখে নিপ-তিত হইবে। পাংশু বা কর্দ্দম মধ্যে বিচরণকালে যাহার পদের তলভাগ কি অগ্ৰভাগ খণ্ডিত হয়,

সপ্তমাস পরেই তাহার মৃত্যু উপস্থিত হইবে। যাহার মস্তকের উপরিভাগে নীলবর্ণ কপোত, গুধ্র, কাকোল বিচরণ করে, তাহার জাবনের মাসত্রয় মাত্র অবশিষ্ট রহিয়াছে।

যে ব্যক্তি মেঘ শূন্য গগণের দক্ষিণ ভাগে বিদ্যুন্যালা अ**न्य** -र्भान करत, किन्ता ताजिकारल देख-ধরু দেখিতে পায়, তাহার আর দুই মাস মাত্র জীবিত থাকিতে হইবে। যেয়ত, তৈল, স্লিল কি আদর্শমধ্যে আপনার প্রতি-বিম্ব দর্শনে কিম্বা প্রতিবিম্বিত স্বকীয় দেহের মস্তক দর্শনে সমর্থ না হয়, তাহাকে আর এক মাসের অধিক জীবিত থাকিতে হইবে না। যাহার গাত্রে শবগন্ধ অনু-তাহাকে ভুত হয়, भ अव म न দিবস পরে মৃত্যুশয্াায় শয়ান হইতে হইবে। সলিলে অব-গাহনমাত্র যাহার হৃদয় ও পদ ভাগ শুদ্ধ হইয়া উচ্চে, অথবা জলপান করিলেও যাহার কণ্ঠ-শোষ নিব্নন্ত হয় না। জীবনের আর দশদিবস মাত্র অবশিষ্ট রহিয়াছে।

ক্রেমশঃ।



কাব দর্গে হতেছিস ুগর্কিত লক্ষেশ, স্পর্ণিতে সীডাব গাত্র অপবিত্র কবে— অসহায়া অনাথিনী এবে কি জানকী? কি তুচ্চ,রাজৰ তোখ স্বৰ্ণ-লক্ষাপুরী--তৃণসম জ্ঞান ২য় সীতাৰ নয়নে : প্রদাবে পাপাসক্ত তুর্মতি তুর্জ্জন হুৱে এনে দেবনাবী এত দৰ্গ ভোৱ সামান্য রমণী নয় রঘুপতি-নারী, चूर्ग्रदः न कूलवधू, जनक छूहिण। रा पिरम इविलि छूडे शक्षवछी वरन, (प्रथारम कनक मृत माम्रांवी वाक्तन, থাকিতেন যদি তথা জানকীবলভ, দেখিতিস্কোন্বীরে রক্ষে জানকীবে, বেমন শিবাব দশা কেশরী কবলে,— সেইরূপে মাশিতেম ভোরে দাশর্থী। ধিক্রেরক্ষের পতি কি কুমতি তোর, শূগাল হইয়ে চাস্ লভিতে সিংহিনী গ সরে যাপাপিৡ ছুইচ নিল জিজ পানর ১ কোন মুখে আগুসারি আগুলিয়া পথ, দিতে চাস্কামভাবে মূণাকর কর--প্ৰিত্ৰতা সভীগাত্তে মাভিয়া মদনে, যদি পতিপদে মতি থাকে বৈদেহীর, यि में लि थां कि मन, तांचव ठवटन, शिष धर्मा अञ्चर्क। जनक ना पनी হয়ে থাকে চিরদিন বালিকা অবধি, উতরি যৌবন পদে, একান্ত মানদে,

খণ্ড খণ্ড হবে তোর ঘূনিত বসনা, न् होइटव मन मूख नागरतत कृतन, কনক রচিত লক্ষা হবে ছারখার। কোথা ভোব ইম্রজিত বীব চুড়ামণি, यात बरम बली जुड़े वाधि श्रुतमरत,--नतामम धर्ताधारम रमित्र वर्कत्, কোথা বীরবান্থ তোর মল দেনাপতি, अक्रमुक्मार काथा धाष्ट्रकी उत्रनी, কোথা ভাতা কুম্বকর্ণ অকালে যাহারে জাগাইয়া ছিলি রণে বধিতে রাঘতে, কোথা তোর লক্ষ পুত্র সওয়া লক্ষ নাতি প্রচণ্ড প্রতাপাদিত সেমাপতিগণ, শ্রীরাম সৌমিত্রী শরে বামরের করে, লালুল দাপটে আর বৃক্ষ শাখাঘাতে, ছিল ভিল বীরবৃন্দ তুণখণ্ড সম, ধরাশায়ী এবে সব সমুদ্র পুলিনে। একেশ্বর আজি তুই রক্ষিবি কেমনে, কার বলে বলী আর হইবি রাবণ, কেহ নাই রক্ষকুলে বংশে দিতে বাতি। তরুও গর্জিল যেন শরদ গর্জ্জনে, गर्दाक यथा श्रश्रवितन देश जूकक्य, हूं वि कि आभारत पूरी तत्कन नृतान, मन भूट छ कुष् इट छ (मर्था हेम्। छम्। 1 ডরে কি শিবার ভাকে সিংহের রমণী, नुगारमत मध्य (मर्ट्स छरत कि रेमशिमी ফিরে যা রাবণ, ভোরে ডাকিছে সম্মে, ভীমনাদে দক্ত করি, প্রভাকরত্বত ; পরিহরি পাপদেহ দাপর্থিকরে, **5 दम** या विभारन हिए देवज्ञ के धारम । তবু যে ছুরাঝা আরো আসিস্ নিকটে, **(पटचा मा मतमा अहे यटत प्रवासन,---**বেমন পতলবুন্দ হর্ষে দৃত্য করি,--

ইচ্ছাকবি সংপে প্রাণকীপিয়া অনলে, বড় অভাগিনী সীতা জনমছুখিনী, অংখানিসম্ভবা হয়ে জনকপালিতা, রাজকন্যা, রাজরাণী, রাজকুলবধূ, কত কই ভুগিতেছে পূৰ্ব্যঞ্চশাপাপে। অভিষেক দিনে স্থাংখ হইয়ে বঞ্চিতা আসিয়াছে বনবাদে প্রাণেদের সনে, (मर्प्यक् माक्रन वाम, महिसी टेक्टक्सी পুত্রশোকে দশর্থ তেজেছেন প্রাণ, বনে হারাইয়া রামে মৃগ অমেষ্টে, लक्षर कहै। कुरु कति, कतिरम्न विमास, পড়েছি রাক্ষসকরে বিধির বিপাকে ১— তা বলে কিন্থবে আজি অবিশ্বাসী সীতা অবোধ্যার রাজ্যপাট স্বর্ণসিংহাসন, রাজভোগ উপহার, রাজ অট্টালিকা (जरजरह जानकी यद यांशात कांतर⁴, थाकित्व क्षाय ध्रा ध्रा भारे भा पूर्वान, পৃথিবীতে এ ছাখনী জীবে যত কাল। কে দেখাৰ্ম খড়্গ ডুই ছুরস্ত লম্পট প্রাণের মায়াতে, সাঁতা পাইবে কি ভয়। কখনো না কখনো না, প্রতিজ্ঞা অচল, जुष्क् (नर, जुष्क् क्षान, ठाट्टना कामकी। (मांचिव वावन किर्त वीवश्री कांछ, এখনি ত্যজিব প্রাণ, ছার লোফ্র সম करण आवि कमलाकि कमल हत्। व्हनकारण निवातिमा तानी भरमापती, निवर्श्वित। मटकथात नीत्रवि मञ्चाय ।

অপূর্ব্ব কারাবাস। ২৪৮ প্রচার পর।

মি নিশ্চয় বলিতে পা-রি যে, যদি আমার আ-কার এরপ

জঘন্য ও জন্ম এরপ নীচকুলে না হইত, তাহা হইলে তোমারই এই মনের আবার অবস্থান্তর দর্শন করি-তাম। যাহা হউক আর রুপা বাকা ব্যয়ের আবশ্যক নাই। এক্ষণে আ-মার দহিত আমার আশ্রয়ে যাইতে হইবে, তোমাকে এখানে রাখিয়া কখনই আমি গৃহে যাইব না, বুজ-দেবের এমন আক্রা নাই যে, কোন অমহায় ব্যক্তিকে মৃত্যু-মুখে নিক্ষিপ্ত দেখিয়া অক্ষতদেহে স্বর্গ গৃহে করিবে। অতএব কোন আপত্তি শুনিব না, সহজেই হউক আর অনিচ্ছায়ই হউক, আমার সঙ্গে যাইতে হইবে।

তখন যুবতী কিঞ্চিৎ অপ্র-স্তুবের ন্যায় হইগা বলিল, মহাশয়! আমি আপনার মতে সম্মত হইলাম; কিন্তু আ-মার প্রতি কোনরপ অহিতাচ- রণ ঘটিলে তখনই প্রাণ পরি-ত্যাগ করিব।

কিরাতপতি যুবতার সমতিদূচক বাক্য শুনিবানাত্র আহ্লাদে
পরিপূর্ণ ইইয়া উঠিলেন। প্রভুর
অভীপ্ষিত বিবেচনায় দলমধ্যে
গগনস্পর্শী জয়ধ্বনি উপাত ইইল।
না বলিতেই সুমক্তিত অশ্বতরী
সমাধ্যে প্রস্তাত। অনুরোধে যুবতী
অথ্যে অশ্বতরী পৃষ্ঠে আরোহণ
করিলে কিরাতপতি অশ্বে আরোহণ করিলেন। পশ্চাৎ অনুচরগণ অশ্বে আরোহণ করিয়া
জয় ধনিতে বনভাগ আকুলিত
করত নগরাভিয়থে গমন করিল।

ভৃতীয় স্তবক।

,,ভা॰ নবা: পৰিণাৰ হঃ সিয়শ্চ সনুপাদ্ৰৰন্ত, মহাভাৰত ।

"রাত্রি অবসান — উষাদেবি! সত্ত্বর হও নিজা-কুত্কিনীর নায়াজাল ছিন্ন-কর, উহার মোহে এখন জীবজন্তুগণ আছেন রহিয়াছে, তাসদী জবনিকা এখনো অপসারিত হয় নাই, উদ্যোটন কর, নিশা অদ্যাপি পতি-সহবাসয়্রথ উপভোগ করিতেছে, কুমুদিনী গুলিনীকে অদ্যাপি উপ-

হাস করিতেছে, হিমানী-বর্ষ এখ-নও উহাকে কেশ প্রদান করি-তেছে, দলবন্ধ খদ্যোতদীপিকার পুচ্ছজ্যোতি আর কতক্ষণ তোমার অনুমিত জ্যোতিরূপে म् भटक **इ**हेर्द ? मिक्किशीवध् त पूक्ष्यिक्ट-শ্বাদে উপেক্ষা প্রদর্শন করা কি তোমার কর্ত্তব্য ? নিশাকরোপ-ভুক্ত তারকাকুমুম অদ্যাপি গগ-নাঙ্গনে পর্য্যস্ত রহিয়াছে, আর कथन मगोर्क्किंड इटेरत ? श्रृकी-বধু যে স্বয়ং স্থৰ্ণলাক্। নিৰ্মিত সন্মাৰ্ক্তনীহন্তে তোমাকে আহ্বান করিতেছেন ? অগ্রসর হও, সন্মা-ৰ্জ্কনী গ্ৰহণ কর; এখন কি বুবিতে পারিতেছ না যে, এই অখণ্ড-রাজ্য ভিন্ন অধিকারভুক্ত হই-য়াছে? ঐ দেখ নিশাকর পাণ্ডু-বর্ণ কলেবরে পলায়নোদ্যত হই-য়াছেন, নিশা স্ত্রীস্বভাব-সুলভ মমত্ত্রে আকৃষ্ট হইয়া অদ্যাপি স্থান পরিত্যাগ করিতে পারি-তেছে না, কিন্তু চিন্তায় সর্বা শরীর পাণ্ডবর্ণ হইয়া উঠিয়াছে, অবিলয়েই যে উহাকে নব ভূপ-প্রতাপে বিনষ্ট তির দ†রুণ **'ছইডে** হইবে, তাহা এখনও বুঝিতে পারিতেছে না। আর নি-

কর উদিত-প্রায়, দিবাকরসার্থি অরুণদেব রাগরক্ত কলেবরে দূব হইতে সমুদায় দেখিতেছেন,কখ-নই তোমার এই অবিনয় সহা করিবেন না; প্রকৃতিসতী তোমার কার্য্য সমুদায় নিজে সম্পন্ন করি-লেন, ইহা জানিতে পারিলে নিশ্চয়ই তোমাকে তোমার অধি-কার হইতে চ্যুত করিবেন।" চতুর্দ্দিক হইতে একতানস্থরে এই মনোহর ধানিই যেন উদাত **ट्टेल। नर्कजनगत्नाटा**ती उँयात হৃদয়শোষক পিক্ষীবিরাবে উষার চৈতন্যোদয় হইল। তথন উষা-দেবী প্রথরপ্রতাপ দিবাকর ভয়ে একান্ত ভীত হইয়া পলায়নে কৃতনিশ্চয় হইলেন ও রবিকর হইতে মুক্ত হইবার পশ্চিমাশা আপ্রয় कतित्वन। দিগাঞ্চনাগণ উষার রঞ্গ দেখিয়া আর হাস্য সম্বরণ করিতে পারি-লেন না, অনবরত হাস্য করিতে नाशितनन, उद्या पिथिया जल भिषानी, ख्रांस कूस्रमनिकत · ও মঙ্গে মঙ্গে প্রকৃতিসতীও হাসিতে लाशित्वन। कि मत्नोहत छभा। দিবাকর আর কি নিশ্চিন্ত থা-

শ্চিন্ত থাকিবার সময় নাই—দিবা-

দ× रिन পারেন ? হাস্য হাসিতে হাসিতে উদিত হই-লেন। কোন দিকে আর হাস্যের বিরাম নাই, কি ধরাতল, কি নভোমগুল, কি উভয়ের অন্তর্জন্তী এই অথগু ভূমিভাগ, সমুদায়ই হাস্য্য। সমুদায় নগর নগরী গ্রাম উপগ্রাম এই হাম্যের জ্যো-তিতে উদ্ধাষিত হইয়া উটিল। কিন্ত কিরাতনগরী ইহা ভিন্ন অন্যতর আলোকে আলোকিত, অন্যতর আমোদে আমোদিত। মে আ'লোকের ইয়**ত**া আমোদও অভতপূর্বা। একমাত্র নিশার অবসানে অদ্য কিরাত-নগরে আমোদরাশি উচ্ছলিত-বেগে প্রবাহিত হইতেছে। পাঠক হও, কিরাত নগরীর অগ্রসর শোভা দর্শন কর, ঐ দেখ নগরের **हर्ज़िकरे** आस्तारि উন্মন্ত, উল্লামব্যবির আলোকে আলো-কিত, আর মে এ নাই, সে রাত্রিও নাই, এফণে প্রভাত रुहेशाए । एठ फिंक अन्मक स्मिटन কল্লোলিত হইতেছে। অধিবাসি-গণ সকলেই বেশভূষায় নিযুক্ত রহিয়াছে। কেহ কাহারও অ-পেক্ষা করিতেছে না, সকলেই

অথসর, যে হলে আমাদিগের পথভ্ৰষ্ট যুবতী কামিনী অবস্থিতি করিতেছে, সেই রাজপুরীর অভি– মুখেই অগ্রসর। রাজভবনও অদূর-বন্ত্রী—ঐ পশুরক্তরঞ্জিত রক্তবর্ণ নিশানপট বায়ু ভরে কম্পিত হইতেছে। নিরস্তরপ্রবাহিত জন-য়োতে রাজপথ আপ্লাবিত হ**ই**-তেছে। পুরীও লোকে লোকারণ্য, দর্শনাগত কিরাতগণে পরিপূর্ণ, আনন্দ-কোলাহলে পরিপুরিত। य नित्क पृष्टि नित्कल कर्ता यात्र, সেই দিকে তাগদী মূর্ত্তি,—স্থমধুর বন্যবেশে মুবেশিত তামদী মূর্ত্তি। पिथि । प्राचित्र । प्रिन । प्राचिन । प्राच য়াছেন, তিনিই বলিতে পারেন যে, বেশবেশিত কিরাতমূর্ত্তি দে-থিতে কিরূপ দুন্দর উৎস বিগলিত জলধারার ন্যায় বনল্ডা-সংযমিত কেশপাশে কন্ধারা আব-तिত, धन्त्रिमः कूमूमखत्क গ্রন্থিভাগ পরিশোভিত, শরীরের অপর ভাগ বল্কল পরিণিদ্ধা, অন্য जौरा अनाइड, कर्त कूस्रमशुष्ट्र, रख नजाम्बुतीय, कर्छ तनमाना ও সুচিত্রচিত্রে মুখনগুল চিত্রিত— সকলেরই অগ্রগামী হইবার বা-সন। কি স্ত্রী কি পুরুষ, কাহারও

বারণ নাই, অবাধে অন্ত**্র্য**রে গ্মনাগ্মন করিতেছে, কেবলমাত্র পারের নৌকার ন্যায় একজন বিশ্বস্ত ভূতাই উহাদিগের গমনা-মনের সহায়ভূত রহিয়াছে। সনাখেই কাষ্ঠনিৰ্মিত দিতল-ধূহ। উহার মধ্যে স্থান্ধি কাষ্ঠ ধূমিত হইতেছে 3 বহুবিধ বন্য উপকরণে গৃহভাগ সুসজ্জিত রহিয়াছে। মধ্যে পল-মধ্যভাগে বাস্তরণ, আস্তরণের আমাদিণের পথভ্রষ্ট যুবতী ও উহার অঙ্গদেশে স্থকুমার কুমার শয়ান। বনমধ্যে তামদী রজনী সমাগদে তৎকালে যাহার রূপ-লাবণ্য তান্ত্রশ অনুভূত হয় নাই, যাহার দেহপ্রভা তমঃপঙ্গে মগ্ন হইয়া মলিনভাব ধারণ করিয়া-ছিল, ও হিমানীজাল-জড়িড শশধরের ন্যায় যাহার বদনকান্তি নিতান্ত নিষ্পুতের ন্যায় প্রতীয়-মান হইয়াছিল, একণে তাহার সেই রূপশশী গৃহভাগ আলো-কিত করিয়া তুলিয়াছে, কির্ণী-চ্ছটা কিরাতদেহের ধুসরিমা স-ন্সাদন করিতেছে, ও উহা-স্লিল্রাশি মানস্ক্রপ করাকর্ষিত হইয়াই যেন হাস্য-

হইয়া পরিণত বেলা অতিক্রম করিতেছে। ন্দরী কিরাতমধ্যগতা হওয়াতে মলিনাভ নভোমগুলের মধ্যদেশে मस्त्रृर्वमञ्जल भग्धरतत नाग्रं, ख-নীল সরোবর সলিলে বিকশিত শতদলের ন্যায় ও ক্ষের বক্ষঃ-স্থলালন্বিত কৌস্তভমণির ন্যায় শোভা পাইতেছে। বদন শশধর হইতেও নির্মাল ও প্রতিপ্রদ, नग्रन कलक इटेराउउ मुनील उ **সুমধু**র এবং আলুলায়িত কেশ-পাশ গগন হইতেও ঘনঘোর ও দেহখানি ক্ষীণবাদে চিক্কণ। আবরিত হইলেও কি শরমেঘ-সংজ্ঞাদিত শশধরের ন্যায় দর্শ-কের নয়ন মনকে বিকশিত করিতেছে না? ক্ষীণতা দুগ্ঠিত হইলে যে प्राट्य वक्षी तम्भी प्राट्य कड-দূর স্থ্রভীকতা সম্পাদন করে, এই যুবতীই তাহার একমাত্র নিদর্শন। এই तुन्नमञ्जल यथन कुक्रुमतार्ग রপ্তিত হয়, তখন কি রসায়ন অপেক্ষা অন্য কোন উৎকৃষ্টতর রাগের কার্য্য সম্পাদন করে না? এই দেহ অলক্ত হইলে বিধা-তার নির্মাণ রমণীয়তা স্থানে স্থানে অসংশ্লিষ্টের ন্যায় বোধ

হইয়া থাকে। যদিও সে মুখে ধারণ করিল; নিশাসবায় প্রবা-হাস্য নাই, তথাপি কি দর্শন-ভাবুকের মন চঞ্চলিত হইতেছে না । সে ভাব দর্শন করিলে কাহার না অন্তর আকু-লিত হইয়া উঠে। যে ব্যক্তি সেই সম্মায়ে সেই রম্ণীকে সেইভাবে আসীন দেখিয়াছে, মে-ই বিল-ক্ষণ তাহার ভাবভঙ্গী ও স্থন্দরতর দুত্রীকতার পরিচয় প্রাপ্ত হইয়াছে। যাহার রূপলাবণ্য স্থবিস্তীর্ণ নগ-রের কাশ্মীর নগরের একমাত্র ভূষণ-রূপে পরিগণিত হইয়াছে, যাহার মামান্য মাত্র দৃষ্টিও কোন বিলা-প্রতি নিপতিত হইলে সে আপনাকে কৃতকৃতার্থ জ্ঞান করিয়া থাকে, সেই রূপসী অদ্য কুৎিদিৎ কিরাত হস্তে পতিতহ-ইল! ইহা অপেক্ষা আক্ষেপের বিষয় আর কি হইতে পারে? এ দিকে লোকের কলরবে কুমা-রের আকর্ণবিসারিত নয়নযুগল ক্রমে প্রাভাতিক শতদলদলের ন্যায় বিকশিত হইল, ভ্রমরের ন্যায় তারকাযুগল বিল্পিত হইতে लांशिल, रेनमंजरमञ्जाश निर्धाक्त-कात मृतीकृठ इटेल এবং দেখিয়া শুনিয়া বদনস্থধাকরও মলিনভাব

হিত হইল, হিমাজ্র বিগলিত হ-ইতে লাগিল, ও পক্ষীবিরাব সদৃশ করণ কণ্ঠনিঃস্বন, সমুদাত হইল। কুমার ভয়ঙ্কর কিরাতমূর্ত্তি দর্শনে ভয়ে স্তন্ধপ্রায়, মুখে বাক্য নাই, অঙ্গে বল নাই, ছষ্টির স্থিরতা নাই বিকলের নাায় নিশ্চেটের নাায় চিত্রিতের ন্যায় যুবতীর অঙ্কমধ্যেই শয়ান। ক্রমে নয়ন মুদিত হইয়া আসিতেছে—আর যুবতীর চিন্তিত হৃদয় স্থির থাকিতে পারিশ না, পুর্ফোর অবস্থা দ্বিগুণভাবে যাতনী अमान कतिएं नाशिन, ७ मर्गा-বেদনা দিগুণিত হইয়া উঠিল। তখন যুবতী করুণম্বরে বালককে সম্বোধন করিয়া বলিল, বৎস ! আর ভয় নাই, এক্ষণে তোমাকে আশ্রে লইয়া আসিয়াছি, এ-ক্ষণে তোমার জীবন রক্ষা হইবে বোধ হইতেছে; যদিও ইহা কিরাতপুরী, তথাপি ভাবে অনু-মান হইতেছে যে, ইহারা তো-मात कीतरमत हिश्मा कतिरव ना, বরং যত্তে রক্ষা করিবে। শুনিয়াছি, - কিরাতপতি অপুত্রক এবং তো-মারে পুত্ররূপে পালন করিতে উঁশহার নিতান্ত বাঞ্চা।

যুবতীর বাক্যের বিরাম না হইতে হইতেই চতুর্দ্দিক হইতে আনন্দ-কোলাহল সমুখিত হইল, দর্শক গণ আহলাদে পরিপূরিত, কিরাত-প্রতির অগণ্য সাধুবাদ প্রদান করিতেছে, ও বুদ্ধদৈবের কল্যা-গে†দেহা বিণ করিতেছে। তখন মুকের বাক্শক্তির ন্যায়, বধিরের শ্রু বর্ণ শক্তির বায় ও অন্ধের দর্শনিশক্তির ন্যায়, যুবতীর শেষ বাকাটী কিরাতপতির সংসার-দুখের উন্নত দোপানরূপে পরি-নীত হইল, উহাঁর আশাভরস। সোপানশিখরে অধিরত হইল, ও অসুথের সংসাব্র স্থেময় হইয়া উচিল। এই সময়টী যে কিরাত-পতির কিরূপ সন্তোধের হইয়া-ছিল, ভাহা উহাঁর অবস্থাগত ব্যক্তি ভিন্ন আর কাহারই সহজে অনুভব করা নিতান্ত সুক্ঠিন ৷ পাঠক! এ স্থলে তোমার মনে

এই সন্দেহ উপস্থিত হইতে
পারে যে, "রমণী যথন বনমধ্যে
এই কুমারগ্রহণে কিরাতপতিকে
অনুরোধ করিয়াছিল, তথন কি
নিমিন্ত কিরাতপতি এরপ আজ্লোদিত হয়েন নাই, আর কিরাতগণ সহজেই অধ্যাচারী,তাহাতে

উহাদিগের দানাদানে ভেদাভেদ কি?" কিন্তু এ কিরাতরাজ সেরপ লোক ছিলেন না, ইনি ভাবিয়া-ছিলেন, যদিও বনমধ্যে রমণী এই কুমারগ্রহণে তাঁহাকে অনুরোধ করিয়াছিলেন, কিন্তু সে বাক্য কখ-নই বিশ্বাসযোগ্য হইতে পারেনা। কারণ ধুবতী সে সময় ভয়ে একান্ত কাতর। লোকে ভয়ের বশৰ্মী হইয়া কখন কিনা ব– লিয়া থাকে ১ ইহা বলিয়া কি তিনি সেই রমণীর একমাত্র জীবন-ধন সেই কুমাররত হরণ করি-বেন! ইহাও কি বুদ্ধর্মের আকুমোদিত ইইতে পারে? বল-পূর্বাক পরদ্রব্য হরণ করা তাঁ-হার ন্যায় একজন বুদ্ধর্মাবলম্বীর কখনই অনুমোদিত হইতে পারে না। "তবে কি কিরাতপতি বুদ্ধ-ধর্মাবিগতিতি কোন কার্য্যেরই অনুষ্ঠান করিতেন না; "তাহাও নয়, প্রাণিহিংদাপ্রভৃতি দুই একটা কার্য্য বুদ্ধর্থে * একাস্ত নিষিদ্ধ হইলেও চিরস্তন পদ্ধতি অমুদারেই তাঁহাদিগের বংশ পরস্পরাক্রমে চলিয়া इ नि उ সেই এবং তেছে. ছটান্তানুসারে দুগয়াপ্রভৃতিকে

ততদূর দোষাবহ বিবেচনা ক্রি-তেন না। কিন্তু মিথ্যাবাক্য, অপ-লাপ, প্রতারণা, অতিথির প্রতি অনাদর ও আ'শ্রেতের প্রতি বল-প্রকাশপ্রভৃতি কতকণ্ডলি অসং-কার্য্যে ইনি সাতিশয় মূণাপ্রকাশ করিতেন। অধিক কি, তাঁহার রাজমধ্যে কোন ব্যক্তি অসৎকার্য্যের অনুষ্ঠান করিলে বিশেষ দপ্তও 'প্রাপ্ত অতএব নিতান্ত আব-শ্যক বলিয়াই যে তিনি এরূপ কুৎদিত কার্য্যের অনুষ্ঠান করি-ইহা নিতান্ত অসম্ভব। অধিক কি, তিনি বনমধ্যে সেই যুবতীর যেরূপ তেজোগর্ভ প্রত্যা-খ্যান বাক্য সহ্য করিয়াছিলেন. তাহা কোনু কাগোমত্ত সভ্য ব্যক্তি সহ্য করিতে পারে ? যদিও কিরাতরাজ নীচবংশোদ্ভব ছিলেন, তথাপি উহাঁর প্রকৃতি সাতি-ও কার্যাকার্য্যেও কর্ত্তব্যাকর্ত্তব্য জ্ঞান ছিল। তবে যে উহঁার অন্তরে যুবতীর সহবাস রূপ বহ্নিখা প্রজ্ঞাত হইয়া-ছিল, ও প্রচণ্ড বাত্যাসহযোগে **নিৰ্মাপিত** হ ইয়াও অদ্যাপি

'যৌবনসারথি কন্দর্পই একমাত্র অপরাধী। দুশ্চরিত কন্দর্পের অসাধ্য কি আছে? উহার প্র-ভাবে কতশত মুনি ঋষিও চির্-স্ঞাত তপোবলে বিস্ত্রন প্রদান পূর্বক কামিনীর দাস হইতেছেন. জ্ঞানবান ধার্মিকও আপন আপন ধর্মপথে কণ্টক রোপণ করিতেছেন, ও কত শত মহানু ঐশ্ব্যাশালী ভূপতিও অরণ্য কুটীর আশ্রয় করিতেছেন। উহার প্রভাবেই এই ধরামধ্যে নির্ন্তর যুদ্ধ বিগ্ৰহাদি সংঘটিত হইয়া ধরাকে মুম্মাশোণিতে দূষিত করিতেছে। চিরদৌহার্দ্য-রূপ অমৃতরাশিতে গরল উৎপাদিত হইতেছে ও ধর্মরূপ উন্নত পর্বত শিখরে বজ্পাতিত হইতেছে। অধিক কি, উহার প্রভাবে যখন লেংকের অন্তরে কর্ত্তব্যাকর্ত্তব্য धर्माधर्म भाषाभाषा বিবেচনা থাকে না, তথ্ন যে কিরাতপতির অন্তর উহার প্র-ভাবে বিচলিত হইবে না, ইহা কখনই সম্ভবপর নহে। আর একবারমাত্র উপদিষ্ট বা তিরস্কৃত হইলেই যদি কামপ্রবণ যুব-হইতেছে, মে বিষয়ে কের মন প্রকৃতিস্থ হইত, তাহা

কথাই এখন ব্রহ্মজ্ঞান। তাঁহারা যাহা বুঝিয়াছেন, তাহা শাস্ত্রসন্মত না হইলেও তাহাই শাস্ত্র। আর আমরা যদি শাস্ত্রের প্রমাণ দেখাইয়া কোন কথা অপ্রামাণ্য বলি, তাহা হইলেও মে অশাস্ত্র হইবে। অতএব বোধ হই-তেছে যে, অধুনা মন্ত্রভৃতি স্মৃতিকারগণ পুনরায় পৃথি-ৰীতে অবতীৰ্ণ হইতেছেন, তাঁহারাই যেন এক্ষণে স্ব স্ব ক্লত নিয়মসকল অশুদ্ধ বিবেচনা করিয়া সংশোধন করিয়া দিতেছেন। এ সকল কালেরি দোষ সন্দেহ নাই। যাহা হউক,বয়স্য ! তুমি এই কারণে বনবাদী হইয়াছ ? ছি ! তুমি কাপুরুষ। বিবাহিতা ভার্য্যা কি এত প্রবলা হইতে পারে ? 'প্রহারেণ সুমললম্,, প্রহারে ভূত বশ হয়, আর মামুষ বশ হয় না? নীলত্ত কহিলেন, উত্তম বলিয়াছ। আজ যদি জ্ঞান শিকা দিতে আইসে, তবে উত্তম মধ্যম জ্ঞান শিক্ষা দেওয়া যাইবে। অদ্য যাহা মনে আছে তাহাই করিব। মিত্রদ্ধ কহিলেন বয়স্য। দেখ! আর এক কর্ম আছে। ধাহা বলিলাম, তাহাত করিবেই, কিন্ত সেই কুসংক্ষারবিশিষ্টা কামিনী কথনই সরল-প্রকৃতি হইবে না। যথন তাহার পেটে কিঞ্ছিৎ বিদ্যার জল পড়িয়াছে, তথন তাহাকে প্রকৃতিস্থ করা বড় দুঃ-সাধ্য। অতএব আমাদের বিবেচনায় কোন এক সৰংশ-জাতা সংস্থভারা দেখিয়া পুনরায় একটা বিবাহ করা তোমার পক্ষে শ্রেষ্ণ। তাহা হইলে আর কোন উৎ-भाउदे शारक ना। ८जारकत मूर्य लून शर्ए।

व्यामता खनिशाहि (य, मश्जी इहेरल शूर्स्तर्भातिनीजा বনিতাও সৎস্বভাব প্রাপ্ত হয়। নববধূকে পতিসোহা-शिनी दमिथश गटन केर्यात छमंग्र इट्टल दकाछ। खीत চরিত্র শোধন হইলেও হইতে পারে। সেই জন্যই অনেক বিজ্ঞ লোকে কহিয়া থাকেন, রমণীর প্রকৃতি পরিব-র্ত্তনের ঐ একটীমাত্র মহৌষধ। অতএব তুমি আর একটা বিবাহ কর। নীলব্রত কছিলেন, ভাল! দেখা যাউক। পরে তাহাই হইবে স্থির হইল। এইরূপ কথো-পকথন চলিতেছে, এমন সময়ে ভগবান্ কমলিনীনায়ক कमलवन পরিত্যাগ করিয়া অস্তাচলচ্ডাবলদ্বী হইলেন। চারি দিক অন্ধকারে আচ্ছন্ন হইয়া আসিল। নীলব্রতও বয়স্যদ্বয়সমভিব্যাহারে ভবনাভিমুখে প্রস্থান করিলেন। অনাদিবিশ্বনিয়ন্তা জগৎপতি কাহাকে যে কি রূপ বুদ্ধিরুত্তি দিয়া কি অভিপ্রায়ে স্থটি করিয়াছেন, তাহা সকলই তাঁহার অচিন্ত্য শক্তির স্থাগাচর। অনন্ত মহিমার শক্তি প্রভাবে কত লোক যে কত কৌ-শল অভ্যান করিতেছে, তাহা তিনিই জানেন। সেই নির্বিকার যে কত লোকের মনোবিকার জন্মাইয়া দিতেছেন, তাহা মনুষ্যবুদ্ধির অগোচর। তিনি নিগুণ হইয়াও যে কত লোককে কত গুণ প্রদান করিয়া মায়াগুণে বৃদ্ধ করিয়াছেন, তাহার নির্ণয় নাই। কত লোক যে কত প্রকার বাধিদগ্ধতা শিক্ষা করিয়া প্রকৃত পদার্থকে অমু-লক ও অমূলক বস্তুকে প্রকৃত করিবার পোষকতা করে,

তাহা শুনিলে মতিভ্রম হওয়া বিচিত্র নহে। এই প্রস্তানিক নীলব্রতের বয়সাগণ এদেশীয় কুরীতিজাল দেশ হইতে অপনীত না হইবার অভিপ্রায়ে যে সকল স্বকপোলকল্পিত বক্তৃতা করিলেন, তাহাতে অনভিজ্ঞ লোকেদের স্বতই প্রতীতি হইতে পারে যে, বাল্যাবিবাহ প্রভৃতি কুরীতি সমস্ত নির্বাসন করা বুঝি ময়াদি স্মৃতিকারগণের অভিপ্রেত নহে। বস্ততঃ শাস্তোক্ত শত শত বিধানের শত শত স্থানে ঐ সকল কুসংক্ষারের প্রতিষেধ বর্ত্তমান রহিয়াছে।

এদিকে মনোত্রমা দিবাবসানে সমস্ত গৃহকার্য্য সমাধা করিয়া রন্ধনশালায় প্রবেশ করিলেন। তৎকালে দুই একটা প্রতিবাসিকনা ও পঞ্চ ষষ্ঠ বর্ষবয়ক্ষ দুই এক জন বালক আসিয়া মিলিত হইল। মনোত্রমা রন্ধন কার্য্যে ব্যাপৃত হইয়া নানা নীতি বিষয়ক গণ্প আরম্ভ করিলেন। সমাগত বালকবালিকাগণ একমনা হইয়া শুনিতে বসিল। এইরপ প্রায় প্রতিদিন দুই পাঁচটী করিয়া আসিয়া চারি ছয় দও রাত্রি পর্যান্ত থাকিয়া আমোদ প্রমান চারি ছয় দও রাত্রি পর্যান্ত থাকিয়া আমোদ প্রমান করিয়া যাইত। কোন কোন দিন মনোত্রমা একএকখানি মনোরঞ্জন পুস্তক পাঠ করিয়া তাহাদিণের মনোরঞ্জন করেন। যে সকল শব্দ তাহারা বুবিতে না পারে, মনোত্রমা তাহা সহজ কথায় প্রকারাত্রের বুবাইয়া দেন। এইরূপে প্রতিবাসী অনেকগুলি কুমার-কুমারীর মানসকুস্কম প্রক্ষুটিত হইতে আরম্ভ হয়। সে

দিন যখন ঐ রূপ বাক্যালাপ ও পুস্তক পাঠ করিতে-ছেন, এমন সময় নীলত্রত নিঃশব্দ পদস্থারে রন্ধন গৃহের অভ্যন্তরে প্রবেশ করিয়া দেখিলেন যে, মনোত্তমা পুস্তক পাঠ করিতেছেন, কন্যাগণ অনন্যমনা হইয়া প্রবণ করিতেছে। ইহা দেখিয়া মনে মনে কহিলেন, কি আপদ্ এখনো নিরস্ত হয় নাই ?

কিয়ৎক্ষণ এইরূপ্র গোপনে অবস্থিতি করিতেছেন, দৈবাৎ একটা বালিকার নয়নপথে পতিত হই-(लन। कन्यां कि कहिल ७ (व)! के माम। अटमरहन ८मर्थ। ८कमन लूकिएम लूकिएम आमारमत देव शृं শুনিতেছেন! মনোত্তমা উদ্ধে দৃষ্টিপাত করিয়াই পৃতিকে নেত্রগোচর করিয়া ঈ্ষৎ হাস্য করিলেন এবং পুস্তক আবর্ত্তন করিয়া কছিলেন, ভাই! তোমারা একটু বদো, আমি আমিতেছি। এই কথা বলিয়া তথা হইতে উঠিলেন। নীলত্রত কহিলেন, আরে কর কি? আপদ যায় এই। তুমি বেশ পড়িতেছিলে, পড়। তার পর সুশীলার শ্বশুর সুশীলাকে কি বলিলেন? মনোত্তমা কহিলেন, নাথ! পরিহাস করেন কেন? আস্থন এ शृह्मर्था याई। नीलबा कहिरलन, तम कि ? व्यामारक অভ্যৰ্থনা কেন? ঐ যে সব মনস্তোষিণীরা তোমার অপেক্ষা করিতেছেন, তাহাদিগকে অভার্থনা করগে, আমি এই চলিলাম। মনোত্তমা লজ্জিতা হইয়া কহিলেন, নাথ! কেন আমারে লজ্জা দেন? উহাতে

আমি অত্যন্ত দুংখ পাই। ঐও বাড়ীর ঠাকুরঝি বিনো-দিনী আর মূতন পিসিমার ছেলেরা এলেন, আর আপনিও বাটী ছিলেন না; তাই ঐ সুশীলার উপা-খ্যান প্রথমভাগ খানা একটু পড়িতেছিলাম, তাতে কি দোষ হইয়াছে ? নীলত্ৰত কহিলেন, না, দোষ কেন ? তুমি পড়িতেছিলে, তাহাতে ভঙ্গ দিলাম, দেটা আমা-রই দোব। সত্য সত্যই কি তুমি সেই জন্য দুঃখিত হও নাই? মনোত্রমা হাস্য করিয়া কহিলেন, প্রিয়তম! আমি আপনার সক্তে কথায় পারিব না। আর বাগ্জাল -বিস্তারকরাও অনুচিত। আমার অপরাধ হইয়াছে, ক্ষমা করুন। এইরূপ কথোপকখনানন্তর মনোত্ম। ভোজনের আয়োজন করিতে গেলেন। সমাগত কুমার ও কুমারীরা মনোত্তমার নিকট বিদায় লইয়াস্ব স্ব গৃহে গমন করি-লেন। তদনত্তর নীল্ভতের আহারাবসানে মনোত্মা ८७ किन क्रिया भवनगृरह गमन क्रिटलन। ভাবিলেন, আজিও একবার উপদেশ দিয়া দেখিব কি হয়। ইহা ষ্ণাবিয়া নানা কথাপ্রসঙ্গে রজনী গভীর। হইলে মনো-ত্রমা কহিলেন, নাথ! গৃহধর্মের কোন কথা উত্থাপন করিলেই আপনি ত্যক্ত হইয়া চলিয়া যান। কিন্তু আমি তাহা বলিয়া নিশ্চিত্ত থাকিতে পারি কই? আপনার যে কয়েকটা স্থহৎ যুটিয়াছে, তাহারা আপনারে সম-ভাব না করিয়া পরিত্যাগ করিবে না। বারবিলামিনী-রাও আপনার অভাবিক সদাৰু সকল শোষণ করি-

তেছে। দিবারাত্রিই কেবল নীচ সহবাদেই রত। একটা কথা বলিলে গামে সহ্য হয় না। যেরপে অপব্যয়ে ইন্দ্রিয়স্থ চরিতার্থ করেন, তাহার কিয়দংশমাত্র সং-कर्ष्म वाय रहेरल कठ मलन रहेरठ शारत, अकवात বিবেচনাও হয় না। এত অপরিমিত ব্যয় করিলে গৃহী লোক কত দিন গৃহে তিষ্ঠিতে পারে? আপনি ঐ সকল অসৎসঙ্গ ও অপব্যয়দেশ্য পরিত্যাগ করুন। নচেৎ এ সংসারে আর ভদ্তা নাই। এই সকল কথাতে আমার এক প্রকার পতিনিন্দা করা হইল। খদ্যোত হইয় চন্দ্রমাকে আলোক প্রদানের ন্যায় উপদেশ দেওয়াও হইল। অথবা তাহাও নিতান্ত দূষণীয় নহে। কারণ গত কার্ত্তিক মানে পুরুতবাড়ী মহাভারত কথা ছইতে-ছিল, তাহার আদি পর্কো শুনিয়াছি যে, কণুঋষিপালিতা বিশ্বামিত্রদুহিতা শকুত্তলা যথন স্বীয় দয়িত মহারাজ पूर्वाचमभीरं गमन करतन, त्भीत्रवताक यथन **डाँ**श्रांक দুর্ব্বাসার শাপপ্রভাবে পরিণীতা ভার্ষা বা দৃষ্টপূর্বা বলিয়াও চিনিতে না পারিয়া প্রত্যাখ্যান করেন, সেই यमरत भकु खने। विनशि हितन "महाताज ! खनिशि हि तम, পুরুবংশীয়দিগের সত্যই কুলত্তত। তা, আপনি কি वित्रा **अर्थ अर्थानीत পानिश्रहन मम**रत म्हिल्ल প্রতিজ্ঞা করিয়া এক্ষণে সতাপালনে পরাজ্যুধ হই **८७८** एक १ थ्वर कि वित्रा है वा पूर्व छ धर्म मजादक ष्मभनं । कतिएक अद्भुष्ठ इहेरनन ? व्यव्यव दोष्ट्रम ।

এরপ মিথ্যা প্রবঞ্চনা করা আপনার নাম ও বংশের অমুরূপ হইল না।,, অতএব নাথ! আমিও বলি-তেছি যে, আপনিও এই দুঃশীলার পরিণয়কালের সত্যে বদ্ধ আছেন; যাহাতে সেই সত্যস্ত্ৰ ছেদ না হয়, তাহা করুন, আর আমার এই দুঃসাহসকে ক্ষমা করুন। এই কথা বলিয়া মনোত্যা বসনাঞ্চলে বদন আরুত করিয়া নিস্তব্ধ হইলেন। নীলব্রত ক্রোধে অধীর হইয়া কহিলেন, হাঁ, আমিই যেন মহাপাপে লিপ্ত হইয়া সত্যলোপ করিতে বসিয়াছি; তুমিওত বিবাহ কালে সত্য প্রতিজ্ঞা করিয়াছ এবং আমার ন্যায় নির্কোধণ্ড নও; তা তুমিই আমাকে যাবজ্জীবন প্রতিপালন করিও। রে দুশ্চরিত্রে পাপীয়সি! তুই আমাকে নিত্য নিত্য হেয় জ্ঞান করিয়া উপদেশ প্রদান করিস্; তোর লজ্জা হয় না : হা ধিক্ ! আমাকে ধিক্ ! এই কথা বলিয়া কপিকুল ষেমন বৃশ্চিক দংশনে স্থালাতন হইয়া উঠে, সেই রূপ ব্যতিব্যস্ত হইয়া মনোত্তমাকে পদাঘাত করিলেন। হায়! ক্রোধের কি বিচিত্র ভাব! ক্রোধপরবশ ব্যক্তিগণের কি আশ্চর্যা প্রভাব! সর্বসংহারিণী অবিদ্যার কি চমং-কার শক্তি। স্বার্থপর বিবেকবিহীন নির্কোধ পুরুষে-রাই বা কি অনর্থের মূল! ধন্য রে ক্রোধ! তোর বশতাপন্ন প্রাণিগণ কি দুকর্মই না করিতে পারে ? এই ক্রোধে কত লোক প্রাণাধিক পুত্ররত্ন বিসর্জ্জন দিয়াছে, এই ক্রোধে কত ব্যক্তি পরমারাধ্য জনকজননীর প্রাণ

বিনাশ করিয়াছে এবং এই কোধে কত জ্ঞানবান্ ব্যক্তিও আত্মহত্যা করিয়া মহানু অধ্যা সঞ্যা করিয়াছেন! অথবা নীলত্ৰতের এই কার্য্য বিচিত্রই বা কি ? বিদ্যাহীন, কাওজ্ঞানশূন্য ব্যক্তিগণের উপর সকল রিপুই সমান ভাবে প্রভুত্ব করে। নীলত্রত সেইরূপ ক্রোধপরতন্ত্র হইয়া মনোত্মাকে পদপ্রহার ও তিরস্কার করিয়া নেই রজনীযোগে গৃহ হইতে বহির্গত হইলেন। পরে বন্ধুগণের প্রামশ্ক্রমে বিমলপ্রভা নাল্লী এক রম-ণীকে বিবাহ করিয়া পরম সুঁথৈ কালযাপন করিতে লাগিলেন। এই নীলত্রত ইতিপূর্কে বিবাহ করিবেন না বলিয়া একেবারে ক্রতসঙ্কণ্প হইয়াছিলেন। এক্ষণে নবপ্রণয়িনীর পাণিপীড়ন করিয়া অবধি নিয়ত অন্তঃপুরেই অবস্থিতি করিতে লাগিলেন। অরুমতি বিনা শায়ন—অশনও নির্বাহ হইবার বাতি-क्य रहेल। शूर्स्य अहे यूथ निया "नांतीनांगरक धिक्!" এই শব্দ নির্গত হইয়াছিল। এইরূপ রমণীর বশীভূত হওয়াও নিতান্ত দোষাবহ নহে। ভার্য্যা যদি স্লিগ্ধ প্রকৃতি ও স্ববৃদ্ধিমতী হয়, তবে তাহার বাক্যে মথো-চিত সমাদর করাতে হানি নাই। অথবা অতিশয় বাঁড়াবাড়ীও ভাল নহে। নীলত্রতের এই দ্বিতীয়া त्रभी खंठाख अथतप्रकारा अ नेर्यापत्रतम हिलन। মনোত্তমার প্রতিও বিলক্ষণ বিদেষভাব প্রদর্শন এবং নীল্জতকেও যথোচিত তিরস্কার ও অবমাননা করি-

তেন, কিন্তু দুঃখের বিষয় এই যে, এততেও নীলত্রতের অপ্রায়, স্করাসেবা ও বারাজনা বিলাসের কিছুই দমন বাহাস হয় নাই। বরং অভ্যাস সহকারে দিন দিন র্দ্ধিই হইয়াছিল।

কালক্রমে বিমলপ্রভা গর্ভবতী হইয়া শুভক্ষণে এক পুত্র প্রমব করিলেন। নীলত্রত পুত্রমুখ নিরীক্ষণ করিয়। আনন্দনীরে অভিষিক্ত হইলেন। দরিদ্র ও অনাথ ব্যক্তিগণ, যে যাহা প্রার্থনা করিল, অসাধ্য इइरल ७ जांका फिरज जैकीकांत कतिरलनं। धमन कि, বলিতে গেলে একেবারে দানে কম্পতর হইয়া বসি-লেন। রিমলপ্রভার অনুরোধে তখন আর দিখি-দিক জ্ঞান থাকিল না। ধন্য রে অসঙ্গত প্রণয়। তুই এই পৃথিবীতে না করিতে পারিস্ এমন কর্মই নাই! বিমলপ্রভা একে দ্রীজাতিস্থলভ হিংসা দেষের একান্ত বশবর্ত্তনী; তাহাতে পুত্র প্রস্ব করিয়া স্বানিসোহা-গিনী হইলাম, ভাবিয়া অইক্ষারে ফুলিয়া উঠিলেন। সকল সময়ে পৃথিবীতে তাঁহার চরণ স্পর্শ হইত না। বিলাসিনীগণ সপত্নীর উপর প্রভুত্ব দেখাইয়া স্বামী-মনোমোহিনী হইতে পারিলেই ধরাকে শরা বোধ করে! বিমলপ্রভা একদিকে পতির অনুরাগ, আর দিকে সপত্নীবিরাগ ও পুত্রবতী, ইহাতে তাঁহার কিছ্ই বিচিত্র নহে। মধ্যে মধ্যে মনোত্তমাকে কটাক্ষ করিয়া কত কথাই বলিতেন, তাহা বর্ণন করিছেও मृक्ष्य इया वाखविक **ने**र्याकनूषिठ मूर्य खौरनाकरम्ब এতগুলি একত্র হইলে কতদূর পর্যান্ত আক্ষালন হইয়া থাকে, তাহা অনায়াদে বোধগন্য হইতে পারে। মনোত্রমা সপত্নী কি সপত্নীপুত্র হইয়াছে বলিয়া এক मिटनत जना ७ क्क रन नारे; वतः मश्कीटक मट्यामता ভগিনী ও তৎপুত্রকৈ স্বগর্ভজাত অপত্যমম জ্ঞান করি-তেন। পতিভক্তিরও কিছুমাত্র ক্রটি করিতেন না। পূর্ব্বের ন্যায় সেবা শুক্রাষা ও তাহার আহারের সময় সন্মুখে অবস্থিতি এবং আজামাত্রেই আদেশ পালনে যত্ন-বতী থাকিতেন। তাহাতে অণুমাত্রও ব্যতিক্রম বা देवलक्षना मृथे इस नाह। दकनहेवा इहेदव ? खीरलांक रहेरलहे (य, द्रेशं) ও असूत्रा श्रतका रहेराउई रहा, এমন কিছ্ কথা নাই। সপত্নীর প্রতি সদয় ব্যবহার করিতে কত রমণীকে দেখা গিয়াছে। রাজা দশ-রথের পত্নী কোশলা, স্বামীপ্রদন্ত চরার অর্দ্ধভাগ লক্ষণজননী স্থমিতা কে. বন্টন করিয়া দিয়াছিলেন। তাঁহাদের পরস্পর কেমন মদ্ভাব ছিল। র্যপর্কাকুমারী শর্মিষ্ঠা শুক্রাচার্য্যকন্যা দেবযানীকর্ত্ত্ক কত প্রকার লাঞ্জিত ও অপমানিত হইয়াও প্রাণাত্তে তাঁহার প্রতি মন্দ ব্যবহার করেন নাই। আচার্য্যপুত্রী ঐ উপলক্ষে নহুষাত্মজ য্যাতিকে দৈত্যগুরুকর্তৃক জ্বাগ্রস্ত শাপ-প্রদান করাইয়াছিলেন, তথাপি দানবরাজদুহিতা ভৃগুকন্যার সহিত কিছুমাত্র অসদ্ব্যবহার করেন নাই।

মনোত্তমাও সেইরূপ সহিষ্ণৃতা অবলম্বন করিয়া পতি-শুক্রাষা ও সপত্নী এবং সপত্নীপুত্রের প্রতি যথাবৎ ন্যায়ারুগত আচরণ করিতেন। তাহাতে বিমলপ্রভাও নীলত্তত মনে করিতেন যে,মনোত্তমা সোভাগ্যলোভিনী হইয়াই বুঝি আমাদের উপাসনায় প্রবৃত হইয়াছেন, বাস্তবিক তাহা তাঁহার উদ্দেশ্য নহে। নির্মাল শশী-কলা রাহুকর্তৃক আদিত হয় বলিয়াই কি রাহু তাঁহাকে মলিন করিয়া রাখিতে পারে ? ফলবতী শস্যমঞ্জরী কি বায়ু দ্বারা ক্ষেত্র-বিমৰ্দ্দিত হওয়াতে উৰ্দ্নমুখী হইয়া থাকে? যে বস্তু স্বভাবত মধুরপ্রকৃতি, সে কি মনুষ্য কর্তৃক বারমার প্রপীড়িত হইলেও স্বভাব পরিত্যাগ করে ? ইকুদওকে অস্ত্রাঘাতে শত.শত খণ্ডে খণ্ড খণ্ড করিলে কি তাহার মধুরতা দূরীকৃত হয়? মলয়-পর্ব্বতস্থ চন্দনবৃক্ষ ভুজন্ধারত থাকাতেই কি পরিমল-চ্যুত হয় ? চন্দন কাষ্ঠকে পুনঃ২ ঘর্ষণ করাতেই কি তাহা সুগন্ধভট হয়? এবং সুচার স্বর্ণকে বার্ষার ত্তাশনে দগ্ধ কর। হয় বলিয়া কি স্বর্ব আপন চারু স্থবর্ণ পরিত্যাগ করে? এই সকল যেমন নিতান্ত অসম্ভব এবং এই সকল স্বভাবমধুর পদার্থ যখন প্রকৃতিচ্যুত হয় না, তখন মনোত্তমা যে, বিদ্যাবতী ও শান্তপ্রকৃতি হইয়া প্রাণাত্তেও সংস্কৃতাব পরিত্যাগ ও কুলকলক্ষিত করিবেন, ইহা কোন মতেই সম্ভাবিত মছে। তাহা হইলে নীলবতের তদানীন্তন তিরকার

ও চরণপ্রহার কথনই সহ্স করিতেন না। অতএব সে আশস্কা করা রুথা।

ও দিকে বিমলপ্রভার পুত্র ক্রমে২ চারি মাস বয়ঃ প্রাপ্ত হইল। এই সময় প্রতিবাসিনী রমণীরা আবসিয়া বালকের রূপলাবণ্যের প্রশংসা করিতেন। "বীণার ন্যায় এক অঙ্ক হইতে অঙ্কান্তরে '' যাইয়া দর্শ-নার্থিগণের সভোষ উৎপাদন করিত। জনক জননীও পুত্রের হৃদু মধুর হাস্য সন্দর্শন করিয়া পুলকে পরিপূর্ণ হইতেন। যে সময়ে বিমলপ্রভার পুত্র ভূমিষ্ঠ হয়, তথন মনোত্রমা পঞ্মাস গভবতী। প্রথমজাত কুমারের অকল্যাণ হইবে বলিয়া দেশাচার মতে তিনি নবপ্রস্ত বালকের জাতকর্মোচিত কোন দ্রব্যাদি স্পর্শ করেন নাই। তাহাতে সকলেই ঈর্যাভাব মনে করিয়া তর্ক বিতর্ক করিয়াছিলেন। ফলতঃ মনোত্রমা সে প্রকার রমণী নহেন যে, হিংসা তাঁহাকে আশ্রয় করিতে পারে। সে কথা কর্ণে স্থান দিলেও অধর্মা হয়। বিমল-প্রভার পুরের পঞ্চমাস বয়ঃক্রম হইলে মনোত্মা এক नवकुभांत अभव कतिरानन। नीलबा र्शनरानन रम, মনোত্রমা একটা পুত্র প্রস্ব করিয়াছেন। বিমলপ্রভার গভে পুত্র জারালে নীলব্রত যেরপ হর্য প্রকাশ করিয়াছিলেন, এই পুত্র হওয়াতে যদিও আভিরিক অবশ্যই আনন্দানুভব হইয়াছিল, কিন্তু কনিষ্ঠা পত্নীর ভয়ে বাহিরে তাহার কিছুই দেখাইতে সমর্থ হইলেন

ন। এই নীলত্রত পূর্বে মনোত্রমাদত্ত উপদেশ বাক্যে যেরূপ অপমান বোধ করিতেন, এক্ষণে নব-প্রণয়ভাজন বিমলপ্রভার প্রভাতে তদরুরূপ সম্মান প্রাপ্ত হইতেন। সামান্য সামান্য কথান্তরের সূত্র তুলিয়া শতমুখী পর্যান্ত প্রহার করা হইত। মনোত্মার হিত-কর বক্ষা তখন যে গাত্তে শেল বিদ্ধ করিত, এখন বিমলপ্রভার শতমুখী প্রহার অম্লান বদনে সেই গাত্তে সহ্য হইতে লাগিল। হায়! অনধীতশাস্ত্র মূঢ় যুবকেরা কি ভয়ানক! সেই নিৰ্কোধ ব্যক্তিরা যে, বহু বিবাহ-রূপ মহাপাপ সঞ্জ করিয়া কি প্রকার স্থুখ সম্ভোগ করে, তাহা এই তন্তবায়ের যন্ত্রস্করপ দুই কামিনীর পতি নীলত্রতকে দিয়াই প্রমাণ প্রাওয়া গেল। যে নীলত্রতকে দিবা র†ত্রির মধ্যে একদণ্ড গৃহস্থায়ী দেখা যায় নাই ; সেই নীলত্রত এক্ষণে দিবানিশি অন্তঃপুরেই আছেন। তাহাও যে নিতান্ত দূষণীয়, এ কথাও বলা যায় ন।। কারণ আমি পুর্কেই বলিয়াছি যে, সমতুল্য সদ্যুণশালিনী রমণীর বশীভূত থাকা তাদৃশ অনিফকর নহে। অথবা অতিশয়ও ভাল নহে।

একদা মনোত্রমা সন্তানটীকে তাঙ্কে ধারণ করিয়া স্তিকাগৃহের দারদেশে উপবিফী আছেন, এমন সময়ে নীলত্রত দৈবাৎ সেই স্থান দিয়া যাইতেছিলেন। গমন করিতে করিতে সেই দিকে দৃফিপাত হওয়াতে পুত্রপানে ক্ষণেককাল চাহিয়া রহিলেন। মনে মনে বালকের

অঙ্গদৌষ্ঠবের প্রশংসা করতঃ আশনন্দ অনুভব করি-তেছেন, এবং মধ্যে মধ্যে সচকিতমনে চারিদিক নিরীক্ষণ করিতেছেন। আহা। পুত্রবান ব্যক্তিগণ কি সৌভাগ্য-শালী ৷ তাহার৷ পুত্রমুখ নিরীক্ষণ করিয়া যে, কিরূপ আনন্দ প্রাপ্ত হয়, তাহা অপুত্রক লোকেরা সহস্র যুগেও অনুভব করিতে সমর্থ হয় ন।। এই প্রকার পুত্র প্রাপ্ত হইলে যেরূপ অপার স্বথের পার প্রাপ্ত হওয়া যায়, তাহাতে যদি আবার পরিবারের মধ্যে অসূয়া ও হিংসাপরবশ লোক থাকে, তবে যেমন সুথে । एकान जरूथ। एकान जरूर । एकान जरूर । তেমনি গরলবর্ষণ হইয়া থাকে।নীলত্রত এমন স্কুখাস্পদ পুত্রনিধি প্রাপ্ত হইয়াও বিমলপ্রভার ভয়ে সঙ্কটিত হইতেছিলেন, এমন সময়ে বিমলপ্রভা সহসা তথায় উপস্থিত হইয়া কহিলেন, নাথ ! ও কি করিতেছেন ? পাগলের মত স্থতিকাগৃহের দ্বারে দাঁড়াইয়া একদুফে ও কি তাকাইতেছেন? চক্ষের যে আর পলক পড়ে না ? চিত্রপুত্তলিকার প্রায় অস্পন্দ হইয়াও কি দেখা र्हरिटर ? नीलवं ठिकंठ रहेश कहिरलन, कई? কি দেখিব ? এমন কিছু দেখি নাই। বিমলপ্রভা হাস্য করিয়া কহিলেন, এমন কিছু দেখি নাই কি? ঐ যে স্থৃতিক গুটের পানে অনিমেষ-লোচনে (पिश्रिक्टिल। नौलंखक मल्यांचःकतर्ग किंहरलन, প্রিয়ে । প্রানাক করু বয় াতেবে এই ছেলটা বড় মন্দ

হয় নাই, তাই দেখিতেছিলাম। বিমলপ্রভা কহিলেন, কে বলিতেছে মনদ। এখন এ দিকে এদো, কোন বিশেষ কথা আছে। এই কথাতে নীলব্ৰত নাক-ফোঁড়া মহিষের ন্যায় প্রত্যারত হইলেন। মনো-ত্তমা দূীর্ঘ-নিঃশ্বাদ পরিত্যাগ করিয়া স্থতিকাগৃহাভ্যন্তরে প্রবেশ করিলেন। বিমলপ্রভা কহিলেন, নাথ! এইত পুত্রের অন্নপ্রাশনের কাল উপস্থিত। কয়েকটি কর্ম করিতে হইবে। আমার বাপের বাড়ীর দেশের সম্ভ জ্ঞাতি কুটুম্ব আত্মীয় বন্ধুবান্ধব ও তোমাদের সমাজস্থ সকল ব্যক্তিকে নিমন্ত্রণ করিতে হইবে। প্রামে ঘড়া করিয়া তৈল বিলাইতে হইবে, পুত্রের আয়ুর্দ্ধিকর মাসকলাইও মৎস্য বিতরণ করিতে হইবে; বাঁধা রোশনাই করিয়া জল সইতে হইবে; রাত্রে একদল পাঁচালী ও দুইদল তয়ফাওয়ালা বাইনাচ দিতে হইবে; আর যাহা যাহা তোমাদের রীতিব্যবহার আছে, সকলই করিতে হইবে। নীলত্রত এইসকল কথা শুনিয়া একেবারে আকাশ পাতাল ভাবিতে লাগিলেন। কি করেন, যেরূপ অবস্থা, তাহাতে পত্নীর মনস্তৃষ্টি করা বড় সামান্য ব্যাপার নহে, ভয়ে কিছু ফুটেও বলিতে পারেন না, স্মতরাং নিরুত্তর হইয়া রহিলেন। বিমলপ্রভা কৃত্রিম হাস্য করিয়া কহিলেন, নাথ ? আমার পুত্রের অন্নপ্রাশনে তোমার মৌনাবলম্বন করা আশ্চর্যা নহে। আৰু সাধি গোনভাগা প্রের

১২৭৪ मार्लं मूला थां थि।

श्री वृ	ক্তবাৰুমাণিকলাল পাইন	কলিকান্ত।	ভোহ	হইতে মা	ৰ পৰ্য্যস্ত)	51/0
,	রাজক্ষে মুখোপাধ্যায়	ঐ `	ঐ	•••	•••	5:/0
,,	नन्द्रमाम পाইन	ত্র	ঐ	•••	•••,	>10*
,,	मीननाथ तत्न्त्राभाशाय			(মাণ্ডল	সমেত)	3100
٠,	প্যারীমোহন চডৌপাধ্যায়	কলিকা	ভা	***	•••	31
,,	বামাপদ চড়োপাধ্যায়	•••	ঐ	•••	•••	210
,,	হরিচরণ দত্ত	•••	ঐ		•••	31
,,	উমেশচন্দ্র বস্থ	•••	ब्र			31
,,	প্রিয়নাথ চট্টোপাধ্যায়	ভাগল		• • •	***	ono
,,	অন্নাপ্রসাদ রায়	বহরম	পুর, কু	কাশীমবাজার		>10
						30/0

১২৭৪।৭৫ সালের মূল্য প্রাপ্তি।

(অগ্রিম)

শীযুক্ত বাবু ঋষিবর মুখোপাধ্যায় কলিকাতা (কার্ডিক হইতে আর্থিন পর্যান্ত) ২॥০ ,, আগুতোষ বন্দ্যোপাধ্যায় সাগর ,, (মাগুল সমেত) ৩০ ৫০০

দেশীয় ও বিদেশীয় গ্রাহকগণের প্রতি।

১২৭৩ সালের ভাদ্র মাদ ছইতে থাঁহাবা মৰ-প্রবন্ধব অগ্নিম বার্ম্বি ও কাল্
গুন হইতে যাথাসিক মূল্য প্রদান করিয়াছিলেন, গত প্রারণ মাদে তাহা নিঃশেষিত
ছইয়াছে। অপর থাঁহাবা গত বৈশাধ হইতে যাথাসিক প্রদান করিয়াছিলেন
ভাঁহাদিনের মূল্যও পরিশোধ হইয়া গিয়াছে; এক্ষণে পুনর্কাব বার্মিক বা যাথাসিং
মূল্য প্রদান করিবেন; যদি এক মাদ মধ্যে মূল্য প্রদান না করেন, তবে ভাঁহা
দিলের দত্ত মূল্য অগ্রিম বলিয়া পরিগণিত হইবে না। থাঁহাবা অগ্রিম মূল্য দিতে
ইচ্ছা না করেন, ভাঁহারা এবং থাঁহাদিনের নিকট অল্যাবধি গত বংলবের মূল্য বালি
রহিয়াছে, ভাঁহারাও অবিলয়ে আমাদিনের প্রোপ্য পরিশোধ করিবেন, ইহাতে অল্যব
ছইলে আমরা তুঃখিতান্তঃকরণে ভাঁহাদিগের নাম ধাম প্রকাশে অগ্রতা বাধিত হইব।

জামান্দের মক্ষলীয় গ্রাহক মহাপয়েরা জ্ঞাত আছেন যে, অগ্রিম মূল্য প্রদান ন কৰিলে এই নৰপ্রবন্ধ পত্র কাহাবও নিকট প্রেরণ করা যায় না ১ কিন্তু এ পর্য্য অধিকাংশ গ্রাহকই অগ্রিম মূল্য প্রদান করেন নাই, তবসা করি, ঠাঁহাবা আর অধিং বিলম্মা করিয়া স্বন্ধ দেয় মূল্য পাঠাইয়া বাধিত কবিবেন।

জ্ঞী তিনকড়ি ঘোষাল।
- সম্পাদক।

নব-প্রবন্ধ পত্রের নিয়মাবলী।

- >। যদি কেহ মাস্থল না দিয়া পত্রাদি প্রেরণ করেন, তবে ত্রহা গ্রহণ করা যাইকেক না।
- ২। গ্রাহক মহাশয়ের। মূল্য প্রেরণকালে যেন এক আনার জাধিক মূল্যের ডাকের টিকিট না পাঠান।
- ও। মফস্বলীয় গ্রাহক মহাশ্যেরা অগ্রিম মূল্য না পাঠাইলে এই পত্র প্রদান করা যাইদেক না।
- ৪। যাগাদিকের নূন কাহারও নিকট অথিম মূল্য গৃহীত হই-বেকন।।
- ৫। কেহ এই পত্রে বিজ্ঞাপন প্রকাশ করিতে ইচ্ছা করিলে তাঁহাকে
 প্রতিবারে প্রতি পংজিতে এক আনা দিতে হইবেক।
- ৬। এই পত্র মাঁহার প্রয়োজন হইবেক, তিনি ঘোড়াসাঁকে। বলরাম দের ফ্রীটের ১৮।২ নং ভবনে শ্রীমুক্ত তিনকড়ি ঘোষালের নিকট অগ্রা গ্যাকার ইন্পিক্ষ এণ্ড কোম্পানির আফিনে শ্রীমুক্ত হরি- নোহন কর্মকারের নিকট পত্র লিখিলে প্রাপ্ত হইতে পারিবেন। মফফলে বালেশ্বরের একজিকিউটিব্ ইঞ্জিনিয়র আফিনের কেসীয়ার শ্রীমুক্ত হীরালাল চট্টোপাধ্যাযের নিকট ও ঢাকার হিন্দু-হিতৈবিনী সম্পাদক শ্রীমুক্ত হরিশ্য মানের নিকট মেদিনীপুর কালেক্টরীর হেড রাইটর শ্রীমুক্ত নবকুনার বমুর নিকট এবং কুমারখানীতে প্রামনার্ভিত্রিকাশিকা সম্পাদক শ্রীমুক্ত হরিনাথ মজুমদারের নিকট তত্ত্ব করিলে প্রাপ্ত হইতে পারিবেন। এই পত্রের

Part II.

No 10.

JABA PROBUNI

MONTHLY MAGAZINE.

-0000000-

नवथवका।

মাসিক পত্র।

সদর্থসন্দোহবিচারসন্ধঃ, প্রশস্তরভাত্তরতাসুসন্ধঃ। সমস্তসামাজিকচিত্তবন্ধঃ. পরীক্ষ্যতামেষ নবপ্রবন্ধঃ॥

মাঘ. ১২৭৪ । মাসিক মূলা ... দ্বিতীয় ভাগ। ফেব্রুয়ারি ১৮৬৮। । অগ্রিম বার্ষিক ২ ১০ম, সংখ্যা। निर्घणे । .. ২৮৯ মদ্যপান নাটক থনিজ রত্বাবলি তুমি কি আমার ? ... ১৯১ সূতন পুস্তকের সমালোচন ... ৭ ছুইজনভূত্যেরঅত্যাশ্চর্য্যপুভুতক্তি২৯৬ প্রেরিত পত্ত (গুপ্তকবি) २२१ छ (नानाविषश्चिमी भनावनी) । কতত্বের সমূচিত দণ্ড

কলিকাতা।

Printed at the Girisha-Vidyaratna Press, 58-5. UPPER CIRCULAR ROAD.

नव-श्रवस कार्यालय । वाङ्गिरांदका वनताम दिन कीं है अन्तर ने क्यन।

Price 5 annas. মুলা 1/০ আনা



गवश्ववन्त्र।

মাসিক পত্র।

সদর্থসন্দোহবিচারসন্ধঃ প্রশস্ত র্ত্তান্ত রুতাস্থসন্ধঃ। সমস্তসামাজিকচিত্তবন্ধঃ পরীক্ষ্যতামেষ নবপ্রবন্ধঃ॥

দ্বিতীয় ভাগ। ১০ম সংখ্যা। মাঘ, ১২৭৪। কেব্রুয়ারি, ১৮৬৮।

মাসিক মূল্য - - 10 অগ্রিম বার্ষিক ২া০

थनिक त्रकावनी।

দ্বিতীয় অধ্যায়। (২২৮ পৃষ্ঠার পর)

নি ও পানা ইত্যাদি **वर्ष भूना श्रन्थात**त অধিকাংশেই মৃত্তি-🎎 😹 🕷 কার ভাগ আনছে। আলুমিনা সিলিক) न मक মৃত্তিকার প্রকার (এক একটার তিন্নভিন্ন অংশেই **ह** छेक जाबद। खेलराव **মি**শ্রিত क्रत्भार रूजेक) हुन छ लीट इत কলক্ষ ইত্যাদিরও কিঞ্কিৎ অংশ शादक। शृथियीत मकन सारमह আছে। নানাপ্রকার মৃত্তিকা

কোন স্থানে পর্বাভ, কোন স্থানে
স্থপাকার অবিকৃত মৃত্তিকা এবং
কোনস্থানে বু৷ তিম তিম ধাতুর
সহিত নিপ্রিত হইয়া রহিয়াছে।
সর্বাধারণে বিবেচনা করেন, যে
বর্ষার জলে পর্বাতের প্রস্তর সকল
ধৌত হইয়া তদন্তর্গত মৃত্তিকার
অংশ নিপ্রিত রূপে নির্গত হয়।
কালক্রমে ঐ সকল মিপ্রিত ভাগের
লযু ও স্থায় অংশ পৃথক হইয়া
উর্দ্ধে উঠে এবং স্কুলাংশ সকল
নীচে পড়ে।

কুম্বকারের ব্যবহার্য্য চুমকি
পাতরও আদি মৃতিকার (সিলিকা)
মধ্যে গণ্য হইয়াছে। পর্বাতের শিলামাটীর মধ্যে এবং ক্ষটা
লগু ও আয়রলগু প্রদেশের
দ্বিভীয় শ্রেণীকু চুর্ণ প্রস্তারের

(চ্লের পাতরের) মধ্যে ঐ চুমকি পাতর সর্বাদাই প্রচুর পরিম:ণে প্রাপ্ত হওয়া যায়। (य ऋ रन श्रीत कुश्रेरफ, तम **क्षांत कन**रक्रत नांशि के मकत अखुत पृष्ठे इश। इरल छ रमरमंत्र नमूज जीरत, विरम-ষতঃ ব্ৰাইটন, ও তাহার ৄ নিকটস্থা स्राप्त উহাকে সিঙ্গল অর্থাৎ গৈহা-চ্ছাদনের তক্তা বলিয়া থাকে দ ইংলণ্ডের সমস্ত কুম্তকরিগৃহে বৃহ-কাল পৰ্যান্ত ঐ সকল দ্ৰব্য ব্যবস্ত ट्हेटल अ निःटमिय इहेटव नाः किन्दु वादमायार्थ नानादम्य नीज হইলে, ভদ্বারা যথেষ্ট উপকার धर्ड হইবার সম্ভাবনা আছে। পাতরের মধ্যে যে যে চুমকি ক্রের যত অংশ আছে, তাহা निस्त्र निथिखं रहेन। সিলিকা বা চুমকি পাতর ৯৮অংশ আলুমিনা বা মৃতিকা ... लोट्ड्र कनक অপচয় 🕡 500

চুমকি পাতর ধুসরবর্গ হয় এবং ভাহার গাতের স্থানে স্থানে এক এক রেখা থাকে। কথন তাহার গোলাচতি শুদ্ত হয়, কথন বা আকারের নিয়ম থাকেনা। অভ্য-ম্বর ঈষং উজ্জুল; কিন্তু ভাঙ্গিবার সময় সরলভাবে ভাঙ্গা যায় না, সভাবতই বক্তাবে ভগ্ন 'হয়, ভগ্না শগুলি ভীক্ষার হইয়া থাকে তাহার ছই অংশ অন্ধর্কারে ঘর্ষণ कतिरम शक्करकद्र नाग्न आलाक উৎপন্ন করে, ভাহাতে এক বিশেষ এই প্রস্তর অ∣ণ নিৰ্গত হয়। थश्य क्रां ज्य करा योग ना; কিন্তু সভাবতঃ সর্বদাই দ্রবীভূত বে:হিমিয়া প্রদে-হইতেছে। শের মধ্যে করেনস্বাদ নামক স্থানে এক ধাতুস্থ উন্থই (ঞ্ছায়ারা) আছে, কালপ্রাট্ সাহেব সেই উনুইয়ের জল পরীক্ষা করাতে প্রকাশ হইয়াছিল, যে ভাহার ১০০০ আউন্স (১) একুত্রিস সের একপোয়া) পরিমাণ জলের মধো ২৫ রভি পরিমাণ চুমকি পাভরের अः मृ आहि। **आ**हेमना ७ घीटन স্থানে वाहेकम नामक আচে উষ্ণ প্ৰাপ্তবৰ

ভাহাতে ঐ পাতুরিয়। মৃত্তিকার অংশ এত অধিক, যে তদ্বারা চতুর্দ্ধিকে রাশীকৃত প্রস্তর উচ্চ হইয়া একটি কুদ্ৰ পৰ্বত বা নিরাট অউালিকার আকার ধারণ করিয়াছে। সোদা (Soda) নামক ক্ষার ঐ জ্বলে থাকাতে বোধ হয়, ভাহারই ঐ দ্বীকরণ শক্তি-দ্বারা ঐ পাতর দ্বে হইয়াছে। রাইকমের উন্নইয়ের জাল পুর্বের প্রায় ৬০।৭০ ফীট সরলভাবে উদ্বে উঠিত ; কিন্তু সম্প্রতি ভাহার মুখে এক প্রস্তরাংশ পতিত হওয়াতে সেই জল এক্ষণে পাশ্ব দিকে ৫০।৬০ ফীট দুরে প্রবাহিত হয়। বণের জল যথন ক্ষীত হইয়া বায়ু-পূর্ণ স্থানে প্লাবিত হইতে থাকে, **७९काटन वाशू ज**९ वाटन अवनाउँ ভাহার উঞ্ভা কিয়ৎ পরিমাণে হ্রাস হইয়া শীতলত্ব প্রাপ্ত হয়; ভথাপি ভাহা মৃত্তিকাস্পর্ণ করি-লেও অত্যন্ত উষ্ণ থাকে। অনা-ব্ৰত স্থান অপেকা গভীর স্থানে জন উত্ত হইলে, তাহা অধিক উষ্ণ হয়, সেই নিমিত্ত উষ্ণ প্ৰস্ৰ-বংশর জাল সচরাচর অধিক উষ্ণ হইয়া থাকে। সান্কুও জলের

মধ্যেও কিয়ৎ পরিমানে পাত রের অংশ পাওয়া যায়।

ক্রমশঃ প্রকাশ্য।

তুমি কি আমার ?

দ্বিভীয় পরিছেদ।
কামিনী কুটীরে।
(২০০ পৃষ্ঠার পর)

🎉 🛣 🎉 किनो थांग्र विथारत। १६ किन १६ किन १६ किन्द्रीत स्थाप्त स्थाप्त

ক্রি নগরীর যে অংশে ক্রি নগরীর যে অংশে ক্রি ক্রি কামিনীর বাস, সে অংশটী প্রকৃত নগরের নাায় নহে। গৃহের তিন দিকে কুসুমান্কানন, মধ্যে মধ্যে এক এবটী প্রাচীন রুজ। প্রথম ছাউতে প্রত্নীগ্রামের আভাস আইসে। রাত্রি অন্ধকার, জনমানবের বাকা; শুভিতোগাচর হয়না, থাকিয়া গাড়ীর পেচকের রব, দুরে কুকুরের রব এবং রুক্ষাগ্রে আনিলের ফুর ফুর শক্ষ প্রশৃত্তি ভানিলের ফুর ফুর শক্ষ প্রশৃত্তি

গোচর হয়। ছটি যুবক এক ছতে

আমোদিত। গভীর নিশীথকালীন অভিচঞ্চল প্রম ঐ অশোক তরুর পত্রস্থালন করিয়া পুষ্পমঞ্চরী ভূমিতে ফেলিতেছে; পার্মস্থ कुळूमशक्ष हर्जुर्किता वहन कतित्वहरू এবং চতুস্পাম্থের বায়ুকে স্থা-ভল করিয়া প্রকৃতিগাতে বীজন क्रिटडर्ছ। कामिनी यूवक्ष्र्णीत्क मरक लहेगा সেই द्रक उटन উপনীত হইল,—ভিনঞ্নের শরীর পাঠক! এমন মনো-क ए हिन । রম স্থানে কি কথন গিয়াছ?— এমন কুসুমসুবাসিত সমীরণ কি কখন সেবন করিয়াছ ?--আর এমন সুস্থিয় অশোক তক,—অমন মনো-इत श्रूकादन,—धमन स्रुठोक मण्ड निर्मान (दिनक) कि कथन (मिथ-ग्रां इ? चादां अ ममग्र मदन कत, सूर् बहे नय, -- त्नहे मत्नाहत था-(मर्भ शजीत निःमीर्थ, -- शजीत व्यक्ष द्वार्यामग्र, निगीर्थ म्ह **गामिनी।**—युवजी कामिनी,— युव शी जुलादी, अमन मिलकाशनी-বোগ কি কখন ঘটিয়াছে ?--

এমন সুরম স্থলে, এমন অশোকতলে এমন নিশীথে কুতুহলে।

यथा भूर्व भागधत, मिटलट इन शीमकत কামিনীর বদন কমলে # মলয় মরুত আদি, বরিষে সুবাসরাশি, मृश्वादम ज्वादम काम्त ! রমণীরহাসিমুখে,হাসিদেখেভাসিমুখে বিতরিছে সুধা সুধাকর॥ বিদেশে পরেরবালে, বিদেশীনী নারী পাশে, প্রেমআশে করি আগমন! হয়েছো কিক জুসুথী, দিয়েছেকিবিধু मूथी, उदं करत अनुम त्रुन ? वनदम्थिमञाक्दत्र, कामिनीत्रकद्वधद्व পশেছো কি হেন উপবনে ? • পরশি শীভলকর, হয়েছ কি ভাগ্যধর (मथरमिथ ভাবদেখি মনে॥ প্রভাতে কমলবনে, দ্রিনপতিদরশনে, প্রেমবনে মন্ত যথা অলি। বুমিকিতেমনিস্থের, কামিনীরমুখেং क् ठोरब्रह कमरनद किन ? किंगन शिठिक! मदन इय ? अमन শুতদিন कि कथन चरियाছिल! (मथ, वह विदमनी इती यूवांत কেমন ভাগা দেখ! ইহার। সমু-मम् क्रशंदरक दक्षना कतिया श्रृथि-दीत अञ्चा मूर्थ धक्कारन उर्ल-ভোগ করিতেছে।—দেখিয়া কি হিং সাহয় ? চি! হিং সা করিওনা

নিজ্জ নৈ থাকিয়া দেখ, আরো কভ-দুব হয়।

কামিনী জনান্তিকে কনিপ্তকে কহিল, পথিক! দেখদেখি, স্থানটা কেমন? মৃত্বেরে উত্তর হইল, অতি উত্তম। জ্যেপ্ত অপ্পদাত্র শুনিয়া জিজ্ঞাসা কলিল, কি উত্তম বিনোদ? কনিপ্ত কহিল, যিনি আমাদিগকে আনিলেন। কামিনী ক্ষৈতে কহিল চুপ্। বিনোদ তুপ করিল।

পাঠक ! दुबियां ह विटनां क ?-हो युद्देकत कनिएकेत নাম वेटनाम।--- गटन दांथ, এ সময় মারো অনেক কথা মনে রাখিতে इहेट्व। এখন আইস, গোপনে धाकिया श्रीन, कामिनी आदता वा के बदल। দামিনী মৃত্যুর কহিল, ভোমারই राम कि विटनांग ? त्महेक्रश यदत उद्धत इहेन, हैं। कामिनी किशिष হাস্য করিয়া কহিল, ভবে উপযুক্ত हाटन इ आनियाहि, शृट छय रहे-তছিল, এখানে কি ভয় হয় ? কনিষ্ঠ কহিল, কিছু কিছু হয়,

गृष्ठी व्यानमा । कामिनी कहिल,

গ্ৰেক্সার না প্রায় সমস্ত রাজি

জাগিয়াছ, এই কুসুমবেদিকায় শয়ন কর্ম—নিদ্রা যাও,—বিজাম কর,—আমি পাম্বেরিয়া বাভাস করিতেছি। যুবকের। यश र्थ हे ক্লান্ত হইয়াছিল, শুনিবামাত্র অফাঙ্গ লম্বিত করিয়া শায়ন করিল। কামিনী কনিষ্ঠের কালে কাণে কহিল, নির্বোধ! কি করিভেছ ? তুমি ঘুমাইও না। বিনোদ সভয়ে উটিয়া বদিল। জ্ঞান্ত অভ্যন্ত কাতর ছিল, শয়ন মাতেই নিজিত হইল। নিশাস দেখিয়া যুবতী বুঝিল, দে নিদ্রিত इहेग्राट्ड । कहिन, विमाम! কনিষ্ঠকে আমার সজে আইস। বিনোদ কছিল, কোথায় বাইব ? कां---आमात मटका वि।-- पापा याहेदवन ना ? का। हुल! जूमि धकांकी आहेम, शान कदिल काशिया छेठित। वि। चुगारग्रह ? का। मुगारग्रहा वि । छित हल, कार्थाय यहित। कामिनी वित्नारमत रुख धतिया অন্য এক নিকুঞ্ প্রবেশিল।

विटनाम मिटे इटलत भांजा प्रिश्वा

কামিনীর কোড়ে মস্তক দিয়া--- না

শোরা, না বসা, এখনি ভাবে ঠেখ দিয়া রহিল। কামিনী ভাছার মুখের নিকটে মুখ দিয়া কহিল, বিনোদ! তুমি কি আমার ?

ইতি দ্বিতীয় পরিচ্ছেদ।

ক্ৰমশঃ।

ছুই জন ভৃত্যের অত্যাশ্চর্য্য প্রভু ভক্তি।

রে \

মাণেরা লুকা-নীয়ার অন্তঃ-পাতী ভ্রমানী

বিয়া নগর মধ্যে লব্ধ প্রবেশ হইবার
উপক্রম্ করাতে ছইটা ভূতা পূর্বেই
শক্ত শিবিরাশ্রয় করিল। অনতি
বিলম্বে রোমানেরা অত্তিতি
ভাবে সেই স্থান হস্তগত করিয়া
লুঠনে প্রবৃত্ত হইল। এই অব
সরে উক্ত ছইলন ভূতা তাহাদিগের কত্ত্বীর গৃহে প্রবিক হইয়া
ভাবিক বলপ্রবৃত্ত ভর্জন গৃজ্জন
এবং বাক্তসিতে ভর্জন গৃজ্জন

क्रिएं क्रिएं नहेश हिन्न। (क्र

ত। हात्रा উত্তর দিত, हैनि आमारमद পুর্ম পরিচিতা কামিনী, পুর্মে त्य - त्रकल अन्तर्गाहात कतिकाट्डन, अर्थन (महे नमुन्दात कल छिक्त) করিতেছেন। এই প্রকারে ভাহা-রা সেই বামলোচনাকে নগরের दिक्ति नहेग्री भिन पदः प्रक প্ৰজন্ম স্থানে অভি সাবধানে লুকা-অনস্তর दाधिन। নিরত সৈন্য সমূহের উপদ্রব হাস এবং নগর প্রকৃতিত্ব ইইলে উক্ত দাসম্বয় অভিভাবিকার সহিত পুন ৰ্কার নগরে প্রত্যারত হইয়া স্তর্ত্র আজ্ঞা পৃৰ্ববং পালন করিতে অগ্র-সর হইল। সেই রক্ষিত কামিনী ভূত্যধয়ের অবিচলিত প্রভূত্তি मर्भारत योज পत नाहे आनम्बि ७ কৃতজ্ঞতা যথে।চিত প্রয়াসিনী হইয়া ভাহাদিগকে দাস্যর্ভি যুখ্যায় ত একমাত্র হইতে নিক্ষৃতি দিয়াও পরিত্র হইতে পারিলেন না।

ক্লতয়ের সমুচিত দও।

কামিলেয়াস এবং ছাত্র-শিক্ষক।

মিলেয়াস নায়ক পদে প্র-তিষ্ঠি ত সনিহিত রোমা-उभम्बकाती कनगाह-ধি কারে দিগের বিরুদ্ধে প্রেরিভ হইলেন। নিভ্য সহচব-সৌভাগ্য অসুসরণ করিলে. তিনি কিপকা পক্ষের পরাজিত করিয়া তাহাদের রাজধানী আক্র-মণ করিলেন। যদি এই যুকো উত্তর সাময়িক জনগণের জাবশ্য মান্য কামিলেয়াসের এবং म्यू प्र জয়াপে কা প্রশং-সাই একটা ঘটনা সংঘটিত না হইত, ভাহা হইলে আমরা ইহার নামও উল্লেখ করিভাগ না। জন•শিক্ষ ওাঁহার অণ্যাপনাধীন उप्लब्ध आंग्र महानगन्त श्रीता-उन घाता त्वामानशिविदत महेशा शिया कांगिटनयांटनत इट्ड नमर्शन করিল। পুত্রগণ শত্রু হস্তগত

দেখিয়া নাগরিক বর্গ হইয়াছে অনতিবিলয়ে রোমানদিগের নিকট পরাভব স্বীকার করিবে, সুতরাং শক্রুহে অনায়াদে কৃতকার্য্য হইয়া ভাহাকে অপ্র্যাপ্ত ধন প্রদান করিতে বিশ্বত হইবে না। এইমত জ্পনা করিয়াই সেই শিক্ষক.ভক্রপ গর্হিত বিষয়ে প্রব্রুত হয়। দোষী ছাত্রহদের রক্ষণাবেক্ষণ যে শিক্ষকের এক মাত্র কর্ত্ব্য, ভাহার এতদুর দুবিতামুরক্তি দর্শন করিয়া রোমান মেনানায়ক যারপর নাই ভিনি অনেক-বিন্মিত হইলেন। ক্ষণ রোধকধায়িত লোচনে वशादकत निटक हाहिया तहितन। অবশেষে শ্বরসংযত করিতে অসন্র্থ হইয়া বলিলেন, ''রে ছুরা মুন্, পাপ কারিন পিশাচ! তুই এতাদৃশ ঘূণিত অভিদন্ধি ভোর ছন্দামুবর্ত্তী লোকের নিকট লইয়া যা; আমার ইহাতে, কোন প্রয়োজন নাই। আমরা ভোর দেশীয়দিগের শক্র, ख्यां शि रव देनगर्जिक वस्तरन असूमग्र মানবজাতি শৃঙ্খলিত রহিয়াছে, ভাহা কমিন কালেও ছিল হইবার नटह ; कि भौत्रि, कि क्विश्रह, नकन সময়েই আমাদের সেই নির্দারিত

অনুশাসনামুসারী হইয়া চলা কর্ত্তব্য। आमता निर्द्भावी वालकपिरशत वि-রুজে সমর করিতে প্রব্রুত হই নাই: किन्छ य नकल मञ्जूरशाद . जिथ তোর গহিতাচরণের সহিত তুলনা कतित्व खग दिनाया अडीड इय, সেই যোদ্ধাদের প্রতিকৃলে ধারণ করিয়াছি। রে বঞ্চক ! ভোর वर्ष्ड अथन द्वामान पिर्वत को मैल-পরাক্রম এবং অন্ত্রশন্তের কৌশল ব্যবহৃত হইতে দেখা" এই মাত্র বলিয়া তিনি ছুর্ব্ত শিক্ষকের গাত্র বস্ত্র উল্মোচন করিয়া এবং আনীত ছাত্রগণের দারা বেতাহত হইয়া পুরপ্রবেশিত করিতে ভাঁহাকে আজা দিলেন। কামিলেয়াসের অলৌকিক মহামুভাবকতা অব লোকন করিয়া বিচারকগণ সমভি-• वार्शित अमूमग्र (श्रीदक्षन ७९-ক্ষণাৎ ভাঁহার বশীভূত হইল।

(ক্রমশঃ প্রকাশ্য।)

প্রাপ্ত ।

यमार्थान ना हेक।

প্রক্রাবনা।

প্রথম অঙ্গ।

ত্রিলোক-নিন্দিত চাতুর্যোর পরি- ধন হরা, মান হরা, মদিরা রাক্ষ্মী। নাশিল ভারতভূমি, বীরাবেশে পশি। হায় হায় সৃষ্টি যায়, রক্ষা দেখি নাই। এত অপকারে লোকে, ছাড়েনাএবাই॥ পুক্রকনা ভার্যা আদি, পরিজনগণে। विमञ्जून मिट्य याय, ऋवात कातरन মদের অধীন লোক, প্রাধীন প্রায়। রিবেক বহ্ছিত হয়ে, ভূতলে লুকায়। বলিতে মদের দোষ, বৃক্ষেটে যায়। হতভাগ্য বঙ্গভূমি, যায় যায় প্রায় ॥ যদি কেছ বলবাসি, থাক বিদ্যমান। প্রজ্বলিত সুরানল, করহ নির্বাণ॥

> নবকুমার তর্কসিদ্ধান্তের টোলঘর ৷

(নবকুমার ভর্কাসদ্ধান্ত ও নন্দ-'कूमात विमाताशीम आमीन। ওছে বিদ্যাবাগীশ ভায়

591·

বলি কি, অদ্য বড় যে নিশ্চিন্ত হয়ে এদিক পানে এসেছ, বড় বাড়ীতে নাকি প্রাদ্ধের ঘটা বড়, পত্রটত্র विनि कट्ड रग्न नारे ?

নন। আর তক্ষিদ্ধান্ত দাদা, সে द्रांग्य नार्ट, व्यट्याप्रांध नार्ट, श्व ष्यानक भिन পাবার সেকাল

পিয়াছে, কই ব্রাহ্মণপণ্ডিতদের

कान कथा छनि नाहे, छन्लाम् य বাবুরো কতকগুলি সায়েব নিম-ক্রণ করেছেন, যেটাকা ব্রাহ্মণ-

পণ্ডিতদের দিতেন, সেই টাকায় নাকি উইল্মনের বাড়ী থেকে মদ ও খানা আসবে।

নব। (মাভায় হাত দিয়ে ভাবিতে ভাবিতে) " যদ্বিধের্মনসাস্থিতং"

বিপাতার মনে যা ছিল, ভাই

इटक, (भीर्धनिश्राप পরিত্যাগ शृक्षक) ওহে ভায়া, হলো कि, यादम्य धरव এই कलिकां हाग्न आहि,

यनि छोताई आमारमत विभिन्न करल नागुरना, ज्राव आंत श्रव कि, नोश्रव कन, भगमाथम वसू अथन वाड़ीत

वर्जी इत्ना कि नी, विहेटिन अल দিনের মধ্যে মাতালের শেষ হয়ে

वनि उ विनागिशी म **उ**देश्टह ।

कि वांतरमव हो क्रथक द्वत

উদ্ধার হবে নাকি ? ব্রাহ্মণপণ্ডিত-रमत मिटन रय नाम यथ इटव, वाबूता

ভার দিকে যাবেন কেন? কভক-छत्ना भूँहेमान (यरना मामाना সায়েরের সঞ্চে

म ५ ८ थ ८ ग्र

एलि करत विष् सूथ श्रव। कत्म गव लाश हैला,

ক্তকগুলো মাতালের লাফালাফি रु नाग्ता।

আর মহাশয়, দেখছেন

শ্যামপদ বসুর ছোট छाइ विदय् फिर्य शाम करत

সেটাও ঘোর মাতাল হয়ে উঠেছে, ওটারও রকম দেখে বাঁটনা। ঠিক খেন মূর্ত্তিমান

\$6165 I জন্মগ্রহণ আস্পদ্ধার কথা কি বল্বো

মহাশয়, আমাদের কথায় কথায় তক্বিত্ক করে अ या इत्या जाई वादन भानि

দেয়। প্রাস্ত্র যেরূপ অভ্যানের আর্ম্ম হয়েছে, বোপকরি এব

मर्था करव छोल कोल किल গ্রস্থান কত্তে হয়, একেতো

এদেশের প্রধান মারীভয়ে ব্যক্তিগ্ৰ

প্রধান কালগ্ৰাসে পতিত হয়েছেন

নব। (সহাস্যবদনে) ওছে
বিদ্যাবাগীশ, বলি রাতদিন
নিদ্রা হবার কারণটাই বা কি,
দিনে বুঝি মাতালদের উৎপাত ও রেতে ব্রাহ্মণীর
চিন্তায় নিদ্রা হয় না ?

নন্দ। তা নয়। কেন না ঘটে বাডে নিয়ে ঘর করি, কখন কোন্ ব্যাটা মাতাল নিয়ে শুড়ির ঘরে দেবে, এই ভয়ে ঘুম হয় না। যদি কিছু নিয়ে যায়, ভা হলেইতো প্রতুল।

নব। (সহাস্যে) হাঁ পরামশটাও ভাল, এ যে এক প্রকার ন্যা-যের দিজান্ত বল্ভে হবে। সে যা হোক, ভারা যথন আলা-ভন কর্তে আসে, ভথন টোল অবের ফাঁপের নাদনা নিয়ে পেটনচণ্ডী কর্তে পারনা?

নন্দ। মহাশয়, মাতালদের গায়ে
হাত তুলে কি পরিশেষে ইটি
পাটকেল্ থেয়ে, মদ না
থেয়ে মাতালদের মতন অপযাত মৃত্যু হবে? আর
মহাশয়! যে ব্রাহ্মনীর কথা
বল্ছেন, সে দফা রফা
হয়েছে। হায়, ছয় মান
হলো তিনি অক্লা পেয়েছেন।
তবে কেবল জেগে থাকা
মাতাল ব্যাটাদের নিমিত্ত।
নব্য প্রেই বিদ্যাবাগীশা এব মধ্যে

নব। ওহে বিদ্যাবাগীশ, এর মধ্যে
যে ভোমার বিবেক উপস্থিত
হলো। ভাল ভাল, সাধু সাধু!
বলি ও ভাই, মাহালদের
কি এই রূপ বিবেচনা হয়
না? ভা হলে ভো শুওরের
শু মৃত থেয়ে এত পাপের
ভোগ ভুগ্ভে হয় না।

নন্দ। মহাশয়, ঐ পশুগুলোর
যদি বোধ থাক্তো, ভবে কি
অসংখ্য মাতাল অবহাতে জীবন হারাভো। হায়! ভগবান
কি মদ্য অবতার হয়ে এইরূপে
মানবগণকে বিনাশ কচ্ছেন্!
মদে যে একেবারে যুগ

श्रमदेशत नाग्र करव करहा। ভক্সিদান্ত মহাশয়! এত অপ-কার সভেও লোকে মৃদ্যপান রূপ বিষম পাপপক্ষে পতিত হয় কেন ?

'' সুমের শিখর থেকে পতন যেমন ! নদ্যপান সেইমভ নাশেব কারণ।। मन। नीठ मह्वाम विवाद कल्हा কভু গালি কভু ম।রি খায় অহরই॥ ঘূণা লজ্জা অপমানে জলাঞ্জলি দিয়া। অপকর্মে রভহয় সুরার লাগিয়া॥ ক্ষণে স্বর্গে যায় ক্ষণে যায় অধঃপাত। কিন্তু শিরে পুষ্পের্মটি কন্তু বজ্যাত। সর্মন্ত উড়িয়া যায় ল্ক্ষাছাডে আবে ঘটীবাটী ভিটেমাটী বেচে শেষভাগে॥ তথাপি ছাড়েনা মদ্য এটি চমৎকার কিজানি কুহক কিবা এছার স্থার॥ কিছুআগে ধনশালী রহে যেইজন। কিছুপরে নাহি জুটে অশন বসন॥ খিরে পরে চুরিকরে বসন ভূষণ। যা পায় বিক্রয় করে সুরার কারণ॥ শঠতা ধূৰ্ত্তা মিখ্যা কথায় কথায়।

ছলে কলে পরধন হরিবারে চায়। যে জন আ প্রায়ে দেয় হৃদয়ে সুরারে।

অন্তরে অনল সম বিনাশে ভাছারে। চঙুগাঁজা গুলি ভাজ নেমাযেসক্ল।

স্বার সহিত কজু নহে তুলা বল ॥"

उट्ट विमागवाशीय, नव । সায়ৎ-কাল উপস্থিত, এগো এখন नास्य উভয়ে मक्ता। कति, शदत डर्कविडर्क यादव । (भक्तात উপাসনা)।

দ্বিতীয় অস্ক।

(মাতালের শিরোমণি ভটেশ্বর .চাটুর্য্যের আপনার দল বল লইয়া শ্যামপদ **বৈঠকখানা**য় বস্থর প্রবেশ।) (आगंगशम निकटि शिशा) वफ़ वाबूब হক। শ্যাম। আস্থে আজা চাটুর্য্যে মহাশয়, এবার ধে অনেক দিনের পর আগত? (भनाम वस मिम्रा २ हेशा नकांटक व्यनांग कविशा) ওরে ভোলা! শীগু গির এখানে

শ্যাম। কি ভাগ্য কি ভাগ্য। তাই এদিক পানে চাটুর্যো মহা-

. ভাষাক দে। নেপথ্য। আজা যাই।

শয়ের আগমন হয়েছে, পুঞা-

ভাত! স্প্রভাত! (ভোলা-নাথের প্রবেশ ও ছঁকো প্রদান) ওরে ভোলা, ইনি আমার প্রম পূজিত মাথার মণি।

छि। (मिक्नि इस जूनिया)

जागीसीम कति, वड़ वातु हित्रकीयी रूख, नाइएछ ना কেশ ছেঁড়ে (কোধ ও উপ-হাস পূর্মক) বড় বাবু আমরা काथाकांक क, यथन जूमि करमां भगरक धकरांत না वाटल माट्यटम्य निम्रश्न করেছ, তথন আনার প্রতি ভক্তি কেন? এত অনুমাকে ঠাউ। ভাষাসাকছে। নাকি? তুমি ভাই আমাকে ভক্তিকর আর না কর; কিন্তু আমি ভোমাকে মনের সহিত छान वानि, रश्मन " भौट्य মানেনা আপনি মোড়ল।" शाम। विन চাটুर्या महाभग्न! जुमि आमारक विनक्षण जात ड যে আমি প্রাদ্ধ শান্তি কিছুই मानिना, वे पिन छामाटक , ষজ্ঞেশ্বর করে উত্তম ব্রাণ্ডি বাড়ীর **खेड्न मरनंद्र**

পাকেজ করা বাক্স निर्वान करत्र (मव, जूमि भिहे मिन मम পরিবেশন কর্বে, नव वूक्षत्व, भाग मिन कि * আমেচির দিন, আর যে সাহেবদের নিমন্ত্রণ হোয়েছে, ভাবা আমাকে ও ভারাচাদ সর্ব দা বাবুকে इन डाइ है करत मन था उग्नाय, সেই জন্য তাদের বলিচি । ভট। ভাই ভাল, আমি মনে করেছিলাম যে বড়বারু বুঝি আমাদের মত হেজি পেজি মৃতি বের মদ খেয়ে भर ऋ প্লেজর পাননা, সেই জন্য मारह्वरावत निमञ्जूष करत्रहान। বোধ করি, আমাদের ফাঁকি দিনেন। বোকা ছাগলের ন্যায় - দেড়ে দেড়ে সাহেবরাই বুঝি ব্রাহ্মণ হয়েছে, তাহলে ভোমার মনস্কামনা সিদ্ধ হতো ও প্রাদ্ধ ট। গড়াভ; ভাগ, সে যা **इक्, व**ड़वांद्र आंज (शटक^ह ভোষার বাপের আদ্ধ গড়ান যাক্। भागि। हार्ट्रिश्मभाहे! आस आत

ও निर्देश कोल नाहे, आंत ह-

দিন আছে বই ত নয়, কথায় বলে ভাত খাবি, না হাত গুয়ে বদে আছি।

ভট। এখন আব বাবুরা মাতায় ভেল্ দেননা, আব আমাৰ মতন লক্ষীছাড়াৰ প্ৰতি কটাক্ষও কেরেন না, একজন সাহেবেব मूरथ এমন कथा शुन्त तफ्-বাবু কত কুতার্থ বোধ কভেন: এবার মোরে সাহেব জনাতে হবে, তা হলে বড়-বাবু বড়া থাতির কর্বেন, আর লোক্কে কথায় ৰুগায় ভাগ বলে মারবো, (সঙ্গীগণের প্রতি) উঠহে ভাই ব্রাদার সব গ। ভোল, এখানে আজ আর কিছু হবে না।

শ্যাম। যাবে কোণা? ছোট বাবুকে ডাক্তে হাজি মিলো-কে পাঠাই,—হাতি মিলো! হাতি। মহারাজ!

শ্যাম। শিগ্গির করে ছোট বাছু-কে হিঁয়া বোলায় লেয়াও। হাতি। যোহকুম মহারাজ। (হাতি মিজের প্রস্থান ও তার। চাঁদ বাবুকে লইয়। পুনঃ প্রবেশ।)

তারা। দাদা মহাশয় ! কি জ্বন্য
আনাকে হাতি নিজেকে
দিয়ে ডাক্তে পাটিয়েছিলেন,
আজ্ঞা করুন, কি করে
হবে। (ভটেশ্বরের দিকে
কিরিয়া) কিলো চাটুর্যো
মহাশয়, অনেক দিনের পর
যে দেখ্চি, বলি আছত ভাল।
ভট। আর বাবা, ভোম্রা ভো
খোঁজ খপর নাওনা। বল্বো
আর কি, বলবার কি মুখ
রেখেচ, এমন শ্রাদ্ধ আস্চে,
একবার নিমন্ত্রণ ও কল্লেনা।

লতা পাতা মত চাপা আহি একচাই।
আহি কিনা আহি কিছুটিক নাহি পাই॥
শ্যাম। ওছে তারাচাঁদ, ততেঁশ্বর
মহাশ্য় অনেক দিনের পর
আমাদের বাড়ীতে এসেচেন্,
একবার সকলে মিলে আমোদ করা যাক্ (ভটেশ্বরের
প্রতি অঙ্গুলি দেখাইয়া) ইনি
আবার যেতে চাচ্ছিলেন, আরের

কপাল, এত দিনের পর এলেন,
তুটো চার্টে কথা কইবেন,
না, সদাই যাই যাই এই জন্য
তোমাকে তেকেছি।
তারা। লোকে বলে কর্তাব ইচ্ছা
কর্মা, আনিত দাদা সব সময়েই
বাজি আছি, একবার বল্লেই
হয়, আমাকে দাদা ধরে
আক্ষেবলে বেন্দে আনি।

ভট। ভবে বাবা একবার বোভলটা আনতে বলভো, আনার
ভাই গলা শুকিয়ে কাঠ হয়ে
গেচে; কিন্তু বাবা আর একটা
কথা বলি শুন। (অঙ্গুলি দারা
নিকটে আসিবার সঙ্গেভ)
চাট্নী না হোলে বাবা আজ

ভারা। আজ্ঞা মহাশয়, আপনি
যখন যজেশার হয়ে বোসে
আন্তেহন, ভখন কিসের অভাব,
আপনার দরশনে বৈকুঠ
বাস ।

শ্যাস। (চকু নিমীলিত করিয়া)
আজ নশাই তোমায় নেসায়
বুঁদকরে দেব, আজ বাবা তুমি
বুড় চড়ে গেছো।

ভারী। দাদা মহাশ্য! আমি

বলি আজ বাড়ী ছেড়ে অনা কোণা আড়ো নিলে ডাল হয় না? আমাদের বাডীতে অ-শৌচ, আর লোকেই বা কি বলুবে, মাই বা কি মনে কর্বেন।

শ্যাম। বল্বে আবার কি ? মা বে
চীর জানো এত ভয় কর কেন,
ও বুড়ী বেটী আর কদিন
বাঁচবে, এবার বাছাধন শক্ত
হাতে পড়েছেন, আমি কম
বাপের ব্যাট্যা নই, আমার
শক্তে কিছু কতে এলেই এখনি
গলা টিপে দূর করে দেব।

ভট। বড় বাবু! ছোট বাবু যা বলচেন্, তা বড় মিথ্যে নয়, কথাটী বড় শক্ত, ঠাড়ী ভাষাসা করে উড়িয়ে দিলে হবে না।

শ্যাম। চাটুর্ব্যে মখায়, সেকি ?
আপনিও যে সিও ভেজে বাছু
রের দলে মিশ্তে যান্, আমি
ক বরাবর মনে করেছিলেন, যে
ভটেশ্বর মহাশয় একজন
পাক্ষা লোক, ভা আজ ভার
বিপরীত দেখ্ছি।

বাবুর কপাটার কি ক্রলেন?
শ্যাম। (হাগত) আজ্ সর্যা
হোক্, বেটীকে একবারে অক।
পাইয়ে দেব, দেখুবো আজ্
বাছাধন কিসে রক্ষা পান্,
এতো রাম নয়, এ রাবণের
হাতে পড়েছেন।

ভারা। আমি ভো মশাই বলেইচি, একবার দাদা রাজি হলেই
হয়। পরশুবাবার প্রাদ্ধ, ডাই
জন্য দাদা বড় ভাবিত আছেন।
ভটি। আরে না, না, ভোমার দাদার
ধাত্ আমি বিলক্ষণ জানি। শ্যামপদ বাবু কি মনে মনে গিজির২
কচ্যেন, ভা তুমি বুঝ ভে পার নাই,
(শ্যামপদ বাবুব প্রতি) ওগো
বড়বারু! কি ভাব্চো! ভারাপদ
ঠিকাই বলেচে, শুভকর্মে দেরি করা
ভাল নয়।

শ্যান। আছো, তবে চল।
(ভউ ও শ্যানের প্রস্থান।)
ভারা। (স্বগভ) দাদা থেপেছেন্না
কি? ভটেশ্বর যেমন গাধা, দাদা ও
ভেমনি গক হয়েছেন, কি কর বো
বল, কালের গভিকেই সব কর্তে
হক্ষ ! উনি বাড়ীর কর্তা, যদি ওঁব

দূব করে দেবেন। হা বিধাতঃ!
আমার কপালে কি এই ছিল!
মাতালদের সেবা কর্তে হলো !
সবই আমার কপালের দোম!
আর ভাবলেই বা কি হবে! যে
কর্মে হাত দিয়েছি, তা শেষ করাই
ভাল। এখন যাই, আর বেলা নাই।

(প্রস্থান)

ইতি দিতীয় অক।

ক্ৰমশঃ।

নৃতন পুস্তকের সমালোচন।

ই অ\

भर्ता श्री शुक्त वातू इतिस्मादन एथ कर्जुक जुनमी-

কৃত রামায়নের অনুবাদ প্রাপ্ত হইয়াছি। আপাততঃ প্রথম থণ্ড প্রকাশিত হইয়াছে। ইহাতে বালকাণ্ড ও অযোধ্যাকাণ্ডের বশিষ্ঠ- তরতসংবাদ নামক নবম সর্গ পর্যন্ত সন্নিবেশিত হইয়াছে। তুলসীদাস গোলামীকৃত রামায়ণের সমুদ্র ক্রা হয় না। তলসীদাস আপান

ভারের নিকট রামায়ণ প্রবণ করিয়া।
ভাগনার গ্রন্থ রচনা করিয়াছেন।
নিম লিখিত কবিতাতে তিনি
নিজেই বলেনঃ—
ভামি তাহা গুনি নিজ গুরুসমিধান।
ভামন বালক তাল বুঝিতে না পারি।
মজ্জানতা অন্ধকার ছিল মনে তারি॥
গ্রেজানতা অন্ধকার ছিল মনে তারি॥
ব্রুবা বুঝিবে কিবা ষেইজন মূঢ়॥
তবু বলিলেন গুরু পুনশ্চ আমারে।
বুঝিয়ে কিঞ্চিৎ নিজ বুজি জমুসারে॥
করিলাম তাই তার তাষা বিবরণ।
অবোধ চিত্তের মন প্রবোধ কারণ॥
বাল্লীকিরামায়ণে মহর্ষি বাল্লীকি
নারদের নিকট রামকণা অবগত

একজন সুক্বি, তিনি মহাশয় অমুবাদে বতদুর মিষ্টতা সম্ভব, ভাহা রাখিয়াছেন। ভাঁহার ভাষা প্রাঞ্জল ও সরল হইয়াছে। এক্ষণে ভবসা করি, যে তিনি প্রচারে কুতকাৰ্য্য व्यमाना थए পাঠকগণের গোচরার্থ क्टग्रन । नित्स करवक अर्ङ डेफ्न्ड इरेन। '' উদিত উদয়গিরি-রূপ-মঞ্চোপর। রঘু**কুলভরুণ অ**রুণ্**মনোহর** ॥ সাধুসরসিজাবন হইল প্রকাশ। নৃপতিগণের আশা নিশা বিনাশিল। গগনে নক্তপুঞ্জ প্রভা হরি নিল। লুকাইল পেচক কপট ভূপ আর ! চক্রবাক মুনি মনে আনন্দ অপার ॥ সবাকার অনুমতি লয়ে ভার পর। চলিলেন রাম বেন প্রমন্ত কুঞ্জর 🖁 অনিমিষে কৌতুক দেখিছে সক্ষেত্ৰন ৷ किक्रटे कर्द्रन दांग टकाम् ७७३ न । সীতাসনে এদেছিল সহচরী যত। পরস্পার বলাবলি করে এই মত॥ কেহ কহে জনকে বলুক নহে কেহ। আপনাৰ প্ৰতিক্ৰা ভূপতি ছেড়ে দেহ ॥ क्ट्राल वर्ष्ट खरे मामाना स्नाकात । অতুদ্র বিক্রম বল সাধ্য বলে কার # কোৰায় অপস্ত্য কোৰা সিন্ধু ভয়ৰ্ব

छनित्य ভাহার বাক্য সুখী রামাগণ। সীতা কিন্তু মনে মনে করেন চিন্তুন 🛚 হে হবপার্কভি বিধি হে গণনায়ক। (डामवा नकटन रुख कनार्वनाग्रक ॥ কোষা বিরূপাক ধন্ত কুলিশ কঠোব 🏾 কোথা সুকুমার রাম নবীন কিশোর॥ হীবা কি ভাঙ্গিতে পারে শিরীয় সুমন দয়া কবি দেহ বিধি জনকে সুমন ॥ একবার দীভারে দেখেন রঘুপতি। পুনর্মার চাহিছেন ধন্তুকের প্রতি॥ শিশুশাপে যথা দেখে বিনতা কুমার। হরচাপে রাম হেরিছেন সেপ্রকাব ॥'' ইহাতে পাঠকমণ্ডলীর স্পাট প্রতীতি হইবে যে, ইহার ভাষা অতি সরল ও শ্রুভিমধুর। "পাপীরা জন্মাবধি সুখে কালা-ভিপাভ করে" কবি এই ভাবটী মুখবন্ধে কেন বিধিয়াছেন বুকা

একই গণ্ডে গেল উদর ভিতর 🕨

কুদ্র অবয়ব অতি দেখ দিবাৰুরে।

উদয়েতে অবনীর অন্ধকার হরে॥

অকর নির্দিত মধুল বু অভিশয়।

দেবভা দানক যক বাপা ভাব হয়॥

কারসাপ্য ভারে আব্দ্রা লক্ত্রন যেকবে ॥

অভএব সকলে জানিবে মনে স্থির।

হরধন্ম ভঙ্গ করিবেন রঘুবীর॥

কুসুমের শরধন্ম রভিপতি ধরে।

(भन बा। धरे भूछ (कतः मूना मध আৰা মাত্ৰ। ২৷-চতুৰ্দ্দপদী কৰিতামালা ৷ বহরমপুরের জমীদার শ্রীযুক্ত বাব রামদাস মেন ইহার প্রণয়ন করি-ইহাতে মিত্রামিত্র ছন্দে য়াছেন। ত্রিচত্তারি শৎ কবিতা আছে। প্রত্যেক কবিতাই চতুর্দ্ধশ পদে সমাপ্ত, এই নিমিত ইহার নাম চতুর্দ্রশপদী। ইহার অধিকাংশই সরল, সুমিউ, এবং গাঢ় ভাবসম-স্বিত। -- বস্তুতঃ কবিতাগুলির প্র-শংসা অপেকা কবি বয়ং অধি কতর প্রশংসাভাগী হইতেছেন। अन्तर क नी व जगीमात्रमस्टादनत्। বিলাসকুঞ্চে অবস্থিতি প্রায়ই করিয়া অলসভাব সেবা করেন, तामनाम बाबू मर्काएटमा मिहे प्रमुख পরিবহির্ভ। বিশেষতঃ সাহিত্যে ইহাঁর যথেষ্ট উৎসাহ দৃষ্ট হইতেছে। চারি বৎসর পূর্বের कर्णानि कदर कहे कक वरमद्वत मर्भा ष्ट्रेथानि कादाश्रञ्ज मूक्तिङ করিয়া বিনামূল্যে বিভরণ করি-এভলিমিত আমরা সক্তজ্ঞ চিত্তে এই অমুরাগবান যুৱাঞ্চনী দার মহাশ্য়কে ধন্যবাদ একদান

করিভেছি। শালা হইতে ভিনটী কবিতা উজ্ত করিয়া দেওয়া গেল।

> "(বিষপূর্ণ পাত্র হস্তে কৃষ্ণকুমারী।)"

ষ্ণীয় অমৃত ইহাকে বলে গরল! সমুদ্র মন্থনে যাহা দেবতাসকল

উঠাইল যতু করি। পিতার আদেশ পালিবারে; -হলাহল স্মরিয়া মহেশ মুহুর্ত্তেকে করিপান আহ্লাদ অন্তরে দেখুন আমার কার্য্য দেবতা নিকরে॥ বিপিনে খহিষদল নিরীক্ষণ করি, পরিণয় কালে নারী বসন ভূষণে স্বেদীন্দর্য্য রুদ্ধি করে। বিবিধ রঞ্জনে। তেমতি তুমিতে বামা অত্যে আরোহণ, রঞ্জে সুকোমল ভমু। আমিও ভেমন (দেবী জগদ্ধাতী যেন শার্দ্দি বাহন) পরিয়াছি চেলবস্ত্র সূবর্ণ রতন সাধিতে পিভার আজা! দেশের মঙ্গল হত্তে তীক্ষু তরবার ধারণ করিয়া হয় যদি মোর হতে,-জীবন সকল । পশেছসমরে। যথা কালী-হরপ্রিয়া-বিস্ক্রিপরাণ করি স্প বিষ পান। নাশিবারে দৈত্যকুল হইলা উদয় ! মৃত্যু অন্তে ষেন ঈশ করে পাই স্থান ॥ সমূথ সমরে শত্রু করি পরাজয়—

व्यक्षु च हेना, भाकं तांत्र क्षिमत्था হয় উপস্থিত; দহিতে জীবন মোর। यदन लम्मा व्यामीत्त्र उपरमन श्विन जिस, क्लिकाटन धरे वीत्रश्ना | स्मृत छात्र बीयूक वांदू मरहस्त्रमाथ

(वीत वाक्रावनी।)

প্রস্তাবিত কবিতা- দিখাইলা আর্য্যগণে ? এমন ছুর্যাতি কেন দিলা ভীমসিংহে একলিঙ্গ হয় ৷ স্থাপন করিতে সন্ধি রাজপুত্নায়, सूर्व शुंखनी कृष्ण अन्दयंत धन বিসৰ্জ্জিলা জন্মত। ধিকহে তোমায়! অদ্যহতে সুর্য্যবংশে দিলে তুমি কালী রাজপুল-কুল-লক্ষী;-এ ঘটনা হেরি ; অবশ্যই ভ্যক্তিবেন ভব পাপ-পুরী।'' (ঝাস্পীর রাণী লক্ষ্মী বাই) ক্রোধে রক্তবর্ণ অকি মৃগেন্দ্র কেশরী; গজ্জিয়। একাকী ধায় করিবারে রণ মাথায় মুকুট অঙ্গে নানা অভরণ, নাশিতে রাজ্ঞ্য-কন্টক,এ প্রতিজ্ঞা তব, ক্ষত্রোচিত কার্য্য কিছে মিবারাধিপতি পুনরায় এ ভারতে হিম্ফুগণ সব, এইহে তোমার ? চিন্তিলে অংশ্রুতপূক্ষ বাধীন করিতে সতি! হইল মানস। চিরদিন কবি তব গাইবেক যশ। ৩। _ কাব্যমঞ্জরী। —

ক্লিকাতা প্রেসিডেন্সি কালে-

বন্দোপাধ্যায় ইহার প্রণয়ন করি-कि जिनाहे, कि त्वि जिल्ला खिरवाश हरत, চতুর্দশ্রী ইহাতে য়াছেন্। কবিতাগুলি - কবিতা আছে। বিদ্যালয়ে সরস ও সুঞাব্য। कविতा পाঠ कतान याँशामिटगत অভিপ্ৰেত, এরূপ পুস্তক তাঁহা-मिट्यत निक्छ आमत्रशीय इट्टा

মুদ্রিত। মূল্য। পাঠক-গণের গোচরার্থ একটা কবিতা নিম্নে উদ্ধৃত করিয়া দেওয়া গেল।

কলিকাতা

कावा अकाम यद्य

''সরল শিশু ও শুভ্র ফুল। আমরি! সরল শিশু! ভব চারু করে!

কেমন সুন্দর শুভ ফুল শোভা করে। উচিত এরপ মেলা বিমল বিমলে।

পবিত্র পবিত্রে, আর কোমল কোমলে॥

শুজ্তব মান্স কমল মনোরম, যথা ওই ফুল ফুলদল শুভ্ৰতম।

রিপুর পীড়ন আর চিন্তার দহন।

অন্তর ভোমার কৃত্রু করেনি সহন॥

अथग क्षम खद! अञ्चल भारन, হেরিছ সভৃষ্ণ নেত্রে প্রফুল বয়ানে॥

কিন্তু তুমি আন্তি হয়ে কণকাল পরে,

ছিঁড়িবে কুমুম চারু, ছড়াইবে খরে।

হিমানী-সঞ্জিভ-খেত কুসুম ভূতলে ৷

রেথ যেন ওই শুভ্র সরল অন্তর, বিগত হইলে শিশুকাল মনোহর॥"

> 8 1- भाग-भूखतीक 1-কুমারখালী নিবাদী এীযুক্ত

বাবু হরিনাথ মজুমদার কর্তৃক প্রণীত। এথানি পদ্যময় পুস্তক, পদাগুলি অভি সরল ও সুমধুর।

इंदा विमानित्यत वानक वानिका-দিগের পাঠোপযোগী। আমরা

छत्रमा कति अथानि विमानितम ব্যবন্ত হইবে। ইহার মূল্য তিন

আনা। পাঠকগণের গোচরার্থ কয়েক পঙ্ক্তি কবিত। নিমে

উদ্ভ করাগেল। '' নাশের হেতু।

রাজ্য-নাশ হেতু, রাজ অবিচার। কার্য্য-নাশ হেতু, আলস্য সবার॥

বুদ্ধি নাশ ছেতু, মাদক-সেবন।

ঋদ্ধি-নাশ হেতু, জ্ঞাতি-বিরোধন। স্বাস্থ্য-নাশ হেতু, রাত্রি-জাগরণ।

কান্তি-নাশ হেতু, অমূল-চিন্তন ॥

মান-নাশ হেতু, মিথ্যা-আচরণ। প্রাণ-নাশ হেতু, রিপু-পরায়ণ॥

সুখ-নাশ হেতু, পর-সুধে দাহ। 🕟

সর্কনাশ হেতু, বালক-বিবা**হ ।**'' 🕆

প্রেরিত পত্র।

(গুপ্ত কবি।)

১২৮ পৃষ্ঠার পর।

বিষর ঈশ্বচন্দ্র গুপু,
সংবাদ প্রভাকর
সংবাদ প্রভাকর
সংশাদন ব্যভিরেকে
সংগ্রাদন ব্যভিরেকে
সংগ্রাদন ব্যভিরেকে
প্রগ্রাদ্র অথবা সক্ষলন করিয়া
পিয়াছেন, একণে তাহার কিঞ্চিৎ
বাহল্য পরিচয় দিভে ইক্ছা করি।
আমার মনের অভিপ্রায় সাধারণ
অভিপ্রায় হইবে কি না, জানি না,
তথাচ যথন এ বিষয়ে হস্তক্ষেপ
করিয়াচি, তথন আমি যতদ্র
বুঝি, প্রকাশ করিতে প্রবৃত্ত
হইলাম।

প্রথম,—গুণাকর তার্ডচন্দ্র রারের জীবন-চরিত।—গুপুকবি ক্রমাগত দশ বংসর নানাবেশে ভ্রমণ করিয়া বছকটে কয়েকজন কবির জীবনচরিত সংগ্রহ করিয়া-ভিলেন। ৺ রামপ্রসাদ সেন কবিরঞ্জন, দাসনিধি সেন, (নিধু- मान देवतांशी, लेक्सीकांख विश्वान, রাসু দূসিংহ এবং আর কয়েকজন মৃত কবিব জীবনচরিত সংগ্রহ করেন। ভারতচন্দ্র রায়ের জীবন চবিত তন্মধ্যে প্রধান। বলিবার হেডু এই যে, ভারতচন্দ্র রায় শ্রেষ্ঠ কবি ছিলেন। দ্বিতীয়তঃ গুপ্তকবি আপনার প্রভাকর পত্তে উল্লিখিত কবিগণের জীবনরভাত্ত প্রকাশ করিয়া তন্মধা হইতে क्वित जात जिल्ला तारमतहे कीव-নাংশ স্বতন্ত্র পুস্তকাকারে মুদ্রিত করিয়া গিয়াছেন। পুস্তকখানি আমাদি-उलारमग्र ट्रेगाटि। भारत प्राप्त कीयनहिंद निथियांत तीिक नारे, केश्वतच्य छछ धरे নবীন পথ উদ্ধাবন করাতে আমরা আজিও তাঁহার মৃত নামে শত ধন্যবাদ প্রদান করিয়া থাকি। ভারতচনদ্বাতীত আর যে সকল কবির জীবনচরিত প্রভাকরে প্রকটিত আছে, সেগুলি পুস্তক হইয়া প্রকাশিত হইলে অনেক উপকার হয়। आमानित्रात इंडी-शाक्ताम नेश्रहस्य थश्र काकारण সংসার ভাগে করাতে, ভাঁহার মনোরথের সহিত আমাদিলেগর

অসিদ্ধ মনোর্থ রহিয়াছে। শ্রীয়ত বারু রামচন্দ্র গুপ্ত এক্ষণে चर्गीय नेभतान्य छटल्य श्रम ७ স্থান অধিকার করিয়াচ্ছেন। ইনি স্বর্গীয় কবির কনিষ্ঠ। ই"হাব দারা আমরা যে, কিছুই প্রত্যাশা করি না এমত নহে। মহৎ বংশ ওমহৎ আ্প্রারে লোকের যভদুর আশা থাকে, আমাদিগের ভাহাই ঈশ্বচন্দ্র গুপ্ত আহার নিদ্রা পবিত্যাগ করিয়া অননা-कर्त्म, अननागरन, अनना हिस्राय নিবিফ হইয়া যে সকল মহাৰ্ঘ্য সার সংগ্রহ করিয়া রাখিয়াছেন, তাঁহার কনিষ্ঠ ইচ্ছা করিলে কি সেই গুলি ফুর্তন ভূষণে সাধারণের সমক্ষে উপস্থিত করিতে পারেন ना ? अवभारे পाद्रन। ভাহাই কেন, ভাহার সহিত স্বর্গীয় বিখ্যাত কবির (তাঁহার জ্যেষ্ঠের) জীবন-চরিত পর্যান্ত নিবন করিতে পারেন, ভবে কি জন্য করিতেছেন না ? স্বৰ্গীয় কবি যখন ভারতচন্দ্র द्रारम्ब कीवन हिंदि नमाश करतन, **७९काटल दे**नववांनीत नाग्य वित्रा-ছিলেন "আমি দলীৰ থাকিয়া এই গুরুত্তর ব্যাপার সহজে সম্পন

620 করিত্তে এমন পারি. महावना দেখিতে পাই না, কেননা একে ধনাভাব, ভাহাতে আবার দৈহিক বলের হ্রাস হইয়া, ক্রমে মৃত্যুর দিন নিকট হইয়া আসিতেছে। करन मरनीमय श्रीतमश्र करवत मरन কি আছে, বলিভে পারি না। কোন্রপ দৈব ঘটনার ভবিষাতে আর কোন ব্যাঘাত না জনিলে অভিপ্রেভ বিষয় সুসিদ্ধ ক্রিয়া কভার্থ ইইতে পারিব, নচেৎ এইপর্য্যন্তই শেষ করিতে इहेन।" आक्तिभात विषय अहे या, डाहात देववानी यथार्थहे इहे-यादह । वाव वामहत्त छश कि-রূপে এই মনস্তাপ সহা করিতে-ছেন, তিনিই বলিতে পারেন। যাঁহার জ্যেষ্ঠজাতা এতদুর জগ-জ্ঞানিত কবিষশোলাভ চিলেন, তিনি সেই সুবিখ্যাত कार्छ मरकामरतत नाम **७ व**छ अमार्कि ग्रथन श्रूनक्रकी शिष्ठ करब्रन, ইছাই সকলের বাসনা। দিতীয়,-প্রবোধ প্রভাকর ।--

धर्माळाडिलामा

গদ্য অপেকা পদ্যের ভাগ অধিকঃ

स्मिरे ।

বেদাক্তের

এখানি

পদ্যগুলি

নব-প্রবন্ধ। **355** জ্ঞানকাও ও কর্মকাও মীমাংসা করিবার ছলে পিভাপুত্রের কথোপ ৰুখন প্ৰশ্নোত্তর রীতিতে শ্রেণী-হইয়াছে। আমাদিগের বদ্ধ বিদ্যালয় সমূহে যদি ধর্মসংকান্ত পুস্তকাদি পাঠনার রীতি থাকিত, তাহা হইলে আমি সাহস পূৰ্বক এই পুস্তক विमानित्य वावशंव করাইতে অমুরোগ করিভাম। বাস্তবিক পুস্তক নির্বাচনের দোবে বিশ্ববিদ্যালয়ের বাঙ্গালা সাহিত্য বেরপ অঙ্গহীন রহিয়াছে, এই পুস্তক ও ইহার শেষোক্ত সমা-লোচিত পুস্তকখানির সহিত আর ক্ষেক্থানি বিখ্যাত গ্রন্থকারের হিতকর পুস্তক প্রবেশিত হইলে সে অক্ষহীনতা অবশ্যই সম্প্ৰতা প্রাপ্ত হইতে পারে সন্দেহ নাই। পুস্তকের একাংশ নিমে উদ্ধৃত इहेन १--

পুত্তের প্রতি পিতা।
"কুটেডবে বলি, যদি, কুটাইলে মুখ।
কারে তুমি সুখবল, কারে বল ছথ?
ওরেবাপু,মিছেহাপু, গুণনাকোআর।
বঙ্কিছু জানোস্ব, সুখের ব্যাপার॥
বামে তুমি বলিতেছ, ছথ-ছখ-ছখ।

ज्ञ ज्ञा. सर्थ-सर्थ-सर्थ ॥

এই তুথ, তুথ নয়, সুথের আধার। বিনা তুথে সুথলাভ, কবে হয় করি?

এজগতে না থাকিলে, ছুখের প্রচার। সুখের সম্মান ভবে, কে করিভ আর ? এই দেহ না হইলে, অসুখের ধাম।

সুখভোগে, কে লইত ঈশ্বরের নাম ? সুখে ছখে, যুক্তদেহ, সেরূপ প্রকার। প্রদীপের পশ্চাতে, যেরূপ অন্ধকার।

স্থাবিধ সামা, তাহা, ছথেই প্রকাশ। ছথের শেষেতে হয়, ছথের বিনাশ॥

ছুখতোগ হোলেআর, ছুথ নাহিরয়। বিষের ঔষধ বিষ, যে প্রকার হয়॥ জগতে ছুখের সৃষ্টি, করিলেন যিনি।

ভেবে দেখ, কতবড়, জ্ঞানগুরু তিনি ॥ ছুখ-লাভে অভিলাষ, কেহনাহিকরে। সুখের সম্ভোগ আশা, সকলেই ধরে॥ সেই সুখ সঞ্চয়ের, সছুপায় চাই।

বিনাকফৌ সহজেতে,কোথাতারেপাই ? বিনা সুথেনাহি হয়, ছুথের সংহার। কাজেই করিতেহয়, অদ্বেষণ তার॥

বিদ্যা বিনা জ্ঞানলাভ, ৰুখনো নাহয়। বিনাশ্রমে সেই বিদ্যা, কেকরেসঞ্চয়॥

কিন্তু ভায়, কন্টবায়, জনমের মত ॥ -বেছুখেতে জ্ঞানপাই, প্রামের কুপায়।

দেইপ্রাম সহকারে, কফ-ভোগ কত।

वशासकि, त्महरथदत, हृश्यतनाथाय ?

বিদ্যার অভাবে ক্লেশ, ক্লেশ কভু নয়। সাধুসক্ল স্বর্গসূথ, পাইবে কেমনে ? মূঢ়তার অন্ধকার বিদ্যাক্রে নাশ। মুর্থতোরে তুঃখতোগ, করিভই সবে ॥ যতকাল, রবি শশী, হইবে উদিত। ন্যায়মত কার্য্যকরি, অর্থ উপান্ত্রন। বিনা ধনেসং সারেতে, কেবাপায়সুখ ? মনেকর, সাক্তলে, সেসুখ কি সুখ। ধনহীন জনে হয়, সবাই বিমুখ। তুথিবোলেজ্ঞাতিগণ নাহিকরেমেছ। <mark>ঔষধ সেবন কর,</mark> এই উপদেশে। বাপধন, দিয়ে মন, কর প্রনিধান। धनीहछ, দীনহछ, यछिन तदव। আহারের আহরণ, করিতেই হবে॥ রস্ধনাদি আহরণে, কন্ট কিছু বটে। त्मरे अने यनिजृत्ति, ना दम् अपदत् । कटिरोव क्रिवेक्नाना, यात्रन टककद्र ?

একেবারে ক্লেশশেষ, লেশ নাহিরয় ∥নীভি,ইভিহাস-কাব্য, গ্রন্থ জ্ঞান্ময়ঁ এ সকল রচনায় বছক্ষ হয়। এইহেতু বিদ্যা-লাতে, স্বারি প্রয়াস॥চিন্তায় ব্যাকুল হোয়ে, দিবানিশি জ্রম বিদ্যায় না হত্তোষ্দি, ছঃখ নিবারণ। নিদ্রান্তার আহারের থাকেনা নিয়ম। বিদ্যায় না হতো যদি, সুখেরসাধন ॥ কিন্তংসই, গ্রন্থলী, প্রকাশিতহোলৈ বিদ্যালাভে অনুরাগী, কেহইত তবে গুকীর্ত্তির কুটীরেবাদ, নাশ নাই মোনে॥ সঙ্গীব রহিবে তুমি, নামের সহিত 🖟 বিনাছ্যে,বিনাশ্রমে,কেপেয়েছেধন ॥বচনার কালে বটে, নানামতে ছুখ শরীরে যখন হয়, রোগের সঞ্চার। দারা,সুত, আদিকরি, তুষ্টনহে কেহ 🏻 দে সময়ে কেন্কর, ঔষধ ব্যাতার 🟋 রীতিমত ছুখভোগ, ধন উপাজ্জনি। থেলেপরেসুস্থ হয়ে, সুখপাবে শেৰে। সে ছুখেরে, ছুখআমি, কহিব কেমনে ৷ তথন ভেষজ বিনা, বাঁচিতে কে পাঁরেঃ প্রাণের পীড়নহয়, পীড়ার প্রহারে আহার বিরহে দেহে, নারিহয় প্রাণ ॥ ছথের না হলে জন্ম, এতিন ভ্রদেঁ 🖰 সুখের প্রবৃত্তি ভবে, হইত কেমনে 🕽 माधुकत्या, सूर्यमान, निक्ष कानिया সাধুহোয়ে করে জীব, যভ সাধুক্রিয়া। ভেবেদেখ শেষেভায়, কতসুখ ঘটে ॥পাপকর্দ্দে পরবাদ, ঘটে ভাপশোক। সাবধানহোয়ে ভায়, কান্তপায়লোক विषयप्रदेख अरेष्ट्रथ, रुप्र श्रू खेकात । সাধুতাবে সনালাপ, সুক্ষনের কাছে ? গ্রামাধীন' কর্মাকল' ছইনাম তার ॥ व्यवनाई जुला (वर्त्छ, श्वरक्रम व्यविष्ट ॥ 'खनावीन प्रथ वादा, प्रथ मिटजानजा

क्रमे अपन्त, सूकर्य गोधित। अविनामि त्रहेसूथ, मत्नद्र आंशीत স্থময়, নাহিহয়, কুর্ব্ম করিলে। সুধন্ট, কভক্ট, পরিশ্রম সার। কুকর্মোর কলপায়, অশেষ প্রকার। ভাষাধীন তুখবোগে, সদা হিতকর। ছাত্তেছাতে ফলপাবে, অতি হিতকর। সন্ধানেতে প্রাপ্ত হয়ে, শাস্তি-সরোবর प्रकेत, कुकन, किछू, नार्य विकन। (बक्रण कविद कर्म (महेक्रण कल II সম্ভাবিত সুখকর, কার্য্যকর সুথে। ভাহাতেকখনো তুনি, পড়িবেনাছুখে ॥ বাস্ত বিক, কে করিবে, বস্তুর নির্ণয়। অসম্ভব আশা হয়, দুখের কারণ। সুখ-সহ, কিসে ভার, হইবে মিলন ? **সুবৃদ্ধার দাস হো**য়ে, বাসকর ভবে। 🎓 চুতেই ভবে আর, অসুধ নাহবে ॥ য গুরুর, প্রথমেতে, উকার নাআছে ক্রপানিধি,কুপা-নিধি, করিবেন দান।বেওনা বেওনা কভু, সে গুরুর কাছে॥ কোন ধন বড় নহে সুখের সমান। সেইসুধ, সেইছুধ, অধীন ভোমার। শাস্ত্রভত্ত-নেত্রহীন, গুরুনয় সেই॥ স্থিতনর ভিত্তর পাকে, মনের ব্যাপার । কিদিতে, কিদেবেশেষ, সঙ্গভীকিভার? ষ্ট্রুড়ে সস্তোষ যদি, স্ভাবে সঞ্চারে ॥হিতেহবে বিপরীত, একে হবেজার ॥ জিরিকাছে ছবভবে, আসেকি প্রকারে ? ছবের মুখেতে যদি, না হবে পতন। ছিত্রর কারণ বভ, কর পরিহার। कांतरं। मार्श्न रयन, कार्र्यात मक्षात ॥ त्मल्ड तल्ड निटल, व्लर्जानारका छूच । 'कर्माः हात्त, किछूट जनायात्रः योशीरयोश । हत्रत्य शतमकन, व्यवित्वहत्व जूथ ॥ हत्वहे हत्वहे हत्व, जूनित्क मार्जान ॥ निर्वोक्ताय श्रीखहत्व, श्रमान जाहात्र । धमूरभत्रवाटका जात्र नाहि श्रेटग्राकमे । सूचेसूच, इचेह्रच, कतिरवेना जात्र ॥

ওরে বাপ্লে যে বড়, বিষম ব্যাপার। সহজে সে সুখলাভ, কবে হয়কার ? ত্রিভাপে তাপিত জীব, ছখি নিরস্তর। সেস্থ কিরুপে হবে, ভাদের গোচর II যদ্যপি প্রবেশকরে, জ্বের ভিতর॥ ভবেই ত্রিভাপ-জ্বালা, দূর ভার হয়। সন্তোবের দলিলেতে ভৃপ্ত ছোয়ে রয়॥ শান্তের সন্ধান বিনা, সন্ধান কিহয় ? भाखनार्क, खक्रमूर्य, উन्नरम्भ नु বস্তুতত্ত্ব ভত্তপেয়ে, সুখীহোরে রও ॥ তারে তুমি গুরুবল, শাস্ত্রজানী যেই नां अख्यकान खरव, कत खारलांहन ॥ निजासूर्य'' कारतबरम, कत्रह खबन ॥ अधीन घटनम सम, मर बारव निर्देशी

সরু, মোটা চাল্ভেদে, চলভাল চেলে। বেপুন সাচ্ছেব ইংরাজি ভাষার । পুলিপিটেকোথামিটেগুজনীনাথেলে। ঈশ্বচন্দ্র গুপুকে ভিষ্ণায় ১৮৫১:

তু:ীয়, হিভপ্রভাকর ৷—বিষ্ণু-পঞ্চন্ত্রোক্ত মিত্রলাভ, চারিটী মূলাংশ অবলয়ন করিয়া এই পুস্তক রচিত হইয়াছে। ইহাতেও পদ্যাৎশ অধিক। কবি ইহাতে মূলগ্রন্থের আভাস ও গণ্প-নাত্র ছায়াম্বরূপ রাখিয়া কবিত্ব-শক্তির সভাবান্তরপ শাখাপ্রশাখা বিস্তৃত কবিয়াছেন। এপুস্তক-থানিও বিদ্যালয়ে ব্যবহারের উপযুক্ত। करम्रक ददमत इहेन, ইহা বেথুন বালিকা-বিদ্যালয়ে, টেণিং আকাডেমী, ওরিএন্টেল্ मिनाती अवर आत हुई अक्री বিদ্যালয়ে ব্যবহৃত হইয়াছিল। ভূমিকান্থলে কোন সাহে**তে**র স্বাক্ষরিত একখানি পত্র দৃষ্ট হয়। (मः (वथून वानिकामिरगत निरका-প্रयाशी मदल वाक्राला भूखक इल्प्रांभा पिषश ने बत्र हत्त ভঞ্জকে ভছুপ্যুক্ত একখানি পুস্তক লিখিতে অমুরোধ করেন। উক্ত

ঈশ্বচক্ত গুপ্তকে ভদ্বিয়ে ১৮৫১ थृः अदम्ब १३ जूलारे निवत्म (वः পত্র লেখেন তাহার মর্ম এই:---আমি অনেকের মুখে শুনিয়াছি বাঙ্গালভাষায় আপনি একজন मङ्गीव श्रुकवि। আপনি যদি পরিশ্রেম করিয়া অণ্পবয়স্ক কুমার कुमादीमिटशत शार्रिमा कतर्थ अक-খানি কাব্য রচনা করেন, ভাহা रहेटन आलनात प्रभीय काटकता অবশ্যই আপনার নিকট বাধিত হই বন এবং ভাঁহাদিগের কৃত্ত-জ্ঞতার স্থকে আমিও স্বকৃতজ্ঞা স্বীকার করিব। আপনি যদি ইচ্ছা করেন, তাহা হইলে বালক-वानिकामित्रात পाठार्थ हे द्वाकी-ভাষায় যে সকল .সুললিভ কবিড়া আছে, আমি তাহার নিদর্শন আপনাকে দেখাইতে পারি। ছাহ্য ষে আপনার পক্ষে অবলয়িত विषदम् माश्यामान कतित्व, हेर् বলা বাহল্য। আরও আমি আপনাকে অমুরোধ করিতেছি, যে পুস্তক বিধিবেন তাহাতে অপ-বিত্র অথবা অল্লীলভাব বেন স্থান

এ অসবোধ

রিশেষ হেতু এই, আমি শুনিয়াছি |বিষধর ধরে বিষ, বিষে হয় হিত। আপনাদিগেব দেশের অনেক স্থ-প্রাদিক প্রসংশনীয় গ্রন্থকারগণ ঐ मिरियत रुष्ठ रहेर्ड मुक्डरहेर्ड পারেন নাই।

অসুরোধে 🤫 বেখুন সাহেবের িহিতপ্রভাকরের জন্ম হইয়াছে। কবি স্বয়ং ইহা মুদ্রিত করিয়া ্ষাইতে পারেন নাই। তাঁহার অমুক্ত পূর্বেকাক্ত রামচন্দ্র বারু এ পুস্তক মুদ্রিত করিয়াছেন। (বিদ্যালয়ের ব্যবহার্য্য বলিয়। পূর্বে ুষীকার করিয়াছি, কোন্কোন্ ুকিদ্যালয়ে ব্যবহার হইয়াছিল ভাহাও বলিয়াছি, কিন্তু একণে ইহার ব্যবহার নাই। ইটা শিকা-বিবেচনার ক্রটি বলিতে ্ সভাব व्हेदव ।

खेलाटमग्र পুস্তকখানি স্বরূপ হুইয়াছে, সামান্যতঃ নিয়োদ্ধ ত ্রুকটী কবিভা ভাহার পরিচয় ুদিবে ৷ কবিতা এইঃ—

্" খলচরিত্র। न्मकाद कत्र मटव थटलत हतूटना

नदाधम त्कर नारे, थरलद ममान । अरमद अनम करद, अनरमस्त अन

খলের তুলনা শুধু, খলের সহিত॥ সাপেরকামোডে্বটেপ্রাণেনাহিবাঁচে কিন্তু তায় বাঁচিবার, সম্ভাবনাআছে। দ্রাগুণ, জলসার, ঝাড়ান ঝোড়ানে সর্পাঘাতেকেহকেহ,বেঁটেথাকেপ্রাণে॥ ভুক্তস্পবাভাসংখয়েথাকেপরিভোষে। জগতের প্রিয় নয়, খলতার দোষে॥ থলজন নাহি বধে, কামোড় মারিয়া সর্ব্বনাশ করেশুধু, পরশ করিয়া॥ খল গিয়া ছল করি, এক জনে ধরে। সেই যোগে পরস্পার, কতলোক মরে॥ সঙ্গ আর পরশেতে, করে অপকার। পাছেডা,ছেঁচোড়ানয়,সেরপপ্রকার॥ চিত্রকরে চিত্র করে, তুলী তুলি করে। স্থরূপ, বিরূপ,রূপ, কত রূপ করে॥ চিত্রের কৌশল তার, অতি অপরূপ। সমভূমি. উঁচ্, নিচু, দেখায় ফেরুপ ॥ সেই রূপ ভাব ধরে, খলজন যত। অসভ্যেরে সভ্যকরি,ভান্ করে কভ 🎚 ভাদের অসাধ্যভাই, আছে,আর্কিবা। ष्टितारत तकनी करत, तकनिरत पिता ॥ ছলনার স্কুচনায়, সুন্দর সঙ্গতি। সভীরে অসতি করে, অসভীরে সতী। জননী না শোক পায়, খাহার মরতে।।। কেমন বিচিত্র ভাব, ধরিয়াছে ধল।

নব-প্রবন্ধ। 650 বিধাতার অগোচর, কিজানিবে নরে ॥ মুখে করে মধুরুফি, বাহিরে সরল থল কভু নাহি হয়, বিনয়ের বশ। মনের ভিতরে ভরা, কেবল গরল॥ তারকাছে,কোথাআছে, সুজনেরয়শ । বাপবোলে, সম্বোধন মুখের উপরে। প্রকাকর স্তবকর, সেবাকর যত। কত কটু কহিতেছে,ভিতরে,ভিতরে॥ বিপরীত ফল লাভ হবে ভায় তত॥ প্রকাশেতে শিষ্টালাপ কত তায়ভুর। অকপট প্রেমভাবে,প্রেম নাহি পায়। গোপনে রোপনকরে, নামের অক্কুর॥ সমাদরে তৃষ্ট নয়, এ যে, বড় দায়॥ সাক্ষাতে সন্মান করে, করিয়াচাতুরী। কুজন যন্যপি হয়, পৃথিবীর পতি। অসাক্ষাতে ইচ্ছাকরে,পেটেমারেছুরি॥ তথাচ হবেনা তার, সুপবিত্র-মতি॥ অতিশয় মায়াগটু অপরূপ ঠাট। থলজনে শিথিয়াছে, কি আশ্চর্যা নাট। মিত্ৰাৰ যত ধৰ, শক্ত ভত হয়। বিষয়েতে তুফী নয়,কেমন পাতক। ষে লয় শরণ, তাব, মরণ নিশ্চয়॥ উপকার পেয়ে হয়, গুণের ঘাতক॥ শঠ-সঙ্গ ভয়ানক, অনল সমান। বিন্ময় হয়েছি দেখে, শঠের ব্যান্তার। শঠেব সহিত বাস, না হয় বিধান॥ যাহারআপ্রেয়েখাকে, মন্দকরেভার 🛚 ধূর্ত্তলোক আপানার, কুশল কারণ। অমুগত হোয়েযাব, হিত ভিক্ষামাণে। অনায়াসে বধকরে, পরের ভীবন। তাহারঅনিউংযন, করিয়াছে আগে॥ সমুদয় পাপ কৰ্মে পট্ অভিশয়। দয়া নাই. ধর্মা নাই, নাই লজ্জা ভয় ॥ মহৎ স্বভাব, তার, মহৎ যে হয়। আগুণের সক্লি ছোলে,যেরূপ প্রকার। আগ্রায় দাতার কাছে, নত হয়ে রয়। একেবারে পোড়াইয়া,করে চারখার॥কৃতজ্ঞতা ধর্ম্মে সেই, প্রফল্ল অন্তরে। আপনার সাধা মতে, উপকার করে॥ শঠ-সঙ্গ, অবিকল, সেরূপ প্রকার। উত্তমে অধ্য করে, নাহি রাথে সার॥ কমল আশ্রয় করি, অমল কমল। বছরপী প্রায় খল, ঠাট করে কত। मध् उदर एन एन, श्रापन थन। আপনার কার্য্যকালে, ছলে, হয় নত ॥ সৌরতে করিয়া কত, গৌরব বিস্তার। আ্ঞায় জলেরে করে,শোভার আধার॥ একঠাঁই, একরূপ, ভাব নাহি ধরে। বেখানে বেমন দেখে, সেইরূপ করে ॥ সেই জ্বলে মক্রাদি, করিয়া বিহার।

ন্তুতি, নতি, প্রিয়ভাষ, এমত প্রকার।|নিরম্ভর করে শুধু, পাপের সঞ্চার।

420

উপকার কছু ভার, নাহিকরে ভুলে॥ कাজে কাজে ভার কাছে, সবে পরাভব।

দশন প্রহারে কমে, আ্রানেআছাত। আপনার ইচ্ছামত, কর্ম করে সব॥

আগ্রেছেওথেকেকরে,মূলেরব্যাখাত॥ কারে মারে কাটে, কারো লোটেপূর। কারেকারেদেশথেকে,কোরেদেয়**দূ**র॥

কোন্ স্থান হিংঅকেশ, অধিকৃত নয় ? এইরূপে তার ভয়ে, সবাই অস্থির।

কখন কিকোরেবদে, কিছুনাই স্থির॥ ষে রাজার দেশে কয়ে বসৎ অসৎ।

সে দেশেতে মাবাপড়ে, সমুদয় সৎ॥

বিশেষত শঠ যদি রাজপ্রিয় হয়। সেরাজাররাজ্যে আব, ধর্মনাহিরয়॥

সাধ-পুরে সেধে লয়, মানসিক-ক্রিয়া

রাজ্য করে ছাবখার কুমন্ত্রণা দিয়া॥

করিয়া সুহৃদ ভেদ, প্রমাদ স্বটায়।

পরস্পর প্রেমাভাব, নাহি থাকে ভায়।

কুমক্সিম মন্ত্র-দোধে, বুদ্ধির বিকার। নৃপতিরে করে নানা পাপের আধার॥

কুকুরের ল্যাক্স ভবু. ষাবেনাকো সুয়ে ॥ কেবাআত্ম,কেবা পর, গাকেনাবিচার

বিপরীত ভেষে হিত, একে করে আর॥

এরপে শঠের কথা, কি বলিব আর। শত শত চাঁই আছে, প্রমাণ তাহার ॥^১'

এীযুক্ত সম্পাদক মহাশয় সমীপেযু।

नानाविषशिगी श्रेषावली।

এক অনুঢ়া মুবতী একটা নধীন যুবককে কৈন্দ্ৰিয়া সহচনীয় প্ৰতি বলিতেছেন।

बारा नहें!

इन्हरनद्र ७ङ क७, सूरथद निवग्न । विश्धत थाटक मृतन, कुटन मधुकत। আগার ভলুক উঠে, শাখায় বানম॥ আশ্রেয় পাইয়া তার, গুণ নাহি ধরে। প্রস্পর সকলেই, অপককার করে॥ সারতাচেভ, বস্তুআচেছ, সমআচেছয়ধা। ত্রাচার ছর্জনের, সমাগম তথা।। মহতের কাছে পেয়ে, মহৎ আতায়। **স্ভাবে**র দোষে কজু, মহৎ নাহয়॥ বিষয়কে দিলে পাবে, অমৃতের জল। প্রস্ব করেন। কভু, সুমধ্র ফল। **(वेंट**धदारथं जाना पुरुष, घृजिनशा भूटग्र । আপনার কিছু মাত্র, নাহি উপকার। অকারণে কবে শুধু, পর অপকার॥ बन বিনাভাল কৰ্ম, কভু নাহি জানে। ধর্মাধর্ম, পুণ্য পাপ, কিছুনাহিমানে।। धन मार्डे, देल नांडे, अमन त्य चेल । তার ভয়ে কাঁপে সদা, সুক্রম সকল। थन यपि धनवान, वनवान, इस।

কোনমতে ভবে আর, রক্ষা নাছিহয়।

(मरभंद्र नक्त लाक, कंद्रियो अधीन।

বারণ না শুনে মন, ভাবে সদা সেইজন, যথা সেই গুণধর,

ধায় তথা নিবস্তর.

यांग्र वृत्रि खांग गांग,

· এই অবলার II

महेला।

शांव किट्स (महे मम, मानम तक्षन।

পুরিবেমনের আশ, ছঃখরা শিহবেনাশ, মনেবড় ভয়বাসি, উদিয়া সন্তাপরাশি,

সুথের সাগরে, লয়ে সে নাগরে.

সহ সে হাদয়ধন, সুখে দিব সন্তরণ।

রবে নারবে না সার.

এ ঘোর যাতন॥

महत्वा!

তুমিই উপায় মোর, দেখিলো এখন।

মরি মরি হায় হায়,

द्विगिथि! ज्यान गाय ।

করিভোরপায়নভি,এনেদেসেপ্রাণপতি,

যুড়াকু যুড়াকু মম, ভাগিত জীবন॥

আহা স্থিরে!

বর্ঞ এ আছিভাল। আইলে যামিনী, বিনে সে রভন।

সহিয়া যাতন # উহ উহু মরিমরি, হায় হায় হরিহরি, সে যাভনা সমান শমন।

এ দেখি বিষম দায়, किकतिव हांग्रहांग्र, इनिवांत मावांनल, रयन वनखन खल,

সেইরূপ করিবে দহন।

যখন কুমুমদল, কাননে ফুটিবে।

সুরভি সৌবভ ভার, যথন ছুটিবে ॥

জাল'বে বালায় বড়,

इट्स निमात्रण दला । প্রন হইয়া মনদ, লয়ে তার সেইগস্কা

ষথন বহিবে সই,

रहेव (य थून ला। ॥

প্রাণের পরম আশা, তখন ছুটিবে॥

কোটিমণিমুক্তামত, রমণীয়শোভাকত,

পরিয়া যতেক তারাচয়।

যাঁর সুবাঞ্জিভপায়, সঁপিয়াছি মনকায় হাসিয়াআমারছুথে,ভাসিয়ামনেরসুথে वाकारभटि रहेटव छेमग्र।

> তथन (कमन करत, এखदन) প্রাণধরে. সহিয়া তাদের উপহাস।

दन महे दन दन, श्रांव हरना महक्षम,

মনেকি রহিল মনোআশ ?

दिकानिक डेमान खभरन कांन नामक নায়িকার কথোপকথন।

নায়িকার উক্তি।

আমার দখিয়া কিন্তু, ওর চারুশোভা
বিমোহিত হইতেছে মন।
আহাংমরিকিবা,প্রকাশেসুবমানিভা
নাজানি আইলে বিভা,
আরো কত হয়।
(ববে পূর্ণ শশধর, রমণীয় সুধাকর,
সুথে বিভরয়॥)
বল নাথ কোধাকারে আছে তেনজন
সোকালে মদন বিধি, করিতে লজ্মন
নায়কের উক্তি।
প্রাণপ্রিয়ে বলিলে যেকথা মিণ্যান্য।
বদিও উদ্যানশোভা, বটে মধ্ময॥
কিন্তু বল ভারসনে কিকায আমার?
দেখিতাই ভার শোভাচয়?

इत्यट्ड छेमान सूर्याञ्च ।

ন্যায়েতে পরম ভোষ, দোষেতেবিষম-রোষ,

দেখিতেছি শে,ভাসব ভার।

প্রভুজনপ্রিয়যাহা, ভুত্যকরে আশতাহা

্এত নাকি হগে থাকে,

এ কোন বিচার॥

প্রস্তু হতে ন্যায়যত, তার লাভস্থল। ভবেবলকিকারনে, হেরিবসেউপবনে,

যথন হেরিব তব বদন কমল ? তবে কেন বলিছ এর্মন। হেরিভেছি মনোআমে,
ও চাঁদ বদন॥
নায়িকার উক্তি।
ওহে নাথ! কেবাভাল বলয়ে পবন।
আক্রেমআছেভাল,তুমিযদিযাওকাল,
উভয়ে একাকী হব,

পাশরি এ গুণ সব, সেই কালে উভয়েরে, করিবে দহন। জ্বালাইবে ঘারিত্র, এই প্রাণ মন॥

নায়কের উক্তি।
প্রাণপ্রিয়ে বলিলে বেকথা মিথ্যান্য।
বাদিও উদ্যানশোভা, বটে মধুম্য॥
কিন্তু বল ভারসনে কিকাঘ আমার?
দেখিতাই ভার শোভাচয়?
হ্বাধীন হইষ্বে, কেমনেতে কইভবে,

জেনেতাররীতিনীতি, হবেকোনফল।
ফদিসেজগতপ্রাণ, লোকেএইঅভিমান,
অথচ বিশুণ গুণ, দারুণ দুষণ।
ভাহাতে কি বাসেভয় আমারএমন?
ফবেতবমুখস্থা, পিয়েনাশিয়াছিকুথা,
হয়েছি ষখন আমি অমরের প্রায়।
ভখনকি ভয় আর যাতনার দায়॥

গ্রী প্রফুল্লচন্দ্র বন্দ্যোপাধ্যার পোরীমান্টার—টিটেলিয়া

১২৭৩।১২৭৪ স†লের মূল্য প্র†প্তি।					
শ্রীযুক্ত রেবরেও, জে, লং কলিকাতা (ভাদ্র হইতে প্রাবণ)					
গ্রীয়ুক্ত বা	রু চন্দ্র েশখ র রায়	•••	<u>ज</u> े	•••	•••
49	অবিন†শচন্দ্ৰ দত্ত		ঐ	• • •	• • • • •
, 9	কামাখ্যানাথ মুখে	াপাধ্যায়	ঐ	•••	••
"	হারাণচক্র বন্দ্যো	পাধ্যায়,সব	আসিষ্টান্ট	সাৰ্জন,	ৰুডিয়ানা
১২৭৪ ।১২৭৫ স†লের মূল্য প্রা*স্তি। (অগ্রিন)					
ত্রীযুক্ত বাবু	বামাচরণ চট্টোপ	'প ্ৰায় কলি	, কাতা (ভাৱ	হৈ ইভে এ	থাবণ)
**	দেবেন্দ্ৰনাথ বসু ব	গ্রশা রীপাত	ড়া ঐ (অগ্ৰহ	ায়ণ হইতে	চ গার্ভিক)
,,	প্রভাপচন্দ্র মিত্র	•••	ট (অগ্ৰহায়	ণ হইতে	বৈশাখ)
,,	নবগোপাল ঘে			ট সাজন	া, আর্বা
	(কার্ত্তি	ক হইতে	অ⊹িখন)	•••	• •

নবকিশোর সেন, ডেপুটী ইনেম্প্রুটর, গ্রিহট

হীবালাল চড়োপাধ্যায় ... বালেশ্ব

शीविन्मठन शायान

শিবচন্দ্র মলিক রাধামাধব দাস দামোদরপ্রসাদ দ উমেশ্চন্দ্র মঞ্চল

39

দেশীয় ও বিদেশীয় গ্রাহকগণের প্রতি।

দেবেন্দ্রনাথ বসু এখিরপুর, যশোহর (ভাদ্র ইভে প্রাবণ) ৩

১২৭৩ সালের ভাজ মাস হইতে যাঁহারা নব-প্রবন্ধের অগ্রিম বার্ধিক ও কাল্ঞাইত ষাণ্যাসিক মূল্য প্রদান করিয়াছিলেন, গড প্রাবণ মাসে তাহা নিঃশেষিত হই য়াছে। অপর যাঁহারা গড বৈশাধ হইতে ষাণ্যাসিক প্রদান করিয়াছিলেন, তাঁহাদি গের মূল্যও পরিশোধ হইরা গিয়াছে; একলে পুনর্বার বার্ষিক বা যাণ্যাসিক মূল্য প্রদান করিবনে; যদি এক মাস মধ্যে মূল্য প্রদান না করেন, তবে তাঁহাদিগের দত্ত মূল জাগ্রিম বলিয়া পরিগণিত হইবে না। যাঁহারা অগ্রিম মূল্য দিতে ইচ্ছা না করেন, তাঁহারা এবং স্থাহাদিগের নিকট অদ্যাবধি গত বংসরের মূল্য বাকি রহিয়াছে, তাঁহারাও অবিলয়ে আমাদিগের প্রাপ্য পরিশোধ করিবেন, ইহাতে অন্যথা হইলে আমার হুঃধিভান্তঃকরণে তাঁহাদিগের নাম ধাম প্রকাশে অগত্যা বাধিত হইব।

আমাদের মকস্বদীয় প্রাহক মহাশরেরা জ্ঞাত আছেন যে, অপ্রিম মূল্য প্রদান ন করিলে এই নবপ্রবন্ধ পত্র কাহারও নিকট প্রেরণ করা যায় না; কিন্তু এ পর্যান্ত অধিকাংশ

नव-ध्यवक्ष भटकत निष्ठमावली।

- ১। যদি কেহ মাসুল না দিয়া পাত্রাদি প্রেরণ করেন, ভবে ভাহা হণ করা যাইবেক না।
- ২। গ্রাহকমহাশয়েরা মূল্য প্রেরণকালে যেন এক আনার অধিক লাের ডাকের টিকিট না পাঠান।
- ৩। মফস্বলীয় গ্রাহক মহাশয়েরা অগ্রিম মূল্য না পাঠাইলে এই পত্ত দান করা ষাইবেক না।
- ৪। ষাঝাসিকের স্থান কাহারও নিকট অগ্রিম মূল্য গৃহীত হই-কেনা।
- ৫। কেহ এই পত্তে বিজ্ঞাপন প্রকাশ করিতে ইচ্ছা করিলে ভাঁহাকে।
 ক্রিবারে প্রতি পংক্তিতে এক আনা দিতে হইবেক।
- ৬। এই পত্র ঘাঁহার প্রয়োজন হইবেক, তিনি ঘোড়াসাঁকো বলাদিদের ফুনটের ১৮।২ নং ভবনে প্রীযুক্ত তিনকড়ি ঘোষালের নিকট থবা থ্যাকার ইম্পিক্ক এণ্ড কোম্পানির আফিনে প্রীযুক্ত হরিমোহন ক্ষাকারের নিকট পত্র লিখিলে প্রাপ্ত হইতে পারিবেন। মফম্বলে ক্ষাকারের একজিকিউটিব ইপ্লিনিয়র আফিসের কেসীয়ার প্রীযুক্ত হীরালাল চটোপাধ্যায়ের নিকট ও ঢাকার হিন্দুহিতিষিণী সম্পাদক প্রীযুক্ত বিশ্বার বিষ্কৃত্ব কিলট, মেদিনীপুর কালেক্টরীর হেড্রাইটর প্রীযুক্ত বিকুমার বস্থার নিকট এবং কুমারখালীতে প্রামবার্তা প্রকাশিকা সম্পাদক প্রীযুক্ত হরিনাথ মজুমদারের নিকট তত্ত্ব করিলে প্রাপ্ত হইতে পারিক্রন। এই পত্রের

মাসিক মূল্য ৷e

যার্থাসিক মূল্য ... ১ ৷/০

বার্থিক মূল্য ... ২ ৷৷০

বিনা বাক্ষরকারীর প্রতি প্রত্যেক পর্বের মূল্য ৷/০

ডালমাস্থল প্রতি সংখ্যায় ... /০

বিজ্ঞাপন।

আমাদের ম্বপুৰন্ধের ১ম ভাগের ৮ম সংখ্যা আবিশাক হইরাছে। বঁদি কেহ বিক্রয় করিতে ইছো করেন, আমার নিকট পাঠাইলে মূল্য পুার্ঝ



NABAPROBUNDHA

MONTILLY MAGAZINE.

নবপ্রবন্ধ।

মাসিক পত্র।

সদর্থসন্দোহবিচারসন্ধঃ প্রশান্তর্তাত্তরতানুসন্ধঃ। সমস্তসামাজিকচিত্তবন্ধঃ পরীক্ষ্যতামেষ নবপ্রবন্ধঃ॥

দ্বিতীয় ভাগ কাল্গুন, ১২৭৪। , মাদিক ।০ ১১শ সংখ্যা সার্চ্চ, ১৮৬৮। আগ্রিমবার্ষিক ২।।০

কিরাতার্চ্জুনীয় ৬২১ ব্রুতন পুস্তকের সমালোচন ৬৬৫ অরিষ্টকীর্ত্তন ... ৬২৭ অপুর্যাকারাবাস ... ৬৬৭ অবাধ্য বালকের দুর্দ্দশা ৬২৯ মনোত্তমা ... ৬৪৫

কলিকাতা।

আমহার্চ ফ্রীট্ ৩৪।১নং ভবনে কার্যপ্রকাশ যন্ত্রে শ্রীকালীকিল্পর চক্রবর্ত্তি কর্ত্তক মুদ্রিত।

মৰপ্রবন্ধ কার্য্যালয়। যোড়াসাঁকো বলরাম দেব টি ট ১৮। ২ নম্বর ভবন।

Price 5 annas.

মূল্য। /০ আনা।

বিজ্ঞাপন।

আমরা কলিকাতার অন্তঃপাতি উত্তর বরাহনগর নিবাসী এীযুক্ত ক্ষেত্রনাথ মুখোপাধ্যায়কে নবপ্রবন্ধের অধ্যক্ষ পদে নিযুক্ত করিয়াছি। নবপ্রবন্ধ এবং নবপ্রবন্ধ কার্যালয়ের বিক্রেয় পুস্তক সকল মুখোপা– ধ্যায়ের নিকট তত্ত্ব করিলে প্রাপ্ত হওয়া ষাইবেক।

সম্পাদক।

বিজ্ঞাপন।

আমাদের নবপ্রবন্ধের ১ম ভাগের ৮ম সংখ্যা আবশ্যক হইয়াছে। যদি কেহ বিক্রয় করিতে ইচ্ছা করেন, আমার নিকট পাঠাইলে মূল্য প্রাপ্ত হইবেন। সম্পাদক।

বিজ্ঞাপন।

বোড়াসাঁকোন্থ হিতৈষিনী পাঠশালা।

প্রায় বৎসর তায় অতীত হইয়ছে, উপরোক্ত পাঠশালাটি স্থাপিত হয়। একণে উহার কার্ম্য যোজাসাঁকো বলরাম দের ক্রীটে ২১ সংখ্যক ভবনে হইভেছে; বালকগনের বেতন অবস্থা বুঝিয়া আট আনা। এই পাঠশালা প্রাভঃকাল হইভে বেলা ১০ ঘন্টা পর্যন্ত ও তিন্টা হইভে সায়ংকাল পর্যন্ত খোলা থাকে; প্রাভঃকালে ডাল্পাতা কলাপাতা ও কাগজে লেখা এবং অস্ক শ্রেণী বিভক্ত হইয়া পাঠ্য পুস্তক সকল পাঠ করে এবং মৌখিক নীতি শিক্ষা ও পশ্যাদির বিশয় শিক্ষা করে; বালক সংখ্যা প্রায় ৬০। ৪০টি ঐ সঙ্গে একটি বালিকা বিদ্যালয়ও খোলা যাইবেক, ডাহাদিগের আর বেতন থাকিবে না এবং বাক্সালা ১২৭৫ সালের ১৫ আযাঢ় হইতে ২৫ আষাঢ় পর্যন্ত যে কোন বালক পাঠশালা ভুজাভিলাবী হইবেক ভাহাদিশগের নিকট হইভে ৩০ চারি আনা হিসাবে বেতন লওয়া। যাইবেক এই পাঠশালার ৮টি প্রেণী আছে, ডাহাদিগকে পরীক্ষা করিয়া যে বালক যে প্রেণীর উপরুক্ত, হইবেক তাহাদিকে সেই প্রেণীতে নিমুক্ত করা যাইবেক।

জীবিজয়নাথ মুখোপাধ্যায়
সম্পাদক।

নবপ্রবন্ধ।

মাসিক পত্র।

সদর্থসন্দেশহবিচারসন্ধঃ প্রশান্তর্তান্তর্কতানুসন্ধঃ। সমস্তসামাজিকচিত্তবন্ধঃ পরীক্ষ্যতামের নবপ্রবন্ধঃ॥

দিতীয় ভাগ ফালগুন, ১২৭৪। বাসিক মূল্য...।০ ১১শ সংখ্যা। মার্চ, ১৮৬৮। আগ্রম বার্ষিক ২॥০

কিরাতার্জ্বনীয়।

<u>~~~₹®®3:-~~+</u>

পঞ্চম দর্গ।

ক্ষাত্র ক্ষাত

জন্যই এরপে উন্নত মন্তক হইয়াছে? যাহাকে দর্শনমাত্র লোকের অন্তরে এইরপ ভাবোদয় হইয়া থাকে, ও এক ভাগে
তপনমগুল উদ্দীপ্ত কিরণরাজি
বিস্তার করাতে ও অন্যভাগে নৈশ
তম বিরাজিত থাকাতে যে হিমাচল পৃষ্ঠদেশাল্ঘিত গজ্চর্ম্মধারী
দেবদেব মহাদেবের অউহাদ্যের
অনুকরণ করিতেছে, মহাবীর
অর্জ্বন তপদ্যার্থ দেই ভূধররাজ
হিমাল্যে গমন করিলেন।

তথন সেই কুবেরানুচর যক্ষ হিমালয়কে উদ্দেশ করিয়া অর্জু – নকে বলিতে লাগিল, মহাশয়া এই হিমালয়ে ভুচর থেচর ও স্থর–

সমুদায় করি-লোক তেছে, অথচ কেছ কাছারও আবাসস্থল লক্ষ্য করিতে পারি-তেছে না, ইহাতে বোধ হই-তেছে ভগবান শশিশেখর আপ-নার প্রভুত্ব প্রখ্যাপনার্থই বুরি এই হিমালয়কে ত্রিভুবনের প্রতি-নিধিস্বরূপ নির্মাণ করিয়াছেন। এই হিমালয়ের শিখর সকল অনস্থের ন্যায় শুদ্রবর্ণ হওয়াতে ও গুহা দকল মুদীপ্ত রত্তরাজিতে বিভ্ষিত থাকাতে সৌদামিনী-খচিত শারদীয় মেঘমগুল কি পরাভত হইতেছে না ১ কোন ছলে উদ্দীপ্ত রত্তবাজি পট-মগুপ সম্ভূশ শুভ্রবর্ণ কিরণমাল।

মঞ্জ সন্থাশ শুত্রবর্ণ কিরণমাল।
বিস্তার করিতেছে, স্থরবধ্ কর্ক্ক
উপভুক্ত লভাগৃহ সমুদায় বিরাজিত রহিয়াছে এবং পুজ্পাদামে
বিভূষিত পুজ্বন সমুদ্য বিক্সিত
রহিয়াছে, ও অত্যুন্নত শিলামধ্য
রূপ গোপুর সমলস্কৃত ও পুর্নোক্ত
পটমগুপাদি সদৃশ রত্নকিরণাদি
রূপ সম্পাদ পরিব্রত নগরীই যেন
বিরাজিত রহিয়াছে। সৌদামিনী
বিরহিত গর্জন পরিশূন্য বারিবিহীন পাগুবর্ণ শর্মোঘ ইহার
নিতত্ব ভাগে বিলত্বিত থাকাতে

হিমাচলকে সঞ্জাতপক্ষের ন্যায় অনুমিত হইতেছে। এই হিমা-লয়স্থ নদীগণের অবতার সকল দমবিষমভাবে অবস্থিত রহিয়াছে, আকর জাত মাতঙ্গরন্দে উহার ভটভাগ ভগ্ন করিয়াছে ও অব-গাহনাদিতে বিশেষ উপযোগী মলিল রাশির উপরিভাগে বিক-সিত পদাদামে বিভূষিত পদাবন সকল সাতিশয় শোভা ধারণ করিয়াছে। কোন স্থলে নব্রিক-সিত জপাক†ন্তির অনুরূপ ক†ন্তি-বিশিষ্ট পদারাগপ্রভৃতি মহামূল্য রত্রনিকরের কির্ণমালা কাঞ্চন ভিত্তিতে নিপতিত হইয়া অনুসু-মেয় সন্ধ্যারাগ বিস্তার করিয়াছে। কোন হলে কদম্বক্ষে স্থলতর কদম্বনকল প্রস্ফুটিত রহিয়াছে, কোন হলে নীলবর্ণ ত্যালমালা বিরাজিত রহিয়াছে এবং ক্ষরিত-গণ্ড মধুবমুর্ত্তি করীসকল স্থানে স্থানে বিচরণ করিতেছে।

এই হিমাচলের শিলোচয় সকল রত্তরাজি বিরাজিত গুহাভাগ সকল লতাগৃহ সম্পন্ন, নুদীগণ বিক্সিত শতদলে ও পুলিনভাগে সমলস্কৃত এবং রক্ষ সকল কুম্বম নিক্রে নিরস্তর সুশোভিত হইয়া

রহিয়াছে। কোন স্বলে সুরবধূগণ মেখলাদামে নিগড়িত নিবিছতর জ্বনমপ্তল ছারা নদীস্লিল আ-পীড়িত করিতেছে। কোন স্থলে कां मिनी-कूल-कमनीय तकूल कूल মর্পকুলে আকুলিত হইতেছে। कान ऋल भिथतमश्लक्ष वियमवर्ग হিমখণ্ড নানাবিধ মণিপ্রভায় ইন্দ্র-চাপের অনুকরণ করিতেছে, এবং কোথাও বা হিমশুভ্র ইন্দ্রচাপ বিরাজিত প্রকৃত মেঘমগুল কেবল মাত্র গৰ্জন দ্বারাই অনুমিত হই-তেছে।

এই হিমাচল হিমানীবিষদ অসংখ্য মন্তক দারা মেঘ্মার্গকে সহস্র সহস্র ভাগে বিভক্ত করি-তেছে, ও দর্শনমাত্র লোকের পাপরাশি বিন্ঠী করিতেছে। আত্মপুরুষের ন্যায় ইহার অন্ত-র্ভাগ যে নিতান্ত দুর্গম, তাহা দুর্কোধ শাস্ত্রাদিতেই প্রমাণ করি-তেছে এবং ঐ जाज्यश्रुक्रस्त नाग्र ইহাও যে অতিগহন ও দিগ ব্যাপী, তাহা স্বয়ং পদ্মযোনিই বিশেষ অবগত আছেন। ইহার মনোহর পল্লবপুষ্পবিরচিত লতা-বিক্ষিত প্রাদল সম-লক্ষ্ট সলিলরাশি সন্দর্শন করিলে

ধীরসভাবা রম্নীরাও সারিকার ভি অবলম্বন করিয়া পাকে। এই হিমালয় ন্যায়মা-র্গানু সারী ভাগ্যবানদিগের একান্ত স্থলভ ও ধনাধিপ কুল-সম্ভোষদায়ক অত্যুৎকৃষ্ট মহাপদাদি ধনরাশি দ্বারা পরি-পূরিত হওয়াতে সর্গ মর্ত্ত পা-তাল ত্রিভুবনকে অতিক্রম করি-য়াছে। যাঁহার মহিমা তিভুবন মধ্যে কোন ব্যক্তিই পরিজ্ঞাত নহে, দেই ভবানীপতি ইহাতে বাস করিতেছেন, তথন ত্রিভুবন মধ্যে ইহার সদৃশ উৎকৃষ্ট কোন পদার্থই বিদামান নাই।জন-গণ জন্মজর†বিহীন প্রম প্রিত্ত ব্ৰহ্মপদলাভে অভিলাষী হইলে আগমের ন্যায় তমোনাশক এই হিমালয় হইতেই ভববন্ধছেদনক্ষম সদ্জ্ঞান লাভে সমর্গ ইইয়া থাকে। ইহার কোন কোন স্থলে শয্যা-

হার কোন কোন হলে শব্যাভাগ অলজরাগ রপ্তিত, কুসুম
কেশরে থচিত ও ক্লিট কুসুমনিকরে পরিব্যাপ্ত থাকাতে স্থনকামিনীদিগের উদ্রোজ রাগজনিত
অত্যুৎকট সুরত বিশেষ সূচিত হইতেছে। নয়শালী ভুবনপুজিত
ভূপতির নিকট সম্পদরাশি যেরপ

আধারভগবলত স্বীয় মহিমা সেইরপ প্রকাশে সমর্থ হয়, এই হিমালয়-ত্রিভুবনপূজিত জাত ওষধিসকল সন্ধ্যাদি গুণ সা-হায্যে প্রকাশক্ষম জ্যোতি সহকারে হইতেছে ৷ প্রত্বলিত নিরস্তর कूततीनिनारम হিমাচল এই হইতেছে, নিন†দিত নিরস্তর কুমুমগুচ্ছ পরিশোভিত রুক্ষমমূহে পরিপূর্ণ রহিয়াছে, বরণ রক্ষে আব্রিত রহিয়াছে এবং সন্তাপ-নাশক উষীরমপ্তিত করিদিগের তরক্ষিণীশালায় সত্যোষদায়ক নিরস্তর কল্লোলিত হইতেছে। এই হিমালয়ে মদসেকলিপ্ত দেব-হস্তীদিগের কপোলঘর্ষণ স্থলে ভ্ৰমর্মালা নিপ্তিত হইতেছে ও কোকিলগণ-বিক্ষিত আয়ু-মুকুলের অনুরূপ গন্ধবিশিষ্ট উহার গন্ধে আফুট হইয়া অকালে উন্মন্ত इहेग्रा उठिग्राहा এই हिमा-চল নিরন্তর প্রচলিত অপুসরা-দিশের নিতম্বমগুল দারা সাতি শায় সুঞ্জীকতা ধারণ করিতেছে মুম্বন প্রবাহিত প্রবাহসমূহে পরিব্যাপ্ত রহিয়াছে, এবং ই-হাতে মর্তালোকের একান্ত দু

প্রাপ্য অধোলোকরক্ষিতা বাস্থ-

কীর সাতিশয় প্রিয়তর অমৃত-রাশি অবস্থিত রহিয়াছে। স্থর-স্থুন্দরীরা এই স্থলে আগমনপূর্মক মনোহর লতারাজিকে ভবন ও হরিচন্দনের নুতন প্রবাল রাশিকে শয্যা কল্পানা করিয়া রতিশ্রমা-পহারী নলিনী দলবায়ু অনু-বিহার**স্থ** করত যখন উপভোগ করিয়া থাকে, তখন কি তাহাদিগকে এককালে স্থৰ্গ সুখ বিষা,ত হইতে হয় না? পাৰ্কতী এই इलारे जल मध्या निमध হইয়া মহাদেবের জন্য কঠোর তপদ্যা করিয়াছিলেন এবং মহা-দেবও ভবানীর জলজন্ত বিলজ্ঞান-জনা চঞ্চল লোচন দ্বারা তপ্স্যা হইতেও সমধিক আকৃষ্ট হৈইয়া স্বেদকণলাঞ্জিত করদারা উহার কর† গ্র ধারণ করিয়াছিলেন। দেবা-হ্রগণ মন্ত্রসহায়ভূত যে মন্দ্র পর্মতকে অনন্তর,জ্জুতে বন্ধন করি-য়া জলনিধি মন্থন করিয়াছিলেন ও যাহার ব্যবর্ত্তন জন্য জলরাশি আলোড়িত হওয়ায় পাতালতল পরিক্ষুট হটয়াছিল, ঐ সেই মন্দরাজি নভোমগুল বিদীর্ণ ক-রিয়া অবন্ধিতি করিতেছে। এই পর্যতে হংসবিষদ স্ফটিক ও রঞ্জ-

তময় ভিত্তিকান্তি বিচ্ছুরিত হইয়া সমধিক শোভা পাইতেছে, কিন্তু উদ্ধৃভাগ নী-লাভ ইন্দ্ৰনীলে খচিত থাকাতে মধ্যাক্ত সময়েও স্থ্রিঞ্ধ জ্যোৎস্না-কান্তি বিস্তার করিতেছে। ই-হাতে ললিত ললনাদিগের জবি-লান সদৃশ তরক্ষিত সলিল মধ্যে **अञ्चलक मृतू अवन होत्र।** विक-ম্পিত হওয়াতে বিলাস স্থত্যের অনুকরণ করিতেছে। এই পর্মতেই ভগবান ভবানীপতি ভবানীর পাণি গ্রহণ করেন ও পাণিগ্রহণ কালে পরিণেতার হস্তবিগলিত সর্পর্য কৌতুক সূত্র দর্শনে পা-র্বভীর লোচনযুগল ভয় জন্য ও দেহযষ্টি সন্ত্রিকভাব বিকম্পিত হইয়া উঠে। নভো-মগুল প্রসারী বহুসংখ্য তপন রশ্যি এই হিমালয়স্ত স্ফটিক মণি-কিরণে মিশ্রিত হইয়া সহস্র সংখ্যা অতিক্রম করিতেছে। যক্ষাধিপ कूरवत प्रवासवाक महुके कति-বার মানসে যে স্থলে উন্নত তোরণ সমলস্কৃত পুরী নির্মাণ করিয়া-ছिल्नन, शिमाहुत्नत उपास्तवर्ती के मह रिक्लाम भर्वा त्रविरक অকালে অন্তমিত করিতেছে।

ঐ পর্কাতের গুহান্থিত রত্নরাজির কিরণমালা বপ্রান্তরে সংক্রামিড হইয়া যে অননুমেয় ভিক্তিশঙ্কা সঞ্জাত করিয়াছিল, নিরস্তর প্রবা– হিত বায়ু সঞ্চার জন্য সেই সন্দেহ নিরাকৃত হইতেছে।

এই ভূধর সঞ্জাত শব্দাবাশি কদাপি পুরাতন হয় না, ললিনী-**দল मर्यामाই भाग्यल মৃত্তি পরি-**গ্রহ করিয়া রহিয়াছে, ও নানা বর্ণ কমুমস্তবক সমলস্কৃত তরুরা-জির পল্লবদল সর্মদাই অপরিণত রহিয়াছে। নবপক্ষ সংস্থাদিত শুকাবলির ন্যায় কোমল মূর্ত্তি মরকতমণি এই পর্বতের প্র্যান্ত রহিয়াছে দে-পর্য্যস্ত খিয়া বালতুণ বোধে হরিণীগণ ভোজনার্থ প্রব্ত হইয়া অবশেষে যাহাদিগকে পরিত্যাগ করিয়াছে, ঐ দেখুন সেই সরকত মণি রবি-সম্পর্কে কিরূপ কান্তি বিস্তার-করিতেছে। বিক-দিত স্থলপদা বন হইতে উথা-পিত বাত্যামগুলিত পদ্মপ্রাগ নভোমগুলে মুবর্নয় আতপত্র-শোভা বিস্তার করিতেছে। পম্বতে সুরতরক্ষিনীর তটভাগে य अम्भने निकिश त्रिशाहर

উহার বামপদ্বী অলক্তরাগান্ধিত ও ক্ষুদ্রতর এবং দক্ষিণপদবী অলক্তরাগপরিশূন্য ও অপেকা-কৃত বৃহত্তর হওয়াতে নিয়মসম্পন্ন হরগোরী মূর্ত্তির প্রাভাতিক প্র-দক্ষিণ ক্রিয়া সূচিত করিতেছে। রজতভিবি প্রতিফলিত ও চঞ্চল শাখান্তর বিগলিত তপনকররাজি আদর্শ বিষের সারূপ্য লাভ করি-য়াছে। প্রকাশু দেহ বিশিউ এবং উচ্চতম শৃঙ্গার্মট গণাধিপতি মহাদেবের ব্লভদশনে সুরবধূরা নবোদিত সম্পূর্ণ মগুল শশধর অনুমান করিতেছে। লঘুতর বারি-বিহীন ও খণ্ডিত কলেবর জল-ধরমগুলে যে থপ্তিত ইক্রধনু সঞ্জাত হইয়াছে, নানাবৰ্ণ মণি কিরণ উহার খণ্ডিত ভাগ পুরণ ক-রিয়া দিতেছে। এই পর্ক তেই হর শেখরীভূত শশীকলা প্রতি যামি-নীতে অমৃত কণলাঞ্জিত কিরণ-মালাদারা অভিনব সঞ্জাত তরু লতাপল্লব মৃদিত করিয়া অর-ণোর পর্যান্তভাগ ধবলিত করি-তেছে। যে পক্ষতি বনজাগ পর্য্যন্ত প্রসারিত স্থবর্ণ কান্তি দারা প্রাবারবেষ্টিতের ন্যায় অনুমিত হইতেছে, আপনার পিতার অ-

তান্ত প্রিয়তর এই সেই ইক্রকীল পর্কত সমাধে অবস্থিত রহি-য়াছে। এই পর্বতে স্কুবর্ণময় ভট-ভূমি সঞ্জাত লতারাজি প্রন-বেগে বিকম্পিত হওয়াতে রবি-কর প্রতিফলিত মুবর্ণকান্তি চপ-লার ন্যায় বিলসিত হইতেছে। হরিচন্দন রক্ষের ক্ষরভাগ মদ-স্থাতি থাকাতে বোধ হইতেছে, দুর হস্তীরা এই মাত্র এই স্থল **क्यिश शमन क्रिशट्ट । शमनकाटन** উহাদিগের গগুস্ল রক্ষক্ষে ঘর্ষিত হওয়াতে যে প্রকাঞ্কায় সর্পাণ ভূমিতলে নিক্ষিপ্ত হইয়া-ছিল, অদ্যাপি তাহারা সেই নিপতিত রহিয়াছে এবং রবিকির পরাকি সজল জল-ধরকান্তি ইন্দ্রনীলমণি রশ্মিতে বিচ্বুরিত গুহাড়াগে নিপতিত হইয়া তিমির বিমিশ্রিত শিখা-ছারা গুহামধাগত, রত্নকির সূ-চিত করিতেছে। মহাশয়! এইস্থলই তপশ্চর-ণের বিশেষ উপযুক্ত, আপনিও সাতিশয় ভদ্রস্ভাব, তথাপি হিতজনক কার্যাসুধন করিবার সময় বছবিধ বিল্ল উপস্থিত হইয়া মৃত্যকার্য্যের নানা প্রকার বাধা

উৎপাদন করিয়া থাকে, ইন্দ্রিয়াশ্ব সর্কাদা উৎপাগামী হইতে
চেটাপায়, অভএব সাবধানপূর্বাক
মহর্ষির আদেশানুসারে ক্ষত্রিয়ধর্মে অবস্থিত ও প্রমাদ পরিশূন্য হইয়া এইস্থলেই তপস্যা
আচরণ করেন। ভগবান্ উমাপতি আপনারে তপোক্রেশনিবারণক্ষম সাধুপ্রবৃত্তি প্রদান করেন।
লোকপালগন আপনার তপোবলরক্ষা করেন ও কার্যক্রেমকরী
সমধিক কলশালিনী অনুষ্ঠান
পদ্ধতি আপনাকে প্রদান করেন।
ভামি এক্ষণে আমার আবাসস্থলে
চলিলাম।

এইরপ হিতোপদেশ প্রদানপূর্ণক কুবেরানুচর যক্ষ গমন করিলে অর্জুন কথঞ্জিৎ, উন্মনক্ষের ন্যায় হইয়া উঠিলেন, সাধুবিরহ সংঘটিত হইলে যথন সজ্জনমাত্রেরই অন্তঃকরণ আবুলিত হইয়া থাকে তখন যে অর্জুন এরপ উৎক্ষিত হইবেন, তাহাতে আর আশ্চের্ণের বিষয় কি?

শনস্তর সেই মধুরমুর্ত্তি অর্জ্জুন এবং যে ব্যক্তি স্বপ্নেতে মহাবল মানসবেগ কথঞ্চিৎ সংবরণ করিয়া সংক্ষের বাক্যানুসারে সেই সারবান করিতে কি বাচালতা প্রকাশ অনতিক্রমনীয় অচিরভাবী কলো-

ৎপাদক স্থালতর সেই অভীপ্রিত ইন্দ্রকীল ভূপরে স্বকীয়
পুরুষকারের ন্যায় আরোহণ
করিলেন।
ইতি ভারবিক্ত কিরণভার্জ্বনীয়
মহাবাবেয় পঞ্চম সর্গা

অরিফকীর্ত্তন। মার্কণ্ডেয় পুরাণান্তর্গত অলর্ক-দক্ষাত্রেয় সম্বাদ। ২৬৩ পৃষ্ঠার পর।

বাজি স্থপ্নেতে ঋক নামক বানরে আ-কাত হইয়া স্থললিত কালিকালিকৈ সঙ্গীত সহকারে দক্ষিণাভিমুখে গমন করিতে থাকে, তাহার জীবনকাল আর মুহুর্ত্ত মাত্রও অবসর প্রার্থনা করে না। স্থপ্নেতে রক্ত কিম্বা কুফাল্বর-পরিধারিণী কোন রমণী গান কিম্বা হাস্যা করত যাহাকে দক্ষিণ-দিক হইতে অন্যত্র লইয়া যায়, এবং যে ব্যক্তি স্থপ্নেতে মহাবল পরাক্রান্ত বিবন্ধ ক্ষপণককে হাস্য করিতে কি বাচালতা প্রকাশ করিতে দেখে, সেই ব্যক্তির মৃত্যু-

কাল অতি নিকটবন্তী। যে স্থ প্লেতে আপুনার মন্তক পঙ্কিল সাগরের তল্ভাগে নিম্ম দেখে, তাহার সদ্যোস্ত্য উপস্থিত। যা. হার স্বপ্লেডে কেশ, অঙ্গার, ভ্যা मर्भ उ कलभूगा नमी প্রতাক্ষীভূত হয়, তাহার একাদশ দিবস পরে নিশ্চয়ই মৃত্যু সংঘটিত হইবে ৷ ভয়-ক্ষরমূর্ত্তি বিকটাকার ও উদাতা-য়ুধ কৃষ্ণবৰ্ণ পুরুষগণ যে ব্যক্তিকে স্বপ্নাবস্থাতে প্রহার করে, সেই ব্যক্তির মৃত্যু সদাই সংঘটিত रहेरत। मूर्यारमत উদিত हहेल শৃগালগণ সুদীর্ঘ চীৎকার সহকারে যাহার সম্মুখীন হয়, তাহার স্বাভাবিকই আর অস্বাভাবিকই হউক, মৃত্যুকাল নিকটবন্তী হই-য়াছে।ভোজনমাত্রই যাহার আ-বার ক্ষুধায় উদর আফুল হইয়া -উঠে এবং দস্তে দস্ত বিঘর্ষিত হ-ইতে থাকে, নিশ্চয়ই তাহার আয়ু निःश्मिषिठ इंदेशाहि। यं तालि দীপগন্ধ অমুভব করিতে সমর্থ না হয় এবং কি দিবা কি রাত্রি সর্বা– माइ ज्य मर्भन करत, অथवा अरनात নয়ন ভারকামধ্যে আপনার প্রতি-विश्वि पूर्जिनर्गत समर्थ ना इश्न, দে ৰুদাপি জীবিত থাকিতে সমৰ্থ

হয় না৷ निभीशमभाग्र डेक्सपू ও দিবাভাগে এহগণ যাহার প্র-ত্যক অনুভূত হয়, সে যেন আপ-नात जीवनरक विनचे अपय विरव-চনা করে। যাহার নাসিকা বক্ত ও কর্ণদ্ব ঈষৎ উন্নতানত হয়, এবং বামনেত্র হইতে অনবরত জল-ধারা বিগলিত হইতে থাকে। তাহাকে অবিলয়েই মৃত্যুমুখে নিপতিত হইতে হইবে। যথন লোকের বদনমগুল আর্ক্তিম ও জिহ्ব। भागमनवर्ग इहेग्रा उटिह, প্রাজ্ঞগণ তখনই তাঁহাদিগের মৃত্যুকাল নিকটবন্তী হইয়াছে, বিবেচনা করিবেন। যে ব্যক্তি স্ব-প্লেতে উক্ত কিন্তা রামভে আরো-হণ করত দক্ষিণাভিমুখে যাত্রা করে। তাহার সদাই মৃত্যু সংঘ-টিত হইবে। ইয ব্যক্তি হস্তদারা আপনার কর্ণদ্ম আবরণ করিয়া স্বীয় কণ্ঠবিনিগতি শব্দ শ্রবণে অসমর্থ হয়, এবং যাহার চক্ষুর জ্যোতি বিনষ্ট হইয়া যায়, তাহার मृज्यकाल निकरेवर्खी रुईग्राट्ट। य ব্যক্তি স্বপ্নে আপনাকে কোন গৰ্জে নিপতিত দেখে, এবং পতন মাত্র যদি এ গর্ভদার রুদ্ধ হইয়া উহার নির্গমের বাধা

করে, তাহা হইলে পণ্ডিতেরা উহার অপর দেহ কণ্পনা করিয়া থাকেন। र्य यक्ष अधि कि मलिनमधा প্রবেশ করিয়া যদি তাহা হইতে নিৰ্গত হইতে সমৰ্থ না হয়, তাহা হইলে তাহার জীবনকাল সেই পর্যান্তই নিঃশেষিত হইল। রাত্রি কি দিবস মধ্যে যে ব্যক্তি দুরাচার ভূতগণ কর্ত্তক আহত হয়, তাহা হইলে সেই সময় হইতেই তাহাকে মৃত্যুমুখে নিপ-তিত হইতে হইবে। যাহার ঊর্জু-সংক্রানিত ছষ্টি আর সুসংস্থিত না হয় ও পরিবর্ত্তিভাগ লো-হিত বৰ্ণ হইয়া উঠে এবং বদন হইতে অবিরত উন্না বিনির্গত হইতে গাকে, অথবা নাভিদেশ মুশীতল হইয়া যায়, তাহাকে সপ্ত রাত্রি শেষে মৃত্যুমুথে নিপ-তিত ইহতে হইবে। যে ব্যক্তি স্বীয় পরিহিত শুক্ল বস্ত্রকে রক্তবর্ণ নিরীক্ষণ করে, তাহার মৃত্যু অতি নিকটবৰ্ত্তী ৷ সভাব কি প্ৰাকৃতির বিপর্যায় সংঘটিত হইলে মৃত্যুর আর অধিক কাল অবশিষ্ট থাকে না ৷ আসন্ন কাল উপস্থিত হইলে লোকে গুরুজন ও পূজা ব্যক্তিদি-গের নিন্দাবাদে প্রবন্ধ হয়,

দেবগণকে অর্চনা করে না, ব্রাহ্মণ ও মাননীয় রুদ্ধের নিন্দা করিয়া থাকে, পিভামাতা ও জামাতার সন্মাননা করে না। এবং জ্ঞান-রুদ্ধ যোগী কি অন্যান্য সদাশয় ব্যক্তিগণের অব্যাননা করিয়া থাকে?

অলর্করাজ! এই আমি তোনার সমকে সমুদায় অরিষ্ট সবিশেষে কীর্ত্তন করিলাম; কিন্তু
যোগিগণ সংবৎসর পরে ইহার
ফলাফল প্রাপ্ত ইইয়া থাকেন।

অবাধ্য বালকের দুর্দ্দশা। (রাক্ষস-কবলে)

২৩১ পৃষ্ঠার পর।



ক্ষম বলিল, ভুই কির্পা বকিতে-ছিমূ? বালকেরা কোনু কাজে আ-

ইনে, আমি তাহা জানিতে চাহি। তোর মাকেমন আশ্চর্য্য স্ত্রীলোক? যাহা হউক, আর তোকে অধিক কিছু বলিতে ইচ্ছা

করি না। এই বলিয়া প্রিয়ের হস্ত-ধারণ করিয়া নিজ পুরীমধ্যে

লইয়া গেল। তথায় পৌছিবা-মাত্র ঝুলিস্থ বালকদিগকে একটা রুহৎ গহবরমধ্যে রাখিয়া দিল এবং প্রিয়ের ছলকায় দেখিয়া অধিকক্ষণ লোভ সম্বরণ করিতে भौतिल ना। व्यवस्थिर দীর্ঘ নিশ্বাস ত্যাগ করিয়। বলিল, যে অদ্য আর কার্য নাই, অদ্য আমি যথেষ্ট আহার করিয়াছি, আরও অধিক আহার করিলে পীড়িত হইবু। এই বলিয়া এক-শত হস্ত উচ্চ এক পাষাণস্তম্ভের উপর প্রিয়কে রাখিয়া দিল। পাঠকেরা এখন বিবেচনা করন, .স্তম্ভোপরিস্থ প্রিয় "আমি রাক্ষ-সের ভোজ্যের নিমিক্ত এখানে রহিলাম," ইহা ভাবিয়া কিরূপ আকুল হইতে লাগিল,—তাহার মনে তথন কি রূপ ভাবের উদয় হইল এবং দূরস্থ মাতা প্রিতাকে সারণ করিয়া কতই ক্রন্দন করিল! সেইখান ইইতে পুনঃ পুনঃ मज्य नग्रत (प्रशिन, রাক্ষদ এখন কি. করিতেছে,--রা-कम अथन कि विलिट्डिइ ; प्र-খিয়া গুনিয়া তাহার হৃদয় আরও কম্পিত হইতে লাগিল,—দুটা চক্ষে জলধারা আসিলা এমন

ममग्र मिरे विक्रोकात नत्रकुक এक তীক্ষ্ণ ছুরিকা হস্তে লইয়া স্তন্তে উঠিল,—প্রিয়কে সেই ছুরি (प्रथा है या विकि । जिल्ला कि । विकास । वि ''দেখ, কলা প্রাতঃকালের জনা তোমার নিমিত্ত কেমন ছুরি কাঁপিতেছে।হা! আজি আমি ভোরেই উঠিব!! তুমি কেমন স্থলর ছেলে! যেন পদোর খণ্ড, তুমি কি বোধ কর, তোমার মা এ ভাল বাসিবে না? হা! হা! হা! ভাল, তোমার মার নাম কি ব-লিতে পার > তাঁহার সঙ্গে এক. বার সাক্ষাৎ করিবার আবশ্যক হইতেছে ৷

প্রিয় রাক্ষদের একটা কথায়ও প্রত্যুক্তর করিল না, বরং রাক্ষ-দের হত্তে তীক্ষ্ণ ছুরি দেখিয়া তয়ে কাঁপিতে লাগিল। রাক্ষদ দুরাপানে মন্ত হইয়া, তাহার সম্মুখে উপবেশন পূর্বক ধূমপান করিতে করিতে নিদ্রিত হইল এবং তাহার নাসাগর্জনে সমস্ত শুহা প্রতিধ্বনিত হইতে লাগিল। প্রিয় রাক্ষদকে এরপ অবস্থায় দেখিরা মনে মনে চিন্তা করিল, যে যদি এখানে থাকি, তাহা

थाइया कालित । यनि कान की-শলে পলাইতে পারি, তবেই নি-স্তার পাই, অত্তর এই সময় পলা-য়নের চেষ্টা করা আবশ্যক। এইরূপ ভাবিতে ভাবিতে যখন দেখিল যে, রাক্ষদ মণার্থই অঘোর হইয়া খুমাইতেছে, তখন শুম্ভের চতৃ-উত্তমরূপে পরীক্ষাক-রিতে প্রেক্ত হইল। দৃঢ় প্রস্তরে স্তম্ভ নির্মিত,— প্রত্যেক কেন্দ্র এবং পার্ম দেশ অখণ্ড পাষ্টা আবদ্ধ। দেখিতে প্রিয় इड्रेंट धीरत धीरत निःभटक नीटि नामिल, - नीटह नामिश एमथिए পাইল, यে রাক্ষ**স** ছারের নিকট পা ছডাইয়া নিলা যাইতেছে। প্রাণের মায়া প্রতিবন্ধক না, প্রিয় তাহার উপর দিয়াই পলায়নের উপক্রম করিল। রাক্ষ-সের পায়ে তাহার পদাঘাত হও-য়াতে, রাক্ষস ক্ষণমাত্র সচ্কিত क्ट्रेया डेठिल,-- निकात धारत জড়িতম্বরে কহিল, "সেই দুষ্ট इन्द्रत आगात शारयत छे भत निया যাইতেছে।" প্রিয় তাহা গুনিয়া কাঁপিল,—ভয়ে ভয়ে এক তমসারত কোণে লুকাইল,-–বাসনা, রাক্ষস পুনরায় নিচিত

হউক, নির্মিল্লে পলাইব। প্রিয় य दात नुकारेन, मंत्री वाछ-বিক গহ্বরের কেন্দ্র নহে, রাক্ষ-সের ত্রিবন্ধনযুক্ত বৃহৎ উষ্ণীষ, যাত্রাওয়ালাদিগের তাজের ন্যায় তিন থাকা পাগ্ড়ী,—প্রিয় তাহার মধ্যম থাকে লুকাইয়া রহিল। এমন সময় রাক্ষসের নিচোভঞ্চ रहेल; तक्र**नी** अधिक नाहे, প্রায় উষাকাল। রাক্ষ্ম নিচেগ্-খিত হইয়া, উদ্ধে দৃষ্টিপাত পূৰ্মক কহিল, বালক! ছুরিকা ঘরিতেছে,—আইস, আ-गांत कठेतांनल मूरकांमल मारम মুশীতল কর। প্রিয় উত্তর দিল পুনরায় চীৎকার রাক্ষস করিয়া ভাকিল। উত্তর পাইল না,-मात्कतिल, खाखत अछ-রালে লুকাইয়াছে। চতুর্দ্ধিকে হস্ত বাডাইয়া দেখিল, গাত্র স্পার্শ হইল না,--গর্জন করিয়া কহিল, ধুৰ্ত্ত ! লুকাইয়া আছ ৷ কোথায় লুকাইয়াছ ? পরিহাস করিতেছ ? আমার সহিত চাতৃরী করিতেছ? চাত্রী খাটিবে না, এখনি গ্রাস कतित, (करहे तक्कक नाहै। এই বলিয়া ত্রেপথে ওষ্ঠাধর পূৰ্বাক প্ৰভাতালোকে তন্ন

করিয়া অন্থেষণ করিল, ইকাথায়ত পাইল না। প্রিয় প্রকাণ্ড উফী-ষের প্রেচ্ন স্থানে লুকাইয়া ব-সিয়া আছে,—রাক্ষস তাহারে কোথায় পাইবে? রাক্ষসের উ-ষ্টাষ, আমাদের একটা ক্ষুদ্র গৃহ বলিলেও হয়। প্রিয় তাহার মধ্য প্রকোষ্টে আছে, কাহার সাধ্য তাহার সন্ধান পায়। রাক্ষম ভা-বিল, প্রিয় পলাইয়াছে,-বন-পলাইয়াছে,—ক্রোধানল भार श्र চতুর্গ প্রজ্ঞালিত হইল,-নামা-রদ্ধে যেন অগ্নি ছলিল,—শশ-উফীষ দিয়া वाटख নিক্ষেবিত অসি ধারণপূর্মক কাননাভিমুখে চলিল। সূর্য্যদেব প্রকাশ হইয়াছেন,—প্রিয় রাক্ষ-সের মন্তকে থাকিয়া জুল্প অল্প जात्ना (मथिटाइ। এक्टी करें) -- निश्वाम निर्गरमत পথ नाहै। সঙ্গে ছুরি ছিল, তদ্বারা উফী-ষের উপরিভাগ কর্ত্তন করিতে লাগিল। — মানুষ বাহির হইতে পারে, কাটিয়া এরপ कतिल।-- भिरु ममग्र देनवक्तम ক্রোধান্ধ রাক্ষদের মন্তকে থি-য়ের ছুরির অগ্রভাগ বিদ্ধ হয়। রাক্ষস যৎকিঞ্চিৎ বেদনা অমু-

ভব করিয়া কহিল, উঃ! আমার মন্তকে কি হইল? বোধ হয়, ক্ষধায় এমন হইতেছে! যাহা হউক, দ্ৰুত যাওয়া যাউক। এখনি সেই কোমল মাংস স-মাথে পাইব। কল্পনা করিতে করিতে ফ্রত-পদে চলিল। নিকটেই নিবিড় বন,—তরুশা-আচ্ছন্ন,—প্রিয় গ্ৰমনপ্ৰ পাইয়া একটা রক্ষের শাখা ধরিল এবং অতি রাক্ষসের মস্তক ধীরে ধীরে ব্লক্ষে আ'রোহণ ক-ঔদরিক রাক্ষস উদরের স্থালায় ছুটিয়া যাইতেছিল,গোঁ ভারে বহুদূর অগ্রসর হইয়া গোল। তাহার "শিকার" তাহাকে ফাঁকি দিয়া ব্লেফ রহিল, সে তাহার কিছুই জানিল না।

এদিকে রাক্ষম ছফিপথের অগোচর হইলে, প্রিয় গুপ্তভাবে ব্লুক্ষ হইতে নামিয়া অন্য পথে প্রাণপণে দোড়িয়া বাটীতে উপনীত হইল। তাহার মাতা কাঁদিয়া কাঁদিয়া অন্ধ্রপায় হইয়া ছিলেন, প্রিয় মা মা বলিয়া নিকট্ত হইবা মাতা যেন স্বর্গ হাত বাড়াইয়া পাইলেন। জননীর

স্নেহ জননী ভিন্ন অন্যে বুঝিতে পারেন না,—বুঝাইয়া দিতেও কাহারও সাধ্য নাই। যদি কোন মাতাপিতা এই রূপে হারা-নিধি প্রাপ্ত হইয়া থাকেন, মনের সহিত ঐক্য করিয়া আনন্দের সীমা নিরূপণ করিবেন, আমরা তদ্বিয়ে অক্ষম, স্কুতরাং নিরস্ত হইলাম। প্রিয় তদবধি জননীর একান্ত আজ্ঞানুবন্ধী হইয়া সৎ শিক্ষায় নিবিষ্টচিত হইল,—স-र्यमा मध्भार्थ विष्ठत्। कतिया পরিবারবর্গের আনন্দ বর্দ্ধন ক-রিতে লাগিল এবং দুর্মতি পরি-হার করিয়া সংকর্মে স্থমতি প্রদান করিল।



-1-0-+3**@**31-0-1-

হায় বে জনম ভূমি / ত্যজিয়ে তোমারে, ত) जि जगमां । शिंडा, जनमी (मवीदत, ত্যজিয়ে প্রিয়সীরত্ব, পরাণ-পুতলী, অর্ণলভা থোভাম্য়ী ক্রদয়ের ধন, हित्राहातिमी बाभा मवीमा ललगाः पूर्य पूथी स्ट्रांस स्थी, आई-स्तरिशी ভুলিয়ে অপত্য স্বেহ, কম্যা পুত্রগণে, বাখিয়ে ভোমার কাছে, কি বিবালে আজি ম্বিনীকা জমে জমি মাধার বিজমে. কেন আসিয়াছি আমি ইহ ব্যবাদে? একি ভয়ক্ষর বন ! ঘোর ভমিষিনী ফেলিছে নিঃখাস যেন, অচেতন মুমে নিবিড় আঁ াধাবে ছোরে, স্তর ধরাতল, श्रेष्ठ शकी आपि गटन, नीवन निसाय, থেকে থেকে শুনি স্থা পেঁচকের রব দুর বনে গর্জির যেন করে প্রতিধানি। উড়িছে খদ্যোতমালা রক্ষ আলো করি, শাখাপত্র আচ্চাদিয়ে ক্ষুদ্রপক্ষ পুটে— माकाहेरह शक्रिया हक्षम किवरन-প্রকৃতি সুন্দরী যেন, মাণিকে ভূষিতা। এত যে সুন্র দৃশ্য রুক্ষ লতা দলে, তবুমোর মান্সাক্ষিতৃপ্ত নাহি হয়।

ভয়েতে কাপিছে হিয়া, দারুণ তুষায় গুকাইল কঠ মম স্লিগ্ধ যামিনীতে !-হায়বে! অবোধ জাস্ত ম:নব মানস! কি সুখ লভিতে এলি হইয়ে সন্তাসী ? मजा बट्टे, माना हिन्दा बङ्क्षेशी इट्स গ্রাসিতে আইনে সেই মায়িক সংসারে, क्र तर्छत को लोहल मां मा विम्हार म, সচঞ্জ হয় চিড, চাহেনা থাকিডে, পক্ষিল মানবপুরে পবিজ্ঞন সনে ১ সত্য বটে, দারা পুত্র জনক জননী-ভাতা, ভগ্নী, জ্ঞাতি, গোত্ৰ, আখীয়মজনে বল্ল করে রাখে এক ভৈরবী মায়ায়; গবিবার প্রিবার অমস্ত ভাবনা-मिवा निर्मि (करत मटन घुवाइटर माथा ; সভা বটে, অকালেতে আত্মীয় বিয়োগে, (बारक, पूर्य, मनस्टार भक्त करत मन ; मजा बट्डे, बाका, दहार, अन्दलब खट्य, সমাই থাকিতে হয়, অতি স্পক্ষিত ১ সভ্য বটে বিপক্ষের বিপক্ষ বচনে. বন্দী সম স্তুতিবাদ চাটু কার মুখে, क्ति खादन सीट छिट्स थाकिया थाकिया, জ্বালাত্তন করে তত্ত্ব নানামত বিবে, রছেনা বাসনা আর থাকিতে সংসারে, কাবেই উদাসী হতে বাঞ্চা করে মন। বিরাপে বিবাগী হয়ে জ্যঞ্জিয়াছে যারা-.সুখের সংসার-ধর্ম আমার মতন— হইয়াছে অমুতাপী, অথবা সুখেতে-করিছে সতত ধ্যান সেই পরাৎপরে, विश्वपृत्ति विश्वक्डी, निष्ठा नित्रश्रदेन ! সত্য সভ্য সভ্য স্তুকে, সুখী ব্রহ্ম চারী, দেখিছে জ্ঞানের চক্ষে পরব্রহ্মরূপ ১ আমিও দেখিতে পারি, যোগবলে যদি বোলী হয়ে মহাযোগে তাবি মহেশ্বরে.

মহামল্লে মোহচক্রে ছিন্ন ভিন্ন কবি, জয়ী হতে পারি বিশে, নাশি রিপুদলে। পারি বটে ; কিন্তু কভু পাবিব কি তাহা ? অজ্ঞান ভ্ৰমান্ধ জীব, বন্দি মানাপাদেশ, গুন্য হত্তে পুন্য বক্ষে, জ্ঞান অস্ত্র বিনা, কেমনে কাটিৰ সেই মায়ার বন্ধন ? ঘ্রিতেছে মায়াবিদী, কুহকী রাক্ষ্সী, পাছে পাছে দিবা রাত্রি, ধবিরা কুন্তলে, দেখাইছে বিভীষিকা প্রতি ক্ষণে ক্ষণে, কেমনে হইবে স্থির পানব মানস— বিভু পদে ? দত্তে দত্তে ঘূরিতেছে মায়া, माता পुल পরিজনে সদা পড়ে মনে, मना भटन পर्ड (भई वम्स निरुक्त न কেমনে সে সৰ আমি পাদবি এখন ? मठा वरहे, हक्कू भूतम छक्षना भन्मित्न, দেখিয়ে বাতিব আলো কাণ্ঠাসন শারি-পরিরত সভারদে, গালিচা আসমে कृतन कृतन दिवस्या कविशांकि धान, "সত্য, জ্ঞানমনস্তম,, পড়িয়াছি তথা, নানামত উপদেশ, কবেছি প্রদান শভারুদেদ : দম্ভ করি পরম উল্লাদে, বাহবা দিয়াছে যত দর্শকমগুলী--বর্ষিয়ে শোভান্তবী করতালি সহঃ ফলেছি গরবে মাতি প্রতি লোমে লোমে, ভাবিয়াছি মনে মনে আমি বড়লোক ! ইশ্ব সহায় মোরে ত্রহ্মবাদী আমি! নয়েছি কৌশলে ভার চরণ আগ্রয়, (मिश्राफ कि कर्या करण (मई विश्वेत्रार्थ), नत्यद्भ कारन जुरन थियश्रुक्त बरन। न्छ। बट्टे, विश्वकूटन नहेश जनग, দুর কবে ফেলে দিছি যজ্ঞ উপবীত, ত্যজিয়াছি স্থাতিতেদ র্থা অভিমান, জগতের হাড়ি মুচি একতা বদিয়ে—

ভোজন কবেছি হুঁখে পাতাপাতি করি, সৌদামিনী কন্যা দিছি ছুতরে বিবাহ, ত। বলে কি এত মনে হয়েছে বিকার-ছাড়িতে পারি কি কভু বিষয়ের মারা ? অদৃশ্য, আচিস্তা, এক ঈশ্বরের তরে? কখন না কখন না, তা কি কভু হয় ? সহস্ৰ সহস্ৰ মুদ্ৰা জমিদাবী হতে-এসে থাকে প্রতিব্যে ভাগ্রারে জামার, भृषा वन, कृषा वन, जाशास्त्रह भव। এখানেত তত টাক। পাবনা দেখিতে, কে দিবে আনিয়ে তাহ। এ বিজন বনে ? কে নিবে প্রজাব কাছে বার্ষিক মজব? ·কে করিবে জবিমানা ধরে এনে প্রেজা? धामारकाळ वस करव, एक वांशारव कव? কাৰ কাছে দাঁড়াইবে প্ৰজাৰ। আমাৰ--যোড়হাত কবি অগ্রে প্রহাবের ভয়ে? কে কৰিবে মোকদ্দমা করিতে পাস্ম— দবিদ্রে কুমকগণে, কে করিবে সারা ? আমিই তাদের প্রভু, আমিই ভূপাল, আমার প্রভুত্ব যত এত আছে কার ? मरमार्त अडोलिका, घारत मोगतिक, অাথ, গজ, কত শভ, রন্ধিত নিয়ত, আজ্ঞাবহ সদা মম অসংখ্য কিল্ফব, তা হতে কি স্থাী আমি হব এ কাননে ? অদুশ্য ঈশ্বরে ভেবে কি হইবে মম ? ভাবি यमि গুহে বদে ভাবিব ভাঁহায়, स्थि एकारण । मनाइया आवनत क्राप्त । পাই পাব কুপা ভার, না পাই না পাব, স্থতে। গ কেড়ে নিতে, নারিবেত কেহ? माहिमी तमनी मम थाकिएव मिकटहे. কায়। ছায়া সম কত ক্রিবে বিলান, তুথাকেন্দিভ শব্যে করিব শ্রুম. সেই মম বন্ধ প্রাপ্তি সেই স্বর্গধাম।

मश्मादत थाकिया य । धन्म कर्म इस् তা কি কভু হতে পাবে নিবিড় গৃহদে ? निटर्काध किकांती यक श्रुवा मूनि आषि, বনে বসে অহরহ তপস্যা কবিত, প্রতারিতে জীবগণে, সংসারের স্থারে ! আমি কি কবিৰ তাহা ? হয়ে জ্ঞানবান ? ভ্ৰমিৰ কান্তন সদা, সিংহ ব্যাত্মসমে ? গ্রাসিবে হিংস্রক জন্ত করি আক্ষালম ? ভাৈঃ জীব হয়ে হব পান্তর আহার ? क्षम मा, कथम मा, कथमह मग्र, যাই আমি নিজ বাসে, এই চলিলাম, থাকুক সন্তাস ধর্মা বনবালে পড়ি, (य हाट्ड लड्ट्र अड्ड, ज् र्यानाश्चर ! এ কার্য্য আমাব নহে, গুরাশ্রমী আমি। **ए** जिल्ला नहक वारम नवीन महामी। বকের ধার্মিক ভাগ হইল প্রকাশ ॥

ভূতন পুস্তকের সম্বলোচন।

/ লদময়স্তী - নাটক (— শীযুক্ত কা-লিদাস সা-

প্রাণ করিয়াছেন। গ্রন্থখানি আদ্যোপাস্ত পুঠি করিয়া প্রীতিলাভ করিলাম, কিন্তু অনেক গান থাকাতে এই নাটকে দোষ ঘটিয়াছে। নাটকে অধিক গান দেওয়া কোন ক্রমেই কর্ত্তব্য নহে, কারণ স্বাভাবিক নায়ক নায়িকা গান

করে না। বিশেষতঃ দুঃখ কিন্তা ত্রাসমুক্ত হইলে গান করা অতিশয় অসঙ্গত,উহা কোন ক্রমেই সভাব-সিদ্ধ নহে। দময়ন্তীর ভুক্ত দেখিয়া অতিশয় ত্রাসযুক্ত হইয়া গান করা অতিশয় স্বভাব বিগর্হিত কার্য্য। কারণ যে সময়ে লোকে ভয়ে . অভিভূত হয়; সে সময় কি কথন গান গাওয়া সন্তব হইতে পারে? এইরূপে অপর অপর স্থলেও গান সকল দেওয়া, দ্ধণীয় হইয়াছে। আমরা শুনিয়া-हिलाम, (य अहे नलप्रमञ्जी गीजा-ভিনয়রূপে অভিনীত হইয়াছিল. সেই জন্যই ইহাতে বোধ হয়. গান এত অধিক, কিন্তু যখন ইহাকে নাটক নাম দিয়ামু-দ্রিত কৈরা হইয়াছে, তখন ই-হাতে এত গান দেওয়া কোন ক্রমেই বিধেয় হয় নাই। গ্রন্থকার নব, এই জন্য আমাদের অধিক ব-ক্তব্য নাই।ভরসা করি যে, দ্বিতীয় বার মুদ্রাঙ্কনকালে এরপ গান গুলি আর না থাকে। গ্রন্থকারের এটি বিবেচনা করা উচিত, এবং कानाउ कर्डवा (य. नांहेक व गीजा-ভিনয় উভয় এক সামগ্রী নহে. উহারা ভিন্ন ভিন্ন পদার্থ। এস্থ-

কার নিজেই স্বীকার করিয়াছেন, যে তিনি স্কুবিগ্যাত মাইকেল মধু-স্থান দত্ত মহাশায়ের অনুকরণ করিয়াছেন। তিনি তাঁহার রচনা অনেক লইয়াছেন বটে; কিন্তু छै। हात वह ना हे कथा नित्क अकिंग দুটি ব্যতীত গান বৰ্জিত করিলে ভাল হইত। ইহা ফ্যান্হোপ যন্ত্ৰে মুদ্ৰিত, মূল্য এক টাকা 1 ২ ৷-- এীযুক্ত হরিশ্চক্র মিত্রপ্রণীত র্নামায়ণ দ্বিতীয় সংখ্যা।—আদি-কাণ্ডের একাদশ সর্গে কুমারদিগের জন্মাবধি ঊনবিংশ নর্গে ধরুর্ভঙ্গ প্ৰস্তু এই সংখ্যাতে প্ৰকাশিত रहेश (एं। मूट्रेक्टन रहे एक करवर পংক্তি কবিতা নিমে উদ্ধৃত ক্রিয়া দেওয়া গেল। ইহা ঢাকার মলভ

তাড়কা ব্ধাংশে।

যন্ত্রে মুদ্রিত, মূল্য।/০ আনা।

''নারীচ মৃচ্ছি ত হলে জীরানের শরে ভয়ারিত রক্ষণল হাহাকার করে।
স্থির লক্ষ্য রামচন্দ্র স্থবাহ লক্ষ্যা হানিলেন অগ্নিরাণ নভ আচ্ছাদিয়া, অগ্নিমুখে তুলারাশি উন্ম হয় যথা চ স্থবাহ সদল শরানলে দগ্ধ তথা।
আইল রাক্ষ্য যত যত্ত গ্রংসিবারে রাম্পর ত্যাগ নাহি করিল কাহারে।
প্রাণভবের যে সকল রক্ষ্য লাকু কাইল।
সন্ধানি সে সব রক্ষে জীবনে নাশিল॥
নিরীকিয়া জীরানের বিক্রম ভীবণ ।
মহাপুলকিত চিত, প্রীত ঋষিগণ॥"

অপূর্ব্ব কারাবাস।

२१२ शृष्ठीत भत् ।

নিবাসাত্র দশক্ষণণ আহ্লাদে পুলকিত হ-

পুটে নিবেদন করিল, মহাশয়! আপনার রাজামধ্যে এমন কোন্ ব্যক্তি আছে, যে আপনার ই-চ্ছার প্রতিকূল আচরণ করিবে? वाशनि (यज्ञभ. धकाहिरेज्यी, তাহাতে আপনার কোন অ-ন্যায় ইচ্ছা হইলেও যখন আমা-**मिश्रक**्रभाष्याञ्चभारत উহার সংসাধনে চেষ্টা পাইতে হইবে, তথন আপনার এই সাধু ইচ্ছার প্রতিকুলাচরণাশস্কা কি রূপে সম্ভবপর হইতে পারে ১ আপনার অবসানে রাজ্য অরাজক হইবে, আশ্মরা নির্মান্তক হইব, অরাজক রাজ্য অন্যঅধিকারভুক্ত হইবে, কোন্ পামরের ইহা অনুমোদিত হইতে পারে ্এইরাজ্য যাহাতে সুর্ক্ষিত হয়, যাহাতে আমরা স্থাসনে পালিত হইতে পারি ধরামধ্যে

বংশ দুপ্রতিষ্ঠিত থাকতে পারে, ইহ। কাহার না অনুমোদিত? আপনি যে রূপ অভিলাষ করি-য়াছেন, ইহা সকলেরই অভি-লবিত। এক্ষণে আমরা বুদ্ধদেকে নিকট কায়মনোবাক্য এই প্রার্থনা করিতেছি, যেন তিনিও আপনার এই মঙ্গল ইচ্ছার অনুমোদন করেন ও উত্তরকালে ইহার সাধু-ফল প্রদান করেন। মহাশয়! এতদিনের পর বুঝিলাম রাজ্য-লক্ষ্মী আপনার বংশগৌরব পরি-ত্যাগে কখনই সন্মত নহেন, হ-ইলে কুখনই এক্লপ ঘটনা সংঘটিত হইত না। দুর্গম অরণামধ্যে এরূপ অপূর্ম কুমার লাভ কখনই অপ্ ভাগ্যের আয়ন্ত নহে। দৈব নি-তান্ত সামুগ্রহ না হইলে এরূপ সৌভাগ্যোদয় কি রূপে সম্ভবে! কিন্তু এই সৌতাগা কেবল যে আপনারই ঘটিয়াছে, ইহা বিবে-চনা করিবেন না, রাজার স্থ্ मृश्रय यथन छाज्ञात्रां मृथमूं श्य অনুভব করিয়া থাকে, তখন আম-রাও আপনার এই সৌভাগ্যের অংশভাগী হইয়াছি, এবং তজ্জনা আমোদও উপভোগ আমাদিগের নিতান্ত বাসনা হই-

য়াছে, যদি ইহা আপনার অনু-মোদিত হয়, তাহা হইলে আমা-मिश्रां का एम करून अ नगत মধ্যেও ঘোষণা করিয়া দিন। •কিরাতপতি প্রজাগণের বাক্য-শ্রবণে সাতিশয় পুলকিত হইয়া উটিলেন ও উহাদিগকে অগণ্য সাধু-वाम अमान कतिया विलितन, मर्भ-কগণ! তোমাদিগের বাক্য প্রবরে আমি যে কি পর্যান্ত সম্ভূট হইলাম, তাহা যদি দেখাইবার হইত, তাহা रहेल এই शुम्य अक्रांश विमीर्न করিয়া দেখাইতাম যে আমার হৃদয়ে আমোদপ্রবাহ কি রূপ উচ্চলিত হইতেছে৷ দর্শকিগণ! কি বলিব, আমি নিজেই বুঝিতে পারিতেছি না যে, আমার অন্তরে কি পরিমাণে আমোদ রাশি উদ্ভূত হইয়াছে, অদ্য আমি যে-রূপ আমোদ উপভোগ করি-তেছি, এরপ আমোদ যে ধরা-मर्या প্রতিষ্ঠিত ছিল, ইহা অগ্রে এক মুহুর্ত্তের জন্যও জানিতে भाति नारे। किस हें हा निन्छत्र বলিতে পারি যে, ইহাই সন্তো-বের শেষ সীমা ও ইহা অপেকা অধিকতর সস্তোষ আর ধরাতদে অবস্থিত নাই। থাকিলেও তাহা

নিরর্থক ৷ কারণ যাহা উপভুক্ত হইয়া মরুষাকে চেতিত রাখিতে পারে, তাহার নামই 'প্রকৃত সম্ভোষে পৈভোগ। নতুবা অচে-তনাবস্থায় লোকের মানস কোন विषयात डेवक्यां भर्य विद्यवना क-রিতে সক্ষম হয় না। ইহা অপেকা সমধিক সন্তোষ সপ্লাত হইলে যে মনুষাকে বিচেতিত করিবে, তাহাতে আর অনুমাত্র সন্দেহ নাই। তোমাদিগের বাকোর অব-মান সময়ে আমারই হৃদ্য যে কি রূপ অবস্থা উপভোগ করিয়াছিল, হস্ত পদ যে কি রূপ অস্পুন্দ হইয়া-ছিল, শরীর যে কিরূপ আকুল হইয়া উঠিয়াছিল, তাহা আর এক্ষণে কি রূপে বলিব, সেই সম-য়েই যখন আমার হৃদয় তাহার ভাবাবধারণে সমর্থ হয় নাই. এক্ষণে আর কি রূপে অবধারিত হইবে? কিন্তু একটী বিষয়ে—এই কথা বলিতে বলিতে কিরাতপতি' মৌনাবলম্বন করি-लেन, প্রসম্বদন মলিন হইল, ও উন্নত মন্তক অবনত হইল। ভাবে अनुमान इहेन, रयन किता-তপতির অস্তর কোন দুর্ভাবনায় আকুলিত হইতেছে। অন্য কে†ন

ভাবনা নহে, যুবতীর সহবাস ভাবনারপ দুর্ভাবনাই স্থশীতল সলিল সেকের ন্যায় আমোদ বহ্নি সন্তাপিত তাঁহার মানস্বা-রিকে স্তম্ভিত করিল। তাঁহার অন্তর যে মুগদুঃখ মিশ্রিত হইয়া কি প্রকার অপূর্ক্ম ভাব ধারণ করিয়াছিল বোধ হয়, কিরাতপতি স্বয়ংও তাহা অনুভৱ পারেন নাই। রাত্থন্ত শশধরের ন্যায় হাদ্য মলিনতাপূর্ণ হইয়া উঠিল। বিকী-রিত সন্তোধ জ্যোতি সঙ্গুচিত হ-ইয়া আদিল ও নভোমগুলের ন্যায় বদনমগুলও অন্ধকারে আবরিত হইয়া অশ্রুবিন্দু তারকায় পরিব্যাপ্ত रहेट नाशिन এवर मनूरा (य এক অবস্থায় দ্বিক্ষণস্থায়ী সস্তোষ উপভোগ করিতে পারে না অপরি-মিতস্থু সচ্ছন্দ মন্ত্রেও যে অন্যবিধ स्ट्यंत कामना कतिया थाटक, ७ মুহ্রিমাত্র আপনাকে ম্ব খিত দেখিতে পারে না, কিরাতনাথ তাহারই একমাত্র নিদর্শন স্থল रहेश डिडिटनन !

কিরাতগণ কিরাতপতির ভাব দর্শনে কিঞ্জিৎ ব্যথিতের ন্যায়-হইয়া বলিল, মহাশয়! কি নি-মিক্ত আপনার মানদ সহস্য

ভিন্নভাবে পরিণত হইল, কে আপ-নার মুখিত মানসে অস্থপের কারণ উৎপাদন করিল, কি নিমিত্তই বা এরপ সুখের সময়ে আপনি ম্রিমাণের ন্যায় হইয়া উঠিলেন ১ যদি তাদৃশ গোপনীয় না হয়, তাহা হইলে প্রকাশ করুন, সাধ্যা-য়ত্ব হইলে এখনিই নিরাকৃত হইবে, সস্তোষামৃতে এখনই আপনার হৃদয় পুনরায় বিচ্ছ,রিত হইবে ও গাঢ় নিখাত হইলেও আপনার মনঃশল্য এখনই উৎ-পাটিত হইবে। ধরামধ্যে এমন কি অস্থের কারণ বিদ্যান আছে, যাহাতে আপনারও মানস এরপ ক্লিফ হইতে পারে! যাহা স্বয়ং বুদ্ধদেব অনুগ্রহ না করিলে আমা-দিগের কাহারও দারাই সম্পাদিত হইবার সম্ভাবনা ছিল না, আপ-নার দেই পুত্রহীনতারূপ মনোদুঃখ যখন নিরাক্ত হইয়াছে, তখন আবার আর কোন অনিষ্টি ভা আপনার অন্তরকে এরপ ব্যথিত করিতে পারিতেছে ? বলুন, এথনি নিরাকৃত হইবে। মহাশয় ! আপ-नात इंग्रेगांधरनत जना अहे नगत-বাসী সমস্ত লোকই এক মাত্র প্রিয়তর স্বাস্কীবন

কুণ্ঠিত নহে, বলুন আর আ মরা আপনার এরপে মলিন বদন নিরীক্ষণ করিতে পারি না। আজা করন, প্রভুর নিয়োগ পালনে হৃদয় অস্থির হইয়াছে। কিরাতপতি অতিকটে দীর্ঘনিঃ-শ্বাদ পরিভাগি করিয়া বলিলেন, দশকিগণ! আমি যে জন্য এরপ কাতর হইয়াছি, দে জন্য তোমা-দিগকে এরপ আকুল হইতে इहेरव ना, भागाना अवधी विमना আমার অন্তরকে এরপ বাগিত করিতেছে, তাহাতে কিছুমাত্র চিন্তার প্রয়োজন নাই। তোমা-দিগের বাক্যেই আমার সমুদায় অসুথ নিরাকৃত হইয়াছে। তো-মরা এক্ষণে আপনাদিগের আমা-দানুরূপ কাষ্যজাতভারা নগরকে আমোদিত কর, এই আমার এক-মাত্র প্রার্থনা ও একমাত্র আদেশ। কিরাতগণ রাজাজ্ঞা শিরোধার্য্য করিয়া স্বন্ধ আবাদাভিমুখে গ্রমন कतिल ताकभूती निखक इडेन। ও বিজনতা দর্শনে যুবক যুবতীর হৃদয় আকুলিত হইয়া উঠিল। কিরাতপতি উহাদিণের সমকে মনোভাব কথ প্ৰিৎ গোপন করিয়াছিলেন বটে কিন্তু

ঐ চিন্তা ক্রমশ উহঁ ার মনোমধ্যে সাতিশয় প্রবল হইয়া উঠিল। তথন উনি কার্য্যাকার্য্য জ্ঞান রহিত হইয়া উঠিলেন, যে রূপেই হউক, কামিনীর সহবাস মুখ উপভোগ করিতে হইবে, ইহাই করিলেন ও কামিনীর প্রত্যাখ্যান বাক্য অন্যপ্রকারে পরিণত করিয়া তুলিলেন, ভাবি-লেন যুবতীর প্রথনই বুহজন সমক্ষে একজন অপরিচিত পুরু-ষের নিকট আপন মনোভাব ব্যক্ত করিতে সমর্থ হয় না। অত-এব নিৰ্জ্জন স্থলে যুবতী কখনই দে রূপ ভাব অবলম্বন করিতে পারিবে না। আর আমাকে সেই বনমধ্যে সামান্য কিরাত জ্ঞানে সেই রূপ আচরণ করিয়াছিল, ইহা বলিয়া কি এক্ষণেও সেই রূপ আচরণ করিবে? ইহা কখনই সম্ভবপর নছে ৷ কামিনীর মন काठिना जावलञ्चात ममर्थ इय আর যদি উহার সেরপ ইচ্ছা না হইত, তাহা হইলে কখনই আমার সহিত আমার আলয়ে আসিতে স্বীকৃত হইত না, নিশ্চয় বোধ হইতেছে, উহার মনোগত ইচ্ছাসত্ত্বেও লক্ষাভয় প্রযুক্ত

তৎকালে উহা প্রকাশ সমর্থ হয় নাই। কিন্তু এক্ষণে আর তাছশ বৈ-রূপ্য অবলম্বন করিবে না। অতএব যাহাতে উহার মানস প্রলোভিত হয়, ভাহাতে আমাকে সাধ্যান্থ-সারে চেষ্টা পাইতে হইবে। চেষ্টার অসাধ্য কি আছে, চেষ্টা করিলে যে প্রলোভনপর একটী কামিনী মন যুবকের অনুকৃলা-চর্ণ করিবে না, ইহা কখনই সম্ভাবিত নহে। এই স্থির করিয়া উহাদিগের আহাদির জন্য অনু চরীগণকে আদেশ করিয়া স্নানা-হার নির্দ্ধাহার্থে আপনিও গৃহা-ন্তরে গমন করিলেন ও কামিনীর মনোরঞ্জনার্থ নানাপ্রকার কণ্প-নায় আকুলিত হইতে লাগিলেন। কিন্তু কামিনীর মনোরপ্রন নিতান্ত দুরহ, কেবল দিবসই অতিবা-হিত হইতেছে, চেষ্টারও ত্রুটী হইতেছে না। তথাপি কার্য্যকল দূরপথে অবস্থিতি করিতেছে।

চতুর্থ স্তবক।

"যূথভাট বন্যকরিণী বন্ধ হই-য়াই কখন বন্ধনকর্ত্তার বশ্যতা স্বী-কার করে না, কিন্তু কখন না কখন

যে তাহাকে বশীভূত হইতে হ-ইবেও আশার অনুরূপ বিচরণ করিতে হইবে। ইহাতে আর সন্দেহমাত্র নাই। চিরপরিচিত যুথপ্রীতি কতকাল মানসকে আকুলিত রাখিতে পারে? নব-প্রদন্ত প্রীতিকুদুমের সৌরভে কি তাহার হৃদয় আমোদিত হইবে না ১ " কিরাতনাথ এই আশাতেই করিতেছেন, ও নানা প্রকার প্রীতিজনক উপহারে কামিনীর হাদয় বশীভৃত করিতে যুবতীর চেষ্টা পাইতেছেন। প্রীতি সঞ্চার হইবে বলিয়াই বালককে অনুরূপ শিক্ষকের হস্তে সমর্পণ করিয়াছেন, **धनू किंम्।** শিক্ষার জন্য ধনুর্ফেদপারদর্শী শিক্ষক নিযুক্ত করিয়াছেন এবং শুরীর রক্ষার্থ উপযুক্ত দাস দাসীও নিয়োগ করিয়া দিয়াছেন।

কিন্তু যুবতী স্বীয় প্রতিজ্ঞাতেই অবিচলিত রহিয়াছে,উপহারীকৃত বস্তুরাশিতে জ্রম্পে নাই, তোষা-মোদ বাক্যে কর্ণপাত নাই ও কিরাতপতির স্লানবদনে দৃক্পাত নাই! সর্ব্ধদাই বিষপ্নবদন, আন্ত-রিক ভুষ্টির নামমাত্র নাই, শারী-রিক পুষ্টির সম্ভাবনা কি ? কাঞ্চনী

প্রতিমা দিবসধূসর শশধর মুর্ত্তির করিয়াছে। ক্লফবর্ণ অনুকরণ শিরারাজি বদনমগুলে বিরাজিত হইয়াছে, নয়ন জ্যোতিহীন, বদন मावगुशीन, उष्ठांधत तकविशीन, আর্ক্তিমা কালিমায় পরিণত হই-য়াছে ও ম্বৰ্জুল ক্ষীণতা কন্ধাল-মূর্ত্তি পরিগ্রহ করিয়াছে। ভয়ের कार्तन व्यमखु तमनी यन मर्स-দাই ভয়ভীত, জ্ঞানসত্ত্বেও অজ্ঞা-নের ন্যায় অবস্থিত, ক্ষুধাসত্ত্বেও ভোজনে ইচ্ছা নাই ও স্নেহসত্ত্বেও কুমারের প্রতি প্রীতি নাই। সর্ব-দাই কি যেন ভাবিতেছে, বারম্বার আহবানেও উত্তর পাওয়া দুম্বর। কিবাতপতি দিবা নিশি নিক-টেই আসীন রহিয়াছেন। নির্নি-মেষ নয়ন ধুবতী বদনেই নিক্ষিপ্ত রহিয়াছে ও দরদরিত জলধারা বক্ষঃস্থল প্লাবিত করিতেছে। উভ-য়েই সমান অবস্থায় অবস্থাপিত ! ষুবক যুবতী এক গৃহে এক আসনে অবস্থিতি করিতেছেন, তথাপি উভয়ের অন্তঃকরণব্রন্তি নিতান্ত বিসদৃশ। কিরাতপতির হৃদয় এক আশায় বিচরণ করিতেছে, কামি-নীর হৃদয় অন্য প্রকারে বিচরণ করিতেছে। স্থবর্ত্ত ল গোলোকের

উপরিভাগে পাতিত জলধারা দুইভাগে বিভক্ত হইয়া কি একত্র মিলিত হইতে পারে? কিরাতনাথও দিন দিন ক্ষীণ

হইতে লাগিলেন, শরীর অন্থি-চর্মসার ও ধূসর বর্ণ হইয়া উঠিল, কিছুতেই সন্তোষ নাই, শর্ম-দাই অনামন, হাদয়ে কামশিখা নিরস্তর প্রজ্বলিত রহিয়াছে, বহি-সখা নিঃশ্বাসবায়ু অনবরত প্রবা-হিত হইতেছে, গাত্রদাহও শরী-রকৈ আকুলিত করিতেছে, আর শান্তির বিষয় কি ? দেহকুটীর ভমা প্রায়, কিছুতেই নির্ম্ভ হইতেছে al, स्नीउन, मृश्तिमन आर्फ उसी-রানুলেপন ও জলসিক্ত পৃত্মিনী-পত্রশয্যা সমুদায়ই নিরর্থক, কিছু তেই কিছু হইতেছে না, বাহ্যিক व्याज्यात व्यस्तारित कि रहेरव ? " অন্তরে যে বহ্নি প্রত্মালিত রহি-য়াছে, তাহার কি হইতেছে," কি-ছুই না। যুবতী সেই রূপ স্বীয় অধ্য-বসায়েই ছঢ় সংকল্প রহিয়াছে প্রজাবর্গের শান্তবাদ অসুনয় বি-নয়ে কিছুই হইতেছে না। ''যুব-তীর চিরসংপ্প কিছুতেই নিরা-কৃত হইবার নহে" প্রজাগণ এই-রূপ অনুমান করিয়া স্থির করিল,

যথন ঐ কামিনীর সহবাস ভিন্ন রাজা কথনই স্কুত্ত ইবেন না, বরং প্রাণ যাইবারও বিলক্ষণ সম্ভাবনা, তখন যাহাতে কিরাতপতি যুব-जीत **मह्तांमलाट्ड ममर्थ** इन, তাহা সম্পাদন করা আমাদিগের সর্ব্বতোভাবে কর্ত্তব্য। কোনরূপ বিপক্তি উপস্থিত হইলে নিশ্চয়ই আমাদিগকে ঘোরতর বিপদে পড়িতে হইবে। বিজয়-অধিপতি খলস্বভাব অমরসিংছ নিরন্তর আমাদি-রন্ধান্বেষণ করিতেছেন, মুযোগ পাইলেই রাজ্য অধিকার করিবেন ও পূর্বের ক্রোধ স্মরণ করিয়া আমাদিগকে বিষম যাতনা প্রদান করিবেন। অতএব যাহাতে রাজা অবিলয়ে মুস্তকায় ও সবল-শরীর হইতে পারেন, তদিষয়ে আমাদিগকে সাধ্য পরত চেষ্টা পাইতে হইবে। किन्ত "वनপূর্বক সতীর সতীত্ব নাশ" ইহা মনে উদিত হইলে যখন আমাদিগেরও আন্তরিক শ্লানি উপস্থিত হইয়া থাকে, তখন যে ধার্মিকপ্রবর কিরাতপতি উহাতে সমত হই-বেন, ইহা কখন ই সম্ভবপর নহে। তাহা হইলে কি নিমিত্তই বা

প্রার্থিত বস্তু হস্তমধ্যে পাকিতেও এরূপ কন্টভোগ করিবেন ?

সমুদায়ই নির্থক, আমাদিগের মন্ত্রণা আকাশলতার পুষ্পাচয়নের ন্যায় কোন কার্য্যকরই হইতেছে না। কিরাতপতির জীবনরক্ষাও দুষ্ট স্বভাব অমরসিংহের হস্ত হইতে আমাদিগের পরিত্রাণ পা-ওয়া নিতান্ত দুষ্কর হইয়া উঠিল। কিরাতগণ দলবদ্ধ হইয়া যখন এইরুপ মন্ত্রণা করিতেছে, তখন গৃহের বহির্ডাগে সহসা পদশব্দ শোনা যাইতে লাগিল, অক্সাৎ মরুষ্য পদধ্বনিতে কিরাতগণ শশব্যস্ত হইয়া সেইদিকে গ্রষ্টি নিক্ষেপ করাতে দেখিতে পাইল, এক জন কাশ্মীরদেশীয় মনুষ্য সেই দিকে আগগমন করিতেছে, দেখিবামাত্র ভয়ে উহাদিগের মুখ-मक्षल एक रहेगा शिल। ভাবিল, অমরসিংহ কোন রূপে রাজার অবস্থা জানিতে পারিয়াছেন ও মনে মনে কোন রূপ দুষ্ট অভি-সন্ধি স্থির করিয়া এস্থলে দূত লোক প্রেরণ করিয়াছেন। নিশ্চ-রুই আসর। বিনষ্ট হইলাম। অমর সিংহের কৌশল খলতাপূর্ণ, উহার খলতাজালে একবার নিক্ষিপ্ত হ-

ইলে আর নিস্তার নাই, এক্ষণে ক-র্ত্তব্য কি ১ এইরূপ চিন্তা করিতেছে, এমন সময় আগ্রেক সেই ছলে উপস্থিত। আগন্তুক সেই স্থলে উপস্থিত হইবামাত্র কিরাতগণ উঁহাকে ব্যিবার আসন প্রদান श्रृर्फ्रक मान्त मछायर त्लिल, মহাশয়! কি নিমিস্ত এস্থলে আগ-মন হইয়াছে? রাজা অমরসিং-হের কুশল ত ১ এক্ষণে কাশ্মীর-নগরের রাজসিংহাসনে কোন ভাগ্যবান অধিরত হইয়াছেন? আগন্তক উহাদিগের বাক্যশ্রবণে সাতিশয় বিশায়াপন্ন হইয়া উঠিলেন তিনি ভাবিয়াছিলেন, যে অসভ্য কিরাতগণ ভিন্নদেশীয় বলিয়া উহঁার প্রতি নিতান্ত অসদাচারণ করিবে এবং কোন প্রকারেই উহা-দিগের নিকট হইতে অনুদ্দিট যুবতী ও কুমারের অনুসন্ধান পাওয়া যাইবে না: কিন্তু সেই রূপ বিনীতভাব ও উচিত মত অভ্যর্থনা দর্শনে সাতিশয় সমুষ্ট হইয়া মনে মনে ভাবিলেন, শুনি-য়াছিলাম কিরাতগণ অতিশয় অসভা ও নিষ্ব, কিন্তু কার্য্য দেখিয়া সেরপ ত কিছুই অনুমিত হইতেছে না। অথবা ইহাদিগের

বাক্যম্বারা এই বোধ হইতেছে যে. ইহারা দুরাত্মা অমর সিংহের পক্ষ,ও আমাকে তাহারই প্রে-রিত বিবেচনায় এইরূপ স্মাদ্র করিতেছে। যদি ইহারা কোন রূপে আমাকে মহারাজ অমর কেতনের অনুচর বলিয়া জানিতে পারে, তাহা হইলে আমাকে यश्ये भांखि अमान कतित्व अवः কার্য্যসিদ্ধ হওয়াও দৃদ্ধর হইয়া উঠিবে। অতএব এক্ষণে অমর সিংহের পক্ষ বলিয়াই আপনাকে পরিচয় প্রদান করিতে হইল, এই স্থির করিয়া বলিলেন, রাজা অমরসিংহের সর্কাঙ্গীন কুশল। তাঁহার সাহাযোই মহারাজ জয় সিংহ কাশ্মীরের রাজসিংহাসন অধিকার করিয়াছেন ৷

ক্রমশঃ প্রকাশ্য।

यत्ना ख्या ।

২৮৮ পৃষ্ঠার পর।

নাথ! আজ যদি মনোত্যার পুত্রের অন্প্রাশন হইত, তবে এতক্ষণ তোমার মুখের কাছে বাস্ত্রকীও লজ্জা পাইতেন। নীলত্ৰত লজ্জা পাইয়া মৌনত্ৰত डक कतिराम । कहिराम , প्रांगिधित ! (कन आभारक অকারণ তিরকার কর ? আমি অননামনা হইয়া আর-প্রাশনের শুভ দিন নির্ণয় করিতেছিলাম। নতুবা তোমার মনস্তুষ্টির নিমিত্ত আমি আমার প্রাণ পর্যান্ত উৎসর্গ করিতে প্রস্তুত আছি। বিশেষত প্রাণাধিক প্রিয় কুমারের অন্নপ্রাশন, ইহাতে যাহা অসাধ্য, তাহা করিতে হইলেও বিমুখ হইব না। মনোত্রমা স্তিকাগৃহ হইতে এই প্রতিজ্ঞা অবণ করিয়া মনে করিলেন, উঃ! ইনি যেন রাজা দশরথ ও উত্তানপাদের অংশ অবতার! नीलवर अहेक्ररभ अभिज्ञनीत गरन मरखाय जनाहिता **জ্বন্তঃপুর হইতে নিষ্কান্ত হইলেন এবং ভাবি**য়া চिन्छिया व्यर्थ मर्थशार्थ गमन कतितनन, श्रानन्त नारम তাঁহার এক বণিক মিত্র ছিল ;--নীলত্রত তাহার নিকট হইতে দশ টাকা কুদীদে পাঁচ সহস্ৰ টাকা ঋণ করিয়া वानित्नन। वाक्षाभटनत छेटनार्श इहेटच नाशिन। यरनाड्या ভाविरनेन, कि जर्सनाम! किन्नर्थ धरे দুঃসহ অনর্থপাতের বিষয় একবার পতির কর্ণগোচর করি। কিরুপে এই কথা তাঁহারে কৌশলক্রমে

বুঝাই; অথবা আর বুঝাইলেই বা কি হইবে ? যাহা হইবার তাহা দেখিতেই পাইতেছি। প্রদীপ যেমন मिर्काण मगरत कथरना छेड्डाल कथरना जन्नकांत इहेन्न প্রভা হত হয়, এই ঘটনাও প্রায় তদ্রপ। বিনাশো-ন্মুখ হুতাশনের ন্যায় ইহাঁরও ক্ষয়দশা উপস্থিত হই-য়াছে। উৎসন্ন যাইবার আর অধিক বিলয় নাই। এক্ষণে উপায় কি ? এদেশীয়ের৷ স্থৃতিকাগারকে যেরূপ নরকত্ল্য অপবিত্র স্থান জ্ঞান করেন, তাহাতে তাঁহারা প্রাণাত্তেও এখানে আসিতে সন্মত হইবেন না ; দৈবাৎ যদি স্থতিকাগৃহের বা নব প্রস্থতির বাতাস গাত্রে লাগে, তবে তৎক্ষণাৎ স্থরধনী জলে সান করিয়া পবিত্র দেহ হন। আমিও যে, কোনগৃহে গমন করিতে অনুমতি প্রাপ্ত হইব, তাহাও অসম্ভব। যদ্যপি আমি দেশাচার অমান্য করিয়া কোন গৃহাভান্তরে প্রবেশ করি, তাহা হইলে এখনি আমাকে ধর্মঘাতিনী বলিয়া তিরকার कतिरान धर भिर श्रष्टायन ও जूनमी मान कतिया পৃহকে সংস্কৃত করিয়া লইবেন। অতএব এক্ষণে কি कति । जायवा अथरनां ज यष्ठ भाग शूर्व इहेवात विलय আছে; --ব্যবহারারুষারী ছয় চাঁদ ত এখনো পরিপূর্ণ হয় শাই। তত দিনে আমি এছাৰ হইতে বহিৰ্গত इक्ट भारति । गटनालमा अक्त्रभ हिलास मगत त्क्रभ क्रिटिंग नाशिरमें । क्रिया क्रिया क्रिया थक मात्र व्यक्ति हरेल তিনি সপুত্র স্তিকালয় হইতে বহির্গতা ও ক্রতল্পানা

হইয়া গুহে উঠিলেন। সেই রজনীতে অবদর পাইয়া नीलंब ठरक निकरि । एकिश किश्लन नाथ । এই पूर्कि-নীতা আবার অদ্য আপনারে কিছু নিবেদন করিতে প্রস্তুত আছে। ইহাতে চরণ প্রহার লাভ হইলে তাহা আমার পক্ষে শ্লাঘ্য। তিরস্কার লাভ হইলেও তাহাতেও রমণী জাতির উৎকৃষ্ট তাহা পুরস্কার। ভাগ্য অপেক্ষা করে। আমি সে দিন স্থতিকাগৃহে অল্প অল্প শুনিতে পাইতেছিলাম যে, ছোট বধূ অপ্পন্তিক কতকগুলি অন্যায় ব্যয়ে অনুরোধ করিয়া এই শুভান্নপ্রাশনে আমোদ আহ্লাদ করিতে বলিতে-ছেন! আপনিও তাহাতে কম্পতক হইব বলিয়া সায় দিলেন। এক্ষণে আমি সে বিষয়ে কোন কথা বলিলেই আপনি তাহা বিপরীত ভাবিয়া আর একখানা করিয়া তুলিবেন; কিন্তু নাথ। অসতে অরুচি হয় না। তবে এক্ষণকার যেরূপ সময় ও যদ্রুপ অবস্থা তাহার প্রতি দৃষ্টি রাখা চাই। গৃহস্থ লোকের পক্ষে সর্বাদা ওজন বুঝিয়া চলা নিতান্ত আবশ্যক। চকু মুদ্রিত করিয়া মুক্ত হত্তে অনবরত অর্থ বায় করিলেই বড়লোক হওয়া হয় না। অতএব এই সময়ের সমুচিত, যাহাতে লোক সমাজে নিন্দা না হয়, তাহার সমুচিত, ও বিধি বোধিত রূপে কোলিক প্রথা অনুসারী বজু বজার রাথিয়া একর্ম সম্পা-मन करितलई ভोल मिथाश। जनर्थक शाँठानी, वाईनांठ, রোষ্নাই প্রভৃতিতে অর্থ ব্যয় করা আমার অনুমো-

দিত হয় না এবং জল সওয়া রীতিটাও বড় উত্তম রীতি नरह। अधिकछ अमुश्रामन छेशलरक अत्रकम नाह তামাসা দিতে কাহাকেও দেখি নাই। যদিও কেহ দেয় তাহারা অপব্যয়ী সন্দেহ নাই। ইহাতে আপনার যাহা অভিক্রচি হয় করুন। বিমলপ্রভা এই সকল কথা শুনিয়া অকালের জলদগর্জনের সদৃশ তর্জন করিয়া कहिटलन, रँगंभा ! जूमि य वड़ स्वामीतक नीजि वृबाईरज বিদিয়াছ ? তা, তুমি একাই কি দশ হাত বাহির করিয়া সমুদায় ভক্ষণ করিবে ? আমার কি আর মযুষ্যজম্মের गांध . नारे ? त्नांटक वत्न (य, विमा निथितन हि भा ছেব থাকে না কিন্তু তোমার স্বভাবে তাহার সম্পূর্ণ বৈপরীত্যই লক্ষিত হইতেছে। মনোত্তমা কহিলেন, ভণিনি! তুমি যে এরপ মনে করিবে, তাহা আমি পুর্বেই অনুভব করিয়াছি; এবং সেই জন্যে আমি গোপনে পতিকে কোন কথাই বলি নাই। দেখিলাম যে, তুমি ওখানে গৃহসজ্জা করিতেছ, তাই আরো ডেকে ডেকে ঐ কথা বলিতেছিলাম। আমি শপথ করিয়া বলিতে পারি, যদি আমি ভোমার পুত্রকে স্বগর্ভ-জাত পুজের ন্যায় না ভাবি, আর যদি অস্যাপরবল ইইয়া এই কথা বলিয়া থাকি, কিয়া যদি আমার মনে কোন প্রকার ভিন্ন ভাব থাকে, তবে প্রমেশ্বর তাহার বিচার করিবেন। কোন কালেও যেন আমার মঙ্গল না रंग । कि विनव छिशिति । এ किवल आभावहे अनृ छित

प्रिंग गांधांत्र कथांत्र वटल (य, जकांत्र न मरे b ट्रास्ट्र কলস্ক। আমার এই অপবাদও সেইরপ। অত্যেই জানিয়াছিলাম যে, আমার এই অস্তময় বাক্যের বিষ ফল উৎপন্ন হইবে। তা, আমার বলাও অনুচিত 'হইয়াছে। এক্ষণে'তোমাদের যাহা ভাল বিবেচনা হয়. তাহাই কর। আমার তাহাতে কিছুই বলিবার নাই। বিমলপ্রভা কহিলেন হাঁ, তাহাই ভাল। অহত কথা এক্ষণে তোলা থাকুক, তোমার পুজের অন্নপ্রাশনের সময় অহত বর্ষণ করিবে। কেন আর এসময় বিষে অমৃত মিপ্রিত কর। নীলব্রতও মনোত্তমার বাক্যে উপেক্ষা করিয়া তথা হইতে বিরক্ত হইয়া উঠিয়া গেলেন। মনো-ভুমাও যাহা বুঝিবার তাহা বুঝিলাম, এই কথা বলিয়া অধোবদনে, বসিয়া রহিলেন। বিমলপ্রভা সপত্নীকে হতমানিনী দেখিয়া হাসিতে হাসিতে প্রস্থান করিলেন। অন্নপ্রাশনের উদ্যোগ হইতে লাগিল। সকলেই আহলাদিত। সকলের অঙ্কেই আধনন্দিক লক্ষিত হইতে লাগিল। সকলের মুখেই মঙ্গলধনি প্রতিধনিত হইয়া উঠিল। নগর কোলাহলময় হইয়া পথিক লোকের মনে বিসায় জন্মাইয়া দিল। পাঁচ সহত্র টাকা ব্যয়। সামান্য কথা নছে। পুরোহিতগণ ললাটে • স্করধনী <u> হতিকার দীর্ঘপুণ্ড ক, সর্বাঙ্গে তীর্থহতিকা লেপন, গাতে</u> हितनभावनी वख, किंगिरान छेखतीय वस्त्रन कित्रम अरा क्रांत्रण कतिएक कतिएक नीलवक निरक्करन मगांगक श्र्-

লেন। তথন অন্নপ্রাশনের সাত দিন অবশিষ্ট আছে। আগামী সোমবার অন্ধ্রপ্রশানের শুভ দিন ধার্য্য হইল। পুরোহিতগণ পাঁচ দিন থাকিতে চণ্ডীপাঠ ও স্বস্তায়ন আধারত্ত করিয়া দিলেন। কেহ বা নিমন্ত্রণের পত্র বিলীর ভার এহণ করিলেন, কেহ বা আহারীয় দ্রব্যাদি আয়ো-জনে नियुक्त रहेलन, किर वा वाहे अभाजी मनानी व করিতে চলিলেন, কেহ বা পাঁচালীর বায়না করিতে ছুটি-লেন, কেহ বা বাদ্যকর বায়না করিতে গেলেন, কেহ কেহ বা স্বর্ণকারগণের উপর শাসন করিতে লাগিলেন এবং কেহ কেই বা জলসওয়া, তৈল বিতরণ ও রোষ্-নাইয়ের ব্যাপারে ব্যস্ত হইয়া পড়িলেন; এই রূপ শত শত কর্মে শত শত লোক নিযুক্ত হইলেন। সমারোহের व्यात मौमा शतिमौमा नाइ। भनिवात देवक्रांटन मना-मनीत रचा है विमन। कांग्र एक्त मनामनी। मूरे अक जन जूरनव अरधा मरधा रमथा मिरलन। जाँशांता मकल নৈবেদ্যতেই অধিকারী। "বর্ণানাং ব্রাহ্মণো গুরুঃ,, এই অভিমানেই দিবানিশি মত। ফলে গুরু হইয়া যে, কি করিতেছেন, তাহাতে অক্ষেপ্ত নাই। যাহা হউক এ দলাদলীটি মন্দ হইল না। যোষ, বস্থ, মিত্র, দত্ত, শিব, গোস্বামী প্রভৃতি মহামহোপাধ্যায়গণ अकत इहेरलन्। थांत्र मकरलत मखरक है अक अक পাক্ এবং প্রায় সকলের হত্তেই এক এক ছ ক।। কোৰ কোন বাক্ষণের মন্তকে কেশশিখা ও হত্তে তাম্কূট-

চূর্ণ নম্যের শযুক। বাস্তবিক এই রূপ অঙ্গ সোষ্ঠব না र्हेटल मनामनीत वार्षातत वड़ अकता तर आरम ना। বোধ হইল যেন, এক দল রামায়ণ গান উপস্থিত হইয়াছে। থামের মহামহিম প্রধান ব্যক্তিগণ একত্র না হইলে প্রায় দলাদলী বদে না। এ সকল মহৎ কর্মে সাধার-ণের মতের কিছুমাত্র অপেক্ষা রাখে না এবং তাহার প্রয়োজনও নাই। একটা প্রকাশ্য স্থানে দলাদলীর मङ। इड्रेशारह। हजूबित मर्गागं पर्नक त्नाक, मधा-স্থলে দলপতি মহাশয়েরা। কি অভিমন্যু বধ, কি মহিষাস্থারের যুদ্ধ, অথবা কি মহীরাবণ বধ, কি হয়, তাহার নিশ্য নাই ? কেহ বলিতেছেন, ঐ ওপাড়ার তারিণী মিত্র বিধবা বিবাহের মতস্থ লোক, উহাকে একঘোরে করা যাউক। 'কেছ কহিতেছেন, ঐ অমুক খোষের কন্যা দন্ত বংশীয় পাত্রে প্রদত হওয়াতে উছার কুল নম্ট হইয়াছে উহাকে নিমন্ত্রণ করা হইবে না। কেহ কহিতেছেন, ঐ রমানন্দ বস্থর একটা কন্যা দ্বাদশ বৎসর বয়স্ পর্যান্ত অবিবাহিতা ছিল, তাহার পর বিবাহ হইয়াছে। উহাকে পরিত্যাগ করা কর্ত্ব্য; আর এক মহাপুরুষ বলিয়া উঠিলেন ওহে! বিবাহটাতে রমানন্দ বস্থ কোলীন্য মর্য্যাদা গ্রহণ করে নাই। বোধ হয়, তাহার কোন বিশেষ কারণ থাকিতে পারে; অতএব উহাকে জাত্যন্তর করিতে হইবে। কেহ বলিলেন, नौलखाउत वांग्री ए या अग्रा हरेरव ना;

উহার শ্বশুর যোগানন্দের এক কন্যা বিদ্যা শিক্ষা করি-য়াছে বলিয়া যোগানন্দের যোড়শ বর্ষীয় এক পুত্রের ष्मग्रांशि विवाह इस नारे। এই कथा छनिया धक শিরোমণি ভট্টাচার্য্য নস্য গ্রহণ করি য়া কহিলেন, অঁগা! खीटलाक इहेश विका निका? आंत साएम वरमदत পুত্র অবিবাহিত ? তবে ত তাহাদের হাতে জলগ্রহণ করা হইবে না। বিশেষতঃ যে সকল রমণী বিদ্যা শিক্ষা করে, তাহারা সকলেই বেশ্যা। ইহাতে কেহ কহিলেন, মহাশয়! যোগানন্দের যে কন্যা বিদ্যা শিক্ষা করিয়াছে, সেই কন্যাকেই নীলত্ত বিবাহ করিয়াছেন। এমন সময় নীলব্রত সেই রক্ষভূমিতে উপনীত হইলেন। শিরোমণি ব্যস্তসমস্ত হইয়া নস্য গ্রহণ করিয়া কহিলেন, অঁগা । আমাদের এই ইনি; এই,—এই,—নীলত্ত ? তবে—তবে—; মিত্রজা কহি-লেন, ভট্টাচার্য্য মহাশয়! তবে—কি ?—শিরোমণি मखक চूलकाईश्रा कहिरलन, তবে,—জीरलारकत विमा भिक्कांगे वर् पाय नम्न, के र्याप्रभ वरमदात शूखरक বিবাহ না দেওয়াটাই দোষ। এই কথাতে কেহ কেহ হাস্য করিয়া উঠিলেন, কেহ কেহ ক্রোধভরে সভা হইতে উঠিয়া চলিলেন; কেহ বা তাঁহাদের পশ্চাদামন করিয়া পারে ধরিতে লাগিলেন। মহাতলুস্থল উপস্থিত; সে সময়ে কে কাহার গায়ে পড়ে, কে কারে মারে, কে কাহার কথা শোনে, তাহার ছিরতা নাই।

১২৭৪ সালের মূল্য প্রাপ্তি।

	এীযুক্ত ডাইরেক্টর অব প	বলিক	ইফাটাঃ	অন ক	লিকাতা		4.
	,, বেবরেগুজন, রবিন্সন				ाराका हे		<u>ن</u> د
	, বাবু ক্ষেত্রমোহন দে			ROTON	યું હો	•••	
	,, কালীপ্রসন্ন হালদার		•••	•••	<u>এ</u>	•••	•
	"মকুটাচরণ মিত্র	•••	•••	•••	এ	•••	>
	,, গোপাল লাল বসাক	***	•••	•••	এ ঐ	•••	\$
		***	• • •	•••		•••	à
	-tententes S	•••	•••	•••	ঐ	•••	
		•••	***	•••	ঐ	•••	3
,		•••	•••	•••	ঐ	•••	>
,		•••	•••	***	ঐ	•••	3
,		***	•••	•••	ঐ	•••	3
>		•••	•••	•••	ঐ	•••	3
,		•••	•••	•••	ঐ	•••	3
,,	নবীনচক্ৰ পালীত	•••	•••	•••	ঐ	• • •	5
,,	কেশবচন্দ্র মুখোপাধ্যায়	***	•••	•••	ঐ	•••	5
,,	কানাইলাল বসাক	•••	•••	•••	ঐ	•••	>
,,	শুরুদাস খোষ		•••	•••	ঐ	•••	1
,,	মদনমোহন হালদার	•••	•••		ब्रे	***	3 :
"	প্রদন্নকুমার মিত্র	•••	•••	•••	B	• •	ร
,,	প্রসাদদাস দক্ত	***	•••	•••	ত্র	• • •	5
,,	শশীকুমার গঙ্গোপাধ্যায়	***	***	•••	& .		5
,,	ফকিন্নচাঁদ বন্দ্যোপাধ্যায়	•••	•••	••	ঐ.		5 :
,,	কালীপ্রসন্ন ঘোষ	•••	•••		_		5
" 9)	শস্ত্র চত্র কর	•••	•••	•••	٠ چ		·
,,	রামচন্দ্র গঙ্গোপাধ্যায়	***	***	***	٠ آ		• . • •
,	दिक्लामनाथ वस्र		•••		٠ . وق		• 5 :
	তারিণীগোপাল পালিত	•••	•••	•••	٠ تو تو		1
,	वाक्षिताच्याचाच नाविक	***	•••	•••	વ .	•• 7) j

মোহি তমোহন গো	স্বা মী	•••			খড়দহ	31
অন্নদাপ্রসাদ রায়		কাশীম	বাজার,	, বহরম	젉 র	2,
নবীনকৃষ্ণ পালীত,	ছোট ত	াদালতে	র জজ্	, মেদিনী	াপুর	10
এচরণ রায়	•••	(क	ৰ্ত্তিক	হইতে (হৈত্ৰ) ১	100
শীতলচক্ৰ বাগ্চী	গোয়	ালপাড়া		ত্র	•••	> 10
প্রসন্নচক্র চৌধুরী	•••	ঐ		,,	•••	2/10
উদেশচন্দ্র গুপ্ত	•••	ब्रे	•••	,,		> 0
কমললোচন দ্ব্ত	•••	ত্র	•••	• 1	••	510
দারকানাথ বাগ্চী		ত্র	•••	,,	• • •	>10
প্রসন্নকুমার ঘোষ		ত্র	•••	91	•••	510
যদুনাথ বন্দ্যোপাধ্য	ग्र	<u>ज</u>	•••	,,	•••	> 40
বগীরাম দাস	•••	ब्र	•••	٠,	•••	510
নবীনকৃষ্ণ বস্থ, আসেমর কালেক্টর, রামপুর বোয়ালীয়া ৮০						
			-		ઉર	10

দেশীয় ও বিদেশীয় গ্রাহকগণের প্রতি।

১২৭৩ বালেব ভাদ্র মাস হইতে যঁ হারা নব-প্রবন্ধের অগ্রিম বার্ষিক ও কাল্
ন হইতে বাগ্যাসিক মূল্য প্রদান কবিয়াছিলেন, গত আবণ মাসে তাহা নিঃশেষিত
হৈয়াছে। অপন যাহাবা গত বৈশাধ হইতে যাগ্যাসিক প্রদান কবিয়াছিলেন,
হার্দিশের মূল্যও পরিশোধ হইয়া গিয়াছে; এক্দণে পুনর্কাব বার্ষিক বা যাগ্যাসিক
শ্ব প্রশান করিবেন; যদি এক মাস মধ্যে মূল্য প্রদান না করেন, তবে তাঁহাব
ক্ষের দত্ত মূল্য অগ্রিম বলিয়া পরিগণিত হইবেনা। মাহারা অগ্রিম মূল্য দিতে
হা না করেন, তাঁহারা এবং যাঁহাদিগের নিকট অদ্যাবিধি গত বংগরের মূল্য বাকি
হয়াছে, তাঁহারাও অবিলম্বে আমাদিগের প্রাণ্য পরিশোধ করিবেন, ইহাতে জন্যথা
লৈ আমরা ছুংখিভান্তঃকরণে তাঁহাদিগের নাম ধাম প্রকাশে অগত্যা বাধিত হইব ।
আমাদের মকক্ষণীয় গ্রাহক মহাশয়েরা জ্বান্ত আছেন যে, অগ্রিম মূল্য প্রদান না
বিলে এই নবপ্রবন্ধ পত্র কাহারও নিকট প্রেরণ কবা যায় না ; কিন্তু এ পর্যস্ক শিকাংশ গ্রাহকই অগ্রিম মূল্য প্রদান করেন নাই, ভরণা কবি, তাঁহার। আব অধিক
ক্ষম না করিয়া ক্ষম দেয় মূল্য পাঠাইয়া বাধিত করিবেন।

> জী তিনকড়ি ঘোষাল। সম্পাদক।



লোচন



NABA PROBUNDHA

MONTHLY MAGAZINE.

नवथवन

মাসিক পত্র।

সদর্থসন্দোহবিচারসন্ধঃ প্রশাস্তর্তাত্তরতারুসন্ধঃ। সম্ভ্রামাজিকচিত্তবন্ধঃ পরীক্ষ্যতামেয় নবপ্রবন্ধঃ॥

দ্বিতীয় ভাগ । টেত্র, ১২৭৪। (মাসিক । ০ ১২শ সংখ্যা / এপ্রেল, ১৮৬৮। (অগ্রিমবার্ষিক ২॥০

কাচ ৩৫৬ মনোন্তমা ৬৬৯ অপুর্যকারানাস ৬৫৪ উপসংহার ৬৭৯ একটী রাজনীতি ... ৬৬৫ পত্রপ্রেরকের প্রতি ... ৬৮৫ সূত্রন পুস্তক ও পত্রের সমা-

কলিকাতা।

আমহাষ্ট ফ্ৰীট্ ৩৪৷১নং ভবনে কাব্যপ্ৰকাশ যন্ত্ৰে

শ্ৰীকালীকি**স্কর চক্রবর্ত্তি কর্তৃক মুদ্রিত।** নবপ্রবন্ধ কার্যালয়। যোডাসাকো বলবাস দেব চ্ট্টি ১৮। ২ নম্ব ভবন।

নবপ্রবন্ধ।

মাসিক পত্র ৷

সদর্থসন্দে ।
সমস্ত্রসামাজি কচিত্রকার পরীক্ষ্যতারে মবপ্রবন্ধঃ ॥

দ্বিতীয় ভাগ বুটিত, ১২৭৪। বাংসিক ।০ ১২শ সংখ্যা ১ এথেল, ১৮৬৮। বৈজ্ঞামবার্ষিক ২॥০

কাচ।

৬৩ পৃষ্ঠার পর।

হামূল্য
মণি সকলের কালের কালের

অধিক গলনীয় করিবার নিমিত্ত

একটু বোয়াক্স. * দিশ্রিত করা হয়। এইরূপ কাচকে উপযুক্ত রূপে কর্ত্তন করিয়া নকল হীরা প্রস্তুত হইয়া থাকে। ইহাকে গোমেদক মণির † পীত রঙ্ বিশিষ্ট করিতে হইলে শতকরা এক ভাগ লোহের পারকু সাইড্‡ দিশ্রিত করিতে হয়।

ইহা হইতে নকল নীলকান্ত মণি প্ৰস্তুত করিতে হইলে একটু কোবল্ট মিশ্ৰিত করিলেই হইয়া

- * Borax.
- ↑ Topax.
- # Peroxide of Iron.

কি কি দ্রব্য মিশ্রিত করিলে কাচে ভিন্ন ভিন্ন রঙ্করা যাইতে পারে, তাহা পশ্চাতে লিখিত হইল। একট ক্রোম * মিশ্রিত করিলে কাচে হরিৎ রঙ্ হয়; কোবলুট দিলে ঘোর পীত হইয়া থাকে। কে†বলট এবং মাঙ্গানিম মিশ্রিত করিলে কাল রং হয়; তাম দিলে হরিৎ এবং স্ববর্ণ ও টিনু মিশ্রিত করিলে অতি দুন্দর পদ্মরাগ মণির রঙের কাচ প্রস্তুত হইয়া থাকে। উষ্ণত1 ও শীতলতা প্রযুক্ত কাচের যে রূপ অবস্থা হইয়া থাকে, তাহা বৰ্ণিত হইতেছে।

কাটের জিনিষ পত্র হঠাৎ অত্যন্ত শীতল ঘর হইতে উষ্ণ ঘরে আনিতে হইলে, ফাটিয়া যায় ও চূর্বইয়া পড়ে। কাচের দ্রব্য প্রস্তুত হইলে. উহাকে ক্রমে ক্রমে শীতল করিলে থায় এরপ হয় না। কিন্তু এরপ করি-লেও যদি একটা শীতল কাচের ত্রব্যেতে গরম জল চালিয়া দে-ওয়া যায়, তাহা হইলে ভাঙ্গিয়া যাইতে পারে, কারণ উদ্ধাপ লা-গাইলে কাচ বিস্তৃত হইয়া থাকে।

Chrome:

অপুর্বর কারাবাদ।

আছেন, কিন্তু কোপায় যে পলায়ন করিয়াছেন, অদ্যাপি তা-হার অনুসন্ধান হয়,নাই," 'উহাঁর পরিবারবর্গ কোথায় কিরুপে অব-স্থিতি করিতেছে ?" "উহাঁর পরি-বারগণ উহাঁর সহিতই গমন করি-য়াছে, কিন্তু রাজ্যচ্যত হইবার পূ-র্ব্বেই যে উহার সন্তানদ্বয় কোথায় প্রেরিত হইয়াছে, তাহার নির্ণয় হইতেছে না।" "রাজা অমরসিং-হের পিত। যে অমরকেতনের প্রধান মন্তিরপদে অধিরত ছি-লেন, তিনি এফণে কোথায়?" "তিনি এখন মহারাজ জয়সিংহে-রই প্রধান মন্ত্রিপদে অধিষ্ঠিত হই-য়াছেন ৷ তাহাঁরই বুদ্ধিকৌশলে অমরকেতন রাজাচ্যত হইয়াছেন বলিয়া মহারাজ জয়সিংহ তাঁহার

উপরই কাশ্মীরের রাজ্যভার প্রদান ক্রিয়া আপনি নাম্মাত্র অধীশ্র

হইয়া রহিয়াছেন, কাশ্মীরের শাসন কার্য্য তাঁহারই একদাত্র আজ্ঞা-धीन।" "आमद्रा ताजा अमत्निंश-হের সাহায্যার্থ গদন করিতে পারি নাই, তাহাতে বোধ হয়, রাজা আমাদিগের প্রতি অসম্ভট হইয়া-ছেন?" আগন্তক ভাবিয়া আ-কুল,—উহার বিষয় কিছুই জানি-তেন না, কি উত্তর করিবেন কিছুই নিশ্চয় করিতে পারিতে-ছেন না। কিব্লাতগণ উহাকে নিরুত্তর দেখিয়া বলিল, মহা-শ্য়! স্বরূপ-কথনে সঙ্গে চের বিষয় কি ? বলুন, আপনার অবিদিত কিছুই নাই। অমরসিংহ নিশ্চয়ই আমাদিগের প্রতি সাতি-ক্রদ্ধ হইয়াছেনণ কিন্তু আমরা কি করিব, মহারাজ অমরকেতনের পূর্ম্মপুরুষ কর্তৃকই আমরা এ স্থলে আনীত হইয়াছি। অমরকেতনই যেন আমাদিগের প্রতি ঘৃণা ইহা বলিয়া প্রদর্শন করিতেন, কিরূপে আমরা তাছশ কৃতত্নের নাায় পূৰ্ব্বকথা বিশা,ত হইয়া তাঁহারই বিনাশার্থ অস্ত্রধারণ কবিব? ইহাতে আমাদিগের প্রতি ক্রোধপরবশ হওয়া তাঁহার তান্তুশ न्याया कार्या त्वाथ हरेटडंटह ना ।

আগস্তুক কিরাতগণের সেইরূপ বিনয়োদ্ধত-বাক্য প্রবণে অনুমান করিলেন, ইহারা মহারাজ অমর-কেতনের প্রতিই সাতিশয় ভক্তি-বিশিষ্ট, কিন্তু আমাকে অমর্সিং-হের পক্ষীয় বিবেচনায় প্রকাশ করিতে পারিতেছে না এবং বে'ধ হয়, অমর সিংহ যুদ্ধ সময়ে সাহায্যাৰ ইহাদিগকেই আহ্বান করিয়াছিল, কিন্তু ই-হারা পূর্মোপকার সারণ করিয়া তাহাতে অসমত হয়, সেই জন্যই এইরূপ বলিতেছে। কিরাভগণ তোমরাই ধনা! অমর সিংহ! অসভা বনা কিরাতগণেরও যে-রূপ সদৃ্দ্ধি ও কৃতজ্ঞ দৈখি-লাম, তাহার শতাংশের একাংশও যদি তোমাতে থাকিত, হইলেও তুমি আপনাকে মনুষ্য বলিয়া পরিচয় প্রদানে সমর্থ হইতে, দুর্গম অরণ্য বাদেও ই-হারা যে রূপ সদগুণ রাশি সঞ্য করিয়াছে, তুমি নগর মধ্যে বাস করিয়াও তাহাতে সমর্থ হও নাই। মহারাজ অমর কেতন তোমাদিগের প্রতি যেরূপ সদয় ব্যবহার ও যেরূপ স্নেহ প্রকাশ করিয়াছিলেন, এই কার্য্য তা-

হার অনুরূপই হইয়াছে। পামর ! তোর ন্যায় কৃতত্ম ও নিষ্ঠুর এই অথগু ভূমগুল মধ্যে আর কেহই নাই। তোর হৃদয় পাষাণে নির্মিত দয়ার লেশ মাত্র নাই! সততার নামমাত্র নাই। তোর দে-হই কেবল মনুষ্য শে সংচ্ছাদিত কিন্ত হৃদয় পাপে পরিপূর্ণ। যে অমরকেতন তোকে পুত্রের ন্যায় ও তোর পিতাকে জ্যেষ্ঠ সহোদরের ন্যায় ভাবিতেন, তোকে অঙ্কে ও তোর পিত†কে মস্তকে বহন করি-তেন, সেই তোদের হস্তেই কি তাঁর এত দূব দুরবন্থা সংঘটিত হ· ওয়া উচিত ? বিশ্বাসঘাতক নরা-ধম! যে কণ ভঙ্গুর मूथमिकशीएर् जूरे এই मनूषा-বিগহিতি পাপ কার্য্যের অনুষ্ঠান করিলি, সেই দেহের অবসানে তোর যে কিরপ গতি হইবে, তাহা স্বয়ং বিধাতারও বুদ্ধির অগম্য। পাপিষ্ঠ! এই বস্ত্রমতী কি তোরই ভার বহনে আপনাকে পাপিয়দী জ্ঞান করিতেছেন না? কাশ্যাররাজ্য কি তোর পাপানলেই ভয়্মীভূত হইবে না; —পৃথিবী विमीर्न इ.उ. अछात द्यांन मान কর কোধ বহি প্রজালত হইয়া

হয় না, যে স্থলে এপাপিষ্ঠের নাম মাত্রও কর্ণকে ব্যথিত করিতে না পারে, এমন স্থলে লইয়া চল।— ক্রোধে আগন্তকের মন্তক ঘূর্ণিত হইতে লাগিল, চতুর্দ্দিক শূনাময় দেখিতে লাগিল, ও মুখমগুল-বিরাজিত উষ্ণশোণিতের বাস্প সদৃশ নিঃশাস বায়ু ঘন ঘন ব-হিতে লাগিল। কিরাতগণ আগ-স্তুকের আকার দর্শনে ক্রন্তের ন্যায় বিবেচনা করিয়া বলিল, মহাশয়! আকার দর্শনে আপনাকে বিল-ক্ষণ ক্রেদ্রের ন্যায় বোধ হইতেছে, কিন্ত ঐ কোধ অরণ্যরুদিতের ন্যায় কোন কার্যাকরই হইতেছে না। আমরা যাহা ভাল বুঝিয়াছি করিয়াছি, তাহাতে কাহারও ভয়ে ভীত হইব না। যদি অমর সিংহ হীনবল জানিয়া আমাদিগের প্রতি পীড়নই করেন, তাহা হ-ইলে নয় আমাদিগের পূর্কাবাস বিষ্ণ্য ভূমিতে গমন করিব, তথাপি পাপকার্য্যে সাহায্য প্রদান করিব না, অধিক কি প্রাণ সত্ত্বেও ঐ পাপিটের মতে সম্মতিও প্রদান করিতে পারিব না। मुधावणी व्यक्तत अर्थक मछा-

হাদয়কে দাহন করিতেছে, সহা

বাত্যাবেগ চঞ্চলিত মানস্বারি মেঘনির্মাক্ত জল প্রপাত সপর্শে শান্তমূর্ত্তি পরিগ্রহ করিল এবং অরুণবর্ণ বদনকান্তিও পুনরায় স্বীয়মূর্ত্তি পরিগ্রহ করিল। দৈব-নিগ্রহে একান্ত পীড়িত ব্যক্তির পরোক্ষে যদি কোন ব্যক্তি তা-श्रंत मृश्य मृश्य अकाम करत, তাহাতে দুঃখিত ব্যক্তির অন্তরে যে কি পরিমাণে সন্তোষরাশি স-প্লাত হয়, তাহা এই আগদ্ভকই বিলক্ষণ জানিতে পারিতেছেন, তথাপি আস্থাগোপনে চেষ্টার ক্রটি হয় নাই। তাহার কারণ এই যে, আগন্তক ভাবিলেন, কথা দারা ত ইহাদিগকে অমরসিং-হের প্রতি সাতিশয় বিদ্বেশ-গরবশ বোধ হইতেছে, তথাপি যাহাতে সেই বিদ্বেষভাব সমধিক পরিবর্দ্ধিত হইয়া উঠে, ভাহা করা আমার একান্ত কর্ত্তব্য। এই স্থির করিয়া বলিলেন, ভোমরা কি বলিলে ? মহারাজ অমরসিংহ পাপিষ্ঠ! বলপুর্যাক অন্যের রাজ্য অধিকার করা যখন ক্ষজিয়ের সনাতন ধর্মা, তখন কি শতা কি মিত্র, সকলের নিকটই অসমুচিত কিটে ক্রোধাবেগ সংবরণ করিয়া

পিত হাদয়কে মুশীতল করিল,

চিত্তে পরাক্রম প্রকাশ কিছুমাত্র অধর্ম নাই। যাহাই হউক, সামান্য কিরাত-মুখে এরূপ বাক্য নিতান্ত অসহ্য। কি বলিব, যদি আজ আমি এরপ অসহায় না হইতাম, যদি কা-শ্মীর দেশীয় পাঁচ জন ব্যক্তিও আমার মহচর থাকিত, তাহা হ-ইলে এখনই ইহার সমুচিত প্রত্যু-ন্তর প্রদান করিতাম। কাশ্মীররাজ অমর সিংহ পাপিন্ঠ, আর অরণ্য-বাদী ব্যাধেরা পুণ্যাত্মা? এ কথা শুনিলে কোন্ ব্যক্তি ক্রোধ সং-বরণ করিতে পারে? "মহাশয়—" "ক্ষান্ত হও আর তোমাদিগের সহিত বাক্যালাপ পর্যান্ত করিতে আমার প্রবৃত্তি নাই; তোমাদিগের অধিপতিকে সংবাদ দেও, যাহা কিছু বলিতে হয়, তাহাঁর সঙ্গেই বলিব। সামান্য কিন্ধরেরা রাজ-দূতের অথবা রাজ প্রতিনিধির বাক্যালাপের উপযুক্ত সহিত নহে।" কিরাতগণ তাহাঁর বাক্য শ্রবণে ट्यांट्स अधीत इहेग्रा उंहिन,

পূৰ্ব্ব ক্ৰোধ দিন্তণ বৰ্দ্ধিত হইল।

কিন্তু কিরাতপতির ভয়ে অতি

এক জন অনুচরকে আদেশ ক-রিল। দেখ দলপতি কি করিতে-ছেন; যদি কথিকিৎ সৃস্থ শরীর থাকেন, তাহা হইলে তাহাঁর নি-क्षे मयूनाय ब्रुखांख नित्वमन कत এবং তিনি যে রূপ আদেশ ক-রেন, তাহা অবিলয়ে আমা-দিগকে জানাও. তৎপরে যে রূপ করিতে হয় করিব। বলিবা মাত্র অনুচর দলপতি সমীপে গমন করিল, এবং ভাঁহার আ-দেশ গ্রহণ করিয়া সেই স্থলে আসিয়া বলিল, যিনি রাজা অমর সিংহের নিক্ট হইতে এ স্থলে আদিয়াছেন, তাহাঁকে দেই স্থলে গ্রামন করিতে আ'দেশ করি-লেন। "মহাশয়! ইহার সহিত দলপতির নিকট গমন করুন,, আগন্তক গাতো্থান করিলেন, কিরাতগণ আরক্তনয়নে তাঁহার মুখের প্রতি ছষ্টি নিক্ষেপ করিতে लाशिल। আগন্তুক আপনার ইচ্ছা ফলবতী বিবেচনা করিয়া পুলকিত মনে অমুচরের সহিত কিরাতপতির নিকট গমন করিতে लाशितन ।

ঊর্কে_ন বাতয়ন। বাতায়নের নিয়ভাগ মেঘসন্ত্রশ কাঠাবরণে

উপরি এবং আবরিত, প্রভাত দিবাকরের ন্যায় রাগরক্ত বদন কান্তি দারা বিচ্ছারিত। বদনশোভাও কথঞ্চিৎ পরিচিতের ন্যায় অনুমিত হইতেছে, সন্দেহও সম্পূর্ণ রূপ রহিয়াছে, তগাপি আগস্তুকের হৃদ্য় নৈশ তিমির সম্ভূপ দুঃখভারক্লিন ক্যলদলের ন্যায় বিক্ষিত হইতে লাগিল, কিন্তু যখন তৃলারপ অন্য বাতা-য়নে প্রভাতকালীন ক্ষীণকান্তি भाभधरतत ना|य जना वहन निती-ক্ষণ করিলেন, তখন আর সন্দে-হের নামমাত রহিল না, হৃদ্য সম্পূর্ণ রূপে প্রফুল্লিত হইয়া উঠিল ও সধুকর তুল্য অন্তর্কালিমা নিরস্ত হইয়া গেল। নিরম দরি-দ্রের অপরিমিত ঐশ্বর্যাপ্রাপ্তির नाम जे नर्गनी डीहारक जिन-কালে অস্থির করিয়া তুলিল। আহ্লাদের ইয়তা নাই। বহু-কাল পরে অপ্রার্থিত অনাশ্বাসিত বস্তুর দর্শন লাভ করিলেন। যাহার উদ্দেশে তিনি এতকাল বনে বনে অনাহারে দিবারাত্রি পরিভ্রমণ করিতেছিলেন, যাহার অদর্শনে এক দণ্ডের নিমিক্তও স্থুখস্বচ্ছন্দ লাভ করিতে পারেন নাই ও যা-

পিতার অনুগত ও পক্ষীয় ব্যক্তির হস্তে লালিত হইতেছে, ইহা অ-পেক্ষা আহলাদের বিষয় এই ভূম-গুলে আর কি বিদ্যমান আছে। আগন্তক চিত্রার্পিতের ন্যায় দণ্ডায়-মান, নড়িবার শক্তি নাই। অনি-নিষ নয়ন উৰ্জাভাগেই নিক্ষিপ্ত রহিয়াছে। কর্ত্তব্য কর্মা দূরে অব-স্থিতি করিতেছে, গস্তব্য স্থানও অন্তর হইতে অন্তরিত হইয়াছে। সঙ্গে যো কিরাতপতির অনুচর রহিয়াছে, তাহাও মরণ নাই। সে যে তাহাঁর এই ভাব দর্শনে কি মনে করিতেছে, তাহাতেও জক্ষেপ নাই। পুরের ন্যায় এক-ণেও দেইরূপে দগুরিমান, কলে-বরও সেইরূপ নিক্ষম্প ও নিশ্চেষ্ট। অনুচর আগন্তকের ভাবভঙ্গি দর্শনে চতুর্দিকে ছষ্টি নিক্ষেপ করিতে লাগিল, কিছুই দেখিতে পাইল না। কিন্তু তাহার সংশ-রিত দৃষ্টি উর্দ্ধে নিক্ষিপ্ত হইবা-মাত্র সেই মেঘ সত্তশ গবাক্ষের

হার অমঙ্গল আশস্কা করিয়া রূজ-পিতা মাতা সর্ফাট হা হতাশ

করিতেছেন, দেই বস্তু অগ্রে উপ-

স্থিত, দুরন্ত বিপক্ষের হস্তে বিন্যী

হয় নাই, নিরাপদে জাঁহারই

হিতি করিল। অনুমানে হইল, কেহ গৰাক্ষার যেন রোধ করিল, কিন্তু কে যে উহা রোধ করিল, অসূচর কিছুই বুঝিতে পারিল না। অব-শেষে আগন্তককৈ সম্বোধন ক-রিয়া বলিল, মহাশয়! কি দেখি-তেছেন, কিরাতনাথ আপনার অপেকায় অমুস্থ শরীরেও সময় প্রতীক্ষা করিতেছেন। বিলম্ব না, চলুন, আপনার করিবেন জন্য উৎকণ্ঠিত চিত্তে অবস্থিতি করিতেছেন। "চল, যাইতেছি,, এই কথা বলিয়া চিন্তাকুলিত চিত্তে অনুচরের সহিত শুন্যহৃদয়ে কিরাতপতির নিকট গমন করি-লেন |

আবরণিকা শশিকলাকে

পঞ্চম স্তবক।

কিরাতনাপ আবাসগৃহের বহিভাবে সামান্য আসনে অর্দ্ধ শরিতাবস্থায় অবস্থিত রহিয়াছেন।
শরীর সাতিশয় দুর্র্বল, এমন কি
অঙ্গ প্রতাঙ্গ সকল আপন আপন
ভার বহনেও অক্ষম, লাবণ্যজ্যোতি
চিন্তায় অপনীত হইয়াছে, ও সূলতর শিরারাজি বিরাজিত রক্ষ

কুফুবর্ণ চর্মে দেই অস্থিময় নরদেহ আররিত রহিয়াছে, দেখিলে কা-হার না অন্তরে ভয়ের উদ্রেক হ-ইয়া থাকে ? আগন্তুক সেই অন্তুষ্ট পূর্ব্ব ভয়ঙ্কর কিরাতমূর্ত্তি দর্শনে महमा ভীত इहेग्रा উঠিলেন। কিন্তু ভয়াবেগ কথঞ্চিৎ সংবরণ করিয়া বিশ্বিতভাবে অগ্রেই উ-হাঁরে সেই বিরূপতার কারণ জি-জ্ঞাসা করিলেন। কিরাতপতি সদুস্বরে বলিলেন, আস্তরিক অস্থ-খই আমাকে এইরূপ বিরূপ ক-রিয়া তুলিয়াছে। "আন্তরিক প্লনি? এমন কি—" অর্দ্ধগাত্র বলিয়াই আগন্তক ক্ষান্ত হইলেন, বুবিলেন, সেই যুবতীই তাঁহার এইরূপ অমুখের কারণ হইয়া উঠিয়াছে। কিরাতপতি যুবতী ও কুমারকে তাহাঁর নিকট গোপন করিবার মানদে প্রস্তাবিত বিষয় হইতে ক্ষান্ত করিবার নিমিন্ত বলিলেন মহাশয়! মহারাজ অমরসিংহ কি অভিপ্রায়ে আপনাকে निक्र श्रीठाइशार्टन, वलून, यपि প্রতিপালনের যোগা হয়, ত এ-খনি প্রতিপালন করিব। "শদিও তিনি জানেন ও আমিও জানি-তেছি যে, তাহাঁর আদেশ রুপা,

আপনার নিকট কোন কার্য্যকর হইবে না, তথাপি বলিবার নিমিত্ত যথন এতদুর শ্রুম করিয়া আসি-য়াছি ও যখন প্রভুর আজ্ঞাপালন ভূত্যের একান্ত কর্ত্তব্য, তথন আমার কর্ত্তব্য আমি পালন করি, এক্ষণে আপনার যেরপ অভিরুচি হয়, করিবেন। "উপযুক্ত আদেশ হ-इल भानत्व वाधा कि । किन्छ অসঙ্গত হইলে কিরুপে প্রতি-পালন করিতে পারি!" "আজা উপযুক্ত আর অনুযুক্ত কি? প্রভু যাহা আদেশ করিবেন,অবিচারিত চিকে প্রতিপালন করা আশ্রৈত মাত্রেরই কর্ত্ব্য, তাচ্ছিল্য করিলে ব্রং পাপী হইতে হয় [1" "মহাশয়! আমরা অসভ্য বন্য জাতি, আমা-দিগের তাছশ সদ্দি ও সাধু বিবেচনা কোথায় ? কিন্তু আমা-দিগের মতের সহিত বিভিন্ন হ-ইলে পরমারাধ্য পিতার বাক্যেও অবহেলা করিয়া থাকি।" "তবে কি মহারাজ অমরসিংহের বাক্য রক্ষা হইবে না?" বলুন যদি র-ক্ষার হয় ত এখনি সম্পাদন করিব,, "বুঝিয়াছি, আর বলিবার আব-শাক নাই। কিরাতরাজ! পদে অসর সিংহের

করা আপনার কর্ত্তব্য হইতেছে না। এখন আর সেই দ্রাত্মা অসরকেতন কাশ্মীরের রাজ-সিংহাদনে অধিরচ नाई (य, অমর্সিংহের আজ্ঞা অবহেলন করিয়াও রক্ষা পাইবেন, অমর্নিংহের পর্ম বন্ধু মহারাজ জয়সিংহ কাশ্মীর রাজ্য অধিকার করিয়াছেন,, "রথা বাচালতা প্রকাশে আবশ্যক নাই। যাহা বলিতে হয় বলুন, আমার শরীর নিতান্ত অমুস্থ, এরূপ অবস্থায় আর অধিকক্ষণ অবস্থিত থাকিতে পারিব না।,, কেবল যদি শুনি-বার নিমিস্তই হয়, তাহা হইলে বলিবার আবশাক নাই—অথবা আদেশমত কার্য্যকরণে দোষ কি? শুনুন, মহারাজ অমরসিংহ ''শুনিলাম, বলিয়াছেন যে, আপিনি কাশ্মীর দেশীয় একটী অনুদ্দিট যুবতী ও সুকুমার কুমার প্রাপ্ত হইয়াছেন। এবং ঐ যুবতীর উপর বলপ্রকাশেরও চেষ্টা করিতেছেন, যুবতী কাশ্মীর (मणीय, काम्यीत (मणीय ललनात প্রতি বনা কিরাতগণের আকাঞ্জা নিতান্ত অস্থা বিশেষতঃ সামান্য কোন অনুদ্দিষ্ট

দ্রব্য পাইলেও যখন উহাতে ভূপ-**जितरे** नागा अधिकांत निर्मिशे রহিয়াছে, তখন যে আমার অধী-নস্থ একখণ্ড অরণ্যের উপর আধি-পত্য লাভ করিয়া প্রায় আমারই সংসারভুক্ত মুবতীকে রুদ্ধ করিয়া তাহারই প্রণয়পাত্র হইতে প্রা-র্থনা করা অথবা তাহার উপর বল প্রকাশ করা মহ্য করিতে পারিতেছি না। অধিক কি, মনে হইলেও ক্রোধে শরীর অধীর হইয়া উঠে। অতএব যদি আ-পনি মঙ্গল প্রার্থনা করেন, তাহা হইলে প্রবণমাত্র অবিচারিত চিত্রে ক্ষণমাত্র বিলম্ব না করিয়া ইহার নিকট যুবতী ও কুমারকে প্রদান করিবেন, ভিন্নমত করিলে অবিলয়েই সমর স্থলে আমি আপনারসহিত সাক্ষাৎ করিব।" সমুদায় বলিলাম, এক্ষণে যাহা কর্ত্তব্য হয় করুন, কিরাতপতি উহার বাক্য শ্রেবণে দুঃখিত মনে ভাবিতে লাগিলেন, আমি যাহারই চেষ্টা করিতেছিলাম, গোপন ভাহাই দুরাত্মার কর্ণগোচর হই-আর উপায় নাই, যুদ্ধ য়াছে। কাল নিশ্চয়ই নিকটবন্তী হই-য়াছে। একবার উহার প্রার্থনা

অগ্রাহ্য করাতে বিশেষ জুদ্ধ হইয়া আছে, তাহাতে আবার দ্বিতীয় কারণ উপস্থিত, ইহাতে কখনই ক্ষান্ত থাকিবে না। কি কর্ত্তবা যদিও যুবতী আমার ইচ্ছার প্রতিকুলাচরণ করিতেছে, তথাপি উহাকে পরিত্যাগ করিয়া ক্ষণমাত্র জীবিত থাকিতে পারিব বিশেষত এরপ সদাচার-**धनू किं**म्यां य পারদর্শী ভক্তিনিষ্ঠ ও স্নেহাস্পদ কুমারকে কিরপে পরিত্যাগ করিব,—কখ-নই পারিব না, প্রাণ যায় সেও স্বীকার, তথাপি পারিব দুরাত্মা অমর্সিংহ আমার চির-भक्क, क्विन (य हेड्। कतिलह উহার কপটতা হইতে পরিত্রাণ পাইব, তাহা কখনই সম্ভাবিত নহে। আমার সর্মনাশ সম্পা-मत्न स्मारे मायायी कथनरे मारिशात ক্রটি করিবে না। যেরপে পারুক, দিবানিশি আমার অনিষ্ট সাধনে চেষ্টা করিবে; অতএব এই দুঃস-मरम श्रुजकण्म डेशमुक कूमांतरक শক্রহন্তে সমর্পণ করিয়া অপে-ক্ষাকৃত সমধিক বিপদ্প্ত হইবার আবশ্যক কি ?--কিন্তু সহসাও (क्रांन कार्या कन्ना कर्खना नग्न,यिन छ

তাহার অভিপ্ৰায় কপটত†-পূর্ণ, তথাপি অন্যান্য আত্মীয় গণের সহিত পরামর্শ না করিয়া প্রকৃত উত্তর প্রদান করা অনু-িচিত। কিরাতপতি এইরূপ ভাবি-তেছেন, কিন্তু আগন্তুক উহাঁকে নিরুত্তর দেখিয়া বলিলেন, ইহা-তে আর চিন্তার কি আছে ১ যাহা ভাল বোধ হয়, বলুন, তাহাতে স-স্কু, চিত হইবার প্রয়োজন নাই। কিন্তু আপনার সহায়বল ও ক্ষম-তার বিষয় বিশেষ পর্যালোচনা ক-রিয়া উত্তর প্রদান করিবেন, দেখি-বেন পরে যেন অমরসিংহের হা-সোর পাত্র হইতে না হয়। "কিরা-তপতি যাহা করিবে, তাহাতে উ-পহাস করা অমরসিংহের সাধ্যায়ত্ত্ব নহে। উহাঁর বলবিক্রম আমার অ-বিদিত নাই।" "ভাল, পরে কাহা-রও তাহা অবিদিত থাকিবে না, এক্ষণে যাহা বলিতে হয়, বলুন।" "অদ্য আমি ইহার ভাল মন্দ কিছু-রই উত্তর প্রদান করিতেপারিব না, कला गारा रुगं तिनत। अनुशह করিয়া অদা আপনাকে এই স্থলে থাকিতে হইবে।" উভয়ের এই-রূপ বাক্বিভগু ইইভেছে, ক্রমে সন্ধ্যা উপস্থিত 1-

সমস্ত দিবস অনিয়ত পরি-শ্রমের পর দিবসনাথ বিশ্রামার্থ গিরিগহ্বরে লীন হইলেন, নিশা বধু সহচরী সন্ধ্যার সহিত অনুরূপ বেশভ্যায় পরিবীত হইয়া অমৃত পূর্ণ স্থাবালা হল্ডে ধারণপূর্মক श्रुक्त थिएल अकामगान इटेलन। আগমন কালে বিকম্পিত কর-युशन इटेंटि सन्म सन्म अमृठ विन्मू ক্রিত হইতে লাগিল, কি মধুব মপর্শ আঙ্গে মিক্ত হইবামাত্র মানিনীর মান ভঙ্গ হইল,বিরহিণীর শারীর দ্ধা হইতে লাগিল, যুবক মিথুন মুগ্ধ হইয়া পড়িল ও পতিত হইবে জানিয়াও অভিসারিকারা পিজ্লিমার্গে পদার্পণ করিল। এদিকে সুগয়াপ্রতিনির্ত্ত কিরাত গণ তীরবিদ্ধ পশু পক্ষী প্রভৃতি স্বন্ধে করিয়া স্ব স্ব আবাদাভি-মুখে প্রবেশ করিতে লাগিল এবং কিরাতবালকেরা দলকক্ষ হ-ইয়া ধেনুগণের পশ্চাৎ পশ্চাৎ রপ্লুবন্ধ মৃত পক্ষী হস্তে করিয়া বন হইতে গ্রামাভিমুখে প্রতি-নিবুত হইতে লাগিল।

ক্রমে সময় উপস্থিত—নিতান্ত প্রিয়তমা হইলেও নিশাসহবাদে আর অধিকক্ষণ থাকা নিতান্ত অনুচিত ইহ। ভাবিয়া সন্ধ্যাসখী
যুবতীকে যুবতীর সহচরীর ন্যায়
প্রিয় স্থী নিশাকে পরিত্যাগ
করিতে উদ্যক্ত হইলেন। নিশা
হাসিতে লাগিলেন, কিন্তু যুবতী
সহচরীর হস্ত ধারণ করিয়া কাঁদিতে লাগিল।

তখন যুবতীর সহচরী যুব-তীকে কাঁদিতে দেখিয়া করুণ-স্থি! কি করিব, স্বরে বলিল অধিপতির আদেশ নিতাপ্ত ক-ঠিন, এত কাল কি দিবা কি রজনী, সর্ফ সময়ই তোমার সহ-ক্রিয়াছি, যাপন দণ্ডের নিমিক্তও তোমার চক্ষের অন্তরাল হই নাই, কিন্ত আমরা পরাধীন, ইচ্ছা বিরহেও অগত্যা প্রভুর আজ্ঞা পালন ক-রিতে হইতেছে। স্থির হও, সতীর সতীত্ব বুদ্ধদেব রক্ষা করিবেন। স্থি! রোদনে ক্ষান্ত হও, হস্ত ছাড়িয়া দেও, ভয় নাই, কিরাত পতির চরিত্র তাছশ কঠোর নহে, কখনই তিনি তোমার অমতে তোমার গাত্রপর্যান্ত মপর্শ করিবেন না।" "ধাহাই হউক তুমি এন্থলে হইতে অন্যত্র যাইতে পারিবে না, যাইলে নিশ্চয়ই আত্মঘাতনী

इहेत। मथि! এই पूर्णम व्यतना মধ্যে আপন বলিয়া ভাবে এমন আর আমার কে আছে, যে অ-বধি আমি এ স্থলে আমিয়াছি, দেই অবধি তোমা ভিন্ন আর কাহাকেও জানি না, তুমি নি-কটে থাকিলে পূর্ফের দুঃখ আ-মাকে ডাছণ কেশ প্রদানে সমর্থ হয় না। তোমার মুখ দেখিলে व्यामात श्रम अक् ल हरेश उटिह, শরীর পুলকিত হইতে থাকে, চতু-र्फिक आरम्भिम स (मिथ्ड शांकि। কিন্তু তোমার বিরহ কথনই সহা করিতে পারিব না। স্থি! এই বিপদ সময় তুমিও কি আমায় পরিত্যাগ করিবে ? তাহা হইলে আমাকে আর কে আশ্রয় দিবে, কাহার নিকট শারণাপন্ন হইব? স্থি! আজ আমার এই প্রাণের ভিতর যে কিব্লপ করিতেছে, ডাহা বলিতে পারিতেছি না, যদি এই कठिन ल्यांन धहे प्रह हहें एंड এখনি বহিৰ্গত হয়, তাহা হইলে আর এই যন্ত্রণা মহ্য করিতে হয় না। কি বলিব যথনি ঐ পাপাত্মার কথা আমার মা,তিপথে উদিত र्य, उथनहे श्रम धककात्म अ-थीत **इडे**ग्रा উঠে।"

"मिथि! कि कतित्व, काश्त्रेत अ এ বিষয়ে কোন ক্ষমতা নাই, স্বয়ং অধিপতিই তোমার প্রণয়াকাজ্জী, তাহাঁর ইচ্ছার বিপরীতাচরণ করিতে পারে, কাহারও এমন সাধ্য নাই। ছাড়িয়া দেও, রাত্রি হইয়াছে, বোধ হয় আমারই জন্য কিরাতপতি আসিতে পারি-তেছেন না" বলিয়া সহচরী যুব-जीत तनशीन इ**ख इ**हेट इस्र-মোচন করিয়া সত্তর পদে গৃহের বহিৰ্গত হইলেন। যুৱতীও শূন্য হাদয়ে স্থালিতপদে পশ্চাৎ গ-*हाद शावमान इहेलन। উভয়েই উভয়ের সমাখীন। কি-রাতপতি উহাদিগকে সবেগে আগমন করিতে দেখিয়া বলিলেন, কি হইয়াছে ১ এরপ সত্তর গমনের কারণ কি ? সঞ্চিনী সম্মুখে কিরাতপতিকে দেখিয়া সঙ্গুচিত ভাবে বলিল, মহাশয়! ইনি কোন রূপেই আপনার সহ-বাস বাসে সমত হইতেছেন না, বোঝাইতে ত্রুটী করি নাই, কোন রপেই প্রবোধ মানিতেছেন না। যথন সঙ্গিনী এই কথা বলিতে-ছিল, তথন যে কিরাতনাথ যে

একজন অপরিচিত পুরুষের সহিত

আসীন রহিয়াছেন, সম্ভাম বশত তাহা অনুমান করিতে পারে নাই, किन्तु यथन "कि ?-काभीत महि-লার সতীত্বনাশে বলপ্রকাশ!" এই সগর্ম কর্কশ কণ্ঠস্বর উহার কর্ণকুহরে প্রবেশ করিল, তখন একেবারে ভয়ে আডুফী প্রায় হইয়া উঠিল্। মুখে বাকা নাই, ভয়ে চিত্রার্পিতের ন্যায় এক পাশ্বে দগুরমান। ভাবিল, না জানি, কিরাতপতি এই অপরাধে কত-গুরুতর দগুবিধান বেন। কিন্তু কিরাতনাথ কালে আর কিছুমাত্র সে কথার উত্থাপন না করিয়া বলিলেন, যাও, তুমি উহাঁর গৃহেই অব-এই কথা বলি-স্থান কর। लान वर्षे, किन्तु मू:थिठान्नकत्रा ঘন ঘন দীর্ঘ নিঃশ্বাস পরিত্যাগ ক্রিতে লাগিলেন। যুবতী উহঁার বাক্য শ্রবণে কথঞ্চিৎ সুস্থির চিত্ত হইলেন ও সঙ্গিনীর সহিত আবাস গৃহাভিমুখে প্রস্থান করিলেন। আগন্তক যুবতীকে দর্শন করিয়া কিরাতরাজের অত্যাচারের বিষয় অনুধ্যান করিয়া তৎকালে সাতিশয় ক্ৰুদ্ধ হইয়া উঠিলেন। কিন্তু অতি কটে ক্রোধাবেগ সং-

বরণ করিয়া ভাবিলেন, একমাত্র ক্রোধকে সহায় করিয়া এসময়ে কোন কথা উত্থাপন করা উচিত নহে। ক্রুদ্ধ হইলে লোকের হিতাহিত জ্ঞান বিলুপ্ত হইয়া যায়, কর্ত্তবাকর্ত্তবা বিবেচনা গাকে না, এবং উপযুক্ত বায়ু-সহযোগ প্রাপ্ত হইলে সেই ক্রো-ধানল প্রদীপ্ত হইয়া উঠে ও বিষম অনিষ্ট সাধন করে।

ক্রমশঃ প্রকাশ্য।

একটা রাজনীতি।

কদা চন্দ্ৰবংশীয় কোন
রাজা, আপন প্রজাদিগের প্রতি
নিষ্ঠুরতাচরণ ও অত্যন্ত অত্যাচার এবং অবিচার আরম্ভ করিয়া
তাহাদিগের ধনসম্পত্তি আত্ম-

সাৎ করাতে,

প্রজাগণ

রাজ্যে পলায়ন ক্<u>রিতে</u> থাকে।

এইরপে প্রজার ক্রাস হওয়াতে দিন দিন জাঁহার ধনাগার শুন্য হইতে লাগিল। এই অবসরে চতুর্দ্দিকস্থ শত্রুগণ রাজ্য আক্র-মণের কৌশলজাল বিস্তার করিতে প্রবন্ধ হইল। পূর্বে যাহারা মুহৃদ ছিল, তাহাদিগের মধ্যেও কেহ কেহ বিপক্ষ দলে মিলিয়া গেলা দুর্ঘটনার সময়ে যাহারা माहाया अमान करत, जाहां मि-গকে অথ্যে সম্ভুষ্ট রাখা কর্ত্তব্য। যদি স্থের সময়ে তাহাদিগের সহিত সদ্ধার না রাখ, তবে দুঃস-ময়ে তাহাদিগকে পাইবার কোন আশা থাকে না। বরং তাহারা শক্রতাচরণ করিয়া থাকে। অধিক কি, নিজ ভৃত্যগণের প্রতি স্নেহ ও যত্ত্ব না করিলে, তাহারাও সেই সময়ে দাসত্বজ্ঞা, হইতে মুক্ত হইবার চেটা পায়, তজ্জনা সক-লকেই সম্ভাষ্ট রাখা কর্ত্তব্য, বিশে-ষতঃ ভৃত্যদিগের প্রতি অনু-কম্পান্তিত হইলে, অন্য ব্যক্তিও ইচ্ছা পূর্মক দাসত্ব স্বীকার করে। একদা রাজসভাসদাণ রাজার সন্মাথে বসিয়া মহাভারত হইতে যুধিন্ঠিরের রাজ্যপতন এবং দুর্য্যো-भार

করিতেছিলেন, এমন সময়ে মন্ত্রী রাজাকে জিজ্ঞানা করিলেন, যে यू थिष्ठितत धन, मम्श्रेष्ठि, तांजा, ভূমি, দৈনা সামস্ত কিছুই ছিল না, তবে কি প্রকারে তিনি রাজা লাভ করিয়াছিলেন ? রাজা কহি-লেন, স্বদেশীয় ব্যক্তিগণের মা-হায্য দারা তিনি রাজ্য প্রাপ্ত হইয়াছিলেন। মন্ত্রী এইরূপ অ-নেক প্রমাণ দর্শাইলে এবং মধ্যে মধ্যে রাজ্যভাস্পাণ তাঁহার মতে মত প্রদান করিলে, রাজা আর অস্বীকার করিতে না পারিয়া প্রজাগণের প্রতি সদয়-ব্যবহাব করিতে আরম্ভ করিলেন। পলায়িত প্রজাগণও স্বাস্থ নিবাসে প্রত্যা-রুত্ত হইয়া পূর্কাবৎ সুখে সংসার যাত্রা নির্মাহ করিতে লাগিল।

নূতন পুস্তক ও পত্রের সমালোচন।



भग्न ही विलाभ कारा।—नाजा-ग्रनश्रुत निर्वा-भी हिट्हेलिया

ইহার প্রথয়নকর্ত্ত। ।—কাব্যথানি আদ্যোপান্ত অমিত্রাক্ষরে রচিত কবির হইয়াছে। অপ্পায়স্ক কবিতাগুলি পাঠ করিয়া আমরা প্রকুল্লচিত হইয়াছি বটে, কিন্তু কাব্যদেবী অবমানিনী হইয়া-ছেন। দোষগুণের বিচার করিয়া নবীন কবির উৎসাহ ভঙ্গ করা আমাদিগের উদ্দেশ্য নহে, তিনি ভবিষ্যতে যাহাতে সতর্ক হন, সেই অভিপ্রায়ে তাঁহার তিন পংক্তি কবিতা উদ্ধৃত করিয়া ছন্দোভাগ প্রদর্শন করা গেল। ইহাতে কেমন মিষ্ট শুনায়, সাধা-রণ পাঠকের সহিত কবি স্বয়ং তাহার আস্বাদন লইবেন। যথাঃ—

চতুর্থ পৃষ্ঠা হইতে

''মধুব পুবিত, প্রবেশে কুহবে তার। ''নাসিকা আব নালয় আব, হস্ত পদ ''হয়েছে অবশ; মূরিছে মন্তক মুবা''

ছন্দোভাগ।

যতি অনুসারে।

মাধুর পুবিত প্রবে নেকু হরে তাব।
নাসি কাআ বনা লয় আন হস্তপদ
হয়ে ছেঅ বন ঘ্রি ছেমস্তক যথ।
প্রতিষ্কৃপরায়ণ

এইরপ অন্তুত যতিমিল দৃষ্ট হইল। ইহা ব্যতীত দাদশ, ত্যোদশ, পঞ্চদশ, এমন কি, ষোড়শ বর্ণেও কবিতার চরণ পূর্ব করা হইয়াছে। কবি যদি ক্রোধান্ধ না হইয়া আমাদিগের পরামর্শ শুনেন, তাহা হইলে কাব্য রচনাপ্রণালী শিক্ষা না করিয়া এই গুরুতর ভার ক্ষমে ধারণ করিবেন না। পুত্তকথানি কলিকাতার আহীরীটোলা এন, এল, শীলের যন্তে মুদ্রতে। মুল্যাণ চারি আনা মাত্র।

ব ভার।
ব ভার।
ব ভার।
বাদী শ্রীযুক্ত বারু হরিনাগ মজুমদার ইহার প্রণয়ন করিয়াছেন।
এখানি পদ্যময় পুস্তক। ইহাতে
দাদশ শিশুর অপুর্ব্ব চরিত্র নানাবিধ ছন্দে রচিত হইয়াছে।প্রথম
শিশু।—অসাধারণ অধ্যবসায় ও
গুরুত্তিক প্রায়ণ নিষাদপুত্র
ব টু। দ্বিতীয় শিশু।—রণনিপুণ
ভেম স্তক যথা
ভালেশ্বায়ণ প্রুব। চতুর্থ

শিশু।— দৃঢ়প্রতিজ্ঞ কচ। পঞ্চম শিশু।—দূৰ্য্য-কুল-তিলক ভগী-तथ । यर्छ निर्छ।—क्रमानील সপ্তম শিশু।—ন্যায়-সিক্ষ। পরায়ণ প্রহ্লাদ। অষ্টম শিশু।— পিতৃভক্তি-পরায়ণ পুরু। নবম শিশু !—পিচ্ভক্তি-পরায়ণ রুষ-কেত। দশম শিশু। – কৃষ্ণ ও বলরাম। একাদশ শিশু।— পরাক্রম--বিশিষ্ট কুশ ও লব। होमम गिछ। - उखुकांनी नि-মাই। কবিতাগুলি সরল, স্থম-धूत ও मह्यावश्र्व। त्रवनां उ डे ६-কুট। এতৎ পাঠে বিদ্যার্থিগণের স্বিশেষ নীতিশিকা হইতে পা-রিবে। ইহা বিদ্যালয়ে ব্যবহৃত হ্ইবার উপযুক্ত। কলিকাতা মূজাপুর, বিদ্যারত্ন যন্ত্রে মুদ্রিত, পরিমাণ ২৮০ পৃষ্ঠা। মূল্য বার-আনা ৷

য়াছি। এীযুক্ত বাবু প্যারীচরণ সর-কার ইহার সম্পাদক। স্বদেশের হিতসাধন, সুরাপান নিবারণ, ও দেশাচার সংশোধন করাই উক্ত পত্রের প্রধান উদ্দেশ্য। সম্পাদক ঐ কয়েকটি বিষয়ে বিশেষ যত্নবান হইলে স্বদেশের যে সমধিক উপ-কার হইবে, তাহার সন্দেহ নাই। যাহা হউক, অমদেশে যে আর একখানি মাসিক পত্রের হফি হইল, ইহাই পরম মঙ্গলের বিষয়। সম্পাদক দেশাচার ও ক্ষিকা-র্য্যের আবশাকতা বিষয়ে যে দুটী লিখিয়াছেন, তদ্ধারা প্রস্থাব স্বদেশের হিতদাধন হইবে, স-ন্দেহ নাই। গ্রাহক মহাশয়দিগকে অনুরোধ করি, হিতসাধক মাসিক পত্র গ্রহণ করিয়া সম্পাদকের উৎসাহ পরিবর্দ্ধন করুন। ইহা স্কুলবুক প্রেদে মুদ্রিত। ইহার मामिक मूला / ১० जाना ও वार्षिक অগ্রিম মূল্য ১ টাকা মাত্র।

৩।—হিতসাধক মাসিক পত্ত। ই-হার প্রথমসংখ্যা আমরা প্রাপ্ত হই-

মনোত্ৰমা 1

৩৫২ পৃষ্ঠার পর।

महारकानाइन গগুरान इड्रा छेडिन। লোকারণ্য। নীলত্রত সকলকে সান্ত্_যনা করিয়া নির্ত করিতে চলিলেন। সে সকল দেখিতেই এক অদ্ভুত তামাসা!-এইরপে দলাদলী নিবৃত হইলে নীলত্রত নিরূপিত দিবসে কাহাকে এক ঘরে, কাহাকেও আধ ঘরে, কাহাকে বা জাতান্তর করিয়া শুভ ক্ষণে পুত্রের অন্তর্থাশন নির্বাহ করিলেন। মহাসমারোহে সম্ভ কার্য্য স্থসম্পাদিত হইল। প্রিয় প্রণয়িনীর গর্ভে জন্ম হইয়াছে বলিয়া প্রিয়ত্ত নাম রাখিলেন। হায়! এত-দলাদলীপ্রিয় মহাত্মাদিগের কি ভয়স্কর (फ्रमीय প্রকৃতি ! হিংসা, দ্বেষ, ক্রুরতা প্রভৃতি তাঁহাদের অন্তঃক-রণে নিয়তই বিরাজমান। প্রায় সমস্ত দলাদলী**সপ্রদা**-য়েই এক একটা উপলক্ষ ও কিছু কিছু স্বার্থ আছেই আছে। কিন্তু কোন কোন দলাদলীসমাজে কোন উপলক্ষ ও দলপতিগণের কোন স্বার্থ বিনাই গোলযোগ উপস্থিত হয়। তাহা শুদ্ধ বিবাদ করিবার ও অকারণে লোকের মনে দুঃখ দিবার অভিপ্রায় ভিন্ন আরু কিছুই नटर । वञ्च ७३ विवाम विमयान ও অহমিক। প্রকাশ করাই मंनामनीत श्रधान উদ्দেশ। এই উপস্থিত দলাদনীর ুবিষয় দীতে চারিটা উপলক্ষ দৃষ্ট হইতেছে। বিধবা রমণী-शर्वत विवार एम अया, जीम खिनी शंवर विष्या निका

(मं अर्था, कनार्रं विवाद मर्यामा धेर्ण ना कता, धवः (सिष्ण वर्ष वसः क्रम मर्था शुरु शति शत ना इखा : উক্ত সমাজস্থ দলপতি মহাশয়দের বিবেচনায় মহা অনর্থ ও পাপের সোপান। এই সকল কর্ম তাঁহারা মহান অধর্মের হেতু জ্ঞান করিলেন। ইহা সামান্য আক্ষেপের বিষয় নহে! উল্লিখিত সম্প্রদায়, বিধবাবিবাহ, জীশি-ক্ষা ও ষোড়শ বর্ষের অধিক বয়স্ক বালকের বিবাহ প্রভিতিকে ষেরপ মর্মান্তিক মুণিত কর্ম বিবেচন। করেন, তাঁছারা যদি, জাণ্ছত্যা, ব্যক্তিচার ও বিবাহের মর্যাদা এছণ (কন্যাৰ্শবিক্রেয়) প্রভৃতি কার্য্যে তাহার শতাংশের একাংশও দ্বাণা প্রদর্শন করেন, তবে যে কতদূর মঙ্গল হয়, ভাহা বলিয়া উঠা যায় না ; কিন্তু দুৰ্ভাগ্যক্ৰমে ভাঁহারা স্ত্রীশিক্ষা, বাল্য পরিণয় রহিত, বিধবাবিবাহ প্রভৃতি শুভার্ম্পানে অনাদর করিয়া বরং উপরি উক্ত মহা-পতিকের সহকারিতা করিতেছেন। হায়। কি দুর্ঝিপাক উপস্থিত। এখনো পর্যান্ত এই ভারতবর্য এত দুর হীনা-বিছায় পতিত রহিয়াছেন ? এই ভারতবর্ষ কত শত বুল ও কত লত মুম্বন্তর পূর্বের যে, সভ্যতার সোপানে আরিত হইয়াছেন, তাহার নিরপণ হওয়া অদূর পরা-क्छ। विहा जात्रज्यस्य शूक्तकालीन त्राज्यम् स्वत्रभ পুণ্যাত্মা ছিলেন, তাহা স্বরণ হইলেও ভারতব্য বাসী-দিগকৈ ধন্যবাদ প্রদান করিতে হয়। ভারতবর্ষীয় वांकिशन वह निम शूर्व महा इहेम्राहिटनमा अमारन

সেই স্থাসিদ্ধ জননী ভারতভূমির এ কি দুরবস্থা দেখিতে হইতেছে ৷ অতি অপ্প দিন হইল, ঘাঁহার৷ বন্যজাতির ন্যায় অসভ্য ছিলেন, এক্ষণে সেই ইংলও বাসিগণ ভারতবর্ষে সভ্য হইয়া আসিয়াছেন। কিছু দিন পূর্বে যাঁহাদের ভোজ্য পেয় ও আত্মপর জ্ঞান ছিল না, অধুনা দেই অসভ্য ইংরাজ জাতীয়ের। ভারতবর্ষে সভ্যতা শিক্ষা করাইতেছেন এবং তাঁহাদের সভ্যতার অনু-করিয়াই ভারতবর্ষীয়গণকে সভ্যতা অভ্যাস করিতে হইতেছে। এততেও চৈতন্য হইতেছে না। আলস্যনিত্রা আমাদিগকে আচ্ছন্ন করিয়া, রাধিয়াছে। ভারতবর্ষস্থ যে সকল ব্যক্তি কতকগুলি কুরীতির আছু-কুল্য করিতেছেন এবং যাঁছারা হৃদয়ভেদকারী দারুণ কুদংক্ষারের হস্ত হইতে মুক্তি লাভ করিতে পারিতে-(इन ना, छाँहाता य मकत्लई निर्स्काध, এ कथा कान ক্রমেই বলা যাইতে পারে না। তাঁহাদের মধ্যে অধি-কাংশ ব্যক্তিই সুপণ্ডিত ও জ্ঞানবান্। কিন্তু হইলে কি হয়? তাঁহারা মধ্যে মধ্যে যে যে জঘন্য কার্ধ্যের আশ্রয় গ্রহণ করেন, তাহাতে কেবল জ্ঞানবান্ নামে কলঙ্কার্পণ করা হইতেছে। জ্ঞানের আর গ্রোরব থাকি-তেছে না। ইহাও আমাদের অপরিমীম লজ্জার বিষয়। যাহা হউক, এক্ষণে নীলত্রতের কি রূপ অবস্থা হয়, তাহা জানা কর্ত্তব্য। ্ এ দিকে মনোতমা-পুত্রের ষষ্ঠ মাস ব্যঃক্রম হই ল।

মনোত্তমা ভাবিলেন, এইত কুমারের অন্নপ্রাশনের কাল উপস্থিত। এক্ষণে যদি অন্নপ্রাশনে কাজ নাই বলি, তাহাঁ হইলে পাকত ঈষ্যা ও মুনোদুঃখের ভাবই প্রকাশ করা হয়। যদি বলি, অন্নপ্রাশন দিতে হইবে, তাহা হইলে সপত্নীর প্রশ্রয় বাড়াইয়া দেওয়া হয় এবং धिम विन, अनुश्राम्म ना मिलिने नरह, छाहा इहेरल পৃতি লোকলজ্জায় পড়িয়া পুনরায় ঋণ করিতে প্রবৃত্ত হইবেন। অতএব তাহাও উচিত নহে। এক্ষণে কোন্ পথ অবলম্বন করি। অথব। ইহাই বলি যে, নাথ। পুত্রের অন্নপ্রাশনের সময় উপস্থিত; কি আদেশ হয়? হাঁ তাহাই ভাল; ঐ কথাই বলিব। ইহা স্থির করিয়া यामिनीर्यार्ग नीलबजरक मरमाधन कतिया किरालन, नाथ!' जाशांभी अक्रास्भीटल नवक्मारतत वर्षास्य पूर्व হইবে। এক্ষণে কি অনুমতি করেন ? নীলব্রত তাহাতে কৈছু উত্তর দিলেন না। বিমলপ্রভা এই কথা শুনিয়া बाहित रहेशा कहित्लन, त्कमन ? वड़ य उथन, ममन স্মর; অবস্থা অবস্থা করিয়াছিলে, এখন ''কি অনুমতি करत्रन, यष्ठ हल्ल भूर्व इरेन, अ जव कथा किन ? काउ अव বোন্! সকলেরই ঐ রপ। আপনার গায়ে হাত দিয়া कथा कंहिए इस । भरताख्या कहिएलन, ভिशिति! ट्यामात्र मीक मिक्किकीत खठ यथार्थई मकन स्हेतारह। আমার পুত্রের অন্ধ্রাশনের জন্য আমি আন্তরিক দুংশিত নৃহি। বিমূলপ্রভা কহিলেন, জার দুঃশিত

হইয়াই বা কি করিবে। এ সময় অন্নপ্রাশন দিবার সময় নহে। নীলত্রতও তাহাতে কথা কহিতে পারিলেন না। স্থতরাং মনোত্মাপুত্রের অন্নপ্রাশন হইল না। মনোত্তমা নম্মুখী হইয়া উত্তর করিলেন, ভগিনি! (নীলত্রতকে সম্বোধন করিয়া) নাথ! হইলেই যে, অনুপ্রাশন দিতে হয়, এমন কোন কথা নাই; তবে দেশাচারের অন্তরোধে একবার বলিতে হয়, বলিলাম, তাহাতে স্বামী যদি উপেক্ষা করিলেন, ইহাতে আমার ক্ষোতের বিষয় কি ? তোমরা আশী-র্বাদ কর, গুরুজনের আশীর্বাদেও অমনি দীর্ঘজীবী হইয়া থাকুক। এই প্রকারে কলহের সূত্র হয়, আর মনোত্তমার অনুদ্যমে ভর্মমূল হইয়া যায়। 'বিদ্যাবতী কামিনীর এত গুণ না হইলে, লোকে বিদ্যার এত সেবা কেন করে ? মনোত্যা, আত্মপুত্র, দপত্নীপুত্র, দপত্নী ও পতি, চারি জনের প্রতিই যথাবৎ ন্যায়পরতার সহিত ব্যবহার করিতেন। দেখিলে বোধ হইত যেন, মদো-ন্তমা আপনা হইতে সপত্নীকে ও নিজ পুত্র হইতে সপত্নীপুত্রকে সমঞ্চিক স্নেছ ও যত্ন করিতেন, পতিসেবার ত कथाई नाई। সেইরপ দুশ্চরিত্র ও দুংশীল স্বামীতে তাদৃশ ভক্তি করা অগণ্য প্রশংসার বিষয়। এক দিন মনোত্তমা ভাবিলেন, পুতের ত অন্নপ্রাশন হইল না, না হউক, তথাপি তাহার ত নামকরণ করা চাই। ইহা ভাবিয়া अर्फ्ककु हे शामावन उन्मूथ मिलाक हिटम्मान। হইতে তুলিয়া ক্রোড়ে বসাইলেন। মস্তকান্তাণ ও বদ-নেন্দু চুম্বন করিয়া কছিলেন, চন্দ্রমুখ! সভ্যপথ অব-করিও। কথনো যেন, তোমার মন মিথ্যাতে আসক্ত না হয়, এই কথা বলিয়া আশীর্কাদ করত সত্য-ব্রত নাম ুরাধিলেন। সত্যত্রত শুক্লপক্ষ শশিকলার नाम किन किन शिविक्षिं इंड्रिंड निरित्न। क्रिय ক্রমে বিমলপ্রভার গর্ভে দুটা ও মনোত্তমার গর্ভে একটা সুলক্ষণাক্রান্তা কন্যা জন্মগ্রহণ করিল। কন্যা তিনটীই स्नावनायुक्ता रहेल। विमनथानात पूरे कना ट्रम-প্রভাও স্বর্ণপ্রভা নামে পরিচিতা হইল। মনোত্তমার কন্যার নাম হেমলতা হইল। পুত্রকন্যাগণের বাক্শক্তি সহকারে জনক জননীর মনে আনন্দ বৃদ্ধি হইতে লা-গিল। কুমারকুমারীগণের গমনশক্তি জন্মিলে এ বাড়ী ও বাড়ী বেড়াইতে সমর্থ হইল। আধ আধ বাক্যে পিতামাতা ও প্রতিবাসিগণের মনোহরণ লাগিল। স্বতরাং সকলেই ভাল বাসে। কোথাও অনা-দর বা অযত্ন নাই। শাস্ত্রকার মহাশয়ের। কহিয়াছেন যে, গভাধান কালে জনকজননীর যে প্রকার মনের ভাব बारक, मस्राप्तिता अविकल महत्रेल प्रकार श्रीश इत। পিতামাতার যদি কোন অচিকিৎসনীয় রোগ থাকে, পুত্রকনারও সেই ব্যাধি হওয়া অবশ্য সম্ভবনীয়। উপ-युक्त ममरत विख्णकारभ जाहात विवत्। कहा याहरवा এক্ষণে পাতিত্রতা লক্ষণ কথনে প্রবৃত্ত হওয়া বাইতেছে ৷

একদা মনোত্রমার পিতা যোগানন্দ, বহু দিনের পর জামাতৃভবনে আগমন করিলেন। মনোত্তমা পিতার আগমনবার্ত্তা প্রবণ করিয়া ঔৎস্কর্য সহকারে তাঁহাকে অন্তঃপুরে আসিতে বলিয়া পাঠাইলেন। যোগানন্দ বাটী মধ্যে প্রবেশ করিয়া মনোত্তমাকে নিকটে আসিতে বলিলেন। মনোত্রমা আসিয়া পিতাকে অভিবাদন প্রুক বসিতে আসন প্রদান করিলেন। গৃহে যাহা কিছু ছিল, সয়ত্নে আয়োজন করিয়া উপযোগার্থে আ-নিয়া দিলেন এবং নিকটে বসিয়া বাঙ্গাকুল লোচনে জিজ্ঞাসা করিলেন, পিতঃ! বাটীর কুশল ত ? আপনি ত ভাল আছেন? আমের সকলে ত কুশলে আছেন? আহা! অনেক দিন দেখি নাই, অদ্য আপনাকে দেখিয়া আমার চক্ষে জল থাকিতেছে না। এই কথা বলিয়া অঞ্চল মুখে দিয়া রোদন করিতে লাগিলেন। যোগানন্দ ব্যস্ত সমস্ত হইয়া দুহিতার চক্ষুর্জ্জল মার্জ্জন कतिशा पिशा किंदिलन, वर्ण मत्नाज्या! किंताना! তুমি পতিগৃহে আছ, ইহাই আমাদের যথেষ্ট স্থাধের বিষয়। কৈ? তোমার পুত্রকন্যারা কোপায়? মনো-ত্তমা চক্ষু মাৰ্জ্জনা করিয়া কহিলেন, পিতঃ! তারা এই মাত্র খেলা করিতে গেল। আপনি একটু বসুন, আমি ডাকিতেছি। এই কথা বলিয়া তাড়াতাড়ি বাহিরে আসিয়া একটা স্ত্রীলোককে কছিলেন, ওগো বাছা! আমার বাবা এসেছেন, তা ছেলেরা কোথায় গেল,

একবার ডেকে দিতে পার ? মনোত্রমা স্বভাবতঃ যে-রূপ মধুরভাষিণী, তাহাতে কে না তাঁহার বাক্যে সম্ভট হয় ? সে তৎক্ষণাৎ প্রিয়ব্রত, সত্যব্রত ও তিনটা ভগ্নীকে সঙ্গে করিয়া মনোত্রমার নিকট আনিয়া দিল। মনোভ্যা, সকলের হস্ত ধারণ করিয়া পিতার নিকটে গমন করিলেন : कहिलान, পিতঃ! এই ছেলেরা আপ-नारक थानाम करिएटाइ. जामीस्तान कक्रन। এईणि আমার জ্যেষ্ঠ পুত্র, এইটি কনিষ্ঠ, আর এই তিনটী কন্যা; এই বলিয়া তাহাদের পরিচয় দিয়া দিলেন त्याभानन कहित्नन, आहा कि ज्ञान! कि माधुती! जेयां कक्रन (य, मीर्चजीवी इरेशा थाकूक। किन्न मार्ज्ड! अनि-রাছিলাম, তোমার একটী মাত্র পুত্র ও একটা কন্যা। তা; এ পাঁচটী কবে হইল ? মনোত্রমা বিনীত ভাবে কহিলেন, পিতঃ! এই তিনটী আমার সহোদরা সদৃশা সপত্নীর গর্ভজাত কিন্তু ইহার। সর্ব্বদা আমারই অমুগত। आभात निकटिं शिकिटण जान वाटम। गर्ज शांतिनीत वष् अकि धात धात न। योगानक किहत्नन, शां बालक वालिकाता स्थारन जामत श्राप्त, तमहे ज्ञारनहे মর্কদা থাকিতে চাহে। এই রূপ কথোপকথনানন্তর मकनरक शृथक शृथक रयोजूक श्रमान कतिया किरामन, क्राविष्ट्रांत्र मकरन नीचां यू रहेश थाक। गरनाज्या कहिलन, निष् । षाई रमून, खेरे धार्यना। भिष्-गंग महर्ष मतन, छोका भाईनाम, छोका भाईनीम, वनिहा

নৃত্য করিতে করিতে প্লাইতে লাগিল। এক একবার মা আদিতেছেন কি না, পশ্চাদ্দিকে দর্শন করে, আবার কতক দুর অগ্রসর হইয়া যায়। মনোত্রমা হাস্য করিয়া कहित्लन, शिण्डः। जमांश इहेशारह। अत्र वर् पूत्रछ। দুই দণ্ড এক স্থানে বসিতে পাই না। এই কথা বলিয়া তাহাদের পশ্চাৎ পশ্চাৎ ধাবিতা হইলেন। বালকেরা ঐ মা আসিতেছেন, বলিয়া হাস্য করিয়া দেইজিতে লাগিল। মনোত্মার ললাট ও অধরোষ্ঠ হইতে বিন্দু বিন্দু শ্রমবারি নির্গত হইতে লাগিল। কত ক্ষণ কৌশল করিয়া তবে ধরিলেন। তাহারা রোদন করিতে করিতে মাতার সঙ্গে সঙ্গে চলিল। এ দিকে যোগানন্দের নিকট তিনটী বালিকা বসিয়া ক্রীড়া করিতেছে ও মধ্যে मत्था पूरे अकति कथ। कहिशा त्याकान्ति इर्व वर्षन করিতেছে। মনোত্তমা, পুত্রদ্বাকে লইরা তথার উপ-নীতা হইয়া কহিলেন, পিতঃ! এই ক্ষুদ্র ক্ষুদ্র বালকদের সক্ষে সক্ষে ছুটিয়া অত্যন্ত পরিপ্রান্ত হইয়াছি। দেখুন! আমার সর্বান্ধ হইতে স্বেদ জল বাহির হইতেছে। যোগানন্দ কহিলেন, মা! তাকি করিবে? বালক স্বভাব সহজেই অশান্ত। সন্তানসন্ততি হুইলে জনক জননীর যে, কত ক্লেশ, তাহা অনুভব কর। মনোত্মা শুনিয়া লজ্জাবনত মুখে ঈষৎ হাস্য করিলেন এবং বস-নাঞ্চলে ঘর্মা-বারি পরিমার্জন করিয়া অঞ্চল ব্যজন দারা আছি উপশম করিতে লাগিলেন। কিয়ৎক্ষণ

পরে যোগাননদ পুনর্কার কহিলেন, বৎসে! প্রিয়বতের জন্নপ্রাশনের সময় জনবকাশ প্রযুক্ত আসা হয় নাই বিলিয়া কি, দেই অভিমানে সত্যব্রতের জন্নপ্রাশনে আমারে নিমন্ত্রণ কর নাই ? মনোত্রমা ছল ছল চক্ষে অধােমুখে উত্তর করিলেন, পিতঃ! আমার সত্যব্রতের জন্নপ্রাশনে ঘটা হয় নাই। এই সে দিন জ্যেষ্ঠ পুত্র প্রিয়বতের জন্নপ্রাশনে অনেক খরচপত্র করা গিয়াছে, আর তাহাতে কিছু ঋণও হইয়াছে। বাটীর সকলের ইচ্ছাছিল যে, সত্যব্রতের জন্নপ্রাশনে ঘটা হয়, কেবল আমিই ঋণ করা জন্যায় বলিয়া তাহাতে জসম্মত হইয়াছিলাম। সেই জনােই কিছু করা হয় নাই। তা, আপনি আশীর্কাদ করুন, ও জমনি শতােয়ু হইয়া থাকুক।

যোগানন্দ কহিলেন, তার কথা কি! ইহা বলিয়া
স্বীয় তনয়ার বুদ্ধিগতার বিষয় মনে মনে কিয়ৎক্ষণ
আন্দোলন করিয়া কহিলেন, বৎসে মনোত্তমে! যদি
ঋণগ্রস্ত হইয়া সংসারে কোনরপ ক্রেশ হইয়া থাকে,
আর আমি পরম্পরায় শুনিয়াছি য়ে, তোমার এক্ষণে
আর তাদৃশ সচ্ছন্দতা নাই, তা, মা! কিছু দিনের জন্য
একবার আমার ঘাটীতে গেলে ভাল হয় না? তাহাতে আমি অনুরোধ করিতেছি, ইহাতে দোষ কি?
মনোত্তমা নত শিরে জিহ্বা কাটিয়া কহিলেন, পিতঃ!
কেমন আহতা করিতেছেন ? সংসারে আমার ক্রেশ কি?

व्यक्तभाव व्यक्तभा।

উপসংহার।

বহিছে যেমন বেলে প্রোতম্বতী-নীর, ধানুকীর তীর আর চঞ্চল। চপলা मामदवर छित्रवस्त गर्भव जीवन, সেইরূপ সৌরবর্ষ ইইতেছে গত। যাপিলাম একবর্ষ ঈশর প্রসাদে, বন্ধু বান্ধবেব নিত্য অমুগ্ৰহ-বলে, প্রকাশিয়া সাধ্যমত যত্নসহকারে, বন্ধপ্রিয় প্রিয়পাত্র এ নবপ্রবন্ধ তুষিতে গ্রাহকর্দে প্রথম কল্পনা, ক্ষমাবধি করিতেছে এ পত্র আমার, জ্ঞানি নামানস সিজাহলে। কভ দুর । বামন ধরিতে চাত্রে গগন-চন্দ্রমা উक्क्रकदत, यथा निष क्रमन कविया क्रममोद्र बटल धर्य अरम निर्फ ही मि সেইরূপ বাসনা আমার; যথা পঞ্ लिखबादत हाट्ड डेक्ट शिवि नुझबद्द ? বধিরে শুনিতে চাহে ভারত ব্যাখ্যান ; নেত্রহীন চাহে যথা হেবিতে উল্লাসে ন্বীন-রবির ছবি প্রভাত গণনে বিমল স্থধাংশু অংশু পুৰ্ণিম। নিশিতে ; যথা চাহে নাসাহীন করিতে আন্তাণ अवाम (शामांश वाम, मनम मधीत आमि (नग्न गारा मना, मञ्जू कूळ रएड তুষিতে মানব রুদ্দে ইহ মত্ত্র ধামে গ यथा हाटह जान कीव मां छटल केवटत, বসিয়া নিৰ্জ্জন গুহে, অথবা কাস্তারে, पूर्ण आंथि भूषि करत दक्षमाम धान, তপ্স্যা আখ্যান দিয়া মনে৷ ইচ্ছামত, ভুলাইয়া নিতে চায় বালকের মোয়া, সেই রূপ বাসনা আমাব। গুণ্বল বান্ধবের চির অনুগ্রহ, দয়া, কূপা, ষেই বলে উত্তিক ততীয় বংসরে,— অবহেলে অতিক্রমি দ্বিতীয় বংসর। কায়ে, মনে, বাক্যে, অর্থে, সহায়তা কবি, ভারিলেন যাঁবা এই অমুগত জনে, অনুগত, পরিচিত, মাসিক প্রবন্ধে,— শত ধুন্যবাদ আজি, কবি তাঁ প্ৰারে, উজ্লাপন কবিলাম দিব্যীয় ব্ৰত। ভবসা ছিলনা মনে, পুনঃ একবাব (ह्रित जुडीय वर्ष, स्ट्रहममधनी, धांशास्त्र कृषावत्न विनानी नक्षरहे, শত শত বিঘু বাধা করি অভিক্রাম, তবিয়াছি অনুষ্ঠিত কার্য্য পারাবাব, বিপদ সঙ্কল। শুধু হিত অভিলাবে তাঁহাদের মুখপদ্ম, ইহ পত্রশােগে বাঞ্জা ৰটে, দেত্রপুটে কবি নিরীক্ষণ দারুণ নিবাশা বায়ু বোধিছিল আঁথি; কিন্তু আজি বিধাতাৰ সদয় আশ্বাদে,---উৎসাতে উল্মিক হয়ে সাহসিক স্বরে जिल्हानि वाक्तववदर्ग छित्रमिख याँगि, কেবল আমার নছে, যাব প্রীতি আশে আশা করি লভিবারে সাধারণ প্রীতি, তার প্রতি কৃপ। করি সরল অন্তরে বলুন সদয় কঠে খুলি জ্দি ভার, (इतिएक मव-श्रवतम जुकीश वश्मतत, বাঞ্চা আছে কি না কারো সম অবয়রে । বাঞ্জা আছে কি না আছে শুনিতে প্রবণে বালকেব বাল্য কথা আধি আধি স্বরে,---र्य क़र्ल काइस ७३ गठ खिव अता ৰাঞ্জা আছে কি না আছে হেরিতে আবার, সেই পত্রা, সেই পংক্তি সেই বর্ণরাজী,

সেই রূপ সেই আস্যা, সেই শিশুবেশ, (यह (वर्ग (मर्थ) मिल मवात माक्कारक। থাকে যদি সমভাব সম অত্যাহ সমভাবে সমভাব দেখাইয়া তবে, প্রকাশিয়া সম (স্মেহ), আমি নাহি চাহি, তার প্রতি কুপাচন্দে করিয়া ঈক্ষণ, উৎসাহ বচনে আর জীবিকা প্রাণানে,— জীবিত রাখিতে তারে করিবে যতন। নতুৰা আনার সাধ্য নাহি রক্ষিৰাতে, नवजरम वीठिहेशी नमाम आकरत পালিতে স্লেহেৰ ধনে পুৰ্বব অন্তুরাগে। স্মরিতে বিদরে বুক অভিম বিদায়, স্লেহ মৈত্রসনে আজি শেষ দেখা ওন।! (वंटा यनि थांकि भूनः मत्न यनि तस,-স্বাকার সম কুপা থাকে মম প্রতি,— ८ मधा खना इतन श्रूमः मवीन बत्रास,---নতুৰা ফুরালো আশা জনমের মত !!!

ছন্দ মিলাইয়া কবিতা রচনাপ্র-ণালী শিক্ষা করিবেন। অনুরূপ হইলেই আমরা সমাদরে পত্রস্থ করিব।

শক্ষর ঘোষের লেন হইতে

ীবিনোদবিহারি দাস 'জানকী
রামের প্রতি' শিরোনাম দিয়া
যে কবিতাটী লিখিয়া পাঠাইয়া—
ছেন, আমরা পাঠ করিয়া দেখি—
লাম, তাহাতে অনেক সংশোধন
ভাবশাক। অতএব সময়ানুসারে
দর্শন করা যাইবেক।

পত্রপ্রেরকের প্রতি।

ধর্মাতলার মটস লেন্ চইতে

জ্রীমন্মগনাথ সরকার, বিবিধ ছন্দে
যে কয়েকটা কবিতা লিখিয়।
পাঠাইয়াছেন, আমরা দুঃথিত
হইলাম, তাহা নবপ্রবন্ধে প্রকাশের যোগ্য নহে। ছন্দগুলি ঠিক
হয় নাই। নবলেখকের প্রতি
জামাদিগের উপদেশ বাক্য এই
বে, তিনি প্রাসিদ্ধ কবিদিগের রচিত



THE

NABA PROBUNDHA

Α

MONTHLY MAGAZINE

OF

ROMANCE, LITERATURE, SCIENE, ART &c.

EDITED BY

.TINCARI GHOSHALA PARTII.

नवथवम।

সাহিত্য, কাব্য, ইতির্ত্ত ও বিজ্ঞানাদি বিবিধ জ্ঞানগর্ভ সন্দর্ভ প্রকাশক।

মাসিক পত্র।

ঞ্জীতিনকড়ি ঘোষাল দারা প্রণীত

দ্বিতীয় ভাগ।

কলিকাতা

प्रकार २ व व अर्थेल ।





Printed at the Girsha Vidyaratna and Kavya Prakasha Press.





निर्घणे ।

अंश ভূমিকা কিরাতার্জ্কীয় ২,৩৬,২৫৭,৬২১, **मृ**वर्ग इश्म স্বকীয়া ও পরকীয়া ভাষা देखन ... \$8,66,525 শশিপ্রভা लूरेम निर्मालग्रतत जीवन-চরিত ७०,७२,७६७, কাচ মূতন পুস্তক ও পত্রের সমালোচন 62,96,986,986,966 228,000,000,000] বিলাপ-তরঙ্গিণী (পদ্য) " ৬৯ রোশিনারা শিবজী নাটক \$80,200] 00 মিত্রতা " ব্ৰুটাস্ত তদীয় হৃদয়বন্ধু লুকা-@b [লাস_ সমুদ্রের জ্যোতির্ময় প্রদেশ সোমের প্রতি তারা (পদ্য) ৭৫

আসামের উপাখ্যান ... চারুচক্রাবলী উপাখ্যান ৮৫,১২১, 200] স্বভাবদূত কাব্য (পদ্য) ৮৯, ১৫২ শিলার টি মাগুলিয়াবিচি 58, 500 নবপ্রবন্ধের দুরবন্থ। নাটকাভিনয় ٠٠٠ ৯٢ क्री-मर्सय धारमन 505 विमृा९ (भमा) পত্রপ্রের প্রতি 32 b, 6 b 0 कोलीना कुलीन 585 বালুকাময় স্তম্ভ 189 খনিজ রত্নাবলী 363, 228, 249] সৎসঙ্গে কাশীবাস 300 লক্ষাণের প্রতি স্থর্পনখা(পদ্য)১৬৮ रेवटम्ही न है क मत्नांखमा ३४७, २८०, २१७, ७८७ **ে৬৯** ফাম্পের অনাথ-বিদ্যালয় ... ১৯৩

প্রভুভজি

তুমি কি আমার ? ১৯৭; ২৯১
পাপ্তব বনগমন কবা (পদ্য) ২০৬
ব্রাহ্মণের অদৃষ্ট !!! ... ২১৮
অবাধ্য বালকের দুর্দ্দশা ২২৮,৩২৯
কন্সেনার প্রতি প্রিয়প্রকৃতি (পদ্য)
২৩১
অপূর্ব্ব কারাবাস ২৩৩, ২৬৫,
৩৩৭, ৩৫৪
অরিষ্ট কীর্ত্তন ... ২৬২, ৩২৭
আশোকবনে রাবণের প্রতি জান
নকী (পদ্য) ... ২৬৩
দই জন ভ্তোর অত্যাশ্চর্য্য

কৃতত্বের সমূচিত দশু ... ২৯৮
মৃদ্যুপান নাটক ... ২৯৮
বিবাগে কানন-বাসী নবীন সম্মাসী
(পদ্য) ... ৬৬৫
একটা রাজনীতি ... ৬৬৫
উপসংহার (পদ্য) ... ৬৭৯
প্রেরিত পত্র !
গুপ্তকবি ... ১২৭, ৬১০
আমার অদৃষ্ট ... ১৫৬

नान विषयिनी अमावनी

460





.